বিনয়পিটকে

পাচিত্তিয়

অনুবাদ : ভদন্ত করুণাবংশ ভিক্ষু

বিনয়পিটকে পাচিত্তিয়

অনুবাদ : ভদন্ত করুণাবংশ ভিক্ষু
গ্রন্থস্বত্ব : অনুবাদক
প্রথম প্রকাশ : ২০০৭ ইংরেজি
দ্বিতীয় প্রকাশ : ২০০৮ ইংরেজি
পরিমার্জিত সংস্করণ : ২৫৫৭ বুদ্ধবর্ষ, নভেম্বর ২০১৩
প্রকাশক : শ্রীমৎ অনোমদর্শী মহাস্থবির মহোদয়ের সকল শিষ্যবৃন্দ
প্রচ্ছদ : ভদন্ত করুণাবংশ ভিক্ষু

Vinay Pitake PACITTIYA

Translated by Ven. Karunabangsha Bhikkhu
Published by All Bhikkhu deciples of Ven. Anomadarshi Mahathero
Copy Right © Translator
First Published : 2007 AD
Second Published : 2008 AD
Revised Edition : novembar 2013

Visit: http://www.buddhistdownload.com

গ্রন্থকারের উৎসর্গ

সদ্ধর্মের ধারক ও বাহক, এই অঞ্চলে বৌদ্ধধর্মের
পুনঃজাগরণকারী, দুর্লভ বুদ্ধপুত্র, আমার
প্রব্রজ্যাজীবনের ভিত্‌রচয়িতা মহান
আর্যশ্রাবক পরম শ্রদ্ধেয় শ্রীমৎ
সাধনানন্দ মহাস্থবির
বনভন্তের
এবং
বহু গ্রন্থপ্রণেতা, ধুতাঙ্গসাধক, পণ্ডিত প্রবর, সুদেশক,
সুলেখক, আমার শিক্ষা ও দীক্ষাগুরু পরম শ্রদ্ধেয়
শ্রীমৎ প্রজ্ঞাবংশ মহাথেরো মহোদয়ের
রক্তিম শ্রীচরণে দুঃখমুক্তি নির্বাণ
লাভের প্রত্যাশায়
উৎসর্গীত
হলো।

প্রণত
দীন সেবক করুণাবংশ

Visit: http://www.buddhistdownload.com

বনভন্তের আশীর্বাণী

সমগ্র ত্রিপিটকের মূল উদ্দেশ্য দুঃখমুক্তি নির্বাণ। সকলে দুঃখমুক্ত হোক, সম্যকভাবে চিরতরে যাবতীয় দুঃখের অবসান করুক—ইহাই বুদ্ধের আহ্বান। কোনো পার্থিব জায়গায় বেঁচে থাক, এমন ইচ্ছা ভগবান করেন নাই; যেহেতু বেঁচে থাকলেই এই পঞ্চস্কন্ধ, এই দেহ-মন নিয়েই বেঁচে থাকতে হয়। এই দেহ, এই মনই যাবতীয় দুঃখ উৎপত্তির কারণ, যাবতীয় দুঃখ ভোগের কারণ। এই দেহ, এই মন আছে বলেই সংসারে যাবতীয় দুঃখ ভোগ করতে হয়। এই দেহ নাই, এই মন চিত্ত নাই, ইহাতেই যাবতীয় দুঃখ উৎপত্তি বন্ধ, যাবতীয় দুঃখের বিনাশ, পরম সুখ, পরমা শান্তি নির্বাণ। ত্রিপিটক এই নির্বাণ লাভের উপায় বলে দেয়।

বাংলাদেশে সমগ্র ত্রিপিটকের বাংলায় অনুবাদ এখনো হয়নি। কিছু কিছু অনুবাদ হয়েছে; আর তন্মধ্যে প্রকাশিত হতে পেরেছে আরও কম। বাংলাভাষীদের এই অভাব মোচনে অনেকে অনেকভাবে চেষ্টা করেছেন এবং বর্তমানেও সেই চেষ্টা অব্যাহত আছে। এ যাবৎ কালের অনুবাদগুলোতে গুণে, মানে, মূল পিটকের সার্থক অনুবাদকের স্থান ডক্টর বেণীমাধব বড়ুয়ারই প্রাপ্য।

অতি প্রাচীন এই পালি ভাষাটিতে বুদ্ধবাণীর নামে ধারণকৃত সব কথা, আবার বুদ্ধের কথা নয়। তবে, ত্রিপিটকে যে সকল কথা চারি আর্যসত্যজ্ঞান এবং প্রতীত্যসমুৎপাদনীতিজ্ঞান উৎপত্তি ও বর্ধনের সহায়ক, কেবল সেগুলোকেই বুদ্ধবাণীরূপে চিহ্নিত করতে হবে। কেবল তাহলেই ত্রিপিটক অধ্যয়নকারী, গবেষণাকারী এবং অনুশীলনকারীরা প্রকৃত লাভবান হতে পারবেন। ইহাতে জগতে প্রকৃত বুদ্ধবাণীও প্রকাশিত হতে পারবে, টিকে থাকতে পারবে। মনে রাখতে হবে, চারি আর্যসত্যের বাইরে বুদ্ধের কোনো কথা নাই, বুদ্ধের কোনো ধর্মও নাই। চারি আর্যসত্য ব্যতীত নির্বাণ লাভের দ্বিতীয় কোনো উপায়ও নাই। প্রতীত্যসমুৎপাদ-নীতিজ্ঞান ব্যতীত সম্যকদৃষ্টি লাভ হয় না। সম্যকদৃষ্টির উৎপত্তি না হলে, মানুষের জীবনদুঃখ অবসানের সকল চেষ্টা-প্রচেষ্টা, সবই মিথ্যাদৃষ্টিসম্পন্ন হয়ে যায়। ফলে দুঃখমুক্তির এই ভুল প্রচেষ্টা দুঃখ কমায় না, বাড়ায় মাত্র। লোকে সম্যকদৃষ্টিসম্পন্ন হয়ে কাজ করলেই যাবতীয় দুঃখের জননী অবিদ্যা-তৃষ্ণার ধ্বংস, চিরতরে বিনাশ অনিবার্য হয়। তাই সকলের আগে সবাই সম্যকদৃষ্টিসম্পন্ন হও। সম্যকদৃষ্টিসম্পন্ন না হলে, কেউই দুঃখ থেকে মুক্ত হতে পারবে না। শুধু স্বীয় কর্ম ও তার ফলাফলজাত জীবনের যাবতীয় সুখ-দুঃখকে স্বীকার করে নিলে, অন্যকে নিজের দুঃখের জন্যে দায়ী না করলে, সম্যকদৃষ্টিসম্পন্ন হওয়া যায়।

Visit: http://www.buddhistdownload.com

আপন নিরাপত্তার জন্যে, প্রিয়জনের কল্যাণে দান, ধর্ম, কুশলকর্ম সম্পাদন, শীলপালন, ধ্যান-বিদর্শন উৎপাদন—সব কর্মই তাই সম্যকদৃষ্টিসম্পন্ন হওয়া চাই। সম্যকদৃষ্টি উৎপাদনের জন্যেই তো এ সকল করা—অন্য কোনো উদ্দেশে নয়।

বাংলা ভাষায় সম্পূর্ণ ত্রিপিটক, তার অর্থকথা, টীকা, অনুটীকাসহ অনূদিত হোক, ইহা আমি চাই। ইহা কখনো একার দ্বারা সম্ভব নয়। কমপক্ষে পঞ্চাশজন পালি, বাংলা ও ইংরেজি ভাষায় দক্ষ অনুবাদক একযোগে অনুবাদের কাজ করলে, তবেই সমগ্র ত্রিপিটক ও তৎসংশ্লিষ্ট যাবতীয় গ্রন্থগুলো অনুবাদ করা সম্ভব হবে বলে মনে করি। আমি শিষ্যগণকে বলি, তোমরা ত্রিপিটক শিক্ষা কর, ত্রিপিটকে কী আছে তা জান। কারণ, বর্তমানে এখানেই বুদ্ধ আছেন এবং বুদ্ধের উপদেশ আছে। ত্রিপিটক জানে, কিন্তু মানে না; তারা যথার্থই মূর্খ। ত্রিপিটকে পণ্ডিত হয়ে সারা দিন বক বক করাটাও মূর্খের পরিচায়ক। তাই তোমরা ত্রিপিটক পড়ে, ত্রিপিটক জেনে, চুপ থেকে কেবল নির্বাণ ভাবনা কর। জীবন অনিশ্চিত, বুদ্ধের উৎপত্তি ও সদ্ধর্মলাভ মহাসৌভাগ্যের বিষয়। ত্রিপিটকের মাধ্যমে জগতে এখনো বুদ্ধ আছেন। তোমরা সকলে এই দুর্লভ সৌভাগ্য হাতছাড়া করো না। এ দুর্লভ সৌভাগ্য অর্জনে সকলে তৎপর হও, উদ্যোগী হও, পরাক্রমশালী হও। সকলেই নির্বাণ সৌভাগ্যে ভাগ্যবান হও।

বুদ্ধবাণীর প্রকাশ ও প্রচারে যারা সহায়তা করে থাকে, তারা নিজেরাও আপন দুঃখমুক্তি নির্বাণ লাভের মহাহেতু উৎপন্ন করে থাকে। তাদের এ কাজকে 'ধর্মদান' বলা হয়। বস্তুদানের চেয়ে ধর্মদানই শ্রেষ্ঠ। তাই সকলের উচিত যার যার সামর্থ্য অনুযায়ী বুদ্ধবাণী প্রকাশ ও প্রচারে এই ধর্মদানে অংশ গ্রহণ করা। সকলের শুভ হোক, মঙ্গল হোক, সকলেই পরম সুখ, পরমা শান্তি নির্বাণের অধিকারী হোক—এই কামনা করি। আমার শিষ্য ভিক্ষু করুণাবংশ আমারই অনুপ্রেরণায়, আমার প্রিয় ধর্মঅন্তেবাসী স্নেহভাজন প্রজ্ঞাবংশ মহাস্থবির হতে পালি ভাষা শিক্ষা করে উত্তম কাজ করেছে। আজ তার সেই সুশিক্ষা বুদ্ধশাসনের ধারক পবিত্র বিনয়পিটকের অতি মুল্যবান খণ্ড *পাচিত্তিয়* গ্রন্থটির বাংলা অনুবাদের সহায়ক হলো দেখে খুবই খুশি হয়েছি। বুদ্ধশাসনের ধারণ ও সংরক্ষণে তার এই মহামূল্যবান ধর্মদানটি যথাযথ ব্যবহার হোক—এই কামনা করি। তার এই ধর্মদান তাকেও পরম বুদ্ধজ্ঞান ও নির্বাণ লাভের হেতু উৎপন্ন করুক! সকলেই সুখী হোক! ❐

Visit: http://www.buddhistdownload.com

প্রকাশকের অভিমত

"বিনয় নাম সাসনস্স আয়ু,
বিনযং ঠিতে বুদ্ধসাসনং ঠিতং হোতি।"

অর্থাৎ বিনয় বুদ্ধশাসনের আয়ুস্বরূপ। বিনয় স্থিত থাকলে বুদ্ধের শাসন পৃথিবীর বুকে দেদীপ্যমান থাকে, স্থিত থাকে। ভগবান বুদ্ধের জীবদ্দশায় শ্রদ্ধেয় আনন্দ ভন্তেকে বলেছিলেন, হে আনন্দ, আমার শাসনে স্থিত থেকে ভিক্ষু-শ্রামণ এবং উপাসক-উপাসিকাগণ যদি আমার নির্দেশিত ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহ আচরণ, প্রতিপালন করে, তাহলে জগৎ অর্হৎশূন্য হবে না।

গাছপালা, জীবকুল যেমন পৃথিবীর বুকে পৃথিবীকে আশ্রয় করে বেড়ে উঠে, পৃথিবীর বুকে প্রতিষ্ঠা লাভ করে। তেমনি দায়ক-দায়িকা এবং ভিক্ষু-শ্রামণগণকেও বুদ্ধ-নির্দেশিত শীল-বিনয়ের উপর নির্ভর করে বুদ্ধের শাসনে প্রতিষ্ঠা লাভ করতে হয়।

জগৎ-দুর্লভ আর্যপুরুষ পরম শ্রদ্ধেয় শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির বনভন্তে মহোদয়ের অন্যতম শিষ্য শ্রদ্ধেয় ভদন্ত করুণাবংশ স্থবির মহোদয় কর্তৃক অনূদিত *পাচিত্তিয়* গ্রন্থটি ত্রিপিটকীয় বিনয়পিটকের অতি গুরুত্বপূর্ণ একটি গ্রন্থ। উক্ত গ্রন্থটি অনূদিত ও প্রকাশিত হওয়ার ফলে বুদ্ধশাসনের প্রভূত উপকার সাধিত হলো নিঃসন্দেহে। উঁনার এমন প্রয়াসের ফলে উক্ত গ্রন্থটি পুনঃপ্রকাশের মাধ্যমে মহান পুণ্যের সুযোগ সৃষ্টি হয়েছে।

শ্রদ্ধেয় শ্রীমৎ অনোমদর্শী স্থবির মহোদয়ের মহাস্থবির বরণ উপলক্ষে তাঁর প্রব্রজ্জিত শিষ্যমন্ডলী কর্তৃক সম্মিলিতভাবে উক্ত গ্রন্থটি প্রকাশ করা হলো। গ্রন্থটি পুনঃপ্রকাশের অনুমতি দানের জন্য শ্রদ্ধেয় ভদন্ত করুণাবংশ ভন্তেকে অকৃত্রিম শ্রদ্ধাসহ কৃতজ্ঞতা জানাই। গ্রন্থটি পুনঃপ্রকাশের কাজে যারা যারা নানাভাবে সহযোগিতা করেছেন তাঁদের সকলকে সাধুবাদের সাথে সকলের নির্বাণ লাভের কামনা করছি।

বিনীত
শ্রদ্ধেয় শ্রীমৎ অনোমদর্শী ভন্তে মহোদয়ের সকল শিষ্যবৃন্দ
ঘাগড়া বৈজয়ন্ত বনবিহার, চম্পাতলী, ঘাগড়া,
কাউখালী, রাঙামাটি পার্বত্য জেলা

Visit: http://www.buddhistdownload.com

প্রাক-কথন

সুদূর আড়াই হাজার বছরেরও অধিক পূর্বে তথাগত বুদ্ধ নৈরঞ্জনানদীর তীরে বর্তমান বুদ্ধগয়ায় দীর্ঘ ছয়টি বছর কঠোর সাধনা করার পর যে জ্ঞান লাভ করলেন, তা হলো বোধিজ্ঞান বা বুদ্ধজ্ঞান। এই বোধিজ্ঞান লাভের পর সুদীর্ঘ পয়তাল্লিশ বৎসরব্যাপী জরা-দুঃখাদি জর্জরিত আপামর জনসাধারণের কাছে যে ধর্মসুধা বিতরণ করেছিলেন, সেটির নাম ধর্ম ও বিনয়। বুদ্ধোপদিষ্ট সুবচনের এই ধর্ম ও বিনয়বিভাগ সর্বাপেক্ষা প্রাচীন বলে ধারণা করা হয়। কারণ, বুদ্ধ নিজের উক্তিতেই ধর্ম ও বিনয় শব্দ দুটির ব্যবহার করেছিলেন। এখানে বুদ্ধের সেই উক্তিটি সবিশেষ প্রণিধানযোগ্য। যেমন :

"সিযা খো পন আনন্দ তুম্হাকং এবমস্স অতীতসত্থুকং পাবচনং, নত্থি নো সত্থাতি। ন খো পনেতং আনন্দ এবং দট্ঠব্বং। যো বো আনন্দ ময়া ধম্মো চ বিনযো চ দেসিতো পঞ্ঞত্তো সো নো মমচ্চযেন সত্থা।"[১]

"হে আনন্দ! তোমাদের এমনও মনে হতে পারে যে, শাস্তার প্রবচন (প্রকৃষ্ট বাণীসমূহ) অতীত হয়ে গিয়েছে; অতএব আমাদের শাস্তা আর নেই। কিন্তু আনন্দ, বিষয়টি এভাবে দেখা উচিত নয়। কেননা যেই ধর্ম ও বিনয় আমার দ্বারা উপদিষ্ট ও প্রজ্ঞাপ্ত হয়েছে, তৎসমুদয় আমার অবর্তমানে তোমাদের শাস্তা।"

অতএব উপরোক্ত উক্তি থেকে এটাই প্রতীত হয় যে, তথাগত বুদ্ধ নিজেই তাঁর কথিত উপদেশসমূহকে ধর্ম ও বিনয় নামে আখ্যায়িত করেছেন। বর্তমানে বহুল প্রচলিত ত্রিপিটক (তিপিটকং) শব্দটি তিনি কখনো উচ্চারণ করেননি। এমনকি প্রথম ও দ্বিতীয় মহাসঙ্গীতিতেও সমগ্র বুদ্ধবচন সংগ্রহ ও আবৃত্তির সময় ধর্ম ও বিনয় শব্দ দুটিই শুধুমাত্র ব্যবহৃত হয়েছিল। ধারণা করা হয়, খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে মহামোগ্গলীপুত্ত তিস্স স্থবিরের সভাপতিত্বে ও তৎকালীন রাজ চক্রবর্তী সম্রাট ধর্মাশোকের পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত তৃতীয় মহাসঙ্গীতিতে এই ত্রিপিটক শব্দটির জন্ম। বুদ্ধের কথিত ধর্ম ও বিনয়কে তখন বিনয়, সূত্র ও অভিধর্ম—এই তিনটি পিটকে বা শ্রেণীতে ভাগ করে ত্রিপিটক নামাকরণ করা হয়েছে।

---

[১]। দীর্ঘ নিকায় ২য় খণ্ড।

Visit: http://www.buddhistdownload.com

তথাগত বুদ্ধ সূত্র ও অভিধর্মের চাইতে বিনয়ের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করতে গিয়ে বলেছেন, "বিনযস্‌স নাম সাসনস্‌স আযু।" বিনয় হচ্ছে বুদ্ধশাসনের তথা ধর্মরাজ্যের প্রাণ। এমনকি বুদ্ধ এও বলেছেন যে, সূত্র ও অভিধর্ম এই পৃথিবী থেকে সম্পূর্ণ বিলুপ্ত হলেও যদি বুদ্ধের সাংঘিক রাজ্যের বাসিন্দা ভিক্ষু ও ভিক্ষুণীদের দৈনন্দির জীবনাদর্শে বিনয়ে বিধৃত বিধিবিধানসমূহ আচরিত ও প্রতিপালিত হয়, তাহলে ধরে নিতে হবে যে বুদ্ধের শাসন এখনো বিলুপ্ত হয়নি। কারণ, তখনও বুদ্ধের জীবনাদর্শ ও তাঁর কথিত উপদেশাদি ভিক্ষু ও ভিক্ষুণীদের জীবনাদর্শের মাধ্যমে প্রকাশিত হবে। এ থেকেই প্রমাণিত হয় যে, বিনয়ের গুরুত্ব ও শ্রেষ্ঠত্ব কতখানি।

সমগ্র বিনয়পিটক পাঁচ খণ্ডে বিভক্ত। যথাক্রমে—(১) পারাজিকা, (২) পাচিত্তিয়, (৩) চূলবর্গ, (৪) মহাবর্গ, এবং (৫) পরিবার। বর্তমান *পাচিত্তিয়* গ্রন্থটির অবস্থান দ্বিতীয়। এই গ্রন্থে ব্যাখ্যা করা হয়েছে, ভিক্ষুদের বিরানব্বইটি পাচিত্তিয়, চারটি প্রতিদেশনীয়, পঁচাত্তরটি সেখিয় ধর্ম তথা শিক্ষনীয় ধর্ম, সপ্ত অধিকরণ সমথ ও ভিক্ষুণী-বিভঙ্গ। বর্তমান গ্রন্থটিতে সর্বশেষ পরিচ্ছেদ 'ভিক্ষুণী-বিভঙ্গ' অন্তর্ভুক্ত করা হয়নি। কারণ, বছর দুয়েক পূর্বে মহান বুদ্ধপুত্র আর্যশ্রাবক বনভন্তের নির্দেশে ও ঐকান্তিক ইচ্ছায় আমার শিক্ষা ও দীক্ষাগুরু বহু গ্রন্থ প্রণেতা পণ্ডিত প্রবর শ্রদ্ধেয় ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথেরো মহোদয়কর্তৃক সেটি অনূদিত হয়েছিল এবং রাজবন বিহারের 'বনভন্তে প্রকাশনী' হতে প্রকাশিত হয়েছিল ২০০৫ সালে। অতএব আমি ভিক্ষুণী-বিভঙ্গ পরিচ্ছেদটি এতে অন্তর্ভুক্ত করিনি।

বর্তমান গ্রন্থটি অনুবাদ করতে গিয়ে আমি I. B. Horner M. A. কর্তৃক অনূদিত The Book of the Descipline Vol. II and III গ্রন্থটির বিশেষ সহযোগিতা নিয়েছি। এটি ১৯৪০ সালে Pali Text Society, London. হতে প্রকাশিত হয়েছিল। তজ্জন্য উক্ত অনুবাদকের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি ক্ষেত্রবিশেষে আরও যে সকল গ্রন্থের সহযোগিতা নিয়েছি সেগুলো যথাক্রমে শ্রদ্ধেয় অগ্রমহাপণ্ডিত প্রজ্ঞালোক মহাস্থবির অনূদিত *ভিক্খু পাতিমোক্খং*, শ্রী প্রজ্ঞানন্দ স্থবির অনূদিত *মহাবর্গ*, বিনয়াচার্য ভদন্ত সত্যপ্রিয় মহাথেরো অনূদিত *চূলবর্গ* এবং আমার শিক্ষা ও দীক্ষাগুরু পরম শ্রদ্ধাভাজন ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথেরো মহোদয় অনূদিত *ভিক্ষুণী-প্রাতিমোক্ষ* ও *ভিক্ষুণী-বিভঙ্গ*। আমি উপর্যুক্ত শ্রদ্ধাভাজন অগ্রজ অনুবাদকগণের নিকট সকৃতজ্ঞ প্রণাম নিবেদন করছি।

Visit: http://www.buddhistdownload.com

এখানে বিশেষভাবে বলতে হয় যে, আমার শিক্ষা ও দীক্ষাগুরু শত ব্যস্ততার মাঝে থেকেও আমার আগ্রহাতিশয্যে অতিশয় পাণ্ডিত্যপূর্ণ ভূমিকা লিখে দিয়ে এই গ্রন্থের মান বৃদ্ধি করেছেন অনেকাংশে। সাথে সাথে প্রয়োজনীয় সংশোধনাদি সহ প্রথম ও শেষের গাথা দুটি ছন্দময় প্রাঞ্জল ভাষায় অনুবাদ করে দিয়ে আমার প্রতি অকৃত্রিম স্নেহের বহিঃপ্রকাশ ঘটিয়েছেন। এখানে আরও এক শ্রদ্ধেয় জনের কথা না বললেই নয়, যাঁর স্নেহজ অকৃত্রিম সহযোগিতা ব্যতীত বর্তমান *পাচিত্তিয়* গ্রন্থটি প্রকাশ করা সম্ভব হতো কি না যথেষ্ট সন্দেহ। তিনি হচ্ছেন আমার পরম কল্যাণমিত্র ও অত্যন্ত হিতকামী অগ্রজ ভাতৃপ্রতীম শ্রদ্ধেয় বুদ্ধবংশ ভন্তে। তিনি আমাকে উৎসাহ-উদ্দীপনাদিসহ সার্বিক সহযোগিতা দিয়ে গেছেন। অতএব আমি শ্রদ্ধাভাজন গুরুবর ও ভাতৃপ্রতীম ভন্তের নিকট চির কৃতজ্ঞতার পাশে আবদ্ধ রইলাম।

বিজ্ঞ পাঠক, বলতে দ্বিধা নেই যে, আমি বয়সে যেমন নবীন তেমনি অচির প্রব্রজ্জিত। বর্তমান গ্রন্থটির অনুবাদ আমার জীবনের প্রথম প্রয়াস। অনুবাদ করা মোটেই সহজ কাজ নয়। অতএব বর্তমান অনুবাদে আমার অনভিজ্ঞতা আর সীমিত ভাষাজ্ঞানের দরুন ভুলত্রুটি থাকাটা স্বাভাবিক। তথাপি মহান আর্যপুরুষ সর্বজন শ্রদ্ধেয় মদীয় উপাধ্যায় শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির বনভন্তের উৎসাহব্যঞ্জক আশীর্বাদ, আর বহু গ্রন্থ প্রণেতা পণ্ডিত প্রবর মদীয় শিক্ষা ও দীক্ষাগুরু পরম শ্রদ্ধেয় প্রজ্ঞাবংশ মহাথেরো মহোদয়ের সর্বার্থক সহযোগিতা না পেলে এটুকু করাও আমার পক্ষে সম্ভব হতো কি না সন্দেহ। অতএব বিজ্ঞ পাঠকগণের ক্ষমা সুন্দর দৃষ্টি ও সুচিন্তিত মতামত তথা পরামর্শাদি একান্ত কাম্য।

প্রসঙ্গত উল্লেখ্য, শ্রদ্ধেয় বুদ্ধবংশ ভন্তেসহ আমি বিগত ২০০১ সালে বহু গ্রন্থপ্রণেতা পণ্ডিত প্রবর পরম শ্রদ্ধেয় মদীয় দীক্ষাগুরু প্রজ্ঞাবংশ মহাথেরো মহোদয়ের নিকট পালি ভাষা অধ্যয়ন আরম্ভ করি সর্বজনশ্রদ্ধেয় আর্যপুরুষ মদীয় উপাধ্যায় বনভন্তের উৎসাহ-উদ্দীপনায়। বছর দুয়েক পর শ্রদ্ধেয় গুরুবর ভন্তে মহোদয় বিশ্বশান্তি প্যাগোডায় চলে যাওয়ায় পবিত্র পালি ভাষা অধ্যয়ন কার্যক্রম একপ্রকার বন্ধ হয়ে যায়। তারপর আবার ২০০৪ সালের জানুয়ারিতে শ্রদ্ধেয় বনভন্তের অনুমতি নিয়ে প্রথমে বিশ্বশান্তি প্যাগোডায় এবং পরে রাউজানের গহিরা অঙ্কুরিঘোনা মহাশ্মশান ভাবনা কেন্দ্রে যায় অবশিষ্ট পাঠ শেষ করতে। সেখানে প্রায় এগার মাস অবস্থানের পর মোটামুটি পালি ভাষা অর্জন করে আসার সময় শ্রদ্ধেয় গুরুবর আমাকে ও বুদ্ধবংশ ভন্তেকে *পারাজিকা* এবং *পাচিত্তিয়* গ্রন্থ দুটি অনুবাদ করার পরামর্শ দেন। সাথে সাথে আমরাও বেশ

Visit: http://www.buddhistdownload.com

উৎসাহ নিয়ে অনুবাদ কাজে লেগে গেলাম। আমি *পাচিত্তিয়* ও শ্রদ্ধেয় বুদ্ধবংশ ভন্তে *পারাজিকা* অনুবাদে হাত দিই। এক্ষেত্রে কতটুকু সফল হয়েছি তা বিজ্ঞ পাঠকগণ বিচার করবেন।

বর্তমান গ্রন্থটি প্রকাশ করতে গিয়ে যাঁদের কাছ থেকে কায়িক, বাচনিক ও মানসিক—এই ত্রিদ্বারে অকৃত্রিম সহযোগিতা পেয়েছি তাঁদের সকলকে আমার অকৃত্রিম কৃতজ্ঞতা প্রকাশ করছি। এই পুণ্য লাভে তাঁদের সকলের নির্বাণ লাভের হেতু উৎপন্ন হোক—এই প্রার্থনা করছি। আমার প্রতি অকৃত্রিম স্নেহ পরবশ হয়ে শ্রদ্ধেয় সৌরজগৎ স্থবির মহোদয় প্রমুখ শ্রদ্ধেয় আর্যদীপ ভিক্ষু, শ্রদ্ধেয় রত্নাঙ্কুর ভিক্ষু ও শ্রদ্ধেয় জ্ঞানলংকার ভিক্ষু মহোদয়গণ কম্পিউটার কম্পোজের মতো শ্রমসাধ্য কাজটি করে দিয়ে আমাকে কৃতার্থ করেছেন। তাঁদের এই শ্রমজনিত পুণ্য পরিশেষে নির্বাণ লাভের হেতু হোক—এটাই আমার প্রত্যাশা। এস্থলে একটি কথা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না যে, পূজ্য আনন্দমিত্র স্থবির ও জিনলংকার স্থবির ভন্তেদ্বয় আমাদের পালি শিক্ষা কার্যক্রম শুরু হতে এই গ্রন্থ অনুবাদ সুসম্পন্ন করা পর্যন্ত আমাকে বহুভাবে কায়িক, বাচনিক ও মানসিক—এই ত্রিদ্বারে অকুণ্ঠ সহযোগিতার হাত প্রসারিত করে বাধিত করেছেন। তজ্জন্য আমি শ্রদ্ধাভাজন ভন্তেদ্বয়কে আমার অশেষ কৃতজ্ঞতা ও বন্দনা জ্ঞাপন করছি।

"সব্বদানং ধম্মদানং জিনাতি" তথাগত বুদ্ধের এই অমোঘ বাণীর প্রতি অগাধ আস্থাশীল কর্ত্তালা-বেলখাইন ও ঢাকাবাসী সদ্ধর্মপ্রাণ দায়ক-দায়িকাগণ—এই গ্রন্থটির প্রকাশের সম্পূর্ণ ব্যয়ভার গ্রহণ করে অশেষ পুণ্যের ভাগীদার হয়েছেন। এক্ষেত্রে আমাকে যোগাযোগাদিসহ সার্বিকভাবে সহযোগিতা করেছেন বাবু মিলন বড়ুয়া (ব্যাংকার), বাবু মিলন বড়ুয়া (শিক্ষক), বাবু পরিতোষ বড়ুয়া এবং বাবু দেবব্রত বড়ুয়া। আমি প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলের দুঃখমুক্তি নির্বাণ কামনা করছি।

পরিশেষে, বর্তমান ভিক্ষুসমাজ যদি এই বইটি পড়ে যৎকিঞ্চিৎ উপকৃত হয়, তাহলেই আমার শ্রম সার্থক বলে মনে করব।

"চিরং তিট্‌ঠতু বুদ্ধসাসনম্!"

২৫৫১ বুদ্ধবর্ষ, ২০০৭ খ্রিষ্টাব্দ
১৪১৩ বাংলা, বৈশাখী পূর্ণিমা

ভদন্ত করুণাবংশ ভিক্ষু
রাজবন বিহার, রাঙামাটি

Visit: http://www.buddhistdownload.com

বিনয়পিটকীয়
পাচিত্তিয় গ্রন্থের ভূমিকা

"বিনযস্‌স নাম সাসনস্‌স আযু"—বুদ্ধপ্রবর্তিত ধর্মদর্শনের রাজ্যে ইহা বুদ্ধের একটি বিখ্যাত উক্তি। বিনয়ের অপর নাম বুদ্ধের ধর্মরাজ্যের আয়ুষ্কাল। বিনয়ের প্রতি শ্রদ্ধা, সম্মান ও গৌরব অক্ষুন্ন থাকার মাঝেই থাকবে এই ধর্মরাজ্যের স্থিতি ও শ্রীবৃদ্ধি। অতএব সেই 'বিনয়' শব্দটির সাথে যথার্থ সম্যক পরিচয় লাভ খুবই জরুরি। 'বিনয়' শব্দের বাংলা আভিধানিক অর্থ ভদ্রতা, নম্রতা। কিন্তু বুদ্ধের ধর্মদর্শনে এই 'বিনয়' শব্দটি অর্থ ও তাৎপর্য আরও অনেক ব্যাপক। এখানে 'বিনয়' বলতে প্রধানত বুদ্ধের বাণীকে যুগযুগান্তরে নিয়ে যেতে বুদ্ধের পরিকল্পিত ও প্রতিষ্ঠিত ভিক্ষু ও ভিক্ষুণী নামক দুটি জীবনের গঠন, নিয়ন্ত্রণ ও সংরক্ষণবিধিকে বুঝানো হয়। অবশ্য সেই দুটি জীবনের ভদ্রতা, নম্রতার বিষয়টিও সেই নিয়ন্ত্রণের পর্যায়ভুক্ত থাকে।

ব্যক্তি হতেই সমষ্টির জন্ম। সেই সমষ্টির নাম হয় সংঘ। কোনো সুনির্দ্দিষ্ট লক্ষ্য এবং উদ্দেশ্যকে সামনে রেখে কিছু লোক একমত ও একতাবদ্ধ হওয়াকে সংঘ বলা হয়। এই সংঘবদ্ধতাকে সেই লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের পথে পরিচালিত করার জন্যে প্রয়োজন হয় একটি বিধিবিধান বা সংবিধান রচনা। ভগবান বুদ্ধকর্তৃক এই লক্ষ্যে যেই সংবিধান রচনা করা হয়েছে, তারই নাম বিনয়।

বুদ্ধবাণীর সংগ্রহকে প্রথমে 'ধম্ম-বিনযসঙ্গহো' বলা হতো। এই ধর্মবিনয় বুদ্ধ পরিনির্বাণের দুশ বছরের মাথায় খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকে সম্রাট ধর্মাশোকের সহায়তায় অনুষ্ঠিত তৃতীয় সঙ্গায়নে এসে 'ত্রিপিটক' নামে অভিহিত করা হয়। কারণ, তখন 'বিনয়' খণ্ডকে যথাস্থানে সংরক্ষণ করে, 'ধম্ম'কে সুত্ত ও অভিধর্ম, এ দুই ভাগে সংগ্রহ করা হয়। ফলে চুরাশি হাজার বুদ্ধবাণীর মধ্যে সুত্তপিটকের অংশে একুশ হাজার, অভিধর্মপিটকের অংশে একুশ হাজার বুদ্ধবচনকে বিভক্ত করে; অবশিষ্ট ৪২ হাজার পূর্বানুরূপ বিনয়পিটকেরই অন্তর্ভুক্ত থেকে গেল। বিনয় পিটকভুক্ত এই ৪২ হাজার বুদ্ধবচনকে ধারণ করা হলো : ১) পারাজিকা, ২) পাচিত্তিয়, ৩) চূলবগ্গ, ৪) মহাবগ্গ এবং ৫) পরিবার—এই পাঁচটি খণ্ডের মধ্যে।

Visit: http://www.buddhistdownload.com

বিষয়বস্তুর আলোচনানুক্রমিক বিচারে 'পাচিত্তিয়' খণ্ডের স্থান দ্বিতীয়। এই খণ্ড তিনটি অধ্যায়ে বিভক্ত; যথা : ১) পাচিত্তিয় অধ্যায়, ২) প্রতিদেশনীয় অধ্যায়, ৩) সেখিয় অধ্যায়, এবং ৪) ভিক্ষুণী-বিভঙ্গ। পাচিত্তিয় অধ্যায়টি নয়টি বর্গে বিভক্ত; যথা : ১) মিথ্যাবাক্য বর্গ, ২) ভূতগাম (উদ্ভিদ) বর্গ, ৩) ওবাদ (উপদেশ) বর্গ, ৪) ভোজন বর্গ, ৫) অচেলক বর্গ, ৬) সুরাপান বর্গ, ৭) প্রাণীযুক্ত (সপ্পাণক) বর্গ, ৮) সহধার্মিক বর্গ, এবং ৯) রতন বর্গ।

মিথ্যাবাক্য বর্গে রয়েছে ১০টি শিক্ষাপদ; ভূতগাম বর্গে রয়েছে ১০টি শিক্ষাপদ; ভোজন বর্গে রয়েছে ১০টি শিক্ষাপদ; অচেলক বর্গে রয়েছে ১০টি শিক্ষাপদ; সপ্পাণক বর্গে রয়েছে ১০টি শিক্ষাপদ; সহধার্মিক বর্গে রয়েছে ১২টি শিক্ষাপদ এবং রতন বর্গে রয়েয়েছ ১০টি শিক্ষাপদ। এই অধ্যায়ে শিক্ষাপদ এবং শিক্ষাপদ সংখ্যা ৯২টি।

প্রতিদেশনীয় অধ্যায়টিকে কোনো বর্গে বিভক্ত করা হয়নি, ইহার শিক্ষাপদ স্বল্পতার কারণে। তাই অধ্যায়টি শুধুমাত্র ৪টি শিক্ষাপদসমন্বিত; যথা : ১) প্রথম প্রতিদেশনীয় শিক্ষাপদ, ২) দ্বিতীয় প্রতিদেশনীয় শিক্ষাপদ, ৩) তৃতীয় প্রতিদেশনীয় শিক্ষাপদ, ৪) চতুর্থ প্রতিদেশনীয় শিক্ষাপদ ইত্যাদি।

সেখিয় অধ্যায়ে সর্বমোট শিক্ষাপদ সংখ্যা ৭৫টি। ইহারা ৯টি বর্গে বিভক্ত; যথা : ১) পরিমণ্ডল বর্গ, ২) উজ্জগ্ঘিক (উচ্চহাস্য) বর্গ, ৩) খম্ভকত (কোমর) বর্গ, ৪) সক্কচ্চ (মনযোগ) বর্গ, ৫) কবল (গ্রাস) বর্গ, ৬) সুরু সুরু বর্গ, এবং ৭) পাদুকা বর্গ।

পাচিত্তিয় গ্রন্থে এ সকল বর্গের নামাকরণে একই রীতি অনুসৃত হয়নি। দেখা যায় পাচিত্তিয় অধ্যায়ের কোনো কোনো বর্গে সেখিয়ায় অনুসৃত রীতি অনুযায়ী প্রতিটি বর্গের প্রথম শিক্ষাপদটির উদ্দেশ্য ও ভাবার্থ অনুযায়ী বর্গের নামকরণ করা হয়েছে। আবার কোনো কোনো নামাকরণে বর্গভুক্ত যেকোনো শিক্ষাপদকে অনুসরণ করা হয়েছে।

দেখা যায় 'সপ্ত অধিকরণ সমথ' নামে ৭টি গুরুত্বপূর্ণ বিষয়কে কোনো প্রকার অধ্যায় বা বর্গে রাখা হয়নি। কারণ, ইহারা বস্তুত কোনো শিক্ষাপদ তথা শীলের চরিত্রভুক্ত নয়। কোনো ভিক্ষু বা ভিক্ষুণী বুদ্ধ-প্রজ্ঞাপিত পারাজিকা হতে সেখিয়া পর্যন্ত সপ্ত আপত্তি স্কন্ধের মধ্যে যেকোনোটি লঙ্ঘন করলে, তার জন্যে যেই বিচার-মীমাংসারীতি অনুসরণের প্রয়োজন; 'সপ্ত অধিকরণ সমথ' পর্বটি তারই দিক নির্দেশকরূপে কাজ করে থাকে। এ পর্বটির চারিত্রিক এই বৈশিষ্ট্যের কারণেই কোনো কোনো বিনয়গবেষক 'সপ্ত অধিকরণ সমথকে' শীলের অঙ্গভুক্ত করতে নারাজ। তাই তাঁরা ভিক্ষুদের প্রাতিমোক্ষে বিধৃত ২২৭টি

Visit: http://www.buddhistdownload.com

শীলকে ২২০টি বলে গণনা করে থাকেন। তাঁদের এই অভিমতকে গ্রহণ করলে, প্রাতিমোক্ষের দুই 'অনিয়ত ধর্ম' এবং 'চারি প্রতিদেশনীয় ধর্ম' সর্বমোট—এই ছয়টি শিক্ষাপদ নিয়েও একই প্রশ্ন দেখা দিতে পারে। কারণ, 'দুই অনিয়ত ধর্মের' মধ্যে একজন স্রোতাপন্না উপাসিকার দেয়া সাক্ষ্য ও সিদ্ধান্তকেই ভিক্ষু দ্বারা কৃত আপত্তি পারাজিকা, সংঘাদিশেষ বা পাচিত্তিয় এ তিনটির কোনটি তা নির্ধারণের মানদণ্ড ধরা হয়েছে। অপরদিকে চারটি প্রতিদেশনীয় ধর্মের মধ্যেও ভিক্ষু বা ভিক্ষু সমষ্টিকর্তৃক কৃত অপরাধের স্বদোষের স্বীকারোক্তিমূলক বিধানটি অনুসৃত হয়েছে। আমার মনে হয় এ সকল পর্বের নামাকরণে 'ধম্ম' নামক শব্দটির ব্যবহার এরূপ একটি বৈশিষ্টের নির্দেশক হিসেবেই গ্রহণ করা হয়েছে। যেমনটি বলা হয়েছে, দ্বে অনিযত ধম্ম, চত্তারো পাটিদেশনীয় ধম্ম, সত্ত অধিকরণ সমথ ধম্মা। আর এ কারণেই ভিক্ষু প্রাতিমোক্ষের শীলসংখ্যা মূলত ২১৪টি।

ভিক্ষু প্রাতিমোক্ষের শীল সংখ্যা ২২৭টি হতে ২১৪টি নিয়ে আমার সিদ্ধান্তে কেউ কেউ বিরোধিতা করে বলতে পারেন, বর্ণিত তেরোটি বিষয় যে বুদ্ধকর্তৃক পালনীয় বিধানরূপেই গণ্য। তদ্ধেতু এগুলোকে শীল-অঙ্গ থেকে বাদ দেয়া অন্যায়। তাঁদের এই যুক্তি এবং এই দাবীরও যথার্থতা প্রমাণে তাঁরা আরও বলতে পারেন, যেহেতু বুদ্ধ-আদিষ্ট এই বিচার-মীমাংসাপদ্ধতি অনুসরণ না করাটা অন্যায়, পাপ এবং অধর্ম। ইহা মহান শিক্ষক এবং দুঃখমুক্তির পথ নির্দেশক মহাকারুণিক বুদ্ধের প্রতি অগৌরব প্রদর্শনেরই সামিল হয়।

আমরা উপরোক্তগণের এই বক্তব্য ও দাবীকে সর্বান্তকরণে মেনে নিয়েও বলতে পারি; বুদ্ধ-আদিষ্ট এই তেরোটি বিধানকে সগৌরবে অনুসরণ করেও স্বীকার করতে হবে যে, এগুলো বুদ্ধ-আদিষ্ট শীল নামক অপরাধসমূহের চরিত্র ও বৈশিষ্ট হতে ভিন্ন প্রকৃতির। এগুলো বিনয়পিটকের বিচার মীমাংসার বিধান, শীলনীতির বিধান নয়।

'সপ্ত অধিকরণ সমথ' নামে ৭টি অভিযোগ নিরসন পদ্ধতি *পাচিত্তিয়* গ্রন্থের সর্বশেষ প্রান্তে এমনভাবে উল্লেখ করা হয়েছে যে, দেখলে মনে হয় যেন না বললেই নয়—এমন তড়িঘড়ি করে এবং শুধু নামমাত্র উল্লেখ করে। ভিক্ষু-প্রাতিমোক্ষেও ঠিক একই পরিস্থিতি বিদ্যমান। এমনটি করার কারণ হচ্ছে, বিনয়পিটকের অপর তিন খণ্ড *পরিবার*, *মহাবর্গ* ও *চুলবর্গে* এ বিষয়ে বিস্তারিত বর্ণনা আছে। তবে এ সকল বর্ণনা খুবই বিক্ষিপ্ত, এক স্থানে আনুক্রমিকভাবে সন্নিবেশিত হয়নি কোথাও। বর্তমান গ্রন্থের অনুবাদক আয়ুষ্মান করুণাবংশ ভিক্ষু এই সপ্ত অধিকরণ সমথ বিষয়ে পরিশিষ্ট সংযোজন করে ভালো

Visit: http://www.buddhistdownload.com

করেছেন। আমি মনে করি, 'সপ্ত অধিকরণ সমথ' নিয়ে পৃথক একটি গবেষণামূলক গ্রন্থ প্রকাশিত হওয়া উচিত। এতে করে সকল প্রকার অভিযোগের বৌদ্ধিক বিচার ও মীমাংসা পদ্ধতি সম্পর্কে সকলের একটি সম্যক ধারণা লাভ সহজ হতো। একই সাথে ভিক্ষু-ভিক্ষুণী সংঘে উৎপন্ন সমস্যাদির দ্রুত এবং যথাযথ সমাধানেও এই গ্রন্থ খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করত। ভিক্ষু প্রতিমোক্ষের বাংলা অনুবাদ কর্ম করতে গিয়ে আমার সেই ইচ্ছা জাগ্রত হয়েছিল। কিন্তু সময় স্বল্পতার কারণে সে কাজে তখন হাত দিতে পারিনি। তবুও ভিক্ষুণী প্রাতিমোক্ষের পরিশিষ্টে আমি সপ্ত অধিকরণের উপর সংক্ষিপ্ত পরিচিতিটুকু তুলে ধরেছিলাম। বর্তমান গ্রন্থকার মনে হয়, তা থেকে সহায়তা নিয়েছেন।

পাচিত্তিয় গ্রন্থে আলোচ্য শিক্ষাপদ তথা বিনয়-বিধানভুক্ত বিষয়সমূহের উপস্থাপনরীতিটা যেভাবেই বিধৃত হয়েছে, তা *পাচিত্তিয়* খণ্ডের প্রথম আলোচ্য বিষয়, 'মুসাবাদ বর্গে'র প্রথম শিক্ষাপদের নমুনাটি তুলে ধরলে, আশা করি বোধগম্য হবে :

শ্রাবস্তীর জেতবনে ভগবান বুদ্ধের অবস্থানকালে হত্থক নামক শাক্যপুত্রীয় ভিক্ষুর আচরণকে নিয়ে ভগবান কর্তৃক 'মিথ্যাবাক্য ভাষণ' সম্পর্কিত শিক্ষাপদটি প্রজ্ঞাপিত হয়। এই ভিক্ষু অন্য তৈর্থিকদের সাথে অবজ্ঞা, তুচ্ছ-তাচ্ছিল্য ও ঘৃণামূলক বাক্য ব্যবহার করে পুনঃ ক্ষমা চাইতেন। জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দিয়ে পাশ কেটে যেতেন। সজ্ঞানে মিথ্যা ভাষণ করতেন এবং সংকেত দ্বারা প্রবঞ্চনা করতেন।

ভিক্ষুরা তাকে অনুরোধ জানালেন, "আবুসো হত্থক, তোমার এ আচরণে অন্য ধর্মাবলম্বীরা বুদ্ধকে, তাঁর শিক্ষা উপদেশকে নিন্দা করার সুযোগ পাবে। তাঁদের এভাবে সুযোগ দেয়া উচিত নয়।"

ভিক্ষুরা এভাবে তিনবার উপদেশদান সত্ত্বেও হত্থকের আচরণে কোনো পরিবর্তন না হওয়ায় অবশেষে তাঁরা বুদ্ধকে এ বিষয়ে অভিযোগ করলেন। ভগবান, হত্থককে ডেকে অভিযোগের বিষয়ে জানতে চাইলে, তিনি স্বীকার করলেন। ভগবান তাকে নানাভাবে নিন্দা করে এভাবে শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করলেন, "কোনো ভিক্ষু সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হবে।"

কোন কোন পর্যায়ে ভাষিত বাক্য মিথ্যা ভাষণে পরিণত হয়, তা প্রদর্শন করতে গিয়ে বলা হয়েছে :

১) অন্যের বিশ্বাস উৎপত্তির উদ্দেশে অদেখা বিষয়কে দেখেছি বলা; ২) অশ্রুত বিষয়কে শুনেছি বলা; ৩) ঘ্রাণ না নেয়া বিষয়কে ঘ্রাণ নিয়েছি বলা;

Visit: http://www.buddhistdownload.com

৪) আস্বাদ না নেয়া বস্তুকে আস্বাদ নিয়েছি বলা; ৫) স্পর্শ করেনি, এমন বিষয়কে বা বস্তুকে স্পর্শ করেছি বলা এবং ৬) অজানা বিষয়কে জেনেছি বলা—এই ছয় প্রকারে মিথ্যাভাষণ সম্ভব হয়।

সজ্ঞানে মিথ্যাভাষণের সময়ে সজ্ঞান-ভাষণে মানসিক বিবর্তনকে এভাবে তুলে ধরা হয়েছে :

১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে, আমি মিথ্যা বলতে যাচ্ছি।

২) মিথ্যা বলার সময়ে সে জানে যে, আমি মিথ্যা বলছি।

৩) মিথ্যা বলার পরে সে জানে যে, আমি মিথ্যা বলেছি।

অতঃপর বর্ণনা দেয়া হয়েছে, কীভাবে মিথ্যা ভাষণকারী আত্মপক্ষ সমর্থন করে এই অপরাধটি সংগঠিত করে থাকে। যেমন :

১) মিথ্যা ভাষণ তেমন কোনো অপরাধ নয়, এরূপ ধারণায় মিথ্যা বলা।

২) মিথ্যা অভিলাসের বশবর্তী হয়ে মিথ্যা বলা এবং

৩) অসৎ উদ্দেশের বশবর্তী হয়ে মিথ্যা বলা।

মিথ্যাভাষণ সংগঠিত হওয়ার এই বিশদ বিশ্লেষণদানের পরে অতি সংক্ষেপে বলা হয়েছে, কোনো কোনো অবস্থায় মিথ্যা বললেও তা অপরাধ হিসেবে গণ্য নয় :

১) অতিদ্রুত ভাষণের সময়ে বেগতিক মিথ্যাভাষণ হয়ে গেলে। ইংরেজিতে যাকে (Sleep of tongue) বলা হয়ে থাকে।

২) একটি বলতে গিয়ে অন্যটি বলে ফেললে।

৩) উন্মাদ অবস্থায় মিথ্যা ভাষণ করলে এবং

৪) বুদ্ধকর্তৃক নিষেধাজ্ঞা জারি করার আগে, যদি কোনো ভিক্ষু মিথ্যা ভাষণ করে থাকে, তার এই মিথ্যাভাষণ, নিন্দনীয় হতে পারে; কিন্তু তখনো তা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে না।

বিনয়পিটকের অন্যান্য খণ্ডেও বিধৃত শিক্ষাপদসমূহকে এভাবেই চুলছেড়া বিচার-বিশ্লেষণের মাধ্যমে উপস্থাপিত করা হয়েছে। মূলত বুদ্ধ-উপদিষ্ট এই রীতি-পদ্ধতিই হচ্ছে বৌদ্ধিক বিচারব্যবস্থা। আজ থেকে আড়াই হাজার বছর আগে মহাপ্রাজ্ঞ বুদ্ধ, তৎপ্রবর্তিত ভিক্ষু ও ভিক্ষুণী সংঘের নিয়ম শৃঙ্খলা বিধানে এবং সংঘের মাঝে একতা, শান্তি-সমঝোতা রক্ষার্থে যেভাবে অপরাধ নির্ণয়ের এবং তার মীমাংসার বিধি-বিধানসমূহ প্রজ্ঞাপিত করে গেছেন; তা বিশ্বের বিচার ব্যবস্থার ইতিহাসে যেমন অনন্য অবদান; একইভাবে আধুনিক বিচার ব্যবস্থায়ও সবিশেষ প্রণিধানযোগ্য।

Visit: http://www.buddhistdownload.com

পর্যালোচনা করলে দেখা যায়, *পাচিত্তিয়* গ্রন্থটিতে প্রজ্ঞাপিত শিক্ষাপদসমূহ বুদ্ধের ধর্মরাজ্যের শৃঙ্খলা বিধানের ক্ষেত্রে অভিযোগ এবং সেই অভিযোগের অপরাধ নির্ণয়ের দায়িত্ব মাত্র পালন করেছে; সেই অপরাধের দণ্ডবিধানের দায়িত্ব গ্রহণ করেনি। দায়িত্ব প্রদান করেছে *পরিবার* খণ্ডটিও। আর দণ্ড বিধানের দায়িত্ব নিয়েছে *চূলবর্গ* খণ্ডটি। আর *মহাবর্গ* খণ্ড দায়িত্ব নিয়েছে অপরাধে আরোপিত দণ্ড হতে মুক্তকরণের।

সুত্তপিটকের চাইতে বিনয়পিটকসমূহে বুদ্ধসমকালীন সমাজের পরিচয় সমাধিক। *জাতক* গ্রন্থে এ ছবি আরও উজ্জ্বল। *পাচিত্তিয়* গ্রন্থের মুসাবাদ বর্গের দ্বিতীয় শিক্ষাপদে বিধৃত তৎকালীন সমাজের বিভিন্ন চিত্র যেমন প্রদর্শিত হয়েছে, একইভাবে ব্যক্তির দৈহিক আকৃতি, প্রকৃতি ও বর্ণনার অঙ্গীভূত হয়েছে; যথা :

ভগবান শ্রাবস্তীর জেতবনে অবস্থানকালে বৈশালীর ষড়বর্গীয় ভিক্ষুরা পরস্পর বাদানুবাদকালে শীলবান ভিক্ষুদের তাঁদের নাম, জাতি, গোত্র, কর্ম, শিল্প, রোগ, লিঙ্গ, ক্লেশ, আপত্তি ইত্যাদি উল্লেখসহ আরও অন্যান্য হীনবাক্য দ্বারা নিন্দা ও আক্রোশবাক্য প্রয়োগ করতেন।

ভদ্র, লজ্জী ও শান্তিকামী ভিক্ষুরা ভগবানকে বিষয়টি জ্ঞাত করলে, ভগবান এ ধরনের "আক্রোশবাক্য প্রয়োগে ভিক্ষুর পাচিত্তিয় অপরাধ হবে" বলে শিক্ষাপদ প্রজ্ঞাপিত করলেন। উক্ত আক্রোশ প্রকাশে ব্যবহৃত বাক্যসমূহের পরিচয় দেয়া হলো এভাবে :

১) জাতি বলতে হীন জাতি ও উচ্চ জাতি উভয়কে বুঝায়। এখানে হীন জাতি বলতে চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুশ—এ সকল নীচ জীবিকাধারী লোকদের বুঝায়। অপরদিকে উচ্চ জাতি বলতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য—এই তিন জাতিকে বুঝায়।

২) নাম বলতে হীন নাম ও উচ্চ নাম। যেগুলো সেই সেই জনপদে হীন, উচ্চ হিসেবে বিবেচিত হয়। যেমন : অবকর্ণক, জবকর্ণক, ধনিষ্টক, সবিষ্টক, কুলবড্ঢক ইত্যাদি নাম হীনার্থবাচক। আবার বুদ্ধ, ধর্ম, সংঘ প্রতিসংযুক্ত হলে উচ্চ নামবাচক হয়।

৩) গোত্র বলতে, হীনগোত্রবাচক হচ্ছে, কোশিয়, ভারদ্বাজ গোত্র, ইত্যাদি। অপরপক্ষে গৌতম, কচ্চান, মোগ্গল্যায়ন ইত্যাদি উচ্চ গোত্রবাচক।

৪) কর্ম বলতে, সেই সেই জনপদে যেই যেই কাজ, তেমন সম্মানজনক কাজ বলে বিবেচিত নয়; যেমন : কোষ্টক, পুষ্পছড্ঢক বা মালাকার এবং যেই যেই কাজ সম্মানজনক বলে বিবেচিত; যেমন : কৃষি, বাণিজ্য, এবং গোরক্ষা

Visit: http://www.buddhistdownload.com

কর্ম।

৫) শিল্প বলতে, যেমন : নলকার, কুম্ভকার, তাঁতী, চর্মকার এবং নাপিত বা ক্ষৌর শিল্প ইত্যাদি, লিখন শিল্প, এবং গণনা শিল্প ইত্যাদি উচ্চ শিল্পরূপে বিবেচিত হতো।

৬) রোগ বলতে, সকল প্রকার রোগই হীন। তবে মধুমেহ বা ডায়বেটিক্স রোগটি তেমন হীন বলে বিবেচিত হতো না।

৭) লিঙ্গ বলতে; অতিহ্রস্ব, অতিদীর্ঘ, অতিকৃষ্ণ, অতিশ্বেত, এ জাতীয় লিঙ্গকে হীন লিঙ্গ বলা হয়। অপরদিকে নাতিদীর্ঘ, নাতিহ্রস্ব, নাতিকৃষ্ণ, নাতিশ্বেত।

৮) ক্লেশ বলতে, লোভ, দ্বেষ ও মোহ। সকল প্রকার ক্লেশই হীন ও নীচ।

৯) আপত্তি বলতে, সপ্ত আপত্তিস্কন্ধে উল্লিখিত ১) পারাজিকা, ২) সাংঘাদিশেষ, ৩) থুল্লচ্চয়, ৪) পাচিত্তিয়, ৫) প্রাতিদেশনীয়, ৬) দুক্কট, এবং ৭) দুর্ভাষিত আপত্তি—এগুলো সবই হীন এবং নীচ। তবে স্রোতাপত্তি মার্গফল লাভীদের দ্বারা কৃত অপরাধ উত্তম বলে বিবেচিত হয়।

১০) আক্রোশ বলতে, ক্রুদ্ধ, রাগান্বিত হয়ে তুমি মেণ্ডক, তুমি পশু, তুমি গরু, ইত্যাদি আক্রোশবাক্যকে হীন আক্রোশ বলা হয়। অপরদিকে তুমি পণ্ডিত, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি অভিজ্ঞ, তুমি ধর্মকথিক, তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী ইত্যাদি বাক্যে আক্রোশ করাকে উত্তম আক্রোশ বলা হয়।

উপরোক্ত দশবিধ আক্রোশবাক্য অকুশলপক্ষীয়, পাপ। তবে কোনো বিষয়ের অর্থ ব্যাখ্যার্থে উপমাস্বরূপ এ সকল বাক্য প্রয়োগ করলে অথবা ধর্মশিক্ষা প্রদানার্থে বললে, অথবা হিতকামী চিত্তে শাসন-অনুশাসনার্থে বললে, এমন বাক্য ব্যবহারে কোনো পাপ নেই।

পাচিত্তিয় গ্রন্থে বিধৃত আপত্তি-সংক্রান্ত আলোচনাসমূহে এভাবে নানা স্থানে ফুটে উঠেছে তৎকালীন সমাজের বিভিন্ন চিত্র, তাঁদের মনন, আচরণ, শিক্ষা ও সংস্কৃতি বিষয়ে।

যেমনটি দেখা যায়, পাচিত্তিয় আপত্তির ৬ষ্ঠ শিক্ষাপদে এখানে আয়ুষ্মান অনুরুদ্ধ স্থবির কোশল জনপদে শ্রাবস্তীর উদ্দেশে গমনকালে পথিমধ্যে সন্ধ্যা হয়ে যাওয়ায় এক মহিলাকর্তৃক প্রতিষ্ঠিত অবসথাগারে (পান্থশালায়) রাত্রিবাসে উপস্থিত হলেন। মহিলাটি আয়ুষ্মান অনুরুদ্ধের রূপে মুগ্ধা এবং আসক্তা হয়ে কামসম্ভোগের ইচ্ছা প্রকাশ করলেন। কিন্তু, আয়ুষ্মান অনিরুদ্ধ তাঁর সংযত ইন্দ্রিয়ের শক্তিতে এতে কোনো সাড়া না দিলে, মহিলাটি সম্পূর্ণ নগ্ন হয়ে তাঁকে

Visit: http://www.buddhistdownload.com

আকর্ষণ করতে চেষ্টা করলেন। এতেও ব্যর্থ হয়ে মহিলাটি এমন স্বগতোক্তি করলেন :

"অহো, কী আশ্চর্য! কী অদ্ভুত! বহু মানুষ শত সহস্র মুদ্রার বিনিময়ে আমার পাণি গ্রহণ করে থাকে। অথচ এই শ্রমণ স্বয়ং আমার দ্বারা যাচিত হয়েও আমার সমস্ত ধন-দৌলত এবং শয্যাসন গ্রহণ করতে ইচ্ছা পোষণ করছেন না!"

মহিলাটির এই স্বগতোক্তি দ্বারা তৎকালীন সমাজে আধুনিক দেহপসারিনীদের এক নিখুঁত প্রতিচ্ছবি পাওয়া যায়। ভোগ-বিলাসে পরিপূর্ণ আধুনিক পাঁচতারা, দশতারা আন্তর্জাতিক মানের হোটেল গুলোতে শিক্ষিতা মহিলারা যেভাবে দেহব্যবসায় লিপ্ত হন, আড়াই হাজার বছর আগে সেই ব্যবসার প্রসার আরও ব্যাপক বলেই মনে হয়। এই শিক্ষাপদে পথপাশে সামান্য একটি পান্থশালা নির্মাণ করে একটি ভদ্র মহিলা যেভাবে মার্জিত দেহব্যবসা চালিয়ে যেতে দেখা যাচ্ছে, আমাদের বর্তমান সমাজের ভালো মানের পতিতালয়গুলোর দেহপসারিনীদের মাঝে তেমন পরিবেশের কথা শোনা যায় না। সেকালের দেহ পসারিনীরা যেমনটি স্বাধীন, নিরাপদ এবং আত্মমর্যাদা বোধের অধিকারসম্পন্না; বর্তমানে আমাদের দেশের দেহপসারিনীদের জীবনে সেই সৌভাগ্য আছে কি?

তবে ১৪৩ পৃষ্ঠায় বর্ণিত 'সংবিধান সিক্খাপদ' এবং ১৪৬ পৃষ্ঠায় 'নাবাভিরুহন সিক্খাপদ'সমূহে দেখা যায়, ভিক্ষুণীদের ক্ষেত্রে নানা স্থানে নিরাপদ বিচরণ নিরাপদ নয়। একটু সুযোগ পেলেই যেকোনো জন তাদের সম্ভ্রমহানিতে উদ্যত হচ্ছে। এমনটি কেন হয়? খুব সম্ভবত ভিক্ষুণীদের সম্পর্কে নিম্নোক্ত সমাজ মানসিকতাসমূহ এর পেছনে কাজ করে থাকে :

১) এই ভিক্ষুণীরা পুরুষের স্পর্শবর্জিতা, কৌমার্যব্রতের কমণীয়তায় আকর্ষণীয়া। দেহপসারিনীদের মাঝে এই কমনীয়তা অনুপস্থিত, নিত্য কামসেবার কারণে।

২) দেহপসারিনীরা অর্থের বিনিময়েই দেহদান করে থাকেন। অনাদায়ে রাজশাস্তি, রাজদণ্ডের প্রার্থী হতে তাদের কোনো সঙ্কোচ নেই। ভিক্ষুণীরা ভিক্ষাজীবী হলেও জনগণের নিকটে আদর্শ শীলসংযত জীবনের কারণে অতীব শ্রদ্ধেয়া ব্যক্তিত্ব। তাঁদের সম্ভ্রমহানী হলেও রাজদণ্ডের প্রার্থীতা হওয়াটা কঠিন কাজ।

খুব সম্ভব, ভিক্ষুণী জীবনে এ জাতীয় অরক্ষণীয়তার হেতু যেকোনো অসৎ পুরুষ সামান্য সুযোগ পেলেই তাঁদের সম্ভ্রমহানিতে দ্বিধা করে না।

Visit: http://www.buddhistdownload.com

তৎকালীন ভারতবর্ষে বর্তমানের ন্যায় ধর্মভিত্তিক সাম্প্রদায়িক উগ্রতা এত প্রবল ছিল না। তখনকার দিনে একই পরিবারের সদস্য হয়েও কেউ বুদ্ধের অনুসারী হচ্ছেন, আবার কেউ বা তৈর্থিক সম্প্রদায়ের প্রতি অনুরাগী থাকছেন। আবার কেউ বা কোনো সাধু সৎপুরুষকে শ্রদ্ধা-সম্মান-গৌরব প্রর্দশন করছেন। বর্তমানে গণতান্ত্রিক রাজনৈতিক দলসমূহের মাঝে আমরা এই উদারতার চর্চা দেখলেও ধর্মের ক্ষেত্রে তার চর্চা দিন দিন ভীষণভাবে সংকোচিত হতে দেখছি। *পাচিত্তিয়* গ্রন্থের ১৫৪ পৃষ্ঠায় ভোজন বর্গের 'আবসথপিণ্ড সিক্খাপদে' আমরা দেখতে পায়, এক বণিকদল ভিক্ষু এবং তৈর্থিক, পরিব্রাজক সকল সম্প্রদায়ের জন্যেই এক সাথে ভোজন দানের ব্যবস্থা করেছেন। মহাউপাসিকা বিশাখার শ্বশুর পরিবারে দেখা যায়, নানা জন স্বাধীনভাবে স্ব স্ব ধর্মমতের অনুসরণ করতে। তবে বিশাখার দ্বারা উদ্বুদ্ধ হয়ে এবং বুদ্ধশিক্ষার মহনীয়তা উপলব্ধি করে এক পর্যায়ে পরিবারের সকলেই বুদ্ধানুরাগী হয়ে পড়লেন।

এভাবে সুত্ত ও বিনয়পিটক এবং ইহাদের 'অট্ঠকথা'সমূহে বিধৃত রয়েছে সমকালীন ধর্ম ও সমাজ জীবনের অসংখ্য মনোজ্ঞ চিত্র। তৎসমুদয় অধ্যয়ন ও গবেষণা করে, বর্তমান ধর্ম ও সমাজ জীবনের যথার্থ মূল্যায়নে আমরা অনেক অনেকভাবে উপকৃত হতে পারি।

এক্ষণে *পাচিত্তিয়* গ্রন্থের শিক্ষাপদভুক্ত কিছু বিনয়নীতি প্রশ্নের বিচার বিশ্লেষণের প্রসঙ্গে যাওয়া প্রয়োজন। যেমন :

পাচিত্তিয় গ্রন্থের ১৪৩ পৃষ্ঠায় বিধৃত "সংবিধান সিক্খাপদে" দেখা যায়, ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের নির্মিত বিহারে অবস্থানকালে ষড়বর্গীয় ভিক্ষুরা ভিক্ষুণীদের সাথে পরামর্শ করেই দীর্ঘপথ গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা করতে লাগলেন, "যেভাবে আমরা সস্ত্রীক বিচরণ করি, দেখছি শাক্যপুত্রীয় শ্রমণগণও ভিক্ষুণীদের সাথে পরামর্শ করে একইভাবে বিচরণ করছেন।

জনগণের এমন নিন্দা, দুর্নাম রটনার প্রেক্ষিতে ভগবান খুবই অসন্তোষের সাথে এই বলে শিক্ষাপদ প্রজ্ঞাপিত করলেন, "মোঘপুরুষগণ, কেন তোমরা ভিক্ষুণীদের সাথে পরামর্শ করে দীর্ঘপথ গমন করবে? তোমাদের এমন আচরণে কিছুতেই বুদ্ধ, ধর্ম ও সংঘের প্রতি অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়। বরঞ্চ তোমাদের এমন আচরণে অপ্রসন্নরা নিন্দা করার সুযোগ পাবে, এবং মার্গজ্ঞানহীন প্রসন্নদের প্রসন্নতা নষ্ট হবে।

Visit: http://www.buddhistdownload.com

হে ভিক্ষুগণ, তাই আমি এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত করছি, "যেই ভিক্ষু ভিক্ষুণীর সাথে পরামর্শকরে একই পথে গমন করবে; এমনকি এক গ্রাম হতে অন্য গ্রামে পর্যন্ত গমন করবে, তার পাচিত্তিয় অপরাধ হবে।"

এখানে শিক্ষাপদটির উৎপত্তির কারণের প্রতি লক্ষ করলে দেখা যাবে, জনগণের নিন্দা, আন্দোলনের প্রেক্ষিতেই এই শিক্ষাপদটি প্রজ্ঞাপিত হয়েছে। জনগণ কেন ভিক্ষু-ভিক্ষুণীদের একসাথে গমনাগমনে নিন্দা, আন্দোলন করবেন? বলা হয়েছে, "আমরা যেমন পরামর্শ করে সস্ত্রীক বিচরণ করি, এই ভিক্ষু-ভিক্ষুণীরাও তেমনভাবে বিচরণ করছেন।"

এখানে 'পরামর্শ করা' এই বাক্যটিই সবিশেষ বিচার্য। দুই জনে পরামর্শ করে, এক সাথে, এক স্থান থেকে অন্যস্থানে গেলে পরস্পরের প্রতি দায়িত্বশীল থাকতে হয়। পথিমধ্যে পারস্পরিক আরও নানা প্রয়োজন উৎপন্ন হয়। এতে বাধ্যতামূলক নানা বাক্য বিনিময় করতে হয়। স্মৃতি সম্প্রজ্ঞানহীন ভিক্ষু-ভিক্ষুণীরা গৃহীদের ন্যায় হাসি-তামাশামূলক বাক্যালাপেও রত হওয়া অসম্ভব কিছু নয়।

অপরদিকে পরামর্শ না করে ভিক্ষু-ভিক্ষুণী এক সাথে, একই পথে গমন করলে, পারস্পরিক কোনো দায়-দায়িত্ব থাকে না। ফলে বড়ো বেশি বাক্য বিনিময়ের প্রয়োজনও হয় না। স্মৃতি সম্প্রজ্ঞানযুক্ত থাকলে, লোকে নিন্দা করতে পারে, এমন বাক্যালাপের সম্ভাবনাও থাকে না।

এ কারণেই মূলের শিক্ষাপদটিতে এই বাক্যটি সবিশেষ গুরুত্বের সাথে উল্লেখিত হয়েছে :

"ভিক্খু ভিক্খুনিযা সদ্ধিং সংবিধায একদ্ধান মগ্গং পটিপজ্জেয্য ...।"

অর্থাৎ, ভিক্ষু ভিক্ষুণীর সাথে পরামর্শ করে একই পথে প্রতিপন্ন হলে (গমন করলে), এমনকি গ্রামান্তরেও যদি গমন করে; তার পাচিত্তিয় অপরাধ হয়।

এই শিক্ষাপদটির অনাপত্তিতে তাই উল্লিখিত হয়েছে : ১) সময় নির্দেশ না করে গমন করলে, ২) পরামর্শ না করে গমনকালে পথিমধ্যে পরস্পরে দেখা হলে, ৩) বিপদে পড়ে এক সাথে গেলে, ৪) পথে চোর, ডাকাতের উপদ্রব থাকলে ইত্যাদি কারণে ভিক্ষু-ভিক্ষুণী এক সাথে গমনে কোনো অপরাধ হবে না।

৮নং 'নাবাভিরুহন সিক্খাপদ'টিতে নৌকাদি যেকোনো যানবাহনেও একই সাথে গমনকালে পরামর্শ করে গমন করাটির উপরেই নিষেধাজ্ঞা আরোপিত হয়েছে। এবং একসাথে গমনে নির্দোষিতা প্রদর্শন করা হয়েছে। পূর্বোক্ত 'সংবিধান' শিক্ষাপদটিরই অনুরূপ।

Visit: http://www.buddhistdownload.com

এ সকল শিক্ষাপদে আরও একটি বিষয় লক্ষণীয় যে, এখানে কেবল সমধর্মী বা একই আদর্শে প্রব্রজ্যা গ্রহণকারী নর-নারী তথা ভিক্ষু-ভিক্ষুণীদের একসাথে গমনাগমনে নিষেধাজ্ঞা আরোপিত হয়েছে। কোনো গৃহবাসী স্ত্রী লোকের গমন বিষয়টি এতে সংশ্লিষ্ট নয়। তবুও বিনয়াচার্যগণের বিবেচনায় ঘোটকী বা গাভী দ্বারা বাহিত কোনো যানবাহনে ভিক্ষুদের গমনাগমন অনুচিত বর্ণনা করা হয়েছে। কারণ, এ জাতীয় তির্যগ স্ত্রী জাতির যোনিদ্বারের অবস্থানটি ভিক্ষুর জন্যে বিপরীত নিমিত্ত উৎপাদন হয়ে থাকে।

একইভাবে কোনো মনুষ্যস্ত্রী-চালিত গাড়ি বা মনুষ্য মহিলা যাত্রী আছে, এমন বাহনে সেই স্ত্রী জাতির দেহসংলগ্ন হয়ে উপবেশনে সাংঘাদিশেষ আপত্তি, থুল্লচ্চয় আপত্তি, দুক্কটাপত্তি ইত্যাদি সংগঠিত হওয়ার সমূহ সম্ভাবনা বিদ্যমান থাকে। আর এ কারণেই কোনো ভিক্ষু তেমন কোনো বাহনে নিরাপদ দুরত্ব বজায় রেখেই গমনাগমন করতে হয়। তবুও জেনে রাখা ভালো যে, বৌদ্ধ ভিক্ষুর বিনয়াচার সম্পর্কে পরিচিত পরিবেশে ভিক্ষুজীবনের গৌরবতা মহনীয়তা অনুধাবনের স্বার্থে, স্ত্রী-পুরুষে ঠাসাঠাসি গণপরিবহনে যত্রতত্র যাতায়াত না করাই উত্তম।

পাচিত্তিয় গ্রন্থের ৬৭ পৃষ্ঠায় 'সহসেয্য কপ্পেয্য' শিক্ষাপদটিতে মাতৃজাতির সাথে একই শয্যায় শয়ন না করার উপর নিষেধাজ্ঞা আরোপিত হয়েছে। অন্য শিক্ষাপদে একই আসনে উপবেশনেও নিষেধাজ্ঞা আরোপিত হয়েছে। এমনকি কোনো কোনো শিক্ষাপদে অনুপসম্পন্ন শ্রমণ এবং গৃহীর সাথে একই আচ্ছাদনে তিন রাতের অধিক রাত্রিযাপনের ক্ষেত্রেও নিষেধাজ্ঞা আরোপিত হয়েছে।

এ সকল নিষেধাজ্ঞা বিষয়ে সবিস্তার আলোচনা প্রয়োজন। 'সহসেয্যং কপ্পেয্য' শিক্ষাপদটিতে বলা হয়েছে :

"যো পন ভিক্খু মাতুগামেন সহসেয্যং কপ্পেয্য পাচিত্তিযন্তি"।

অর্থাৎ যেই ভিক্ষু মাতৃজাতির সাথে একত্রে শয়ন করে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এখানে 'মাতুগামো' বলতে শুধুমাত্র মনুষ্যস্ত্রীকেই বুঝানো হয়েছে; কোনো যক্ষিনী, প্রেত্নী বা পশু-পাখী জাতীয়া স্ত্রী নয়। সেই মনুষ্যস্ত্রীটি শিশু হলেও একই নিষেধাজ্ঞা বিদ্যমান থাকবে। এমনকি মনুষ্যস্ত্রী সংজ্ঞা বিদ্যমান হেতু স্ত্রী জাতীয় ছবি, বস্ত্র, অলঙ্কার ইত্যাদি স্পর্শেও দুক্কট-অপরাধ হয়। একই কারণে স্ত্রী জাতিটি পশু-পাখি হলেও ভিক্ষুর পক্ষে স্পর্শ অযোগ্য হয়। শুধু তা-ই নয়, প্রসবসংজ্ঞা বিদ্যমানহেতু কোনো ফলবান বৃক্ষের স্পর্শে পর্যন্ত ভিক্ষুর উপর

Visit: http://www.buddhistdownload.com

নিষেধাজ্ঞা আরোপিত হয়েছে। একই কারণে ভিক্ষুণীরাও পুরুষ বা পুরুষ সংজ্ঞাযুক্ত উপরোক্ত বিষয়গুলোর স্পর্শ হতে বিরত থাকতে হবে। কেন? স্ব স্ব ব্রহ্মচর্য জীবনের পবিত্রতা রক্ষায়; বিপরীত লিঙ্গের ক্ষেত্রে এই সংযম কঠোরতা একান্তই প্রয়োজন।

'সেয্যা' বলতে পরিপূর্ণভাবে আচ্ছন্ন, অথবা বেশির ভাগ আচ্ছন্ন স্থান বা শয্যাসনকে বুঝায়। এখানে 'সেয্যং কপ্পেয্য' বলতে সূর্যোদয়ের পূর্ব মুহূর্ত পর্যন্ত মনুষ্যস্ত্রী শায়িতা অবস্থায় ভিক্ষুও তৎপাশে শয়ন করলে, ভিক্ষুর পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু তেমন শয্যাপাশে যতবার উঠে যতবার শয়ন করবে, ততবারই পাচিত্তিয় অপরাধ হবে।

এখানে সূর্যোদয়ের পূর্ব মুহূর্ত পর্যন্ত এমনভাবে শয়নকে অপরাধ বলা হলেও একজন ভিক্ষু বা ভিক্ষুণী বিপরীত লিঙ্গের পাশে যেকোনো সময়েই শয়ন করাটা অশোভনীয়। তবে স্থানাভাবে অনন্যোপায় হয়ে ভিক্ষুটিকে শয়ন করতে হলে, মনুষ্যস্ত্রীটিকে তখন শয়ন ত্যাগ করে উঠে বসতে হবে।

আচ্ছন্ন বা প্রতিচ্ছন্ন স্থানে তথা কোনো কক্ষে ভিক্ষু-ভিক্ষুণী বিপরীত লিঙ্গের কারো সাথে উপবেশনকালে, বারো বছরের বা ততোধিক বয়স্ক তৃতীয় কোনো বিজ্ঞজনের উপস্থিতি সেখানে প্রয়োজন হবে। কারণ, ভিক্ষু-ভিক্ষুণীরা যাতে ব্রহ্মচর্য ধর্মের বিপরীত কোনো বাক্যালাপ বা কাজে উদ্বুদ্ধ হতে না পারে। এই ব্রহ্মচর্য ধর্মের সুরক্ষায় শুধু অনুপসম্পন্ন শ্রামণ-শ্রামণেরী বা গৃহীরাই নন, এমনকি উপসম্পন্নের সাথেও একই শয্যায় শয়ন অনুচিত। শুধু তা-ই নয়, কামভাব জাগ্রত করার সহায়ক যেকোনো কোমল শয্যা; এমনকি কোমল ও মসৃণ বস্ত্রাদি পর্যন্ত ব্যবহার বর্জন প্রব্রজ্জিতের পক্ষে কল্যাণকর।

এখন কুটূক্তি সম্পর্কিত "দুট্ঠুল্লারোচন সিক্খাপদ" সম্পর্কে আলোচনা আসা যাক। আয়ুষ্মান উপনন্দ শাক্যপুত্রীয় ভিক্ষু বৃজী বংশীয় ষড়বর্গীয় ভিক্ষুদের সাথে প্রায় সময় বাদানুবাদে লিপ্ত হতেন। তিনি একসময় শুক্রমোচন আপত্তিগ্রস্ত হয়ে সেই অপরাধের প্রতিকার মানসে সংঘের নিকটে পরিবাস দণ্ড গ্রহণ করলেন। তিনি পারিবাসিক অবস্থায় এক বণিকদলকর্তৃক নিমন্ত্রিত হয়ে ভোজনস্থানে সকল ভিক্ষুদের শেষ প্রান্তে গিয়ে আসন গ্রহণ করলেন। এই সুযোগে ষড়বর্গীয় ভিক্ষুরা প্রতিশোধ স্পৃহায় আয়ুষ্মান উপনন্দকে দেখিয়ে দিয়ে আমন্ত্রণকারীদের বললেন, আপনাদের আমন্ত্রিত এই আবুসো ভিক্ষু উপনন্দ, যেই হস্তদ্বারা এখন ভোজন করছেন, সেই হাতেই তিনি শুক্রমোচন করে, এখন সংঘকর্তৃক পরিবাসিক দণ্ডে দণ্ডিত হয়েছেন বিধায় সকলের শেষ আসনটি গ্রহণ

Visit: http://www.buddhistdownload.com

করেছেন।

উপস্থিত সংঘের অন্যান্যরা ষড়বর্গীয় ভিক্ষুদের এমন হীন আচরণে ক্ষুব্ধ হয়ে বিষয়টি ভগবানের গোচরিভূত করলে, ভগবান তখন এই শিক্ষাপদটি প্রজ্ঞাপ্তি করলেন :

"যো পন ভিক্খু ভিক্খুস্স দুট্ঠুল্লং আপত্তিং অনুপসম্পন্নস্স আরোচেয্য অঞ্ঞত্র ভিক্খু সম্মুতিযা পাচিত্তিয'ন্তি।"

অর্থাৎ, আপত্তিগ্রস্ত ভিক্ষুর, অথবা সংঘের সম্মতি ব্যতীত কোনো ভিক্ষু অন্য ভিক্ষুর পারাজিকা ও সাংঘাদিশেষ এই দ্বিবিধ দুট্ঠুল্ল-অপরাধের যেকোনোটি ভিক্ষু নন এমন কোনোজনকে বললে, পাচিত্তিয় অপরাধ হবে।

আবার, বলার অনুমতি প্রাপ্ত হয়েও শুধুমাত্র অনুমতি প্রাপ্ত আপত্তিসমূহই কেবল বলা যাবে, অন্য কোনোটি নয়। এভাবেই সাংঘিক শৃঙ্খলা রক্ষার নির্দেশ আছে।

৯৫ পৃষ্ঠার 'পাথবী খণন সিক্খাপদে' ভিক্ষুকর্তৃক মাটি কাটা বা খনন সম্পর্কে বলা হয়েছে : "কোনো ভিক্ষু ভূমি খনন করলে বা অন্যের দ্বারা করালে, পাচিত্তিয় অপরাধ হয়।"

এক্ষেত্রে ভিক্ষুকে মাটি খনন বা উদ্ভিদ ছেদনাদি কর্মে অপরাধ থেকে আত্মরক্ষা এবং খননের কাজটিও সম্পাদনার্থে অনুপসম্পন্ন কোনোজনকে এভাবে ভিক্ষু উপযুক্ত বাক্যই ব্যবহার করতে হবে :

"তুমি এখানে একটি গর্ত কর, এখান থেকে মাটিগুলো সরিয়ে নেয়ার ব্যবস্থা কর, এই ঝোপ-ঝাড় পরিষ্কার কর ইত্যাদি। কাট, মার ইত্যাদি জাতীয় শব্দগুলো ভিক্ষুদের জন্যে অশোভনীয় বিধায় এগুলো 'অকপ্পিয়' শব্দ বা ব্যবহার অযোগ্য বলে বিবেচিত হয়। আর মাটি কাটা, বৃক্ষ ছেদন এগুলো গৃহী জনোচিত কাজ বলেই ভিক্ষুদের এসব কর্ম থেকে যতদূর সম্ভব বিরত থেকে কর্মবাহুল্যহীন হয়ে সর্বাধিক সময় ধ্যান-বিদর্শনে নিয়োজিত করতেই বুদ্ধগণ উপদেশ দিয়ে থাকেন। যেহেতু লোভ-দ্বেষ-মোহ, তথা অবিদ্যা-তৃষ্ণার মহাবন্ধন মুক্তিই প্রব্রজ্যার প্রধান লক্ষ্য।

১০০ পৃষ্ঠার 'অঞ্ঞবাদক সিক্খাপদে' উল্লিখিত হয়েছে আয়ুষ্মান ছন্ন অনাচার আচরণের পর সংঘমধ্যে তাঁর আপত্তির বিষয়ে জিজ্ঞাসিত হলে, তা গোপন করার ইচ্ছায় উত্তর এড়িয়ে চলার ইচ্ছায় বার বার অন্য প্রসঙ্গে কথা বলতে চেষ্টা করতে থাকে। যেমন, কে প্রাপ্ত হয়েছে? কী প্রাপ্ত হয়েছে? কীরূপে প্রাপ্ত হয়েছে? কখন প্রাপ্ত হয়েছে? কাকে বলছ? কী বলছ? ইত্যাদি।

তাঁর এমন আচরণ ভগবান অবগত হয়ে শিক্ষাপদ প্রজ্ঞাপ্তি করলেন :

Visit: http://www.buddhistdownload.com

"অঞ্ঞবাদকে বিহেসকে পাচিত্তিয'ন্তি।"

অর্থাৎ, এক বিষয়ে জিজ্ঞাসিত হয়ে অন্য বিষয়ে বলতে থাকলে এবং এভাবে জিজ্ঞাসাকারীর দুঃখ উৎপন্ন করলে, ভিক্ষুর পাচিত্তিয় আপত্তি হয়।

এখানে আত্মপ্রবঞ্চক অতি চালাক ভিক্ষুদের চরিত্রকে তুলে ধরা হয়েছে, যা কোনো অবস্থাতেই নির্বাণ বিমুক্তিকামী ভিক্ষুর জীবনে অভিপ্রেত নয়। তবে, জিজ্ঞাস্য বিষয়টি প্রকাশ করলে, কোনো উপযুক্ত বিচার পাব না, অথবা সংঘের মধ্যে কলহ-বিবাদ দেখা দেবে, এমনকি সংঘভেদও হতে পারে, এই ভেবে প্রকাশ না করাতে কোনো দোষ নেই।

এভাবে *পাচিত্তিয়* গ্রন্থে এমনতরো আরও অনেক অনেক বিষয়ে আলোচনা পর্যালোচনা প্রয়োজন, যা বারান্তরে সম্ভব হলে লিপিবদ্ধ করা যাবে। এক্ষণে এই বলে এই পর্যন্ত আলোচনার সমাপ্তি টানতে চাই, *পাচিত্তিয়* গ্রন্থের বর্তমান অনুবাদকর্ম বাংলা ভাষায় এই প্রথম শুধু নয়; অনুবাদকের অনুবাদ কর্মের প্রথম ফসলও এই অনুবাদ। অতএব, পাঠকগণ সেই বিবেচনায় ইহার যাবতীয় ত্রুটি-বিচ্যুতি গ্রহণ করলে, অনুবাদকের প্রতি সম্যক বিচার হবে। তরুণ অনুবাদক ভবিষ্যতে তার জ্ঞানের পরিপক্বতায় প্রয়োজনীয় সংশোধনাদি করবেন, এই আশা পোষণ করি। বঙ্গীয় বৌদ্ধ ভিক্ষুসংঘে এই অনুবাদ বুদ্ধশাসন রক্ষায় যথার্থ অবদান রাখুক। তরুণ অনুবাদক আয়ুষ্মান করুণাবংশ ভিক্ষু সুস্থদেহে বুদ্ধজ্ঞান-সমৃদ্ধ দীর্ঘায়ু লাভ করে বুদ্ধশাসনের সর্ববিধ মঙ্গল বিধানে জীবন উৎসর্গীত করুন!

প্রসঙ্গত উল্লেখ্য যে, আয়ুষ্মান করুণাবংশ ভিক্ষু বিগত ১৯৯৮ খ্রিষ্টাব্দে গৃহী অবস্থায় তার জন্মস্থান নানিয়ারচর থেকে কাটাছড়িতে আসে তার ভিক্ষুভ্রাতা যোগানন্দের সাথে দেখা করতে। সেখানেই সে আমার সম্পর্কে জানতে পারে। অতঃপর ১৯৯৯ খ্রিষ্টাব্দে বেতবুনিয়ায় আমার বর্ষাবাস যাপনকালে হঠাৎ সে আমার নিকটে উপস্থিত হয়ে প্রব্রজ্যা গ্রহণ করে, তথাকার শীলছড়িস্থ অভয়ারণ্য ধ্যান কেন্দ্রে অবস্থান করে। তথায় বর্ষাবাস শেষে চিকিৎসার্থে চট্টগ্রাম নগরস্থ মোগলটুলী শাক্যমুনি বিহারে পাঠালে, তথা হতে রাঙামাটি রাজবন বিহারে আগমন করে।

অতঃপর বহুদিন পরে বুদ্ধবংশ ও করুণাবংশ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়স্থ বিশ্বশান্তি প্যাগোডায় আমার কাছে উপস্থিত হয়। পরম শ্রদ্ধেয় বনভন্তের অনুমতিক্রমে তারা আমার কাছে পালি ভাষা শিক্ষার কাজ শুরু করে। বিশ্বশান্তি প্যাগোডা হতে আমি গহিরা অঙ্কুরীঘোনা মহাশ্মশান ধ্যান কেন্দ্রে অবস্থান শুরু করলে, তারা সেখানেও শিক্ষা কার্যক্রম চালিয়ে যায়। এভাবে তাদের শিক্ষা

Visit: http://www.buddhistdownload.com

সমাপ্ত করে রাজবন বিহারে ফিরে আসার পর ভিক্ষু করুণাবংশ তাদের শিক্ষাকালীন The new pali course এর part One and part Two -এর নোটদ্বয় কিছুতা পরিমার্জিতরূপে বঙ্গানুবাদ গ্রন্থে প্রকাশের উদ্যোগ নেয়। একই সাথে আমার পরামর্শে বিনয়পিটকের *পাচিত্তিয়* খণ্ডটির অনুবাদের দায়িত্ব সে গ্রহণ করে। বুদ্ধবংশকে দেয়া হয় *পারাজিকা* খণ্ডটির অনুবাদের দায়িত্ব। তবে পরম পুজ্য বনভন্তের ইচ্ছা ছিল আমার হাতেই এই তিনটি বিনয়পিটক অনূদিত হোক। সময়ের অভাবে পূজ্য ভন্তের এই ইচ্ছা পূর্ণ করতে না পারলেও আয়ুষ্মান বুদ্ধবংশ ও করুণাবংশকে দিয়ে সে দায়িত্ব সমাধা করতে পারলাম, ইহা আমার এক পরম প্রাপ্তি ও পরম তৃপ্তি!

ভবতু সব্ব মঙ্গলম!
চিরং তিট্‌ঠতু বুদ্ধসাসনম্!

২৫৫১ বুদ্ধবর্ষ, ২০০৭ খ্রিষ্টাব্দ
১৪১৩ বাংলা, বৈশাখী পূর্ণিমা

প্রজ্ঞাবংশ মহাথেরো
রাজবন বিহার, রাঙামাটি

Visit: http://www.buddhistdownload.com

সূ চি প ত্র

৫. পাচিত্তিয় অধ্যায়

১. মিথ্যাবাক্য বর্গ

১. মিথ্যাবাক্য সম্পর্কীয় শিক্ষাপদ ৩৩
২. আক্রোশবাক্য সম্পর্কীয় শিক্ষাপদ ৪২
৩. পিশুনবাক্য সম্পর্কীয় শিক্ষাপদ.....৫৭
৪. পদসোধর্ম সম্পর্কীয় শিক্ষাপদ ৬২
৫. সহশয়ন সম্পর্কীয় শিক্ষাপদ.....৬৫
৬. দ্বিতীয় সহশয়ন সম্পর্কীয় শিক্ষাপদ ৬৮
৭. মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা সম্পর্কীয় শিক্ষাপদ.....৭২
৮. ধ্যান-বিমোক্ষাদি প্রকাশ সম্পর্কীয় শিক্ষাপদ.....৭৬
৯. দুট্ঠুল্ল আপত্তি প্রকাশ সম্পর্কীয় শিক্ষাপদ ৯১
১০. ভূমি খনন সম্পর্কীয় শিক্ষাপদ.....৯৩

২. ভূতগাম (উদ্ভিদ) বর্গ

১. উদ্ভিদ ছেদন সম্পর্কীয় শিক্ষাপদ.....৯৬
২. আলোচ্য বিষয় এড়িয়ে চলা সম্পর্কীয় শিক্ষাপদ ৯৮
৩. দোষারোপন সম্পর্কীয় শিক্ষাপদ.....১০৩
৪. প্রথম শয়নাসন সম্পর্কীয় শিক্ষাপদ.....১০৫
৫. দ্বিতীয় শয়নাসন সম্পর্কীয় শিক্ষাপদ.....১০৮
৬. অবৈধ অনুপ্রবেশ সম্পর্কীয় শিক্ষাপদ..... ১১১
৭. বহিষ্কার সম্পর্কীয় শিক্ষাপদ.....১১৩
৮. ছাদের কুটির সম্পর্কীয় শিক্ষাপদ ১১৬
৯. সম্বামীক বিহার নির্মাণ সম্পর্কীয় শিক্ষাপদ ১১৮
১০. প্রাণীযুক্ত সম্পর্কীয় শিক্ষাপদ ১২০

৩. ওবাদ (উপদেশ) বর্গ

উপদেশ প্রদান সম্পর্কীয় শিক্ষাপদ ১২২
সূর্য অস্তগমন সম্পর্কীয় শিক্ষাপদ.....১৩০

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষুণী আবাসে গমন সম্পর্কীয় শিক্ষাপদ ১৩২
আমিষ সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৩৫
চীবরদান সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৩৭
চীবর সেলাই সম্পর্কীয় শিক্ষাপদ ১৩৯
পথে গমনকালীন পরামর্শ সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৪১
নৌকায় আরোহণ সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৪৪
ভিক্ষুর গুণবর্ণনা সম্পর্কীয় সিক্ষাপদ..... ১৪৬
নির্জনে উপবেশন সম্পর্কীয় শিক্ষাপদ ১৫০

৪. ভোজন বর্গ

আবসথপিণ্ড সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৫৩
গণভোজন সম্পর্কীয় শিক্ষাপদ ১৫৫
পরস্পর ভোজন সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৬১
কানার মাতা সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৬৬
প্রথম প্রবারণা সম্পর্কীয় শিক্ষাপদ ১৭০
দ্বিতীয় প্রবারণা সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৭৩
বিকালে ভোজন সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৭৬
স্বীয় অধীনে সঞ্চিতকরণ সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৭৭
উৎকৃষ্ট ভোজন সম্পর্কীয় শিক্ষাপদ ১৭৯
দন্তকাষ্ঠ সম্পর্কীয় শিক্ষাপদ ১৮২

৫. অচেলক বর্গ

উলঙ্গ সন্ন্যাসী সম্পর্কীয় শিক্ষাপদ ১৮৫
কুঅভিপ্রায়ে ফেরত পাঠানো সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৮৭
অবীতরাগী স্ত্রী-পুরুষ সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৮৯
নির্জন প্রতিচ্ছন্ন সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৯১
নির্জন উপবেশন সম্পর্কীয় শিক্ষাপদ ১৯৩
অনিমন্ত্রিত কুলে প্রবেশ সম্পর্কীয় শিক্ষাপদ ১৯৫
ভৈষজ্য নিমন্ত্রণ গ্রহণ সম্পর্কীয় শিক্ষাপদ..... ১৯৯
যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনা সম্পর্কীয় শিক্ষাপদ..... ২০৩
সেনার সাথে বাস সম্পর্কীয় শিক্ষাপদ..... ২০৬
রণাঙ্গন সম্পর্কীয় শিক্ষাপদ..... ২০৮

Visit: http://www.buddhistdownload.com

৬. সুরাপান বর্গ

মদ্যপান সম্পর্কীয় শিক্ষাপদ.....২১০
আঙুল দিয়ে খোঁচা দেওয়া সম্পর্কীয় শিক্ষাপদ.....২১২
হাস্য-ক্রীড়া সম্পর্কীয় শিক্ষাপদ.....২১৪
অনাদর সম্পর্কীয় শিক্ষাপদ.....২১৬
ভয় প্রদর্শন সম্পর্কীয় শিক্ষাপদ.....২১৭
অগ্নি প্রজ্বলন সম্পর্কীয় শিক্ষাপদ.....২১৯
স্নান সম্পর্কীয় শিক্ষাপদ.....২২১
কপ্পবিন্দুকরণ সম্পর্কীয় শিক্ষাপদ.....২২৬
হস্তান্তর সম্পর্কীয় শিক্ষাপদ.....২২৭
চীবরাদি লুকানো সম্পর্কীয় শিক্ষাপদ.....২২৯

৭. প্রাণীযুক্ত (সপ্পাণক) বর্গ

সজ্ঞান সম্পর্কীয় শিক্ষাপদ.....২৩২
প্রাণীযুক্ত সম্পর্কীয় শিক্ষাপদ.....২৩৩
মীমাংসিত বিচার পুনঃ উত্থাপন সম্পর্কীয় শিক্ষাপদ.....২৩৪
দুট্ঠুল্লাপত্তি আচ্ছাদন সম্পর্কীয় শিক্ষাপদ.....২৩৬
উনবিংশতিবর্ষ সম্পর্কীয় শিক্ষাপদ.....২৩৮
চোর সম্পর্কীয় শিক্ষাপদ.....২৪১
পরামর্শকরণ সম্পর্কীয় শিক্ষাপদ.....২৪৩
অরিষ্ট সম্পর্কীয় শিক্ষাপদ.....২৪৫
উৎক্ষিপ্ত সম্ভোগ সম্পর্কীয় শিক্ষাপদ.....২৫১
কণ্টক সম্পর্কীয় শিক্ষাপদ.....২৫৩

৮. সহধার্মিক বর্গ

প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ সম্পর্কীয় শিক্ষাপদ.....২৬০
উদ্বেগ-উৎকণ্ঠা সম্পর্কীয় শিক্ষাপদ.....২৬২
অমনোযোগ সম্পর্কীয় শিক্ষাপদ.....২৬৪
প্রহার সম্পর্কীয় শিক্ষাপদ.....২৬৭
হস্ত উত্তোলন সম্পর্কীয় শিক্ষাপদ.....২৬৯
অমূলক সম্পর্কীয় শিক্ষাপদ.....২৭০
সজ্ঞান সম্পর্কীয় শিক্ষাপদ.....২৭২
উপশ্রুতি সম্পর্কীয় শিক্ষাপদ.....২৭৪

Visit: http://www.buddhistdownload.com

কর্মপ্রতিবহন সম্পর্কীয় শিক্ষাপদ.....২৭৬
ছন্দ না দিয়ে গমন সম্পর্কীয় শিক্ষাপদ.....২৭৭
দুর্বল সম্পর্কীয় শিক্ষাপদ.....২৭৯
পরিবর্তন সম্পর্কীয় শিক্ষাপদ.....২৮১

৯. রতন বর্গ

অন্তঃপুরে প্রবেশ সম্পর্কীয় শিক্ষাপদ.....২৮৪
রত্ন সম্পর্কীয় শিক্ষাপদ.....২৮৯
বিকালে গ্রামে প্রবেশ সম্পর্কীয় শিক্ষাপদ.....২৯৩
সূঁচ রাখার পাত্র সম্পর্কীয় শিক্ষাপদ.....২৯৭
মঞ্চপীঠ নির্মাণ সম্পর্কীয় শিক্ষাপদ.....২৯৯
তুলাবৃতকরণ সম্পর্কীয় শিক্ষাপদ.....৩০০
বসার আস্তরণ নির্মাণ সম্পর্কীয় শিক্ষাপদ.....৩০২
কণ্ডুপ্রতিচ্ছাদন নির্মাণ সম্পর্কীয় শিক্ষাপদ.....৩০৪
বর্ষাসাটিক সম্পর্কীয় শিক্ষাপদ.....৩০৬
নন্দ সম্পর্কীয় শিক্ষাপদ.....৩০৭

৬. প্রতিদেশনীয় অধ্যায়

প্রথম প্রতিদেশনীয় শিক্ষাপদ.....৩১০
দ্বিতীয় প্রতিদেশনীয় শিক্ষাপদ.....৩১৩
তৃতীয় প্রতিদেশনীয় শিক্ষাপদ.....৩১৫
চতুর্থ প্রতিদেশনীয় শিক্ষাপদ.....৩১৯

৭. সেখিয় অধ্যায়

১. পরিমণ্ডল বর্গ.....৩২৪
২. উজ্জগ্ঘিক (উচ্চহাস্য) বর্গ.....৩৩৩
৩. খম্ভকত (কোমর) বর্গ.....৩৪২
৪. সক্কচ্চ (মনোযোগ) বর্গ.....৩৫২
৫. কবল (গ্রাস) বর্গ.....৩৬২
৬. সুরু সুরু বর্গ.....৩৭১
৭. পাদুকা (স্যান্ডেল) বর্গ.....৩৮০

৮. অধিকরণ সমথ.....৩৯৬
পরিশিষ্ট.....৩৯৭

Visit: http://www.buddhistdownload.com

‘সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা’

বিনয়পিটকে

পাচিত্তিয়

৫. পাচিত্তিয় অধ্যায়

১. মিথ্যাবাক্য বর্গ

১. মুসাবাদ সিক্খাপদং

(মিথ্যাবাক্য সম্পর্কীয় শিক্ষাপদ)

হে আয়ুষ্মানগণ, এখন বিরানব্বইটি পাচিত্তিয়[১] ধর্ম উদ্দেস (আবৃত্তি) আগত হচ্ছে :

১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন অত্যন্ত কলহকারী ও বাদ-বিবাদকারী[২] হত্থক নামক এক শাক্যপুত্র ছিল। সে অন্যতীর্থিয়দের সাথে আলাপকালে অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলে দোষ স্বীকার করত, দোষ স্বীকার করে পুনরায় অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলত, অন্যের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দিয়ে পাশ কাটিয়ে যেত[৩],

---

[১]. ‘পাচিত্তিয়’ শব্দের সাধারণ অর্থ হচ্ছে প্রায়শ্চিত্তিক, দুঃখ প্রকাশ বা দোষ স্বীকার ইত্যাদি। কিন্তু পরিবার গ্রন্থে ইহার ভাবার্থ এভাবে ব্যাখ্যা করা হয়েছে : ‘কুসল ধম্মসঙ্খাতং কুসলচিত্তং পাতেতি, তস্মা পাতেতি চিত্তন্তি পাচিত্তিযং’ অর্থাৎ কুশলধর্মসম্ভূত কুসলচিত্তকে পাত করে তথা পরমার্থ লাভের পক্ষে অন্তরায় করে বিধায় ইহাকে ‘পাচিত্তিয়’ বলা হয়।

[২]. বাদক্খিতো।

[৩]. অঞ্ঞেনঞ্ঞং পটিচরতি। বিনয়-অর্থকথা ভাষ্যমতে “অঞ্ঞেন কারণেন অঞ্ঞং কারণং পটিচরতি পটিচ্ছাদেতি অজ্ঝোত্থরতি” অর্থাৎ তিনি জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দিয়ে অন্যটির উত্তর দিতেন অথবা অন্যভাবে উত্তর দিয়ে ইহা লুকিয়ে রাখতেন বা গোপন করতেন।

Visit: http://www.buddhistdownload.com

সজ্ঞানে বা জেনেশুনে মিথ্যা ভাষণ করত এবং সংকেত করে মিথ্যা প্রবঞ্চনা ও প্রতারণা করত। তাই অন্যতীর্থিয়রা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন হত্থক শাক্যপুত্র আমাদের সাথে আলাপকালে অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলে দোষ স্বীকার করবেন? দোষ স্বীকার করে কেন পুনরায় অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলবেন? অন্যের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দিয়ে পাশ কাটিয়ে যাবেন, সজ্ঞানে মিথ্যা ভাষণ করবেন এবং সংকেত করে মিথ্যা প্রতারণা ও প্রবঞ্চনা করবেন?"

ভিক্ষুগণ সেই অন্যতীর্থিয়দের নিন্দা, আন্দোলন এবং ক্ষোভের কথা শুনতে পেলেন। তৎপর সেই ভিক্ষুগণ যথায় হত্থক শাক্যপুত্র তথায় উপস্থিত হলেন। উপস্থিত হয়ে হত্থক শাক্যপুত্রকে এভাবে বললেন, "আবুসো হত্থক, ইহা কি সত্য যে, তুমি নাকি অন্যতীর্থিয়দের সাথে আলাপকালে অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলে দোষ স্বীকার করো; দোষ স্বীকার করে পুনরায় অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলো; অন্যের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দিয়ে পাশ কাটিয়ে যাও, সজ্ঞানে মিথ্যা ভাষণ করো এবং সংকেত করে মিথ্যা প্রতারণা ও প্রবঞ্চনা করো?" "আবুসো, এতে কোনো কোনো অন্যতীর্থিয় জয়ী হতে পারে; এভাবে তাঁদের জয়ী হতে দেওয়া উচিত নয়।" যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে আন্দোলন, নিন্দা এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন হত্থক শাক্যপুত্র অন্যতীর্থিয়দের সাথে আলাপকালে অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলে দোষ স্বীকার করবেন, দোষ স্বীকার করে পুনরায় অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলবেন, অন্যের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দিয়ে পাশ কাটিয়ে যাবেন, সজ্ঞানে মিথ্যা ভাষণ করবেন এবং সংকেত করে মিথ্যা প্রতারণা ও প্রবঞ্চনা করবেন?" অতঃপর তাঁরা সেই হত্থক শাক্যপুত্রকে নানাভাবে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এই বিষয় নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে হত্থক শাক্যপুত্রকে জিজ্ঞাসা করলেন, 'হে হত্থক, ইহা কি সত্য যে, তুমি নাকি অন্যতীর্থিয়দের সাথে আলাপকালে অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলে দোষ স্বীকার করছ, দোষ স্বীকার করে পুনরায় অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলো, অন্যের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দিয়ে পাশ কাটিয়ে যাও, সজ্ঞানে মিথ্যা ভাষণ করো এবং সংকেত করে মিথ্যা প্রতারণা ও প্রবঞ্চনা করো?' "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান এতে অত্যন্ত অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ[১],

---

[১]. নির্বোধ, মূর্খ, অবিবেচক, বোকা নির্দেশার্থেই ব্যবহৃত হয়।

Visit: http://www.buddhistdownload.com

কী হেতু তুমি অন্যতীর্থিয়দের সাথে আলাপকালে অবজ্ঞা-ঘৃণামূলক কথা বলে দোষ স্বীকার করবে, দোষ স্বীকার করে পুনরায় অবজ্ঞা ঘৃণামূলক কথা বলবে, অন্যের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর না দিয়ে পাশ কাটিয়ে যাবে, সজ্ঞানে মিথ্যা ভাষণ করবে এবং সংকেত করে মিথ্যা প্রতারণা ও প্রবঞ্চনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধি এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা উৎপত্তির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২. "সম্পজান মুসাবাদে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : যেকোনো ভিক্ষু সজ্ঞানে বা জেনেশুনে মিথ্যা ভাষণ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩. সজ্ঞানে মিথ্যা ভাষণ হচ্ছে, কোনো এক ব্যক্তির বিশ্বাস স্থাপনের নিমিত্ত মিথ্যাবাদিতামূলক এক ধরনের বাক্য প্রকাশভঙ্গি বা উচ্চারণভঙ্গি—যা বাচনিকভাবে অষ্ট অনার্য বা হীন বাক্য; যথা : (১) অদৃষ্টকে দৃষ্ট বলা; (২) অশ্রুতকে শ্রুত বলা; (৩) অঘ্রাণিতকে ঘ্রাণিত, অনাস্বাদিতকে আস্বাদিত ও অস্পৃষ্টকে স্পৃষ্ট বলা; (৪) অজ্ঞাতকে জ্ঞাত বলা; (৫) দৃষ্টকে অদৃষ্ট বলা; (৬) শ্রুতকে অশ্রুত বলা; (৭) ঘ্রাণিতকে অঘ্রাণিত, আস্বাদিতকে অনাস্বাদিত ও স্পৃষ্টকে অস্পৃষ্ট বলা; এবং (৮) জ্ঞাতকে অজ্ঞাত বলা।

এস্থলে অদৃষ্ট হচ্ছে—চক্ষু দ্বারা অদৃষ্ট; অশ্রুত হচ্ছে—কর্ণ দ্বারা অশ্রুত; অঘ্রাণিত হচ্ছে—নাসিকা দ্বারা অঘ্রাণিত; অনাস্বাদিত হচ্ছে—জিহ্বা দ্বারা অনাস্বাদিত; অস্পৃষ্ট হচ্ছে—কায় দ্বারা অস্পৃষ্ট; অজ্ঞাত হচ্ছে—মন বা চিত্ত দ্বারা অজ্ঞাত; দৃষ্ট হচ্ছে—চক্ষু দ্বারা দৃষ্ট; শ্রুত হচ্ছে—কর্ণ দ্বারা শ্রুত; ঘ্রাণিত হচ্ছে—নাসিকা দ্বারা ঘ্রাণিত; আস্বাদিত হচ্ছে—জিহ্বা দ্বারা আস্বাদিত; স্পৃষ্ট হচ্ছে কায় দ্বারা স্পৃষ্ট; জ্ঞাত হচ্ছে—মন বা চিত্ত দ্বারা জ্ঞাত।

৪. তিন প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

চার প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা

Visit: http://www.buddhistdownload.com

বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি', (৪) অমূলক বিশ্বাসের বশবর্তী হয়ে।

পাঁচ প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি', (৪) অমূলক বিশ্বাসের বশবর্তী হয়ে; (৫) অমূলক ধারণার বশবর্তী হয়ে।

ছয় প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি', (৪) অমূলক বিশ্বাসের বশবর্তী হয়ে; (৫) অমূলক ধারণার বশবর্তী হয়ে; (৬) মিথ্যা অভিলাষের বশবর্তী হয়ে।

সাত প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি', (৪) অমূলক বিশ্বাসের বশবর্তী হয়ে; (৫) অমূলক ধারণার বশবর্তী হয়ে; (৬) মিথ্যা অভিলাষের বশবর্তী হয়ে; (৭) অসৎ উদ্দেশ্যের বশবর্তী হয়ে।

৫. তিন প্রকারে 'অশ্রুতকে শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'অঘ্রাণিতকে ঘ্রাণিত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'অনাস্বাদিতকে আস্বাদিত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'অস্পৃষ্টকে স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'অজ্ঞাতকে জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

চার প্রকারে ... পাঁচ প্রকারে ... ছয় প্রকারে ... সাত প্রকারে 'অজ্ঞাতকে জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে

Visit: http://www.buddhistdownload.com

জানে যে—'আমি মিথ্যা বলেছি', (৪) অমূলক বিশ্বাসের বশবর্তী হয়ে; (৫) অমূলক ধারণার বশবর্তী হয়ে; (৬) মিথ্যা অভিলাষের বশবর্তী হয়ে; (৭) অসৎ উদ্দেশ্যের বশবর্তী হয়ে।

৬. তিন প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'। তিন প্রকারে 'অদৃষ্টকে ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'। তিন প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'। তিন প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট, শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'। তিন প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট, শ্রুত ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'। তিন প্রকারে 'অদৃষ্টকে দৃষ্ট, শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

তিন প্রকারে 'অশ্রুতকে শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অশ্রুতকে শ্রুত ও দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে

Visit: http://www.buddhistdownload.com

'অশ্রুতকে শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অশ্রুতকে শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

তিন প্রকারে 'অঘ্রাণিত, অনাস্বাদিত ও অস্পৃষ্টকে ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অঘ্রাণিত, অনাস্বাদিত ও অস্পৃষ্টকে ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট ও দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অঘ্রাণিত, অনাস্বাদিত ও অস্পৃষ্টকে ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অঘ্রাণিত, অনাস্বাদিত ও অস্পৃষ্টকে ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট, জ্ঞাত ও দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অঘ্রাণিত, অনাস্বাদিত ও অস্পৃষ্টকে ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট, জ্ঞাত ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অঘ্রাণিত, অনাস্বাদিত ও অস্পৃষ্টকে ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট, জ্ঞাত, দৃষ্ট ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

তিন প্রকারে 'অজ্ঞাতকে জ্ঞাত ও দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অজ্ঞাতকে জ্ঞাত ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অজ্ঞাতকে জ্ঞাত, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অজ্ঞাতকে জ্ঞাত, দৃষ্ট ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অজ্ঞাতকে জ্ঞাত, দৃষ্ট, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'অজ্ঞাতকে জ্ঞাত, দৃষ্ট শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে

Visit: http://www.buddhistdownload.com

জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

৭. তিন প্রকারে 'দৃষ্টকে অদৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'শ্রুতকে অশ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'ঘ্রাণিতকে অঘ্রাণিত, আস্বাদিতকে অনাস্বাদিত, স্পৃষ্টকে অস্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'জ্ঞাতকে অজ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

৮. তিন প্রকারে 'দৃষ্টকে শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'দৃষ্টকে ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'দৃষ্টকে জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'দৃষ্টকে শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'দৃষ্টকে শ্রুত ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'দৃষ্টকে শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

তিন প্রকারে 'শ্রুতকে ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'শ্রুতকে জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'শ্রুতকে দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'শ্রুতকে ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট ও জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'শ্রুতকে ঘ্রাণিত, আস্বাদিত, স্পৃষ্ট, জ্ঞাত ও দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

তিন প্রকারে 'ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্টকে জ্ঞাত' বলে সজ্ঞানে মিথ্যা

Visit: http://www.buddhistdownload.com

ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্টকে দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্টকে শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্টকে জ্ঞাত ও দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্টকে জ্ঞাত ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্টকে জ্ঞাত, দৃষ্ট ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

তিন প্রকারে 'জ্ঞাতকে দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'জ্ঞাতকে শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'জ্ঞাতকে ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'জ্ঞাতকে দৃষ্ট, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন প্রকারে 'জ্ঞাতকে দৃষ্ট, শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি'।

৯. 'দৃষ্ট না হওয়া, দৃষ্ট বিষয় স্মরণ না হওয়া এবং দৃষ্ট বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে দৃষ্টে সন্দেহপরায়ণ হয়ে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'শ্রুত না হওয়া, শ্রুত বিষয় স্মরণ না হওয়া এবং শ্রুত বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে শ্রুতে সন্দেহপরায়ণ হয়ে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট না হওয়া; ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট বিষয় স্মরণ না হওয়া এবং ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে ঘ্রাণে, আস্বাদনে ও স্পৃষ্টে সন্দেহপরায়ণ হয়ে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'জ্ঞাত না হওয়া, জ্ঞাত বিষয় স্মরণ না হওয়া এবং জ্ঞাত বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে জ্ঞাতে সন্দেহপরায়ণ হয়ে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'জ্ঞাত না হওয়া, জ্ঞাত বিষয় স্মরণ না হওয়া এবং জ্ঞাত বিষয়

Visit: http://www.buddhistdownload.com

বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে জ্ঞাতে সন্দেহপ্রবণ হয়ে 'আমার দ্বারা জ্ঞাত ও দৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'জ্ঞাত না হওয়া, জ্ঞাত বিষয় স্মরণ না হওয়া এবং জ্ঞাত বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে জ্ঞাতে সন্দেহপ্রবণ হয়ে 'আমার দ্বারা জ্ঞাত ও শ্রুত, বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'জ্ঞাত না হওয়া, জ্ঞাত বিষয় স্মরণ না হওয়া এবং জ্ঞাত বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে জ্ঞাতে সন্দেহপ্রবণ হয়ে 'আমার দ্বারা ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'জ্ঞাত না হওয়া, জ্ঞাত বিষয় স্মরণ না হওয়া এবং জ্ঞাত বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে জ্ঞাতে সন্দেহপ্রবণ হয়ে 'আমার দ্বারা জ্ঞাত, দৃষ্ট ও শ্রুত' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'জ্ঞাত না হওয়া, জ্ঞাত বিষয় স্মরণ না হওয়া এবং জ্ঞাত বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে জ্ঞাতে সন্দেহপ্রবণ হয়ে 'আমার দ্বারা জ্ঞাত, দৃষ্ট, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'জ্ঞাত না হওয়া, জ্ঞাত বিষয় স্মরণ না হওয়া এবং জ্ঞাত বিষয় বিস্মৃত হওয়া' এই তিন প্রকারে জ্ঞাতে সন্দেহপ্রবণ হয়ে 'আমার দ্বারা জ্ঞাত, দৃষ্ট, শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

১০. চার প্রকারে ... পাঁচ প্রকারে ... ছয় প্রকারে ... সাত প্রকারে জ্ঞাত বিষয় বিস্মৃত হয়ে 'আমার দ্বারা জ্ঞাত, দৃষ্ট, শ্রুত, ঘ্রাণিত, আস্বাদিত ও স্পৃষ্ট' বলে সজ্ঞানে মিথ্যা ভাষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়; যথা : (১) মিথ্যা বলার পূর্বে সে জানে যে—'আমি মিথ্যা বলতে যাচ্ছি', (২) মিথ্যা বলার সময় সে জানে যে—'আমি মিথ্যা বলছি', (৩) মিথ্যা বলার পর সে জানে যে—'আমি মিথ্যা বলেছি', (৪) অমূলক বিশ্বাসের বশবর্তী হয়ে, (৫) অমূলক ধারণার বশবর্তী হয়ে, (৬) মিথ্যা অভিলাষে বশবর্তী হয়ে, (৭) অসৎ উদ্দেশের বশবর্তী হয়ে।

১১. অনাপত্তি : সহসা বলার সময় মিথ্যা বললে ও একটি বলতে গিয়ে অন্যটি বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের (প্রথম লঙ্ঘনকারীর) ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[মুসাবাদ প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. ওমসবাদ সিক্খাপদং

(আক্রোশবাক্য সম্পর্কীয় শিক্ষাপদ)

১২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ শীলবান ভিক্ষুদের সাথে বাদানুবাদকালে শীলবান ভিক্ষুদের জাতি, নাম, গোত্র, কর্ম, শিল্প, রোগ, লিঙ্গ বা আকৃতি, ক্লেশ, আপত্তি এবং হীন আক্রোশে তিরস্কার-ভর্ৎসনা ও অবজ্ঞা-ঘৃণা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ শীলবান ভিক্ষুদের জাতি, নাম, গোত্র, কর্ম, শিল্প, রোগ, লিঙ্গ বা আকৃতি, ক্লেশ, আপত্তি এবং হীন আক্রোশে তিরস্কার-ভর্ৎসনা ও অবজ্ঞা-ঘৃণা করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের নানাভাবে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি শীলবান ভিক্ষুদের সাথে বাদানুবাদকালে শীলবান ভিক্ষুদের জাতি, নাম, গোত্র, কর্ম, শিল্প, রোগ, লিঙ্গ বা আকৃতি, ক্লেশ, আপত্তি, এবং হীন আক্রোশে তিরস্কার-ভর্ৎসনা ও অবজ্ঞা-ঘৃণা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা নিতান্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা শীলবান ভিক্ষুদের সাথে বাদানুবাদকালে শীলবান ভিক্ষুদের জাতি, নাম, গোত্র, কর্ম, শিল্প, রোগ, লিঙ্গ বা আকৃতি, ক্লেশ, আপত্তি এবং হীন আক্রোশে তিরস্কার-ভর্ৎসনা ও অবজ্ঞা-ঘৃণা করবে? ইহা কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধি এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা উৎপত্তির কারণ হবে। এভাবে অনেক প্রকারে তা গর্হিত বলে প্রকাশ করে ধর্মকথা উত্থাপনপূর্বক ভিক্ষুগণকে আহ্বান করে বললেন :

১৩. হে ভিক্ষুগণ, বহুকাল পূর্বে তক্ষশিলায় জনৈক ব্রাহ্মণের নন্দিবিশাল নামক এক বলবান ষাঁড় ছিল। তখন নন্দিবিশাল বলবান ষাঁড় সেই ব্রাহ্মণকে এরূপ বলল, হে ব্রাহ্মণ, আপনি শ্রেষ্ঠীর নিকট গমন করুন এবং এই বলে সহস্র মুদ্রায় বাজি ধরুন—"আমার বলবান ষাঁড় সারিবদ্ধভাবে আবদ্ধ শত শকট সম্মুখে টানতে সক্ষম।" অতঃপর সেই ব্রাহ্মণ শ্রেষ্ঠীর নিকট গমন করে এই বলে সহস্র মুদ্রায় বাজি ধরলেন—"আমার বলবান ষাঁড় সারিবদ্ধভাবে

Visit: http://www.buddhistdownload.com

সুদৃঢ়াবদ্ধ শত শকট সম্মুখে টানতে সক্ষম।" তৎপর হে ভিক্ষুগণ, সেই ব্রাহ্মণ শত শকট সারিবদ্ধভাবে আবদ্ধ করলেন এবং তাঁর নন্দিবিশাল নামক বলবান ষাড়কে সেই শত শকটের সাথে বেঁধে এরূপ বললেন, "হে কূট,[১] গমন কর। হে কূট, শত শকট সম্মুখে টেনে নিয়ে যাও।" তখন হে ভিক্ষুগণ, নন্দিবিশাল বলবান ষাড় সেখানে স্থিরভাবে দাঁড়িয়ে থাকল। অতএব, সেই ব্রাহ্মণ শ্রেষ্ঠীর নিকট সহস্র মুদ্রায় পরাজিত হয়ে অত্যন্ত দুঃখী, দুর্মনা ও অনুশোচনাগ্রস্ত হলেন। অতঃপর হে ভিক্ষুগণ, নন্দিবিশাল বলবান ষাঁড় সেই ব্রাহ্মণকে বলল, "হে ব্রাহ্মণ, আপনি দুঃখী, দুর্মনা ও অনুশোচনাগ্রস্ত হয়েছেন কেন?" তখন ব্রাহ্মণ বললেন, "তোমার কথামতো শ্রেষ্ঠীর সাথে সহস্র মুদ্রায় বাজি ধরে পরাজিত হয়ে দুঃখী, দুর্মনা ও অনুশোচনাগ্রস্ত হয়েছি।" তৎপর নন্দিবিশাল বলবান ষাড় বলল, হে ব্রাহ্মণ, আপনি আমায় কূট না হয়েও কূট বাক্যে সম্বোধন করেছিলেন কেন?" বলবান ষাঁড় পুনঃ বলল, হে ব্রাহ্মণ, আপনি শ্রেষ্ঠীর নিকট গমন করুন এবং এই বলে সহস্র মুদ্রায় বাজি ধরুন—"আমার বলবান ষাঁড় সারিবদ্ধভাবে সুদৃঢ়াবদ্ধ শত শকট সম্মুখে টানতে সক্ষম। এখন আর আমায় কূট না হয়েও কূটবাক্যে সম্বোধন করবেন না।" অতঃপর হে ভিক্ষুগণ, সেই ব্রাহ্মণ শ্রেষ্ঠীর সাথে এই বলে সহস্র মুদ্রায় বাজি ধরলেন—"আমার বলবান ষাঁড় সারিবদ্ধভাবে সুদৃঢ়াবদ্ধ শত শকট সম্মুখে টানতে সক্ষম।" এভাবে বাজি ধরার পর সেই ব্রাহ্মণ শত শকট সারিবদ্ধভাবে সুদৃঢ়াবদ্ধ করলেন এবং বলবান ষাঁড়কে সেই শকটের সাথে বেঁধে এরূপ বললেন, "হে ভদ্র, গমন কর। হে ভদ্র, শত শকট সম্মুখে টেনে নিয়ে যাও।" অতঃপর নন্দিবিশাল বলবান ষাঁড় সারিবদ্ধভাবে সুদৃঢ়াবদ্ধ শত শকট সম্মুখে টেনে নিয়ে গেল।

এতাদৃশ মনোজ্ঞ ভাষে, অতি বোঝা বহে;
অধিগত বহুধন, হলো যে ইহাতে।
অমনোজ্ঞ ভাষে তাহা, কভু না লভিত;
এহেন চিত্তসন্তোষ, কভু না পাইত।

তখনো যেহেতু এতাদৃশ অপ্রীতিকর অবজ্ঞা ও ঘৃণামূলক আক্রোশবাক্য মনোজ্ঞ তথা শ্রুতিমধুর হয়নি। কী কারণে (অর্থে) এক্ষণে এতাদৃশ অপ্রীতিকর অবজ্ঞা ও ঘৃণামূলক আক্রোশবাক্য মনোজ্ঞ তথা শ্রুতিমধুর হবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক

[১]. কূট শব্দটি বিশ্বাসঘাতক, প্রতারক ও তুচ্ছার্থে ব্যবহৃত হয়।

Visit: http://www.buddhistdownload.com

নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধি এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা উৎপত্তির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৪. "ওমসবাদে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু আক্রোশপূর্ণ বাক্য ভাষণ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১৫. আক্রোশপূর্ণ বাক্য (ওমসবাদো) দশ প্রকারে প্রকাশ করা যায়; যথা : জাতি, নাম, গোত্র, কর্ম, শিল্প, রোগ, লিঙ্গ (আকৃতি), ক্লেশ, আপত্তি এবং আক্রোশ দ্বারা আক্রোশপূর্ণ বাক্য প্রকাশ করা যায়।

'জাতি' বলতে দুই প্রকার জাতি; যথা : হীন জাতি এবং উচ্চ জাতি। হীন জাতি বলতে চণ্ডাল জাতি, বেন জাতি[১], ব্যাধ জাতি, চর্মকার জাতি এবং পুক্কুস[২] জাতি—এই পাঁচ প্রকার জাতিকে হীন জাতি বুঝায়। উচ্চ জাতি বলতে ক্ষত্রিয় জাতি এবং ব্রাহ্মণ জাতি—এই দুই প্রকার জাতিকেই উচ্চ জাতি বুঝায়।

'নাম' বলতে দুই প্রকার নাম; যথা : হীন নাম এবং উচ্চ নাম। হীন নাম হচ্ছে, সেই সেই জনপদে অবজ্ঞাকৃত[৩], অসম্মানিত[৪], উপেক্ষিত[৫], ঘৃণিত[৬] ও অবহেলিত[৭] অবকর্ণক, জবকর্ণক, ধনিষ্টক, সবিষ্টক, এবং কুলবর্ধক[৮] ব্যক্তিকে হীন নাম বুঝায়। আর উচ্চ নাম হচ্ছে, সেই সেই জনপদে গৌরবান্বিত, সম্মানিত, অনুপেক্ষিত, অঘৃণিত ও পূজিত বুদ্ধপ্রতিসংযুক্ত, ধর্মপ্রতিসংযুক্ত এবং সংঘপ্রতিসংযুক্ত ব্যক্তিকেই উচ্চ নাম বুঝায়।

---

[১]. বাঁশের মাধ্যমে ঝুড়ি ইত্যাদি নির্মাণকারী জাতি।

[২]. ময়লা আবর্জনাদি অপসারণকারী জাতি।

[৩]. অঞ্ঞাত।

[৪]. অবঞ্ঞাত।

[৫]. হীলিত।

[৬]. পরিভূত।

[৭]. অচিত্তিকিত।

[৮]. বিনয়-অর্থকথামতে এই পাঁচটি হচ্ছে ভৃত্যের নাম। যদিও কুলবড্ঢক ইত্যাদি নামধারীরা তাদের নামানুসারে শুধুমাত্র এক দিক দিয়ে উচ্চ বংশের ছিল। তবে সন্ধি বিচ্ছেদ করলে প্রতীয়মান হয় যে, তারা তেমন উচ্চ কুলের নয়; যেমন—কুল + অড্ঢক। অথবা এটাও হতে পারে যে, তারা নীচু জাতের লোক তাই উচ্চজাতের হতে চেষ্টা করছিল; যেমন—কুল + বড্ঢক।

Visit: http://www.buddhistdownload.com

'গোত্র' বলতে দুই প্রকার গোত্র; যথা : হীন গোত্র এবং উচ্চ গোত্র। হীন গোত্র হচ্ছে, সেই সেই জনপদে অবজ্ঞাকৃত, অসম্মানিত, উপেক্ষিত, ঘৃণিত ও অবহেলিত কোশিয় গোত্র এবং ভারদ্বাজ গোত্রকে হীন গোত্র বুঝায়। আর উচ্চ গোত্র হচ্ছে, সেই সেই জনপদে গৌরবান্বিত, সম্মানিত, অনুপেক্ষিত, অঘৃণিত ও পূজিত গৌতম গোত্র, মোদ্গাল্লান গোত্র, কচ্চানগোত্র এবং বশিষ্টগোত্র—এই চতুর্বিধ গোত্রকেই উচ্চ গোত্র বুঝায়।

'কর্ম' বলতে দুই প্রকার কর্ম; যথা : হীন কর্ম এবং উচ্চ কর্ম। হীন কর্ম হচ্ছে, সেই সেই জনপদে অবজ্ঞাকৃত, অসম্মানিত, উপেক্ষিত, ঘৃণিত ও অবহেলিত কোষ্ঠক কর্ম[১] এবং পুষ্পছড্ডক কর্ম[২]—এই দ্বিবিধ কর্মকেই হীন কর্ম বুঝায়। আর উচ্চ কর্ম হচ্ছে, সেই সেই জনপদে গৌরবান্বিত, সম্মানিত, অনুপেক্ষিত, অঘৃণিত ও পূজিত কৃষি বাণিজ্য এবং গোরক্ষা কর্ম—এই দ্বিবিধ কর্মকেই উচ্চ কর্ম বুঝায়।

'শিল্প' বলতে দুই প্রকার শিল্প; যথা : হীন শিল্প এবং উচ্চ শিল্প। হীন শিল্প হচ্ছে, সেই সেই জনপদে অবজ্ঞাকৃত, অসম্মানিত, উপেক্ষিত, ঘৃণিত ও অবহেলিত নলকার শিল্প[৩], কুম্ভকার শিল্প, তাঁত শিল্প, চর্মকার শিল্প[৪] এবং নাপিত শিল্প—এই পঞ্চবিধ শিল্পকেই হীন শিল্প বুঝায়। আর উচ্চ শিল্প হচ্ছে, সেই সেই জনপদে গৌরবান্বিত, সম্মানিত, অনুপেক্ষিত, অঘৃণিত ও পূজিত মুদ্রা শিল্প, গণনা শিল্প ও লিখন শিল্প—এই ত্রিবিধ শিল্পকেই উচ্চ শিল্প বুঝায়।

সকল প্রকার রোগই (আবাধা) হীন ও নিকৃষ্ট। শুধুমাত্র মধুমেহো (ডাইবেটিক্স?) রোগই উত্তম।

'লিঙ্গ' (আকৃতি) বলতে দুই প্রকার লিঙ্গ; যথা : হীন লিঙ্গ এবং উচ্চ লিঙ্গ। হীন লিঙ্গ হচ্ছে, অতিদীর্ঘ, অতিহ্রস্ব, অতিকৃষ্ণ ও অতিশ্বেত—এই চতুর্বিধ লিঙ্গকেই হীন লিঙ্গ বুঝায়। আর উচ্চ লিঙ্গ হচ্ছে, নাতিদীর্ঘ, নাতিহ্রস্ব, নাতিকৃষ্ণ ও নাতিশ্বেত—এই চতুর্বিধ লিঙ্গকেই উচ্চ লিঙ্গ বুঝায়।

সকল প্রকার ক্লেশই হীন ও নীচ।

---

[১]. ভান্ডারঘর নির্মাণ কর্ম।

[২]. পুষ্প সরবরাহ কর্ম।

[৩]. নলখাগ্ড়া দ্বারা ঝুড়ি ইত্যাদি প্রস্তুতকারী শিল্প।

[৪]. ঘোড়ার সাজ-সজ্জাদি প্রস্তুতকারী শিল্প ও রথ প্রস্তুতকারী শিল্প।

Visit: http://www.buddhistdownload.com

সকল প্রকার আপত্তি হীন ও নীচ। শুধুমাত্র স্রোতাপত্তি[১] সমাপত্তিই উত্তম।

'আক্রোশ' বলতে দুই প্রকার আক্রোশ; যথা : হীন আক্রোশ এবং উত্তম আক্রোশ। হীন আক্রোশ হচ্ছে, অত্যন্ত ক্রুদ্ধ ও রাগান্বিত হয়ে তিরস্কার ও ভর্ৎসনামূলক ধ্বনির মাধ্যমে 'তুমি অধম, তুমি মেণ্ডক, তুমি গরু, তুমি গর্দভ, তুমি পশু, তুমি নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই; দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী'—এতাদৃশ আক্রোশকেই হীন আক্রোশ বুঝায়। আর উত্তম আক্রোশ হচ্ছে, 'তুমি পণ্ডিত, তুমি অভিজ্ঞ, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি ধর্মকথিক, তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী'—এতাদৃশ আক্রোশকেই উত্তম আক্রোশ বুঝায়।

১৬. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন জাতির নাম ধরে চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার ও পুক্কুস জাতিকে এভাবে বলা; যথা : 'তুমি চণ্ডাল, তুমি বেন, তুমি ব্যাধ, তুমি রথকার, তুমি পুক্কুস' ইত্যাদি নাম ধরে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন জাতির নাম ধরে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় জাতিকে এভাবে বলা; যথা : 'তুমি চণ্ডাল, তুমি বেন, তুমি ব্যাধ, তুমি রথকার, তুমি পুক্কুস' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ জাতির নাম ধরে চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস ইত্যাদি হীন জাতিকে এভাবে বলা; যথা : 'তুমি ক্ষত্রিয়, তুমি ব্রাহ্মণ' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ জাতির নাম ধরে ক্ষত্রিয় ও ব্রাহ্মণ—এই দ্বিবিধ উচ্চ জাতিকে এভাবে বলা; যথা : 'তুমি ক্ষত্রিয়, তুমি ব্রাহ্মণ' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

---

[১]. নির্বাণ লাভের প্রাথমিক স্তর। দুঃখমুক্তি নির্বাণস্রোতে পতিত এই অর্থে স্রোতাপত্তি। এই স্রোতাপত্তিমার্গফল লাভে মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রত-পরামর্শ বা আত্মদৃষ্টি, ঈর্ষা, মাৎসর্য—এই পঞ্চবিধ সংযোজন সমূলে পরিক্ষীণ হয়। তাই স্রোতাপত্তিমার্গফললাভী ব্যক্তি সাত জন্মের অধিক জন্মগ্রহণ করেন না। তারা সতত নির্বাণগামী ও নির্বাণমুখী। অকুশল পাপকর্মে লিপ্ত হয়ে দুঃখপূর্ণ চারি অপায়ে পতিত হওয়া তাদের পক্ষে নিতান্ত অসম্ভব।

Visit: http://www.buddhistdownload.com

১৭. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন নাম ধরে অবকর্ণক, জবকর্ণক, ধনিষ্টক, সবিষ্টক ও কুলবর্ধককে এভাবে বলা; যথা : 'তুমি অবকর্ণক, তুমি জবকর্ণক, তুমি ধনিষ্টক, তুমি সবিষ্টক, তুমি কুলবর্ধক' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন নাম ধরে বুদ্ধরক্ষিত, ধর্মরক্ষিত ও সংঘরক্ষিতকে এভাবে বলা; যথা : 'তুমি অবকর্ণক, তুমি জবকর্ণক, তুমি ধনিষ্টক, তুমি সবিষ্টক, তুমি কুলবর্ধক' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ নাম ধরে অবকর্ণক, জবকর্ণক, ধনিষ্টক, সবিষ্টক ও কুলবর্ধককে এভাবে বলা; যথা : 'তুমি বুদ্ধরক্ষিত, তুমি ধর্মরক্ষিত, তুমি সংঘরক্ষিত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ নাম ধরে বুদ্ধরক্ষিত, ধর্মরক্ষিত ও সংঘরক্ষিতকে এভাবে বলা; যথা : 'তুমি বুদ্ধরক্ষিত, তুমি ধর্মরক্ষিত, তুমি সংঘরক্ষিত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

১৮. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন গোত্রের নাম ধরে কোশিয় ও ভারদ্বাজ গোত্রকে এভাবে বলা; যথা : 'তুমি কোশিয়, তুমি ভারদ্বাজ' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন গোত্রের নাম ধরে গৌতম, মোদ্গাল্লান, কচ্চান ও বশিষ্ঠ গোত্রকে এভাবে বলা; যথা : 'তুমি কোশিয়, তুমি ভারদ্বাজ' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ গোত্রের নাম ধরে কোশিয় ও ভারদ্বাজ গোত্রকে এভাবে বলা; যথা : 'তুমি গৌতম, তুমি মোদ্গাল্লান, তুমি কচ্চান, তুমি বশিষ্ট' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ গোত্রের নাম ধরে গৌতম, মোদ্গাল্লান, কচ্চান ও বশিষ্ঠ গোত্রকে এভাবে বলা; যথা : 'তুমি গৌতম, তুমি মোদ্গাল্লান, তুমি কচ্চান, তুমি বশিষ্ট' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

১৯. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন

Visit: http://www.buddhistdownload.com

কর্মের নাম ধরে কোষ্ঠক, পুষ্পছড্ডককে এভাবে বলা; যথা : 'তুমি কোষ্ঠক, তুমি পুষ্পছড্ডক' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন কর্মের নাম ধরে কৃষক, বণিক ও গোরক্ষককে এভাবে বলা; যথা : 'তুমি কোষ্ঠক, তুমি পুষ্পছড্ডক' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ কর্মের নাম ধরে কোষ্ঠক ও পুষ্পছড্ডককে এভাবে বলা; যথা : 'তুমি কৃষক, তুমি বণিক, তুমি গোরক্ষক' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ কর্মের নাম ধরে কৃষক, বণিক ও গোরক্ষককে এভাবে বলা; যথা : 'তুমি কৃষক, তুমি বণিক, তুমি গোরক্ষক' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

২০. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন শিল্পের নাম ধরে নলকার, কুম্ভকার, তাঁতী, চর্মকার ও নাপিতকে এভাবে বলা; যথা : 'তুমি নলকার, তুমি কুম্ভকার, তুমি তাঁতী, তুমি চর্মকার, তুমি নাপিত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন শিল্পের নাম ধরে মুদ্রিক, গণক ও লেখককে এভাবে বলা; যথা : 'তুমি নলকার, তুমি কুম্ভকার, তুমি তাঁতী, তুমি চর্মকার, তুমি নাপিত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ শিল্পের নাম ধরে নলকার, কুম্ভকার, তাঁতী, চর্মকার ও নাপিতকে এভাবে বলা; যথা : 'তুমি মুদ্রিক, তুমি গণক, তুমি লেখক' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উচ্চ শিল্পের নাম ধরে মুদ্রিক, গণক, লেখককে এভাবে বলা; যথা : 'তুমি মুদ্রিক, তুমি গণক, তুমি লেখক' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

২১. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন রোগের নাম ধরে কুষ্ঠরোগী, গণ্ডরোগী, চর্মরোগী, ক্ষয়রোগী ও মৃগীরোগীকে

Visit: http://www.buddhistdownload.com

এভাবে বলা; যথা : 'তুমি কুষ্ঠরোগী, তুমি গণ্ডরোগী[১], তুমি চর্মরোগী, তুমি ক্ষয়রোগী[২], তুমি মৃগীরোগী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন রোগের নাম ধরে মধুমেহো রোগীকে এভাবে বলা; যথা : 'তুমি কুষ্ঠরোগী, তুমি গণ্ডরোগী, তুমি চর্মরোগী, তুমি ক্ষয়রোগী, তুমি মৃগীরোগী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উত্তম রোগের নাম ধরে কুষ্ঠরোগী, গণ্ডরোগী, চর্মরোগী, ক্ষয়রোগী ও মৃগীরোগীকে এভাবে বলা; যথা : 'তুমি মধুমেহো রোগী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উত্তম রোগের নাম ধরে মধুমেহো রোগীকে এভাবে বলা; যথা : 'তুমি মধুমেহো রোগী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

২২. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীনাকৃতির দ্বারা অতিদীর্ঘ, অতিহ্রস্ব, অতিকৃষ্ণ ও অতিশ্বেত ব্যক্তিকে এভাবে বলা; যথা : 'তুমি অতিদীর্ঘ, তুমি অতিহ্রস্ব, তুমি অতিকৃষ্ণ, তুমি অতিশ্বেত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীনাকৃতির দ্বারা নাতিদীর্ঘ, নাতিহ্রস্ব, নাতিকৃষ্ণ ও নাতিশ্বেত ব্যক্তিকে এভাবে বলা; যথা : 'তুমি অতিদীর্ঘ, তুমি অতিহ্রস্ব, তুমি অতিকৃষ্ণ, তুমি অতিশ্বেত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উত্তমাকৃতির দ্বারা অতিদীর্ঘ, অতিহ্রস্ব, অতিকৃষ্ণ ও অতিশ্বেত ব্যক্তিকে এভাবে বলা; যথা : 'তুমি নাতিদীর্ঘ, তুমি নাতিহ্রস্ব, তুমি নাতিকৃষ্ণ, তুমি নাতিশ্বেত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উত্তমাকৃতির দ্বারা নাতিদীর্ঘ, নাতিহ্রস্ব, নাতিকৃষ্ণ ও নাতিশ্বেত ব্যক্তিকে এভাবে বলা; যথা : 'তুমি নাতিদীর্ঘ, তুমি নাতিহ্রস্ব, তুমি নাতিকৃষ্ণ, তুমি নাতিশ্বেত'

---

[১]. ফোঁড়া বা ব্রণ ইত্যাদি রোগে আক্রান্ত রোগী।

[২]. ফুসফুস-সম্বন্ধীয় ক্ষয়রোগে আক্রান্ত রোগী।

Visit: http://www.buddhistdownload.com

এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

২৩. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন ক্লেশাদির দ্বারা রাগপ্রতিসংযুক্ত, দ্বেষপ্রতিসংযুক্ত ও মোহপ্রতিসংযুক্ত ব্যক্তিকে এভাবে বলা; যথা : 'তুমি রাগপ্রতিসংযুক্ত, তুমি দ্বেষপ্রতিসংযুক্ত, তুমি মোহপ্রতিসংযুক্ত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীন ক্লেশাদির দ্বারা বীতরাগ, বীতদ্বেষ ও বীতমোহ ব্যক্তিকে এভাবে বলা; যথা : 'তুমি রাগপ্রতিসংযুক্ত, তুমি দ্বেষপ্রতিসংযুক্ত, তুমি মোহপ্রতিসংযুক্ত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে ক্লেশহীনতার দ্বারা রাগপ্রতিসংযুক্ত, দ্বেষপ্রতিসংযুক্ত ও মোহপ্রতিসংযুক্ত ব্যক্তিকে এভাবে বলা; যথা : 'তুমি রাগমুক্ত, তুমি দ্বেষমুক্ত, তুমি মোহমুক্ত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে ক্লেশহীনতার দ্বারা বীতরাগ, বীতদ্বেষ ও বীতমোহ ব্যক্তিকে এভাবে বলা; যথা : 'তুমি বীতরাগ, তুমি বীতদ্বেষ, তুমি বীতমোহ' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

২৪. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীনাপত্তি দ্বারা পারাজিকা[১] আপত্তিগ্রস্ত, সাংঘাদিশেষ[২] আপত্তিগ্রস্ত, থুল্লচ্চয়[৩] আপত্তিগ্রস্ত, পাচিত্তিয়[৪] আপত্তিগ্রস্ত, প্রতিদেশনীয়[৫] আপত্তিগ্রস্ত, দুক্কট[৬]

---

[১]. ভিক্ষুদের সর্বোচ্চ গুরুতর অপরাধ। পারাজিকার সংখ্যা মোট চারিটি। যেগুলোর কোনো একটি লঙ্ঘনে ভিক্ষু পরাজয়প্রাপ্ত, সদ্ধর্ম হতে চ্যুত, বর্জিত, ভ্রষ্ট, অপসারিত, উপোসথ-প্রবারণাদি সমস্ত বিনয়কর্ম ও সংবাসবর্জিত হয়ে থাকে।

[২]. যেই আপত্তি প্রাপ্ত হলে তা হতে নিষ্কৃতি লাভের জন্য আদিতে পরিবাস, মধ্যে মানত্ত এবং শেষে আহ্বানকর্ম গ্রহণের সময় সংঘের প্রয়োজন হয় বিধায় (সংঘ + আদি + শেষ) সাংঘদিশেষ।

[৩]. দেশনাগামী আপত্তিগুলোর মধ্যে ইহার সমান স্থূল (বৃহৎ) পাপ আর নেই বিধায় (থুল্ল + অচ্চয) থুল্লচ্চয় অর্থে গৃহীত।

[৪]. বিস্তৃতার্থ ৩৫ নং পৃষ্ঠায় দ্রষ্টব্য।

[৫]. বিস্তৃতার্থ ৩১১ নং পৃষ্ঠায় দ্রষ্টব্য।

[৬]. দুষ্ঠুকৃত, বিরূপকৃত, স্খলিত, বুদ্ধকর্তৃক ঘৃণিত এই অর্থে দুক্কট।

Visit: http://www.buddhistdownload.com

আপত্তিগ্রস্ত এবং দুর্ভাষিত[১] আপত্তিগ্রস্তকে এভাবে বলা; যথা : 'তুমি পারাজিকা আপত্তিগ্রস্ত, তুমি সাংঘাদিশেষ আপত্তিগ্রস্ত, তুমি থুল্লচ্চয় আপত্তিগ্রস্ত, তুমি পাচিত্তিয় আপত্তিগ্রস্ত, তুমি প্রতিদেশনীয় আপত্তিগ্রস্ত, তুমি দুক্কট আপত্তিগ্রস্ত, তুমি দুর্ভাষিত আপত্তিগ্রস্ত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীনাপত্তি দ্বারা উত্তম স্রোতাপন্নলাভীকে এভাবে বলা; যথা : 'তুমি পারাজিকা আপত্তিগ্রস্ত, তুমি সাংঘাদিশেষ আপত্তিগ্রস্ত, তুমি থুল্লচ্চয় আপত্তিগ্রস্ত, তুমি পাচিত্তিয় আপত্তিগ্রস্ত, তুমি প্রতিদেশনীয় আপত্তিগ্রস্ত, তুমি দুক্কট আপত্তিগ্রস্ত, তুমি দুর্ভাষিত আপত্তিগ্রস্ত' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উত্তমাপত্তি দ্বারা পারাজিকা আপত্তিগ্রস্ত, সাংঘাদিশেষ আপত্তিগ্রস্ত, থুল্লচ্চয় আপত্তিগ্রস্ত, পাচিত্তিয় আপত্তিগ্রস্ত, প্রতিদেশনীয় আপত্তিগ্রস্ত, দুক্কট আপত্তিগ্রস্ত এবং দুর্ভাষিত আপত্তিগ্রস্তকে এভাবে বলা; যথা : 'তুমি স্রোতাপন্নলাভী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উত্তমাপত্তি দ্বারা উত্তম স্রোতাপন্নলাভীকে এভাবে বলা; যথা : 'তুমি স্রোতাপন্নলাভী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

২৫. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীনাক্রোশে উট, মেষ, গরু, গর্দভ, তির্যক এবং নৈরয়িক আচারবিশিষ্ট ভিক্ষুকে এভাবে বলা; যথা : 'তুমি উট, তুমি মেষ, তুমি গরু, তুমি গর্দভ, তুমি তির্যক, তুমি নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে হীনাক্রোশে পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক ভিক্ষুকে এভাবে বলা; যথা : 'তুমি উট, তুমি মেষ, তুমি গরু, তুমি গর্দভ, তুমি তির্যক, তুমি নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উত্তমাক্রোশে উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক আচারবিশিষ্ট ভিক্ষুকে

---

[১]. ইহা সপ্তবিধ আপত্তিস্কন্ধের মধ্যে সর্বশেষটি। এখানে দুর্ভাষিত (দুব্‌ভাসিত) অর্থে দুষ্ঠুভাষিত, লপিত, আলপিত ও সংক্লিষ্টবচন বুঝায়।

Visit: http://www.buddhistdownload.com

এভাবে বলা; যথা : 'তুমি পণ্ডিত, তুমি অভিজ্ঞ, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে উত্তমাক্রোশে পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত ধর্মকথিক ভিক্ষুকে এভাবে বলা; যথা : 'তুমি পণ্ডিত, তুমি অভিজ্ঞ, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

২৬. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'এখানে কিছু কিছু চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার ও পুক্কুস আছে' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'এখানে কিছু কিছু ক্ষত্রিয় ও ব্রাহ্মণ আছেন' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

২৭. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও আক্রোশ করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'এখানে কিছু কিছু অবকর্ণক, জবকর্ণক, ধনিষ্টক, সবিষ্টক, কুলবর্ধক আছে' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

'এখানে কিছু কিছু বুদ্ধরক্ষিত, ধর্মরক্ষিত এবং সংঘরক্ষিত আছেন' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়। 'এখানে কিছু কিছু কোশিয়, ভারদ্বাজ আছেন' এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়। 'এখানে কিছু কিছু গৌতম, মোদ্গাল্লান, কচ্চান, বশিষ্ঠ আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু কোষ্ঠক ও পুষ্পছড্ডক আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু কৃষক, বণিক, গোরক্ষক আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু নলকার, কুম্ভকার, তাঁতী, চর্মকার, নাপিত আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু মুদ্রিক, গণক, লেখক আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু কুষ্ঠরোগী, গণ্ডরোগী, চর্মরোগী, ক্ষয়রোগী, মৃগীরোগী আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু মধুমেহো রোগী আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু অতিদীর্ঘ, অতিহ্রস্ব, অতিকৃষ্ণ, অতিশ্বেত আকৃতিসম্পন্ন ভিক্ষু আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু নাতিদীর্ঘ,

Visit: http://www.buddhistdownload.com

নাতিহ্রস্ব, নাতিকৃষ্ণ, নাতিশ্বেত আকৃতিসম্পন্ন ভিক্ষু আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু রাগপ্রতিসংযুক্ত, দ্বেষপ্রতিসংযুক্ত, মোহপ্রতিসংযুক্ত আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু বীতরাগ, বীতদ্বেষ, বীতমোহ আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু পারাজিকা আপত্তিগ্রস্ত, সাংঘাদিশেষ আপত্তিগ্রস্ত, থুল্লচ্চয় আপত্তিগ্রস্ত, পাচিত্তিয়গ্রস্ত, প্রতিদেশনীয় আপত্তিগ্রস্ত, দুক্কট আপত্তিগ্রস্ত, দুর্ভাষিত আপত্তিগ্রস্ত ভিক্ষু আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু স্রোতাপন্নলাভী আছেন' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, পশু, নৈরয়িক আছে; তাঁদের কোনোরূপ সুগতি নাই, দুর্গতিই তাদের অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

২৮. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'এখানে কিছু কিছু পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক ভিক্ষু আছেন; তাঁদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তাঁদের অবশ্যম্ভাবী।' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

২৯. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'তাহলে কি ইহারা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস?' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। (অবশিষ্টাংশ ২৭ নং এর অনুরূপ।)

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'তাহলে কি ইহারা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক?' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

৩০. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'না আমরা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'না আমরা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক; আমাদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই আমাদের অবশীম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

৩১. ভিক্ষু অনুপসম্পন্নকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে ইচ্ছুক হয়ে হীনাক্রোশে উট, মেষ, গরু, গর্দভ, পশু, নৈরয়িক আচারবিশিষ্ট অনুপসম্পন্নকে এভাবে বলা; যথা : 'তুমি উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে

Visit: http://www.buddhistdownload.com

বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। হীনাক্রোশে পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক অনুপসম্পন্নকে এভাবে বলা; যথা : 'তুমি উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। উত্তমাক্রোশে উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক আচারবিশিষ্ট অনুপসম্পন্নকে এভাবে বলা; যথা : 'তুমি পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। উত্তমাক্রোশে পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক অনুপসম্পন্নকে এভাবে বলা; যথা : 'তুমি পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

ভিক্ষু অনুপসম্পন্নকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'এখানে কিছু কিছু চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস আছে' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'এখানে কিছু কিছু পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক আছেন; তাঁদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তাঁদের অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

ভিক্ষু অনুপসম্পন্নকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'তাহলে কি ইহারা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস?' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'তাহলে কি ইহারা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক?' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

ভিক্ষু অনুপসম্পন্নকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে ইচ্ছুক হয়ে এভাবে বলা; যথা : 'না, আমরা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস; আমাদের কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই আমাদের অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। 'না, আমরা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক; আমাদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই আমাদের অবশ্যম্ভবী' এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

৩২. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে হীন জাতির নাম ধরে চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার ও পুক্কুস জাতিকে এভাবে বলা; যথা : 'তুমি চণ্ডাল, তুমি বেন, তুমি ব্যাধ, তুমি রথকার, তুমি পুক্কুস' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ

Visit: http://www.buddhistdownload.com

হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে হীন জাতির নাম ধরে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় জাতিকে এভাবে বলা; যথা : 'তুমি চণ্ডাল, তুমি বেন, তুমি ব্যাধ, তুমি রথকার, তুমি পুক্কুস' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে উত্তম জাতির নাম ধরে চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস জাতিকে এভাবে বলা; যথা : 'তুমি ক্ষত্রিয়, তুমি ব্রাহ্মণ' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে জাতির নাম ধরে ক্ষত্রিয় ও ব্রাহ্মণ উত্তম জাতিকে এভাবে বলা; যথা : 'তুমি ব্রাহ্মণ, তুমি ক্ষত্রিয়' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে হীনাক্রোশে উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক আচারবিশিষ্ট ভিক্ষুকে এভাবে বলা; যথা : 'তুমি উট, তুমি মেষ, তুমি গরু, তুমি গর্দভ, তুমি তির্যক, তুমি নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে; কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়। হীনাক্রোশে পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক ভিক্ষুকে এভাবে বলা; যথা : 'তুমি উট, তুমি মেষ, তুমি গরু, তুমি গর্দভ, তুমি তির্যক, তুমি নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়। উত্তমাক্রোশে উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক আচারবিশিষ্ট ভিক্ষুকে এভাবে বলা; যথা : 'তুমি পণ্ডিত, তুমি অভিজ্ঞ, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়। উত্তমাক্রোশে পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক ভিক্ষুকে এভাবে বলা; যথা : 'তুমি পণ্ডিত, তুমি অভিজ্ঞ, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

৩৩. ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে এভাবে বলা; যথা : 'এখানে কিছু কিছু

Visit: http://www.buddhistdownload.com

চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস আছে” এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয় ... পূর্ববৎ ... ‘এখানে কিছু কিছু পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক আছেন; তাদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তাদের অবশ্যম্ভাবী’ এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে এভাবে বলা; যথা : ‘তাহলে কি ইহারা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস?’ এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

ভিক্ষু ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে এভাবে বলা; যথা : ‘না, আমরা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস’ এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয় ... পূর্ববৎ ... ‘না, আমরা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক; আমাদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই আমাদের অবশ্যম্ভাবী’ এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

৩৪. উপসম্পন্ন অনুপসম্পন্নকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করার অনিচ্ছায় শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে হীনাক্রোশে উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক আচারবিশিষ্ট অনুপসম্পন্নকে এভাবে বলা; যথা : ‘তুমি উট, তুমি মেষ, তুমি গরু, তুমি গর্দভ, তুমি তির্যক, তুমি নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী’ এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়। হীনাক্রোশে পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক অনুপসম্পন্নকে এভাবে বলা; যথা : ‘তুমি উট, তুমি মেষ, তুমি গরু, তুমি গর্দভ, তুমি তির্যক, তুমি নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী।’ এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়। উত্তমাক্রোশে উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক আচারবিশিষ্ট অনুপসম্পন্নকে এভাবে বলা; যথা : ‘তুমি পণ্ডিত, তুমি অভিজ্ঞ, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী’ এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়। উত্তমাক্রোশে পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক অনুপসম্পন্নকে এভাবে বলা; যথা : ‘তুমি পণ্ডিত, তুমি অভিজ্ঞ, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী’

Visit: http://www.buddhistdownload.com

এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

ভিক্ষু অনুপসম্পন্নকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে এরূপ বলা; যথা : 'এখানে কিছু কিছু চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস আছে' এরূপ বললে কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয় ... পূর্ববৎ ... 'এখানে কিছু কিছু পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক আছেন; তাঁদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তাঁদের অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

ভিক্ষু অনুপসম্পন্নকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে এরূপ বলা; যথা : তাহলে কি ইহারা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস?' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয় ... পূর্ববৎ ... 'তাহলে কি ইহারা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক?' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

ভিক্ষু অনুপসম্পন্নকে তিরস্কার, ভর্ৎসনা, আক্রোশ ও নিন্দা করতে অনিচ্ছুক শুধুমাত্র কৌতুক বা রসিকতাচ্ছলে এরূপ বলা; যথা : 'না, আমরা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয় ... পূর্ববৎ ... 'না, আমরা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক; আমাদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই আমাদের অবশ্যম্ভাবী' এভাবে বললে, কথায় কথায় দুর্ভাষিত অপরাধ হয়।

৩৫. অনাপত্তি : অর্থ ব্যাখ্যা প্রদনার্থে বললে, ধর্মশিক্ষা প্রদানার্থে বললে, শাসন-অনুশাসনহেতু বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের, নিদারুণ দুঃখগ্রস্তের ও আদিকর্মিকের (প্রথম লঙ্ঘনকারীর) ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ওমসবাদ দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. পেসুঞ্ঞ সিক্খাপদং

(পিশুনবাক্য সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুদের মধ্যে ঝগড়া-কলহ-

Visit: http://www.buddhistdownload.com

বিবাদ উৎপন্নার্থে পিশুনবাক্য প্রয়োগ করতে লাগলেন। এই ভিক্ষুর কথা শুনে বিভেদ সৃষ্টির লক্ষ্যে তা অন্য ভিক্ষুকে বলতে লাগলেন এবং অন্য ভিক্ষুর কথা শুনে বিভেদ সৃষ্টির লক্ষ্যে তা এই ভিক্ষুকে বলতে লাগলেন। এতে অনুৎপন্ন ঝগড়া-কলহ-বিবাদ উৎপন্ন হতে লাগল এবং উৎপন্ন ঝগড়া-কলহ-বিবাদ আরও বৈপুল্লার্থে সংবর্তিত হতে লাগল। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুদের মধ্যে ঝগড়া-কলহ-বিবাদ উৎপন্নার্থে পিশুনবাক্য প্রয়োগ করবেন? এই ভিক্ষুর কথা শুনে বিভেদ সৃষ্টির লক্ষ্যে তা অন্য ভিক্ষুকে বলবেন এবং অন্য ভিক্ষুর কথা শুনে বিভেদ সৃষ্টির লক্ষ্যে তা এই ভিক্ষুকে বলবেন? এতে অনুৎপন্ন ঝগড়া-কলহ-বিবাদ উৎপন্ন হচ্ছে এবং উৎপন্ন ঝগড়া-কলহ-বিবাদ আরও বৈপুল্লার্থে সংবর্তিত হচ্ছে!" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, "হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভিক্ষুদের মধ্যে ঝগড়া-কলহ বিবাদ উৎপন্নার্থে পিশুনবাক্য প্রয়োগ করছ? এই ভিক্ষুর কথা শুনে বিভেদ সৃষ্টির লক্ষ্যে তা অন্য ভিক্ষুকে বলছ এবং অন্য ভিক্ষুর কথা শুনে বিভেদ সৃষ্টির লক্ষ্যে তা এই ভিক্ষুকে বলছ? এতে অনুৎপন্ন ঝগড়া-কলহ-বিবাদ উৎপন্ন হচ্ছে এবং উৎপন্ন কলহ-ঝগড়া আরও বৈপুল্লার্থে সংবর্তিত হচ্ছে?" "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান তা নিতান্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভিক্ষুদের মধ্যে ঝগড়া-কলহ-বিবাদ উৎপন্নার্থে পিশুনবাক্য প্রয়োগ করবে? এই ভিক্ষুর কথা শুনে বিভেদ সৃষ্টির লক্ষ্যে তা অন্য ভিক্ষুকে বলবে এবং অন্য ভিক্ষুর কথা শুনে বিভেদ সৃষ্টির লক্ষ্যে তা এই ভিক্ষুকে বলবে? এতে অনুৎপন্ন ঝগড়া-কলহ-বিবাদ উৎপন্ন হচ্ছে এবং উৎপন্ন ঝগড়া-কলহ আরও বৈপুল্লার্থে সংবর্তিত হচ্ছে! ইহা কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; বরং অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৭. "ভিক্খু পেসুঞ্ঞে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষুর প্রতি পিশুনবাক্য প্রয়োগ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

৩৮. পিশুনবাক্য বলতে দুই প্রকার পিশুনবাক্য বুঝায়; যথা: (১) প্রিয়কামী এবং (২) ভেদকামী।

দশ প্রকারে পিশুনবাক্য প্রয়োগ করা যায়; যথা : জাতি, নাম, গোত্র, কর্ম, শিল্প, রোগ, লিঙ্গ (আকৃতি), ক্লেশ, আপত্তি ও আক্রোশ দ্বারা পিশুনবাক্য প্রয়োগ করা যায়।

জাতি বলতে দুই প্রকার জাতি; যথা : হীন জাতি এবং উচ্চ জাতি। হীন জাতি হচ্ছে, চণ্ডাল জাতি, বেন জাতি, ব্যাধ জাতি, রথকার জাতি এবং পুক্কুস জাতি—এই পাঁচ প্রকার জাতিকেই হীন জাতি বুঝায়। আর উচ্চ জাতি হচ্ছে, ক্ষত্রিয় জাতি এবং ব্রাহ্মণ জাতি—এই দ্বিবিধ জাতিকেই উচ্চ জাতি বুঝায় ... পূর্ববৎ ...।

আক্রোশ বলতে দুই প্রকার আক্রোশ; যথা : হীন আক্রোশ এবং উচ্চ আক্রোশ। হীন আক্রোশ হচ্ছে, অত্যন্ত ক্রুদ্ধ ও রাগান্বিত হয়ে তিরস্কার ও ভর্ৎসনামূলক বাক্যের মাধ্যমে এরূপ বলা; যথা : 'তুমি উট, তুমি মেষ, তুমি গরু, তুমি গর্দভ, তুমি তির্যক, তুমি নৈরয়িক; তোমার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তোমার অবশ্যম্ভাবী'—এতাদৃশ আক্রোশকে হীন আক্রোশ বুঝায়। আর উচ্চ আক্রোশ হচ্ছে, 'তুমি পণ্ডিত, তুমি অভিজ্ঞ, তুমি মেধাবী, তুমি বহুশ্রুত, তুমি ধর্মকথিক; তোমার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তোমার অবশ্যম্ভাবী'—এতাদৃশ আক্রোশকে উচ্চ আক্রোশ বুঝায়।

৩৯. উপসম্পন্ন (ভিক্ষু) উপসম্পন্ন (ভিক্ষু) হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'চণ্ডাল, বেন, ব্যাধ, চর্মকার, পুক্কুস' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'ক্ষত্রিয়, ব্রাহ্মণ' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'অবকর্ণক, জবকর্ণক, ধনিষ্টক, সবিষ্টক, কুলবর্ধক' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'বুদ্ধরক্ষিত, ধর্মরক্ষিত, সংঘরক্ষিত' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'কোশিয়, ভারদ্বাজ' বলছে" এভাবে বললে,

Visit: http://www.buddhistdownload.com

কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'গৌতম, মোদ্গাল্লান, কচ্চান, বশিষ্ট' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'কোষ্ঠক, পুষ্পছড্ডক' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'কৃষক, বণিক, গোরক্ষক' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'নলকার, কুম্ভকার, তাঁতী, চর্মকার, নাপিত' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'মুদ্রিক, গণক, লেখক' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

৪০. উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'কুষ্ঠরোগী, গণ্ডরোগী, কিলাসরোগী, হাঁপানী রোগী, মৃগীরোগী' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'মধুমেহরোগী' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'অতিদীর্ঘ, অতিহ্রস্ব, অতিকৃষ্ণ, অতিশ্বেত' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'নাতিদীর্ঘ, নাতিহ্রস্ব, নাতিকৃষ্ণ, নাতিশ্বেত' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'রাগপ্রতিসংযুক্ত, দ্বেষপ্রতিসংযুক্ত, মোহপ্রতিসংযুক্ত' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ

Visit: http://www.buddhistdownload.com

করে; যথা : "অমুক অমুক তাকে 'বীতরাগ, বীতদ্বেষ, বীতমোহ' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'পারাজিকা আপত্তিগ্রস্ত, সাংঘাদিশেষ আপত্তিগ্রস্ত, থুল্লচ্চয় আপত্তিগ্রস্ত, পাচিত্তিয় আপত্তিগ্রস্ত, প্রতিদেশনীয় আপত্তিগ্রস্ত, দুক্কট আপত্তিগ্রস্ত, দুর্ভাষিত আপত্তিগ্রস্ত' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'স্রোতাপন্ন' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'উট, মেষ, গরু, গর্দভ, তির্যক, নৈরয়িক; তার কোনোরূপ সুগতি নেই, দুর্গতিই তার অবশ্যম্ভাবী' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক তাকে 'পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক; তার কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তার অবশ্যম্ভাবী' বলছে" এভাবে বললে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

৪১. উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক বলে যে 'এখানে কিছু কিছু চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস আছে' এভাবে অন্য কিছু না বলে শুধুমাত্র এটাই বলা" এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক বলে যে 'এখানে কিছু কিছু ক্ষত্রিয়, ব্রাহ্মণ আছেন' এভাবে অন্য কিছু না বলে শুধুমাত্র এটাই বলা" এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়। (অবশিষ্টাংশ পূর্ববৎ)

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক বলে যে 'এখানে কিছু কিছু পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক আছেন; তাঁদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই তাঁদের অবশ্যম্ভাবী' এভাবে অন্য কিছু না বলে শুধুমাত্র এটাই বলা" এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ

Visit: http://www.buddhistdownload.com

করে; যথা : "অমুক অমুক বলে যে 'তাহলে কি ইহারা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস?' এভাবে অন্য কিছু না বলে শুধুমাত্র এটাই বলা" এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক বলে যে 'তাহলে কি ইহারা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক?' এভাবে অন্য কিছু না বলে শুধুমাত্র এটাই বলা" এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক বলে যে 'না, আমরা চণ্ডাল, বেন, ব্যাধ, রথকার, পুক্কুস' এভাবে অন্য কিছু না বলে শুধুমাত্র এটাই বলা" এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করে; যথা : "অমুক অমুক বলে যে 'না, আমরা পণ্ডিত, অভিজ্ঞ, মেধাবী, বহুশ্রুত, ধর্মকথিক; আমাদের কোনোরূপ দুর্গতি নেই, সুগতিই আমাদের অবশ্যম্ভাবী' এভাবে অন্য কিছু না বলে শুধুমাত্র এটাই বলা" এভাবে বললে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

৪২. উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করলে, কথায় কথায় পাচিত্তিয় অপরাধ হয়।

উপসম্পন্ন উপসম্পন্ন হতে শুনে অনুপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করলে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

উপসম্পন্ন অনুপসম্পন্ন হতে শুনে উপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করলে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

উপসম্পন্ন অনুপসম্পন্ন হতে শুনে অনুপসম্পন্নের প্রতি পিশুনবাক্য প্রয়োগ করলে, কথায় কথায় দুক্কট অপরাধ হয়।

৪৩. **অনাপত্তি :** প্রিয়কামী ও ভেদকামী না হয়ে বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পেসুঞ্ঞ তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৪. পদসোধম্ম সিক্খাপদং

(পদসোধর্ম সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ উপাসকদের পদসোধর্ম শিক্ষা

Visit: http://www.buddhistdownload.com

দিতে লাগলেন। তাই উপাসকেরা ভিক্ষুদের প্রতি অশ্রদ্ধা, অগৌরব, অসম্মান ও পৃথকভাবাপন্ন হয়ে অবস্থান করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ উপাসকদের পদসোধর্ম শিক্ষা দিবেন? কেনই বা উপাসকেরাও ভিক্ষুদের প্রতি অশ্রদ্ধা, অগৌরব, অসম্মান ও পৃথকভাবাপন্ন হয়ে অবস্থান করছেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে তোমরা নাকি উপাসকদের পদসোধর্ম শিক্ষা দিচ্ছ? তাই উপাসকেরাও নাকি ভিক্ষুদের প্রতি অশ্রদ্ধা, অগৌরব, অসম্মান ও পৃথক ভাবাপন্ন হয়ে অবস্থান করছে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা নিতান্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কেন তোমরা উপাসকদের পদসোধর্ম শিক্ষা দিবে? কেনই বা উপাসকেরাও ভিক্ষুদের প্রতি অশ্রদ্ধা, অগৌরব, অসম্মান ও পৃথকভাবাপন্ন হয়ে অবস্থান করছে? ইহা কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং অপ্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৫. "যো পন ভিক্খু অনুপসম্পন্নং পদসোধম্মং বাচেয্য পাচিত্তিয়"ন্তি।

বঙ্গানুবাদ : যেকোনো ভিক্ষু যদি অনুপসম্পন্নকে পদসোধর্ম শিক্ষা দেয়, তাহলে তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৬. "যো পন" বলতে যা যেরূপ, যথাযুক্ত, যথাজাতি, যথানাম, যথাগোত্র, যথাশীল, যথা অবস্থানকারী, যথাগোচর, স্থবির, নবাগত অথবা মধ্যম। অতএব ইহাকেই 'যো পন' (যেকোনো) বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ভিক্ষাচর্যে উপনীত অর্থে ভিক্ষু, ছিন্নবস্ত্রধারী অর্থে ভিক্ষু, সীমা সম্মুতিপ্রাপ্ত ভিক্ষু, প্রতিজ্ঞা দ্বারা ভিক্ষু, 'এসো ভিক্ষু!' এরূপে তথাগতকর্তৃক আহ্বানকৃত ভিক্ষু, ত্রিশরণ গ্রহণের মাধ্যমে

Visit: http://www.buddhistdownload.com

উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষু, ভদ্র ভিক্ষু[১], সার ভিক্ষু[২], শৈখ্য ভিক্ষু, অশৈখ্য ভিক্ষু, সমগ্র সংঘকর্তৃক নানা প্রশ্নে নিঃসন্দেহ হয়ে জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষু। এখানে সমগ্র সংঘকর্তৃক নানা প্রশ্নে নিঃসন্দেহ হয়ে জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অনুপসম্পন্নো" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী ব্যতীত অবশিষ্ট সকলকেই অনুপসম্পন্ন বুঝায়।

"পদসো" অর্থে পদ, অনুপদ, অনুঅক্ষর এবং অনুব্যঞ্জনকে বুঝায়।

এখানে 'পদ' বলতে একই সাথে আবৃত্তি শুরু করে একই সাথে শেষ করা বুঝায়। 'অনুপদ' বলতে পৃথকভাবে শুরু করে একই সাথে শেষ করা বুঝায়। 'অনুঅক্ষর' বলতে ভিক্ষু 'রূপং অনিচ্চং' এরূপে আবৃত্তি করে 'শ্রমণ, আমার সাথে সাথে বল' এই বলে একই সাথে শুরু করা বুঝায়। 'অনুব্যঞ্জন' বলতে ভিক্ষু 'রূপং অনিচ্চং' এরূপে আবৃত্তি শেষ করলে অতঃপর শ্রমণ উপরোক্ত গাথা আবৃত্তির সাথে সাথে 'বেদনং অনিচ্চং' আবৃত্তি করা বুঝায়।

যা পদ, অনুপদ, অনুঅক্ষর এবং অনুব্যঞ্জন এই সকলের সমষ্টিকেই 'পদসো' বলা হয়।

"ধম্মো" বলতে বুদ্ধভাষিত, শ্রাবকভাষিত, ঋষিভাষিত, দেবভাষিত, অর্থকথায় বর্ণিত (অত্থুপসংহিতো[৩]) ও পালিতে বর্ণিত (ধম্মুপসংহিতো[৪]) উপদেশই বুঝায়।

"বাচেয্য" বলতে পদ দ্বারা ধর্ম শিক্ষা দিলে, প্রতি পদে পদে পাচিত্তিয় অপরাধ হয়। অক্ষর দ্বারা ধর্ম শিক্ষা দিলে, প্রতি অক্ষরে অক্ষরে পাচিত্তিয় অপরাধ হয়।

৪৭. অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় পদসোধর্ম শিক্ষা দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত পদসোধর্ম শিক্ষা দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় পদসোধর্ম শিক্ষা দিলে, পাচিত্তিয় অপরাধ হয়।

---

[১]. যেই ভিক্ষু পাপ হতে বিরতি হয়ে শীলে সুপ্রতিষ্ঠিত হয়ে সমাধি ও প্রজ্ঞার মাধ্যমে বিমুক্তি এবং বিমুক্তিজ্ঞানদর্শনের অধিকারী হন, তাঁকে ভদ্র ভিক্ষু বলে অবিহিত করা হয়।

[২]. শীলসারাদির অধিকারী এবং ক্লেশাদির অকুশল ধ্বংসকারী ভিক্ষুকে বুঝায়।

[৩]. অত্থুপসংহিতোতি অট্‌ঠকথানিস্‌সিতো। (সম. পাসা.)

[৪]. ধম্মুপসংহিতোতি পালিনিস্‌সিতো। (সম. পাসা.)

Visit: http://www.buddhistdownload.com

উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় কোনো অপরাধ হয় না।

৪৮. **অনাপত্তি :** একই সাথে উদ্দেস বা আবৃত্তিকালে, একই সাথে অধ্যয়নকালে, সকলেই অধিগত গ্রন্থ মুখস্থ আবৃত্তি করলে এবং সূত্র আবৃত্তি করলে কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পদসোধম্ম চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫. সহসেয্য সিক্খাপদং

(সহশয়ন সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৯. সে সময়ে বুদ্ধ ভগবান আলবীতে অগ্গালব চৈত্যে[১] অবস্থান করছিলেন। তখন উপাসকগণ ধর্মশ্রবণার্থে বিহারে আগমন করতেন। স্থবির ভিক্ষুগণও ধর্মদেশনা অন্তে যথায় নিজ নিজ আবাসস্থল তথায় চলে যেতেন। কিন্তু নবাগত তরুণ ভিক্ষুগণ সেই উপস্থানশালায় উপাসকদের সাথে অসংযম ও অসজ্ঞানে নগ্ন অবস্থায় নাক ডাকতে ডাকতে শয়ন করতে লাগলেন। ইহা দেখে উপাসকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে দুর্নাম প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষুগণ অসংযম ও অসজ্ঞানে নগ্ন অবস্থায় নাক ডাকতে ডাকতে উপাসকদের সাথে শয়ন করবেন?"

অতঃপর ভিক্ষুগণ সেই উপাসকদের নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে দুর্নাম প্রকাশ শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষুগণ অনুপসম্পন্নের সাথে শয়ন করবেন?" তৎপর ভিক্ষুগণ সেই নবাগত তরুণ ভিক্ষুদের অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, ভিক্ষুগণ নাকি

---

[১]. আলবী নগর শ্রাবস্তী হতে ত্রিশ যোজন এবং বারাণসী (বর্তমান বেনারস) হতে সম্ভাব্য দ্বাদশ যোজন দূরত্ববিশিষ্ট একটি নগর। ইহা শ্রাবস্তী এবং রাজগৃহের মধ্যবর্তী স্থানে অবস্থিত। আর অগ্গালব চৈত্যটি এই নগরের অতি নিকটবর্তী স্থানে অবস্থিত। বুদ্ধ ভগবান বুদ্ধত্ব লাভ করার পর এখানে বহু বর্ষাবাস যাপন করেছিলেন।

Visit: http://www.buddhistdownload.com

অনুপসম্পন্নের সাথে শয়ন করছে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত নিন্দনীয় বলে প্রকাশ করে বললেন, হে ভিক্ষুগণ, কী হেতু সেই মোঘপুরুষেরা অনুপসম্পন্নের সাথে শয়ন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু অনুপসম্পন্নেন সহসেয্যং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অনুপসম্পন্নের সাথে শয়ন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৫০. অনন্তর ভগবান আলবীতে যথাভিরুচি অবস্থান করে যথায় কোশাম্বী তথায় বিচরণার্থে প্রস্থান করলেন। অনুক্রমে বিচরণ করতে করতে যথায় কোশাম্বী তথায় উপস্থিত হলেন। অতঃপর ভগবান তথাস্থ কোশাম্বীতে বদবিকারামে অবস্থান করতে লাগলেন। তখন ভিক্ষুগণ আয়ুষ্মান রাহুলকে বললেন, "আবুসো রাহুল, ভগবানকর্তৃক এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হয়েছে যে 'কোনো ভিক্ষু অনুপম্পন্নের সাথে শয়ন করতে পারবে না।' অতএব আবুসো রাহুল, অন্যত্র শয়নাসন অনুসন্ধান কর।" তৎপর আয়ুষ্মান রাহুল অনেক খোঁজ করার পরও কোথাও শয্যাসন লাভ না করায় ভগবানের শৌচাগারেই শয়ন করলেন।

অনন্তর ভগবান রাত্রির প্রত্যুষ সময়ে আসন হতে উঠে যথায় শৌচাগার তথায় উপস্থিত হলেন। উপস্থিত হয়ে গলার কাঁশির শব্দ করলে, সাথে সাথে আয়ুষ্মান রাহুলও গলার কাঁশির শব্দ করলেন। তখন ভগবান বললেন, "ভিতরে কে?" "ভগবান, আমি রাহুল।" "হে রাহুল, তুমি এখানে উপবিষ্ট হয়েছ কেন?" অতঃপর আয়ুষ্মান রাহুল ভগবানকে সমস্ত বিষয় সবিস্তারে জ্ঞাপন করলে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুসংঘকে আহ্বান করে বললেন :

হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি, এখন হতে ভিক্ষু অনুপসম্পন্নের সাথে দুই-তিন রাত্রি শয়ন করতে পারবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫১. "যো পন ভিক্খু অনুপসম্পন্নেন উত্তরিদ্বিরত্তিতিরত্তং সহসেয্যং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অনুপসম্পন্নের সাথে দুই বা তিন রাত্রির অধিক শয়ন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৫২. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অনুপসম্পন্নো" বলতে ভিক্ষু ব্যতীত অবশিষ্ট সকলকেই অনুপসম্পন্ন বুঝায়।

"উত্তরিদ্বিরত্তিতিরত্তং" বলতে দুই বা তিন রাত্রির অধিক বুঝায়।

"সহ" বলতে একত্রে বা একই সাথে বুঝায়।

"সেয্যা" অর্থে সমস্ত আচ্ছন্ন বা সমস্ত পরিচ্ছন্ন শয্যা এবং অধিকাংশ আচ্ছন্ন বা অধিকাংশ পরিচ্ছন্ন শয্যা বুঝায়।

"সেয্যং কপ্পেয্য" বলতে চতুর্থ দিবসে সূর্যোদয়কালে অনুপসম্পন্ন শায়িত অবস্থায় ভিক্ষু শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু শায়িত অবস্থায় অনুপসম্পন্ন শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অথবা উভয়েই শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। শয়ন হতে উঠে পুনঃ পুনঃ শয়ন করলেও পাচিত্তিয় অপরাধ হয়।

৫৩. অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুই বা তিন রাত্রির অধিক শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'অনুপসম্পন্ন কি না' সন্দেহবশত দুই বা তিন রাত্রির অধিক শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুই বা তিন রাত্রির অধিক শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অর্ধাচ্ছন্ন ও অর্ধপরিচ্ছন্ন স্থানে শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় শয়ন করলে, কোনো অপরাধ হয় না।

৫৪. **অনাপত্তি :** দুই বা তিন রাত্রি বাস করলে, দুই বা তিন রাত্রির কম বাস করলে, দুই রাত্রি বাস করার পর তৃতীয় রাত্রির সূর্যোদয় না করে পুনরায় বাস করলে, সমস্ত আচ্ছন্ন, কিন্তু সমস্ত অপরিচ্ছন্ন; সমস্ত পরিচ্ছন্ন, কিন্তু সমস্ত আচ্ছন্ন নয়; অধিকাংশ আচ্ছন্ন, কিন্তু অধিকাংশ অপরিচ্ছন্ন; অধিকাংশ পরিচ্ছন্ন, কিন্তু অধিকাংশ আচ্ছন্ন নয় এমন স্থানে অনুপসম্পন্ন শায়িত অবস্থায় ভিক্ষু উপবেশন করলে, ভিক্ষু শায়িত অবস্থায় অনুপসম্পন্ন উপবেশন করলে অথবা উভয়েই উপবেশন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও

Visit: http://www.buddhistdownload.com

আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সহসেয্য পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬. দুতিয সহসেয্য সিক্খাপদং

(দ্বিতীয় সহশয়ন সম্পর্কীয় শিক্ষাপদ)

৫৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান অনুরুদ্ধ[১] কোশল জনপদে[২] শ্রাবস্তীর উদ্দেশে গমনকালে সন্ধ্যায় অন্যতর এক গ্রামে উপনীত হলেন। তখন সেই গ্রামে অন্যতরা এক স্ত্রীলোকের প্রজ্ঞাপ্ত (প্রস্তুতকৃত) অবসথাগার (বিশ্রামাগার) ছিল। অতঃপর আয়ুষ্মান অনুরুদ্ধ যথায় সেই স্ত্রীলোক তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে সেই স্ত্রীলোককে এভাবে বললেন, "হে ভগিনি, যদি তোমার কোনোরূপ অসুবিধা না হয়, তবে এই অবসথাগারে একরাত্রি বাস করব।" "ভন্তে, বাস করুন" এই বলে সেই স্ত্রীলোক প্রত্যুত্তর প্রদান করলেন।

অনন্তর অন্য পথিকেরাও যথায় সেই স্ত্রীলোক তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে সেই স্ত্রীলোককে তাঁরাও এভাবে বললেন, "আর্যে, যদি আপনার কোনোরূপ অসুবিধা না হয়, তবে আমরা একরাত্রি এই অবসথাগারে বাস করব।" তখন সেই স্ত্রীলোক প্রত্যুত্তরে বললেন, "এই আর্য শ্রমণ অগ্রে এসেছেন; সুতরাং তিনি যদি ইচ্ছা করেন, তবে আপনারাও বাস করতে পারেন।"

অনন্তর সেই পথিকেরা যেখানে আয়ুষ্মান অনুরুদ্ধ সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে আয়ুষ্মান অনুরুদ্ধকে বললেন, "ভন্তে, যদি আপনার কোনোরূপ অসুবিধা না হয়, তবে আমরা এই অবসথাগারে একরাত্রি বাস করব।" "আবুসো, বাস করুন" এই বলে আয়ুষ্মান অনুরুদ্ধ প্রত্যুত্তর দিলেন।

অনন্তর সেই স্ত্রীলোক আয়ুষ্মান অনুরুদ্ধকে দেখে কামাসক্ত চিত্ত উৎপন্ন হলো। অতএব সেই স্ত্রীলোক যথায় আয়ুষ্মান অনুরুদ্ধ তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে আয়ুষ্মান অনুরুদ্ধকে বললেন, "ভন্তে আর্য, আপনি এই

---

[১]. ভগবান বুদ্ধের জেঠতুত্ ভাই এবং মহাশ্রাবকদের মধ্যেও অন্যতম। তিনি শাক্যবংশীয় অমিতোধনের পুত্র এবং মহানাম শাক্যের ভ্রাতা। গৌতম বুদ্ধের শিষ্যদের মধ্যে একমাত্র তিনিই ত্রয়োদশ ধুতাঙ্গ ব্রত একইসাথে পালন করতে পারতেন বলেও তাঁর বিশেষ খ্যাতি সর্বজনবিদিত।

[২]. তৎকালীন ষোলটি মহাজনপদের মধ্যে ইহা দ্বিতীয় অন্যতম সমৃদ্ধ জনপদ।

Visit: http://www.buddhistdownload.com

লোকদের দ্বারা পরিবেষ্টিত হয়ে সুখে রাত কাটাতে পারবেন না। তাই আমি আর্যের জন্য উত্তমরূপে গৃহাভ্যন্তরে শয্যাসন প্রস্তুত করব।" তখন আয়ুষ্মান অনুরুদ্ধ মৌনভাবে সম্মতি জ্ঞাপন করলেন।

অতঃপর সেই স্ত্রীলোক আয়ুষ্মান অনুরুদ্ধের জন্য গৃহাভ্যন্তরে শয়নকক্ষে শয্যাসন প্রস্তুত করলেন এবং অলঙ্কার প্রতিযুক্তা ও সুগন্ধি প্রতিযুক্তা হয়ে আয়ুষ্মান অনুরুদ্ধের নিকট উপস্থিত হলেন; উপস্থিত হয়ে আয়ুষ্মান অনুরুদ্ধকে বললেন, "ভন্তে, আমি আর্যের প্রণয়িনী হবো।" এভাবে বলা হলে, আয়ুষ্মান অনুরুদ্ধ নীরব রইলেন।

দ্বিতীয় ও তৃতীয়বার সেই স্ত্রীলোক আয়ুষ্মান অনুরুদ্ধকে বললেন, "ভন্তে আর্য, আপনি অত্যন্ত রূপবান, সুদর্শন এবং অতীব সুন্দর। আর আমিও অত্যন্ত রূপবতী, সুদর্শনা এবং অতীব সুন্দরী। সুতরাং ভন্তে আর্য, আমার সমস্ত ধনদৌলত গ্রহণপূর্বক এই উত্তম শয্যাসন গ্রহণ করুন"—এভাবে দ্বিতীয় এবং তৃতীয়বার বলা সত্ত্বেও আয়ুষ্মান অনুরুদ্ধ নীবর রইলেন।

অনতিবিলম্বে সেই স্ত্রীলোক দেহের সমস্ত কাপড় ফেলে দিয়ে আয়ুষ্মান অনুরুদ্ধের সামনে চংক্রমণ করতে লাগলেন, দাঁড়াতে লাগলেন, উপবেশন করতে লাগলেন এবং শয়ন করতে লাগলেন। তখন আয়ুষ্মান অনুরুদ্ধ সমস্ত ইন্দ্রিয় নিচয় সংযত করে সেই স্ত্রীলোকটির মুখপানে একটুও অবলোকন না করে এবং কোনোরূপ আলাপও না করে নীরব রইলেন। কিছুক্ষণ পর সেই স্ত্রীলোকটি চিন্তা করতে লাগলেন, "অহো, কী আশ্চর্য! কী অদ্ভুত! বহু মানুষ শত সহস্র মুদ্রার বিনিময়ে আমার পাণি গ্রহণ করে থাকে! অথচ এই শ্রমণ স্বয়ং আমার দ্বারা যাচিত হয়েও সমস্ত ধনদৌলত এবং শয্যাসন গ্রহণ করতে ইচ্ছাপোষণ করেন না!"

কিয়ৎক্ষণ এভাবে চিন্তা করার পর খুলে ফেলা কাপড় পরিধান করে আয়ুষ্মান অনুরুদ্ধের পদতলে মাথা নত করে আয়ুষ্মান অনুরুদ্ধকে বললেন, "ভন্তে, আমি যথাবাল, যথামূর্খা হয়ে যেই অকুশল সম্পাদন করেছি; আমার তৎসমস্ত অপরাধ ক্ষমা করুন। ভন্তে আর্য, অনাগতে সংযত হওয়ার নিমিত্ত আপনি আমার সমস্ত অপরাধ অপরাধ হিসেবে অবধারণ করুন।" তখন আয়ুষ্মান অনুরুদ্ধ বললেন, "ভগিনি, ইহা অতি উত্তম তুমি যথাবাল, যথামূর্খা হয়ে যেই অকুশল সম্পাদন করেছিলে, তৎসমস্ত অপরাধ স্বীকার করছ। ভগিনি, যেহেতু তুমি অপরাধকে অপরাধ হিসেবে অনুধাবন করে যথাধর্ম প্রতিকার করছ। তদ্ধেতু আমরা অবশ্যই তোমাকে ক্ষমা করব। হে ভগিনি, আর্যবিনয়ে যিনি অপরাধকে অপরাধ হিসেবে যথাধর্ম প্রতিকার করেন, তিনি

Visit: http://www.buddhistdownload.com

ভবিষ্যতে সংযম অবলম্বন করেন।"

অনন্তর সেই স্ত্রীলোক রাত্রির শেষে আয়ুষ্মান অনুরুদ্ধকে উৎকৃষ্ট ওজশক্তিসম্পন্ন খাদ্য-ভোজ্যাদি নিজ হাতে পরিবেশনপূর্বক পরিতৃপ্ত করে পাত্র হতে হস্ত অপসারণ করে আয়ুষ্মান অনুরুদ্ধকে অভিবাদন করে একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্টা সেই স্ত্রীলোকটিকে আয়ুষ্মান অনুরুদ্ধ ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত এবং সম্প্রহংসিত করলেন।

তৎপর সেই স্ত্রীলোক আয়ুষ্মান অনুরুদ্ধকর্তৃক ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত এবং সম্প্রহংসিত হয়ে আয়ুষ্মান অনুরুদ্ধকে বললেন, "ভন্তে, অতি আশ্চর্য, অতি অদ্ভূত, যেমন অধোমুখী পাত্রকে ঊর্ধ্বমুখী করলেন, আচ্ছাদিতকে খুলে দিলেন, পথভ্রষ্টকে পথ প্রদর্শন করলেন এবং চক্ষুষ্মান রূপ দর্শনের নিমিত্ত অন্ধকারে তৈলপ্রদীপ ধারণ করলেন। এভাবে বহু প্রকারে আর্য অুনরুদ্ধকর্তৃক ধর্ম প্রকাশিত হলো। ভন্তে, আমি ভগবান তথাগত বুদ্ধের শরণ, তৎপ্রচারিত ধর্মের শরণ এবং তৎপ্রতিষ্ঠিত সংঘের শরণ গ্রহণ করছি। হে আর্য, আজ হতে আমাকে আজীবন বুদ্ধ, ধর্ম ও সংঘের শরণাগত উপাসিকারূপে অবধারণ করুন।"

অনন্তর আয়ুষ্মান অনুরুদ্ধ শ্রাবস্তীতে গমনপূর্বক ভিক্ষুদের নিকট সমস্ত বিষয় প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান অনুরুদ্ধ মনুষ্যস্ত্রীর সাথে একত্রে শয়ন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ আয়ুষ্মান অনুরুদ্ধকে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান অনুরুদ্ধকে জিজ্ঞাসা করলেন, হে অনুরুদ্ধ, ইহা কি সত্য যে, তুমি নাকি মনুষ্যস্ত্রীর সাথে একত্রে শয়ন করেছিলে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা নিতান্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, অনুরুদ্ধ, কী হেতু তুমি মনুষ্যস্ত্রীর সাথে একত্রে শয়ন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৬. "যো পন ভিক্খু মাতুগামেন সহসেয্যং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : যেকোনো ভিক্ষু মনুষ্যস্ত্রীর সাথে একত্রে শয়ন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

৫৭. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"মাতুগামো" অর্থে যক্ষিনী, প্রেতিনী এবং তির্যকজাতীয়া স্ত্রী নয়; শুধুমাত্র মনুষ্যস্ত্রীকেই বুঝানো হয়েছে। এমনকি অদ্য দিবসে জাত মেয়ে শিশু পর্যন্ত আর তদতিরিক্ত বয়স্কা মনুষ্যস্ত্রীর কথাই বা কি!

"সহ" বলতে একত্রে বা একই সাথে বুঝায়।

"সেয্যা" অর্থে সমস্ত আচ্ছন্ন বা সমস্ত পরিচ্ছন্ন শয্যা এবং অধিকাংশ আচ্ছন্ন বা অধিকাংশ পরিচ্ছন্ন শয্যা বুঝায়।

"সেয্যং কপ্পেয্য" বলতে সূর্যোদয়ের সময় মনুষ্যস্ত্রী শায়িতা অবস্থায় ভিক্ষু শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু শায়িত অবস্থায় মনুষ্যস্ত্রী শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু ও মনুষ্যস্ত্রী উভয়েই একত্রে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। শয্যা হতে উঠে পুনঃ পুনঃ শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৫৮. মনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণায় একত্রে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত একত্রে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণাবশত একত্রে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অর্ধাচ্ছন্ন বা অর্ধপরিচ্ছন্ন স্থানে একত্রে শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। যক্ষিনী, প্রেতিনী, পণ্ডক (নপুংসক) ও তির্যকজাতীয়া স্ত্রীর সাথে একত্রে শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণাবশত একত্রে শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত একত্রে শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় কোনো অপরাধ হয় না।

৫৯. **অনাপত্তি :** সমস্ত আচ্ছন্ন, কিন্তু সমস্ত পরিচ্ছন্ন নয়; সমস্ত পরিচ্ছন্ন, কিন্তু সমস্ত আচ্ছন্ন নয় এবং অধিকাংশ আচ্ছন্ন, কিন্তু অধিকাংশ পরিচ্ছন্ন নয়; অধিকাংশ পরিচ্ছন্ন, কিন্তু অধিকাংশ আচ্ছন্ন নয় এমন স্থানে মনুষ্যস্ত্রী শায়িতা অবস্থায় ভিক্ষু উপবেশন করলে, ভিক্ষু শায়িত অবস্থায় মনুষ্যস্ত্রী উপবেশন করলে অথবা উভয়েই উপবেশন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দুতিয সহসেয্য ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৭. ধম্মদেসনা সিক্খাপদং

(মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা সম্পর্কীয় শিক্ষাপদ)

৬০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান উদায়ী শ্রাবস্তীতে প্রায়শ গৃহস্থকুলে (পরিবারে) যাতায়াত করতেন। এক সময় আয়ুষ্মান উদায়ী পূর্বাহ্ণ সময়ে চীবর পরিধান করে পাত্র গ্রহণ করলেন এবং যথায় অন্যতর গৃহস্থ পরিবার তথায় উপস্থিত হলেন। তখন গৃহকর্ত্রী গৃহদ্বারে এবং গৃহস্থ পুত্রবধু অবসথাগারদ্বারে উপবিষ্ট ছিলেন।

অতঃপর আয়ুষ্মান উদায়ী যথায় গৃহকর্ত্রী তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে গৃহকর্ত্রীর নিকটে গিয়ে কানে কানে চুপি চুপি করে ধর্মদেশনা করলেন। তখন ইহা দেখে গৃহস্থ পুত্রবধুর মনে এই চিন্তা উদিত হলো—"এই শ্রমণ কি আমার শ্বাশুড়ীর সাথে অবৈধ সম্পর্ক স্থাপনে এসেছেন? তা না হলে এসেছেন কেন?"

তৎপর আয়ুষ্মান উদায়ী গৃহকর্ত্রীকে কানে কানে চুপি চুপি করে ধর্মদেশনা করার পর যথায় গৃহস্থ পুত্রবধু তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে গৃহস্থ পুত্রবধুকেও কানে কানে চুপি চুপি করে ধর্মদেশনা করলেন। তখন ইহা দেখে গৃহকর্ত্রীর মনেও এই চিন্তা উদিত হলো—"এই শ্রমণ কি গৃহস্থ পুত্রবধুর সাথে অবৈধ সম্পর্ক স্থাপনে এসেছেন? তা না হলে এসেছেন কেন?"

অনন্তর আয়ুষ্মান উদায়ী গৃহস্থ পুত্রবধুকে কানে কানে চুপি চুপি করে ধর্মদেশনা করার পর আরামে (বিহারে) চলে গেলেন। অনতিবিলম্বে গৃহকর্ত্রী গৃহস্থ পুত্রবধুকে বলল, "হে পুত্রবধু, এই শ্রমণ তোমাকে কী বললেন?" "আর্যা, এই শ্রমণ আমাকে ধর্মদেশনা করেছেন।" গৃহস্থ পুত্রবধু গৃহকর্ত্রীকে পাল্টা জিজ্ঞাসা করলেন, "আর্যা, তিনি আপনাকে কী বলেছেন?" "আমাকেও তো ধর্মদেশনা করেছেন।" অতঃপর তারা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন আয়ুষ্মান উদায়ী মাতৃজাতিকে কানে কানে চুপি চুপি করে ধর্মদেশনা করবেন? আর্যগণকর্তৃক খোলামেলা উন্মুক্ত স্থানে ধর্ম দেশিত হওয়া উচিত নয় কি?"

তৎপর ভিক্ষুগণ সেই স্ত্রীলোকদের নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্য দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান উদায়ী মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ আয়ুষ্মান উদায়ীকে অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা

Visit: http://www.buddhistdownload.com

করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান উদায়ীকে জিজ্ঞাসা করলেন, হে উদায়ী, ইহা কি সত্য যে, তুমি নাকি মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত নিন্দনীয় বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু মাতুগামস্স ধম্মং দেসেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৬১. সে সময়ে উপাসিকাবৃন্দ ভিক্ষুগণকে দেখে এরূপ বলল, "আর্য, আসুন আমাদের ধর্মদেশনা প্রদান করুন।" সেই ভিক্ষুগণ বললেন, "ভগিনি, ভিক্ষু মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করতে পারে না।" অতঃপর সেই উপাসিকারা আবারও আকুলস্বরে নিবেদন করে বলল, "আর্য, ধর্ম জ্ঞাত হওয়ার নিমিত্ত এস্থলে মাত্র পাঁচ-ছয় বাক্য হলেও ধর্মদেশনা প্রদান করুন।" সেই ভিক্ষুগণ আবারও তা সবিনয়ে প্রত্যাখ্যান করে বললেন, "ভগিনি, একজন ভিক্ষু মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করতে পারে না।" এভাবে সন্দিগ্ধ হয়ে ভিক্ষুগণ ধর্মদেশনা করলেন না। অতএব সেই উপাসিকাবৃন্দ এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে দুর্নাম করতে লাগল, "কেন আর্যগণ আমাদের দ্বারা যাচিত হয়েও ধর্মদেশনা করবেন না?"

ভিক্ষুগণ সেই উপাসিকাদের নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্য দুর্নাম বাক্য শুনতে পেলেন। অতঃপর সেই ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, "হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, মনুষ্যস্ত্রীকে পাঁচ-ছয় বাক্য মাত্র ধর্মদেশনা করবে।" অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু মাতুগামস্স উত্তরিছপ্পঞ্চবাচাহি ধম্মং দেসেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু মনুষ্যস্ত্রীকে পাঁচ-ছয় বাক্যের অধিক ধর্মদেশনা

Visit: http://www.buddhistdownload.com

করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৬২. সে সময়ে ষড়বর্গীয় ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক শিক্ষাপদ প্রজ্ঞাপিত হয়েছে যে, মাতৃজাতিকে পাঁচ-ছয় বাক্য মাত্র ধর্মদেশনা করবে' এই ভেবে তারা অজ্ঞ, অবুঝ পুরুষকে পাশে উপবেশন করিয়ে মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অজ্ঞ, অবুঝ পুরুষকে পাশে উপবেশন করিয়ে মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অজ্ঞ, অবুঝ পুরুষকে পাশে উপবেশন করিয়ে মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান তা অত্যন্ত নিন্দনীয় বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অজ্ঞ, অবুঝ পুরুষকে পাশে উপবেশন করিয়ে মনুষ্যস্ত্রীকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৬৩. "যো পন ভিক্খু মাতুগামস্স উত্তরিছপ্পঞ্চবাচাহি ধম্মং দেসেয্য অঞ্ঞত্রবিঞ্ঞুনা পুরিসবিগ্গহেন পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : যেকোনো ভিক্ষু বিজ্ঞ পুরুষ ব্যতীত মনুষ্যস্ত্রীকে পাঁচ-ছয় বাক্যের অধিক ধর্মদেশনা করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৬৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"মাতুগামো" অর্থে যক্ষিনী, প্রেতিনী, তির্যকজাতীয়া স্ত্রী নয়; শুধুমাত্র সুভাষিত-দুর্ভাষিত ও সুবাক্য ও কুবাক্যাদি (দুট্ঠূল্লাদুট্ঠূল্লং) জানতে বুঝতে সক্ষম—এমন জ্ঞানবতী মনুষ্যস্ত্রীকেই বুঝায়।

"উত্তরিছপ্পঞ্চবাচাহীতি" বলতে পাঁচ-ছয় বাক্যের অধিক বুঝায়।

Visit: http://www.buddhistdownload.com

"ধম্মো" অর্থে বুদ্ধভাষিত, শ্রাবকভাষিত, ঋষিভাষিত, অর্থকথায় বর্ণিত ও পালিতে বর্ণিত উপদেশই বুঝায়।

"দেসেয্য" বলতে পদ দ্বারা অর্থাৎ একসাথে আবৃত্তি শুরু করে একই সাথে শেষ করার মাধ্যমে ধর্মদেশনা করলে, প্রতি বাক্যে বাক্যে (পদে পদে) পাচিত্তিয় অপরাধ হয়। অক্ষর দ্বারা অর্থাৎ ভিক্ষু 'রূপং অনিচ্চং' এরূপ আবৃত্তি করার পর 'হে শ্রমণ, আমার সাথে বল' এভাবে বলে একই সাথে শুরু করার মাধ্যমে ধর্শদেশনা করলে, প্রতি অক্ষরে অক্ষরে (অক্খরক্খরায) পাচিত্তিয় অপরাধ হয়।

"অঞ্ঞত্র বিঞ্ঞুনা পুরিসবিগ্গহেন" বলতে বিজ্ঞ পুরুষ ব্যতীত। এখানে 'বিজ্ঞ' অর্থে সুভাষিত-দুর্ভাষিত ও সুবাক্য-কুবাক্যাদি (দুট্ঠূল্লাদুট্ঠূল্লং) জানতে বুঝতে সক্ষম—এমন দক্ষ জ্ঞানবান পুরুষকে বুঝায়।

৬৫. মনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণায় বিজ্ঞ পুরুষ ব্যতীত পাঁচ-ছয় বাক্যাধিক ধর্মদেশনা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত বিজ্ঞ পুরুষ ব্যতীত পাঁচ-ছয় বাক্যের অধিক ধর্মদেশনা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় বিজ্ঞ পুরুষ ব্যতীত পাঁচ-ছয় বাক্যাধিক ধর্মদেশনা করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

বিজ্ঞ পুরুষ ব্যতীত যক্ষিনী, প্রেতিনী, পণ্ডক (নপুংসক), তির্যকজাতীয়া অমনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় কোনো অপরাধ হয় না।

৬৬. **অনাপত্তি :** বিজ্ঞ পুরুষ সাথে করে পাঁচ-ছয় বাক্যের অধিক ধর্মদেশনা করলে, পাঁচ-ছয় বাক্যের কম ধর্মদেশনা করলে, আসন হতে উঠে পুনরায় উপবেশনপূর্বক ধর্মদেশনা করলে, মনুষ্যস্ত্রী আসন হতে উঠে পুনঃ উপবেশন করলে, অন্য স্ত্রীকে ধর্মদেশনা করলে, প্রশ্ন জিজ্ঞাসিত হয়ে বললে, অপরকে দেশনা করার সময় মনুষ্যস্ত্রী শুনলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ধম্মদেসনা সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৮. ভূতারোচন সিক্খাপদং

(ধ্যান-বিমোক্ষাদি প্রকাশ সম্পর্কীয় শিক্ষাপদ)

৬৭. সে সময়ে বুদ্ধ ভগবান বৈশালীতে কূটাগার শালায় মহাবিহারে অবস্থান করছিলেন। তখন বহুসংখ্যক ভিক্ষু পরস্পর বন্ধুভাবাপন্ন ও পরস্পর হিতৈষী হয়ে বগ্গমুদা নদীতীরে বর্ষাবাস শুরু করেছিলেন। সে সময় বজ্জীদের দুর্ভিক্ষ উৎপন্ন হলো এবং ভিক্ষুদের পক্ষে ভিক্ষাবৃত্তির মাধ্যমে জীবিকা নির্বাহ করা অত্যন্ত কষ্টকর হয়ে পড়ল।

অনন্তর সেই ভিক্ষুদের মনে এই চিন্তা উদিত হলো—"বর্তমানে বজ্জীদের দুর্ভিক্ষ উৎপন্ন হয়েছে, তদ্ধেতু আমাদের পক্ষেও ভিক্ষাবৃত্তির মাধ্যমে জীবিকা নির্বাহ করা অত্যন্ত কষ্টকর হয়ে পড়েছে। অতএব এখন আমরা কোন উপায় অবলম্বনে সকলে মিলেমিশে সন্তুষ্ট চিত্তে বাদ-বিসম্বাদবিহীন হয়ে সুখে বর্ষাবাস যাপন করতে পারব? এবং ভিক্ষান্ন সংগ্রহেও কোনোরূপ দুর্ভোগ পোহাতে হবে না?"

তখন কেউ কেউ এরূপ বললেন, "আবুসো, আসুন আমরা এখন হতে গৃহীদের কাজের দায়িত্ব গ্রহণ করি; তাহলেই কেবল তারা আমাদের দিতে ইচ্ছা পোষণ করবে। তদ্ধেতু আমরা সকলে মিলেমিশে সন্তুষ্ট চিত্তে বাদ-বিসম্বাদবিহীন হয়ে সুখে বর্ষাবাস যাপন করতে পারব এবং ভিক্ষান্ন সংগ্রহেও কোনোরূপ দুর্ভোগ পোহাতে হবে না।"

কেউ কেউ এরূপ বললেন, "দেখুন আবুসো, গৃহীদের কাজের দায়িত্ব গ্রহণ করা কি উচিত হবে? বরং আবুসো, আসুন আমরা গৃহীদের দূতের কার্য গ্রহণ করি। তাহলেই কেবল তারা আমাদের দিতে ইচ্ছা পোষণ করবে। তদ্ধেতু আমরা সকলে মিলেমিশে সন্তুষ্ট চিত্তে বাদ-বিসম্বাদবিহীন হয়ে সুখে বর্ষাবাস যাপন করতে পারব এবং ভিক্ষান্ন সংগ্রহেও কোনোরূপ দুর্ভোগ পোহাতে হবে না।"

কেউ কেউ এরূপ বললেন, "দেখুন আবুসো, গৃহীদের কাজের দায়িত্ব গ্রহণ কিংবা গৃহীদের দূতের কার্য গ্রহণ করা কি উচিত হবে? বরং আবুসো, আসুন আমরা পরস্পরের অধিগত ধ্যান-বিমোক্ষাদির কথা (উত্তরি-মনুস্সধম্মং) এভাবে গৃহীদের নিকট প্রকাশ করব—'অমুক ভিক্ষু প্রথম ধ্যানলাভী, অমুক ভিক্ষু দ্বিতীয় ধ্যানলাভী, অমুক ভিক্ষু তৃতীয় ধ্যানলাভী, অমুক ভিক্ষু চতুর্থ ধ্যানলাভী, অমুক ভিক্ষু স্রোতাপন্ন, অমুক ভিক্ষু সকৃদাগামী, অমুক ভিক্ষু অনাগামী, অমুক ভিক্ষু অর্হৎ, অমুক ভিক্ষু ত্রিবিদ্যাসম্পন্ন এবং অমুক ভিক্ষু ষড়াভিজ্ঞাসম্পন্ন।' এভাবে প্রকাশ করলে তারা আমাদের দান দিতে ইচ্ছা

Visit: http://www.buddhistdownload.com

পোষণ করবে। অতএব আমরা সকলে মিলেমিশে সন্তুষ্ট চিত্তে বাদ-বিসম্বাদবিহীন হয়ে সুখে বর্ষাবাস যাপন করতে পারব এবং ভিক্ষান্ন সংগ্রহেও কোনোরূপ দুর্ভোগ পোহাতে হবে না। অতএব আসুন আবুসো, আমরা গৃহীদের নিকট পরস্পরের ধ্যান-বিমোক্ষাদির কথা প্রকাশ করি—ইহাই আমাদের পক্ষে শ্রেয়ঃতর হবে।"

অনন্তর সেই ভিক্ষুগণ গৃহীদের নিকট পরস্পরের ধ্যান-বিমোক্ষাদির কথা এভাবে প্রকাশ করতে লাগলেন, "অমুক ভিক্ষু প্রথম ধ্যানলাভী, অমুক ভিক্ষু দ্বিতীয় ধ্যানলাভী, অমুক ভিক্ষু তৃতীয় ধ্যানলাভী, অমুক ভিক্ষু চতুর্থ ধ্যানলাভী, অমুক ভিক্ষু স্রোতাপন্ন, অমুক ভিক্ষু সকৃদাগামী, অমুক ভিক্ষু অনাগামী, অমুক ভিক্ষু অর্হৎ, অমুক ভিক্ষু ত্রিবিদ্যাসম্পন্ন এবং অমুক ভিক্ষু ষড়াভিজ্ঞাসম্পন্ন।"

অতঃপর ইহা শুনে সেই লোকেরা এভাবে বলতে লাগলেন, "অহো, আমরা কী ভাগ্যবান, এতাদৃশ শীলবান কল্যাণধর্মী ভিক্ষুগণ ইতিপূর্বে আমাদের এখানে বর্ষাবাস যাপন করেননি; অথচ বর্তমানে আমাদের এখানে বর্ষাবাস যাপন করছেন!" সে কারণে তাঁরা যেরূপ ভোজন ভিক্ষুগণকে দান করতে লাগলেন, তাদৃশ ভোজন তাঁরা নিজেরাও ভোজন করেন না, মাতা-পিতাকেও দেন না; দাস-কর্মচারীকেও দেন না, মিত্র-অমাত্যকেও দেন না, জ্ঞাতি-স্বজনকেও দেন না এবং যেরূপ সুস্বাদু খাদ্য-পানীয় ভিক্ষুগণকে দান করতে লাগলেন, তাদৃশ খাদ্য-পানীয় নিজেরাও খান না, আস্বাদন করেন না এবং পানও করেন না, মাতা-পিতাকেও দেন না, স্ত্রী-পুত্রকেও দেন না, দাস-কর্মচারীকেও দেন না, মিত্র-অমাত্যকেও দেন না এবং জ্ঞাতি-স্বজনকেও দেন না। অতএব সেই ভিক্ষুগণ রূপবান, সজীব ইন্দ্রিয়, মুখবর্ণ প্রসন্ন এবং তাদের দেহচ্ছবি বিপ্রসন্ন হয়ে উঠল।

৬৮. বর্ষাবাস সমাপনান্তে ভগবানকে দর্শনের নিমিত্ত গমন করা ভিক্ষুগণের রীতি। অনন্তর সেই ভিক্ষুগণ বর্ষার তিন মাস গত হলে শয্যাসন গুছায়ে পাত্র-চীবর গ্রহণ করে বৈশালীর উদ্দেশে প্রস্থান করলেন। যথাক্রমে গমন করতে করতে বৈশালীর মহাবনে কূটাগারশালায় যথায় ভগবান তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। সে সময় নানা দিকে বর্ষাবাসরত ভিক্ষুগণ কৃশ, রুক্ষ, দুর্বর্ণ এবং তাদের সমস্ত শরীর বিবর্ণ হয়েছিল এবং গাত্রে শিরাসমূহ বিস্তৃত হয়েছিল। অথচ বগ্গমুদা নদীতীরস্থ ভিক্ষুগণ রূপবান, সজীব ইন্দ্রিয়, মুখবর্ণ প্রসন্ন এবং তাদের দেহচ্ছবি বিপ্রসন্ন। আগন্তুক ভিক্ষুগণকে কুশলাকুশল প্রশ্নাদি জিজ্ঞাসা করা বুদ্ধগণের রীতি। অতঃপর ভগবান বগ্গমুদা নদীতীরস্থ ভিক্ষুগণকে বললেন, "হে ভিক্ষুগণ,

Visit: http://www.buddhistdownload.com

তোমরা সকলে নিরোগ সুস্থ আছো তো? সুখে দিনাতিপাত করেছ তো? সকলে মিলেমিশে সন্তুষ্টচিত্তে বাদ-বিসম্বাদবিহীন হয়ে সুখে বর্ষাবাস যাপন করেছ তো এবং ভিক্ষান্ন সংগ্রহেও কোনোরূপ দুর্ভোগ পোহাতে হয়নি তো?"

অতঃপর ভিক্ষুগণ প্রত্যুত্তরে বললেন, "হ্যাঁ ভগবান, আমরা নিরোগ সুস্থ আছি, সুখে দিনাতিপাত করেছি, সকলে মিলেমিশে সন্তুষ্টচিত্তে বাদ-বিসম্বাদবিহীন হয়ে সুখে বর্ষাবাস অতিবাহিত করেছি এবং ভিক্ষান্ন সংগ্রহেও কোনোরূপ দুর্ভোগ পোহাতে হয়নি।" তথাগতগণ কোনো কোনো বিষয় জেনেও জিজ্ঞাসা করেন; আবার কোনো কোনো বিষয় জেনেও জিজ্ঞাসা করেন না। তথাগতগণ সময় বুঝে কোনো কোনো বিষয় জিজ্ঞাসা করেন, আবার সময় বুঝে কোনো কোনো বিষয় জিজ্ঞাসা করেন না। তথাগতগণ সদর্থক বিষয় জিজ্ঞাসা করেন, নিরর্থক বিষয় নয়। তথাগতগণের নিরর্থক আলাপ সমূলে বিনষ্ট হয়েছে। বুদ্ধগণ দ্বিবিধ কারণে ভিক্ষুগণকে প্রশ্ন জিজ্ঞাসা করে থাকেন; যথা : (১) ধর্মোপদেশ প্রদান করব—এই উদ্দেশে; এবং (২) শ্রাবকদের জন্য শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করব—এই উদ্দেশে।

অনন্তর ভগবান বগ্গমুদা নদীতীরস্থ ভিক্ষুগণকে বললেন, হে ভিক্ষুগণ, কিভাবে তোমরা সকলে মিলেমিশে সন্তুষ্টচিত্তে বাদ-বিসম্বাদবিহীন হয়ে সুখে বর্ষাবাস অতিবাহিত করেছ? কেনই বা ভিক্ষান্ন সংগ্রহেও কোনোরূপ দুর্ভোগ পোহাতে হয়নি? অতঃপর সেই ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন। অতঃপর ভগবান বললেন, "হে ভিক্ষুগণ, সে সমস্ত তোমাদের মধ্যে বিদ্যমান আছে কি?" "হ্যাঁ ভগবান, আছে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত নিন্দনীয় বলে প্রকাশ করে বললেন, হে ভিক্ষুগণ, কী হেতু তোমরা উদর পূর্তির নিমিত্ত গৃহীদের নিকট পরস্পরের ধ্যান-বিমোক্ষাদির (উত্তরিমনুস্সধম্মং) কথা প্রকাশ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৬৯. "যো পন ভিক্খু অনুপসম্পন্নস্স উত্তরিমনুস্সধম্মং আরোচেয্য ভূতস্মিং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : ধ্যান-বিমোক্ষাদি স্বাধিকারে বিদ্যমান থাকা সত্ত্বেও তথাপি কোনো ভিক্ষু অনুপসম্পন্নের নিকট নিজের অধিকৃত ধ্যান-বিমোক্ষাদির কথা প্রকাশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৭০. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অনুপসম্পন্নো" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী ব্যতীত অবশিষ্ট সকলকেই অনুপসম্পন্ন বুঝায়।

"উত্তরিমনুস্সধম্মো" অর্থে ধ্যান, বিমোক্ষ, সমাধি, সমাপত্তি, জ্ঞানদর্শন, মার্গভাবনা, ফলসাক্ষাৎকরণ, ক্লেশপ্রহাণ, চিত্তের বিনীবরণতা এবং শূন্যাগারে অভিরুচি বুঝায়।

"ধ্যান" অর্থে প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান এবং চতুর্থ ধ্যান বুঝায়।

"বিমোক্ষ" অর্থে শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ এবং অপ্রণিহিত বিমোক্ষ বুঝায়।

"সমাধি" অর্থে শূন্যতা সমাধি, অনিমিত্ত সমাধি এবং অপ্রণিহিত সমাধি বুঝায়।

"সমাপত্তি" অর্থে শূন্যতা সমাপত্তি, অনিমিত্ত সমাপত্তি এবং অপ্রণিহিত সমাপত্তি বুঝায়।

"জ্ঞানদর্শন" অর্থে পূর্বনিবাসানুস্মৃতি জ্ঞান, চ্যুতি-উৎপত্তি জ্ঞান এবং আসবক্ষয় জ্ঞান—এই ত্রিবিদ্যাকে বুঝায়।

"মার্গভাবনা" অর্থে চারি সতিপট্ঠান, চারি সম্যক প্রধান, চারি ঋদ্ধিপাদ, পঞ্চেন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোজ্ঝাঙ্গ এবং আর্য অষ্টাঙ্গিক মার্গই অভিপ্রেত।

"ফলসাক্ষাৎকরণ" অর্থে স্রোতাপত্তিফল সাক্ষাৎকরণ, সকৃদাগামীফল সাক্ষাৎকরণ, অনাগামীফল সাক্ষাৎকরণ এবং অর্হত্ত্বফল সাক্ষাৎকরণকে বুঝায়।

"ক্লেশপ্রহাণ" অর্থে রাগের প্রহাণ (অপসারণ), দ্বেষের প্রহাণ এবং মোহের প্রহাণ বুঝায়।

"চিত্তের বিনীবরণতা" অর্থে রাগ হতে চিত্তকে মুক্ত রাখা, দ্বেষ হতে চিত্তকে মুক্ত রাখা এবং মোহ হতে চিত্তকে মুক্ত রাখা বুঝায়।

"শূন্যাগারে অভিরুচি" অর্থে প্রথম ধ্যানের মাধ্যমে শূন্যাগারে অভিরুচি, দ্বিতীয় ধ্যানের মাধ্যমে শূন্যাগারে অভিরুচি, তৃতীয় ধ্যানের মাধ্যমে শূন্যাগারে অভিরুচি এবং চতুর্থ ধ্যানের মাধ্যমে শূন্যাগারে অভিরুচি।

৭১. "আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান অধিগত করব' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান অধিগত করছি' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান অধিগত করেছি' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যানলাভী' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যানে অবস্থানকারী' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমার দ্বারা প্রথম ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি দ্বিতীয় ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি দ্বিতীয় ধ্যানলাভী, দ্বিতীয় ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা দ্বিতীয় ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি তৃতীয় ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি তৃতীয় ধ্যানলাভী, তৃতীয় ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা তৃতীয় ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি চতুর্থ ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি চতুর্থ ধ্যানলাভী, চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি শূন্যতা বিমোক্ষ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি শূন্যতা বিমোক্ষলাভী, শূন্যতা বিমোক্ষে অবস্থানকারী অথবা আমার দ্বারা শূন্যতা বিমোক্ষ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি অনিমিত্ত বিমোক্ষ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি অনিমিত্ত বিমোক্ষলাভী, অনিমিত্ত বিমোক্ষে অবস্থানকারী অথবা আমার দ্বারা অনিমিত্ত বিমোক্ষ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি অপ্রণিহিত বিমোক্ষ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি অপ্রণিহিত বিমোক্ষলাভী, অপ্রণিহিত বিমোক্ষে অবস্থানকারী অথবা আমার দ্বারা অপ্রণিহিত বিমোক্ষ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি শূন্যতা সমাধি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি শূন্যতা সমাধিলাভী, শূন্যতা সমাধিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা শূন্যতা সমাধি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি অনিমিত্ত সমাধি অধিগত

Visit: http://www.buddhistdownload.com

করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি অনিমিত্ত সমাধিলাভী, অনিমিত্ত সমাধিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা অনিমিত্ত সমাধি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি অপ্রণিহিত সমাধি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি অপ্রণিহিত সমাধিলাভী, অপ্রণিহিত সমাধিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা অপ্রণিহিত সমাধি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি শূন্যতা সমাপত্তি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি শূন্যতা সমাপত্তিলাভী, শূন্যতা সমাপত্তিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা শূন্যতা সমাপত্তি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি অনিমিত্ত সমাপত্তি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি অনিমিত্ত সমাপত্তিলাভী, অনিমিত্ত সমাপত্তিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা অনিমিত্ত সমাপত্তি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি অপ্রণিহিত সমাপত্তি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি অপ্রণিহিত সমাপত্তিলাভী, অপ্রণিহিত সমাপত্তিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা অপ্রণিহিত সমাপত্তি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি ত্রিবিদ্যা অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা ত্রিবিদ্যালাভী, ত্রিবিদ্যায় অবস্থানকারী অথবা আমার দ্বারা ত্রিবিদ্যা সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি চারি সতিপট্ঠান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি চারি সতিপট্ঠানলাভী, চারি সতিপট্ঠানে অবস্থানকারী অথবা আমার দ্বারা চারি সতিপট্ঠান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি চারি সম্যক প্রধান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি চারি সম্যক প্রধানলাভী, চারি সম্যক প্রধানে অবস্থানকারী অথবা আমার দ্বারা চারি সম্যক প্রধান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি চারি ঋদ্ধিপাদ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি চারি ঋদ্ধিপাদলাভী, চারি ঋদ্ধিপাদে অবস্থানকারী অথবা আমার দ্বারা চারি ঋদ্ধিপাদ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ

Visit: http://www.buddhistdownload.com

হয়।

"আরোচেয্য" বলতে 'আমি পঞ্চেন্দ্রিয়, পঞ্চবল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি পঞ্চবললাভী, পঞ্চবলে অবস্থানকারী অথবা আমার দ্বারা পঞ্চবল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি সপ্ত বোজ্ঝাঙ্গ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি সপ্ত বোজ্ঝাঙ্গলাভী, সপ্ত বোজ্ঝাঙ্গে অবস্থানকারী অথবা আমার দ্বারা সপ্ত বোজ্ঝাঙ্গ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি আর্য অষ্টাঙ্গিক মার্গ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি আর্য অষ্টাঙ্গিক মার্গলাভী, আর্য অষ্টাঙ্গিক মার্গে অবস্থানকারী অথবা আমার দ্বারা আর্য অষ্টাঙ্গিক মার্গ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি স্রোতাপত্তিফল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি স্রোতাপত্তিফললাভী, স্রোতাপত্তিফলে অবস্থানকারী অথবা আমার দ্বারা স্রোতাপত্তিফল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি সকৃদাগামীফল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি সকৃদাগামীফললাভী, সকৃদাগামীফলে অবস্থানকারী অথবা আমার দ্বারা সকৃদাগামীফল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি অনাগামীফল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি অনাগামীফললাভী, অনাগামীফলে অবস্থানকারী অথবা আমার দ্বারা অনাগামীফল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি অর্হত্ত্বফল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি অর্হত্ত্বফললাভী, অর্হত্ত্বফলে অবস্থানকারী অথবা আমার দ্বারা অর্হত্ত্বফল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমার রাগ বর্জিত, পরিত্যক্ত, মুক্ত, প্রহীণ এবং নিক্ষিপ্ত হয়েছে' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমার দ্বেষ বর্জিত, পরিত্যক্ত, মুক্ত, প্রহীণ এবং নিক্ষিপ্ত হয়েছে' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমার মোহ বর্জিত, পরিত্যক্ত, মুক্ত, প্রহীণ এবং নিক্ষিপ্ত হয়েছে' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

"আরোচেয্য" বলতে 'আমার চিত্ত রাগমুক্ত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমার চিত্ত দ্বেষমুক্ত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমার চিত্ত মোহমুক্ত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি শূন্যাগারে প্রথম ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি শূন্যাগারে প্রথম ধ্যানলাভী, শূন্যাগারে প্রথম ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা শূন্যাগারে প্রথম ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি শূন্যাগারে দ্বিতীয় ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি শূন্যাগারে দ্বিতীয় ধ্যানলাভী, শূন্যাগারে দ্বিতীয় ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা শূন্যাগারে দ্বিতীয় ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি শূন্যাগারে তৃতীয় ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি শূন্যাগারে তৃতীয় ধ্যানলাভী, শূন্যাগারে তৃতীয় ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা শূন্যাগারে তৃতীয় ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি শূন্যাগারে চতুর্থ ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি শূন্যাগারে চতুর্থ ধ্যানলাভী, শূন্যাগারে চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা শূন্যাগারে চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

৭২. "আরোচেয্য" বলতে 'আমি প্রথম ও দ্বিতীয় ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ও দ্বিতীয় ধ্যানলাভী, প্রথম ও দ্বিতীয় ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ও দ্বিতীয় ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ও তৃতীয় ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ও তৃতীয় ধ্যানলাভী, প্রথম ও তৃতীয় ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ও তৃতীয় ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ও চতুর্থ ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ও চতুর্থ ধ্যানলাভী, প্রথম ও চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ও চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান ও শূন্যতা বিমোক্ষ অধিগত করব,

Visit: http://www.buddhistdownload.com

অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও শূন্যতা বিমোক্ষলাভী, প্রথম ধ্যান ও শূন্যতা বিমোক্ষে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও শূন্যতা বিমোক্ষ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও অনিমিত্ত বিমোক্ষ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও অনিমিত্ত বিমোক্ষলাভী, প্রথম ধ্যান ও অনিমিত্ত বিমোক্ষে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও অনিমিত্ত বিমোক্ষ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও অপ্রণিহিত বিমোক্ষ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও অপ্রণিহিত বিমোক্ষলাভী, প্রথম ধ্যান ও অপ্রণিহিত বিমোক্ষে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও অপ্রণিহিত বিমোক্ষ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও শূন্যতা সমাধি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও শূন্যতা সমাধিলাভী, প্রথম ধ্যান ও শূন্যতা সমাধিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও শূন্যতা সমাধি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও অনিমিত্ত সমাধি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও অনিমিত্ত সমাধিলাভী, প্রথম ধ্যান ও অনিমিত্ত সমাধিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও অনিমিত্ত সমাধি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও অপ্রণিহিত সমাধি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও অপ্রণিহিত সমাধিলাভী, প্রথম ধ্যান ও অপ্রণিহিত সমাধিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও অপ্রণিহিত সমাধি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান ও শূন্যতা সমাপত্তি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও শূন্যতা সমাপত্তিলাভী, প্রথম ধ্যান ও শূন্যতা সমাপত্তিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও শূন্যতা সমাপত্তি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও অনিমিত্ত সমাপত্তি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও অনিমিত্ত সমাপত্তিলাভী, প্রথম ধ্যান ও অনিমিত্ত সমাপত্তিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও অনিমিত্ত সমাপত্তি সাক্ষাৎকৃত' এভাবে

Visit: http://www.buddhistdownload.com

অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও অপ্রণিহিত সমাপত্তি অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও অপ্রণিহিত সমাপত্তিলাভী, প্রথম ধ্যান ও অপ্রণিহিত সমাপত্তিতে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও অপ্রণিহিত সমাপত্তি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান ও ত্রিবিদ্যা অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও ত্রিবিদ্যালাভী, প্রথম ধ্যান ও ত্রিবিদ্যায় অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও ত্রিবিদ্যা সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান ও চারি সতিপট্ঠান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও চারি সতিপট্ঠানলাভী, প্রথম ধ্যান ও চারি সতিপট্ঠানে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও চারি সতিপট্ঠান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও চারি সম্যক প্রধান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও চারি সম্যক প্রধানলাভী, প্রথম ধ্যান ও চারি সম্যক প্রধানে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও চারি সম্যক প্রধান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও চারি ঋদ্ধিপাদ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও চারি ঋদ্ধিপাদলাভী, প্রথম ধ্যান ও চারি ঋদ্ধিপাদে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও চারি ঋদ্ধিপাদ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান ও পঞ্চেন্দ্রিয় অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও পঞ্চেন্দ্রিয়লাভী. প্রথম ধ্যান ও পঞ্চেন্দ্রিয়ে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও পঞ্চেন্দ্রিয় সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও পঞ্চবল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও পঞ্চবললাভী. প্রথম ধ্যান ও পঞ্চবলে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও পঞ্চবল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান ও সপ্ত বোজ্ঝাঙ্গ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও সপ্ত বোজ্ঝাঙ্গলাভী,

Visit: http://www.buddhistdownload.com

প্রথম ধ্যান ও সপ্ত বোজ্ঝাঙ্গে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও সপ্ত বোজ্ঝাঙ্গ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান ও আর্য অষ্টাঙ্গিক মার্গ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও আর্য অষ্টাঙ্গিক মার্গলাভী, প্রথম ধ্যান ও আর্য অষ্টাঙ্গিক মার্গে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও আর্য অষ্টাঙ্গিক মার্গ সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান ও স্রোতাপত্তিফল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও স্রোতাপত্তি ফললাভী, প্রথম ধ্যান ও স্রোতাপত্তিফলে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও স্রোতাপত্তিফল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও সকৃদাগামীফল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও সকৃদাগামীফললাভী, প্রথম ধ্যান ও সকৃদাগামীফলে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও সকৃদাগামীফল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও অনাগামীফল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও অনাগামীফললাভী, প্রথম ধ্যান ও অনাগামীফলে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও অনাগামীফল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান ও অর্হত্ত্বফল অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি প্রথম ধ্যান ও অর্হত্ত্বফললাভী, প্রথম ধ্যান ও অর্হত্ত্বফলে অবস্থানকারী অথবা আমার দ্বারা প্রথম ধ্যান ও অর্হত্ত্বফল সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি ও আমার রাগ বর্জিত, পরিত্যাক্ত, মুক্ত, প্রহীণ এবং নিক্ষিপ্ত হয়েছে' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি ও আমার দ্বেষ বর্জিত, পরিত্যাক্ত, মুক্ত, প্রহীণ এবং নিক্ষিপ্ত হয়েছে' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি প্রথম ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি ও আমার মোহ বর্জিত, পরিত্যাক্ত, মুক্ত, প্রহীণ এবং নিক্ষিপ্ত হয়েছে' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

৭৩. "আরোচেয্য" বলতে 'আমি দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী, দ্বিতীয় ও তৃতীয় ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। 'আমি দ্বিতীয় ও চতুর্থ ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি দ্বিতীয় ধ্যান ও চতুর্থ ধ্যানলাভী, দ্বিতীয় ও চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা দ্বিতীয় ধ্যান ও চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি দ্বিতীয় ধ্যান ও শূন্যতা বিমোক্ষ অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি দ্বিতীয় ধ্যান ও শূন্যতা বিমোক্ষলাভী, দ্বিতীয় ধ্যান ও শূন্যতা বিমোক্ষে অবস্থানকারী অথবা আমার দ্বারা দ্বিতীয় ধ্যান ও শূন্যতা বিমোক্ষ সাক্ষাৎকৃত এবং আমার চিত্ত মোহমুক্ত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি দ্বিতীয় ও প্রথম ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমি দ্বিতীয় ও প্রথম ধ্যানলাভী, দ্বিতীয় ও প্রথম ধ্যানে অবস্থানকারী অথবা আমার দ্বারা দ্বিতীয় ধ্যান ও প্রথম ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

মূল সংক্ষিপ্ত

"আরোচেয্য" বলতে 'আমার চিত্ত মোহ হতে মুক্ত এবং আমি প্রথম ধ্যান অধিগত করব, অধিগত করছি, অধিগত করেছি অথবা আমার চিত্ত মোহ হতে মুক্ত এবং আমি প্রথম ধ্যানলাভী, প্রথম ধ্যানে অবস্থানকারী অথবা আমার চিত্ত মোহ হতে মুক্ত এবং আমার দ্বারা প্রথম ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। (পূর্ববৎ)

"আরোচেয্য" বলতে 'আমার চিত্ত মোহ ও দ্বেষ হতে মুক্ত' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। (পূর্ববৎ)

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান, শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ, অপ্রণিহিত বিমোক্ষ, শূন্যতা সমাধি, অনিমিত্ত সমাধি, অপ্রণিহিত সমাধি, শূন্যতা সমাপত্তি, অনিমিত্ত সমাপত্তি, অপ্রণিহিত সমাপত্তি, ত্রিবিদ্যা, চারি সতিপট্ঠান, চারি সম্যক প্রধান, চারিঋদ্ধিপাদ, পঞ্চইন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোজ্ঝাঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ, স্রোতাপত্তিফল, সকৃদাগামীফল, অনাগামীফল ও অর্হত্ত্বফল অধিগত করব,

Visit: http://www.buddhistdownload.com

অধিগত করছি, অধিগত করেছি ... আমার রাগ, দ্বেষ, মোহ বর্জিত, পরিত্যাক্ত, মুক্ত, প্রহীণ ও নিক্ষিপ্ত হয়েছে' এভাবে অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

৭৪. "আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান অধিগত করব' অথচ 'আমি দ্বিতীয় ধ্যান অধিগত করব' এভাবে বলতে ইচ্ছুক হয়ে অনুসম্পন্নকে বললে, যাকে বলে সে বুঝলে পাচিত্তিয়; আর না বুঝলে দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান অধিগত করব' অথচ 'আমি তৃতীয় ধ্যান ... চতুর্থ ধ্যান, শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ, অপ্রণিহিত বিমোক্ষ, শূন্যতা সমাধি, অনিমিত্ত সমাধি, অপ্রণিহিত সমাধি, শূন্যতা সমাপত্তি, অনিমিত্ত সমাপত্তি, অপ্রণিহিত সমাপত্তি, ত্রিবিদ্যা, চারি সতিপট্ঠান, চারি সম্যক প্রধান, চারি ঋদ্ধিপাদ, পঞ্চেন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোজ্ঝাঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ, স্রোতাপত্তিফল, সকৃদাগামীফল, অনাগামীফল ও অর্হত্ত্বফল অধিগত করব ... আমার রাগ, দ্বেষ ও মোহ বর্জিত, পরিত্যাক্ত, মুক্ত, প্রহীণ ও নিক্ষিপ্ত হয়েছে' এভাবে বলতে ইচ্ছুক হয়ে অনুপসম্পন্নকে বললে, যাকে বলে সে বুঝলে পাচিত্তিয়; আর না বুঝলে দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি দ্বিতীয় ধ্যান অধিগত করব' অথচ 'আমি তৃতীয় ধ্যান অধিগত করব ... আমার চিত্ত মোহ হতে মুক্ত' এভাবে বলতে ইচ্ছুক হয়ে অনুসম্পন্নকে বললে, যাকে বলে সে বুঝলে পাচিত্তিয়; আর না বুঝলে দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'আমি দ্বিতীয় ধ্যান অধিগত করব' অথচ 'আমি প্রথম ধ্যান অধিগত করব' এভাবে বলতে ইচ্ছুক হয়ে অনুসম্পন্নকে বললে, যাকে বলে সে বুঝলে পাচিত্তিয়; আর না বুঝলে দুক্কট অপরাধ হয়। (অবশিষ্ট পূর্ববৎ)

মূল সংক্ষিপ্ত

"আরোচেয্য" বলতে 'আমার চিত্ত মোহ হতে মুক্ত' অথচ 'আমি প্রথম ধ্যান অধিগত করব' এভাবে বলতে ইচ্ছুক হয়ে অনুপসম্পন্নকে বললে, যাকে বলে সে বুঝলে পাচিত্তিয়; আর না বুঝলে দুক্কট অপরাধ হয়। (অবশিষ্ট পূর্ববৎ)

"আরোচেয্য" বলতে 'আমার চিত্ত মোহ হতে মুক্ত' অথচ 'আমার চিত্ত দ্বেষ হতে মুক্ত' এভাবে বলতে ইচ্ছুক হয়ে অনুপসম্পন্নকে বললে, যাকে বলে সে বুঝলে পাচিত্তিয়; আর না বুঝলে দুক্কট অপরাধ হয়। (অবশিষ্ট পূর্ববৎ)

"আরোচেয্য" বলতে 'আমি প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান ... আমার চিত্ত দ্বেষ হতে মুক্ত' অথচ 'আমার চিত্ত মোহ হতে মুক্ত'

Visit: http://www.buddhistdownload.com

এভাবে বলতে ইচ্ছুক হয়ে অনুসম্পন্নকে বললে, যাকে বলে সে বুঝলে পাচিত্তিয়; আর না বুঝলে দুক্কট অপরাধ হয়। (অবশিষ্ট পূর্ববৎ)

"আরোচেয্য" বলতে 'আমি দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান ... আমার চিত্ত মোহ হতে মুক্ত' অথচ 'আমি প্রথম ধ্যান অধিগত করব' এভাবে বলতে ইচ্ছুক হয়ে অনুপসম্পন্নকে বললে, যাকে বলে সে বুঝলে পাচিত্তিয়; আর না বুঝলে, দুক্কট অপরাধ হয়। (অবশিষ্ট পূর্ববৎ)

৭৫. "আরোচেয্য" বলতে 'যিনি তোমার বিহারে অবস্থান করবেন, সেই ভিক্ষু প্রথম ধ্যান অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষু প্রথম ধ্যানলাভী, প্রথম ধ্যানে অবস্থানকারী অথবা সেই ভিক্ষুকর্তৃক প্রথম ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'যিনি তোমার বিহারে অবস্থান করবেন, সেই ভিক্ষু দ্বিতীয় ধ্যান ... তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষু চতুর্থ ধ্যানলাভী, চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা সেই ভিক্ষুকর্তৃক চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'যিনি তোমার বিহারে অবস্থান করবেন, সেই ভিক্ষু শূন্যতা বিমোক্ষ ... অনিমিত্ত বিমোক্ষ, অপ্রণিহিত বিমোক্ষ, শূন্যতা সমাধি, অনিমিত্ত সমাধি, অপ্রণিহিত সমাধি অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষু অপ্রণিহিত সমাধিলাভী, অপ্রণিহিত সমাধিতে অবস্থানকারী অথবা সেই ভিক্ষুকর্তৃক অপ্রণিহিত সমাধি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'যিনি তোমার বিহারে অবস্থান করবেন, সেই ভিক্ষু শূন্যতা সমাপত্তি ... অনিমিত্ত সমাপত্তি, অপ্রণিহিত সমাপত্তি অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষু অপ্রণিহিত সমাধিলাভী, অপ্রণিহিত সমাধিতে অবস্থানকারী অথবা সেই ভিক্ষুকর্তৃক অপ্রণিহিত সমাধি সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'যিনি তোমার বিহারে অবস্থান করবেন, সেই ভিক্ষু ত্রিবিদ্যা ... চারি সতিপট্ঠান, চারি সম্যক প্রধান, চারি ঋদ্ধিপাদ, পঞ্চেন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোজ্ঝাঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ, স্রোতাপত্তিফল, সকৃদাগামীফল, অনাগামীফল, অর্হত্ত্বফল অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষুর রাগ, দ্বেষ, মোহ বর্জিত, পরিত্যাক্ত, মুক্ত, প্রহীণ এবং নিক্ষিপ্ত হয়েছে অথবা সেই ভিক্ষুর চিত্ত রাগ হতে মুক্ত, দ্বেষ হতে মুক্ত, মোহ

Visit: http://www.buddhistdownload.com

হতে মুক্ত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'যিনি তোমার বিহারে অবস্থান করবেন, সেই ভিক্ষু শূন্যাগারে প্রথম ধ্যান ... দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান, চতুর্থ ধ্যান অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষু শূন্যাগারে চতুর্থ ধ্যানলাভী, শূন্যাগারে চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা সেই ভিক্ষুকর্তৃক শূন্যাগারে চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'যিনি তোমার চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলান-প্রত্যয়-ভৈষজ্যাদি পরিভোগ করেছিলেন, সেই ভিক্ষু শূন্যাগারে চতুর্থ ধ্যান অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষু শূন্যাগারে চতুর্থ ধ্যানলাভী, শূন্যাগারে চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা সেই ভিক্ষুকর্তৃক শূন্যাগারে চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

৭৬. "আরোচেয্য" বলতে 'যাঁর দ্বারা তোমার বিহার, চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলান-প্রত্যয়-ভৈষজ্যাদি পরিভুক্ত হয়েছে, সেই ভিক্ষু শূন্যাগারে চতুর্থ ধ্যান অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষু শূন্যাগারে চতুর্থ ধ্যানলাভী, শূন্যাগারে চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা সেই ভিক্ষুকর্তৃক শূন্যাগারে চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

"আরোচেয্য" বলতে 'তুমি এসে যাঁকে বিহার, চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলান-প্রত্যয়-ভৈষজ্যাদি দান করেছিলে, সেই ভিক্ষু শূন্যাগারে চতুর্থ ধ্যান অধিগত করবেন, অধিগত করছেন, অধিগত করেছেন অথবা সেই ভিক্ষু শূন্যাগারে চতুর্থ ধ্যানলাভী, শূন্যাগারে চতুর্থ ধ্যানে অবস্থানকারী অথবা সেই ভিক্ষুকর্তৃক শূন্যাগারে চতুর্থ ধ্যান সাক্ষাৎকৃত' এভাবে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়।

৭৭. **অনাপত্তি :** উপসম্পন্নকে ভূত (অধিগত) বিষয় বললে, কোনো অপরাধ হয় না এবং আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ভূতারোচন অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৯. দুট্ঠুল্লারোচন সিক্খাপদং

(দুট্ঠুল্ল আপত্তি প্রকাশ সম্পর্কীয় শিক্ষাপদ)

৭৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ ষড়বর্গীয় ভিক্ষুগণের সাথে প্রায়শ বাদানুবাদে রত হতেন। একদিন তিনি শুক্রমোচন আপত্তিগ্রস্ত হয়ে সেই আপত্তি প্রতিকার মানসে সংঘের নিকট পরিবাস প্রার্থনা করলেন। সুতরাং সংঘ তাঁকে সেই আপত্তি প্রতিকারের জন্য পরিবাস দিল।

সে সময়ে শ্রাবস্তীতে অন্যতর এক বণিক দলকর্তৃক সংঘের উদ্দেশে খাদ্য-ভোজ্যাদি দান করা হচ্ছিল। তিনি পারিবাসিক অবস্থায় নিমন্ত্রিত ভোজন স্থানে অন্তিম আসনে উপবেশন করলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ সেই উপাসকদের এভাবে বললেন, "আপনাদের দ্বারা পূজিত এই আবুসো শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ অন্নের নিমিত্ত গৃহস্থ পরিবারে সদা-যাতায়াতকারী, যেই হাত দিয়ে শ্রদ্ধাপ্রদত্ত আহার ভোজন করছেন, সেই হাত দিয়ে উপক্রম করে অশুচি মোচন করেছিলেন। তিনি সজ্ঞানে শুক্রমোচন আপত্তিগ্রস্ত হয়ে সেই আপত্তি প্রতিকারের জন্য সংঘের নিকট পরিবাস প্রার্থনা করেছিলেন। সুতরাং সংঘ তাকে পরিবাস দিয়েছিল। এখন তিনি পারিবাসিক অবস্থায় অন্তিম আসনে উপবিষ্ট হয়েছেন।"

ষড়বর্গীয় ভিক্ষুদের এমন কুটোক্তি শুনে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্য ভিক্ষুর দুট্ঠূল্ল (সাংঘাদিশেষাদি) আপত্তি সম্পর্কে অনুসম্পন্নকে বলবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ষড়বর্গীয় ভিক্ষুদের নানাভাবে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অন্য ভিক্ষুর দুট্ঠূল্ল আপত্তি সম্পর্কে অনুপসম্পন্নকে বলেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, "মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অন্য ভিক্ষুর দুট্ঠূল্ল আপত্তি সম্পর্কে অনুপসম্পন্নকে বলবে?" এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

৭৯. "যো পন ভিক্খু ভিক্খুস্স দুট্ঠুল্লং আপত্তিং অনুপসম্পন্নস্স আরোচেয্য অঞ্ঞত্র ভিক্খুসম্মুতিযা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : ভিক্ষুর সম্মতি ব্যতীত কোনো ভিক্ষু অন্য ভিক্ষুর দুট্ঠুল্ল (পারাজিকা ও সাংঘাদিশেষ) আপত্তি সম্পর্কে অনুপসম্পন্নকে বললে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৮০. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুস্স" বলতে অন্য ভিক্ষুর বুঝায়।

"দুট্ঠুল্লাপত্তি" অর্থে চতুর্বিধ পারাজিকা ও তের প্রকার সাংঘাদিশেষ আপত্তিকে বুঝায়।

"অনুপসম্পন্নো" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী ব্যতীত অবশিষ্ট সকলকেই অনুপসম্পন্ন বুঝায়।

"আরোচেয্য" বলতে স্ত্রী, পুরুষ, গৃহস্থ অথবা প্রব্রজ্জিত শ্রামণকে বললে।

"অঞ্ঞত্র ভিক্খু সম্মুতিযা" বলতে আপত্তিগ্রস্ত ভিক্ষুর সম্মতি ব্যতীত।

'আপত্তি-পরিমাণ' ভিক্ষুর সম্মতি আছে কিন্তু 'কুল-পরিমাণ' নেই। 'কুল-পরিমাণ' ভিক্ষুর সম্মতি আছে কিন্তু 'আপত্তি-পরিমাণ' নেই। 'আপত্তি-পরিমাণ ও কুল-পরিমাণ' উভয়ই ভিক্ষুর সম্মতি আছে। 'আপত্তি-পরিমাণও নেই, কুল-পরিমাণও নেই' ভিক্ষুর সম্মতি।

"আপত্তি-পরিমাণ" অর্থে আপত্তিগুলো সম্পর্কে বলার অনুমতি প্রাপ্ত হওয়া; যথা : 'এই এই আপত্তি সম্পর্কে খুলে বলতে পারবে।'

"কুল-পরিমাণ" অর্থে কুলসমূহে বলার অনুমতি প্রাপ্ত হওয়া; যথা : 'এই এই কুলের নিকট খুলে বলতে পারবে।'

"আপত্তি-পরিমাণ ও কুল পরিমাণ" অর্থে আপত্তিগুলো সম্পর্কে বলার অনুমতি প্রাপ্ত হওয়া এবং কুলসমূহে বলার অনুমতি প্রাপ্ত হওয়া; যথা : 'এই এই আপত্তি সম্পর্কে ও এই এই কুলের নিকট খুলে বলতে পারবে।'

"আপত্তি-পরিমাণও নেই, কুল পরিমাণও নেই" অর্থে আপত্তিগুলো সম্পর্কে বলার অনুমতি প্রাপ্ত না হওয়া এবং কুলসমূহে বলার অনুমতি প্রাপ্ত না হওয়া; যথা : 'এই এই আপত্তি সম্পর্কে ও এই এই কুলের নিকট খুলে বলতে পারবে।"

৮১. আপত্তিগুলো সম্পর্কে বলার অনুমতি প্রাপ্ত হওয়া সত্ত্বেও যেই যেই আপত্তি সম্পর্কে বলার অনুমতি প্রাপ্ত হয়েছে, সেই সেই আপত্তি ব্যতীত

Visit: http://www.buddhistdownload.com

অন্যান্য আপত্তি সম্পর্কে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

কুলসমূহে বলার অনুমতি প্রাপ্ত হওয়া সত্ত্বেও যেই যেই কুলে বলার অনুমতি প্রাপ্ত হয়েছে, সেই সেই কুল ব্যতীত অন্যান্য কুলের নিকট বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

আপত্তিগুলো সম্পর্কে বলার অনুমতি প্রাপ্ত হওয়া সত্ত্বেও যেই যেই আপত্তি সম্পর্কে বলার অনুমতি প্রাপ্ত হয়েছে, সেই সেই আপত্তি ব্যতীত এবং যেই যেই কুলের নিকট বলার অনুমতি প্রাপ্ত হয়েছে, সেই সেই কুল ব্যতীত অন্যান্য আপত্তি সম্পর্কে এবং অন্যান্য কুলের নিকট বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

আপত্তিগুলো সম্পর্কে বলার অনুমতি প্রাপ্ত না হলে এবং কুলসমূহের নিকট বলার অনুমতি প্রাপ্ত না হলে, কোনো অপরাধ হয় না।

৮২. দুট্ঠুল্লাপত্তিকে দুট্ঠুল্লাপত্তি ধারণায় ভিক্ষুর সম্মতি ব্যতীত অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। দুট্ঠুল্লাপত্তিকে 'দুট্ঠুল্লাপত্তি কি না' সন্দেহবশত ভিক্ষুর সম্মতি ব্যতীত অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। দুট্ঠুলাপত্তিকে অদুট্ঠুল্লাপত্তি ধারণায় ভিক্ষুর সম্মতি ব্যতীত অনুপসম্পন্নকে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। অদুট্ঠুল্লাপত্তি সম্পর্কে বললে, দুক্কট অপরাধ হয়।

দুট্ঠুল্লা, অদুট্ঠুল্লা বা অসদাচরণ (অজ্ঝাচরং) যেকোনোটি সম্পর্কে অনুপসম্পন্নকে বললে, দুক্কট অপরাধ হয়। অদুট্ঠুল্লাপত্তিকে দুট্ঠুল্লাপত্তি ধারণায় দুক্কট অপরাধ হয়। অদুট্ঠুল্লাপত্তিকে 'দুট্ঠুল্লাপত্তি কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অদুট্ঠুল্লাপত্তিকে অদুট্ঠুল্লাপত্তি ধারণায় কোনো অপরাধ হয় না।

৮৩. **অনাপত্তি :** আপত্তি না বলে বিষয় (বত্থু) বলা, বিষয় না বলে আপত্তি বলা, ভিক্ষুর সম্মতি নিলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দুট্ঠুল্লারোচন নবম শিক্ষাপদ সমাপ্ত]

১০. পথবী খণন সিক্খাপদং

(ভূমি খনন সম্পর্কীয় শিক্ষাপদ)

৮৪. সে সময়ে বুদ্ধ ভগবান আলবিতে অগ্গালব চৈত্যে অবস্থান করছিলেন। তখন অরণ্যবাসী ভিক্ষুগণ নবকর্ম করার সময় ভূমি (মাটি) খনন করতে লাগলেন এবং অপরের মাধ্যমে করাতে লাগলেন। (ইহা দেখে) লোকেরা এই

Visit: http://www.buddhistdownload.com

বলে আন্দোলন, নিন্দা এবং প্রকাশ্যে দুর্নাম করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রামণগণ ভূমি খনন করবেন বা করাবেন? কেনই বা শাক্যপুত্রীয় শ্রামণগণ একীন্দ্রিয় জীবকে উৎপীড়ন করছেন?"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের আন্দোলন, নিন্দা এবং প্রকাশ্যে দুর্নাম শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে আন্দোলন, নিন্দা এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন অরণ্যবাসী ভিক্ষুগণ ভূমি খনন করবে বা করাবে?" তৎপর ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে, এই প্রকরণে ভিক্ষু সংঘকে সমবেত করিয়ে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভূমি খনন করছ বা করাচ্ছো? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান তা অত্যন্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভূমি খনন করবে বা করাবে? ভূমিতেও যে কত অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র একীন্দ্রিয় জীব আছে, এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৮৫. "যো পন ভিক্খু পথবিং খণেয্য বা খণাপেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভূমি (মাটি) খনন করলে বা করালে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৮৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"পথবী" অর্থে দুই প্রকার ভূমি (মাটি); যথা : জাতা ভূমি এবং অজাতা ভূমি।

"জাতা ভূমি" অর্থে শুদ্ধপাংশু, শুদ্ধমৃত্তিকা, অল্পপাথর, অল্পনুড়ি, অল্পচাঁড়া, অল্পশিলাগুটি, অল্পবালি, অধিকাংশ পাংশু এবং অধিকাংশ মৃত্তিকাসম্পন্ন অদগ্ধ ভূমিকেই 'জাতা ভূমি' বলা হয়। আবার চারিমাসাধিক কাল বৃষ্টির জলে ভিজে থাকে—এমন পাংশুপুঞ্জ অথবা মৃত্তিকাপুঞ্জকেও 'জাতা ভূমি' বলা হয়।

"অজাতা ভূমি" অর্থে শুদ্ধপাথর, শুদ্ধনুড়ি, শুদ্ধচাঁড়া, শুদ্ধশিলাগুটি, শুদ্ধবালি, অল্পপাংশু, অল্পমৃত্তিকা, অধিকাংশ পাথর, অধিকাংশ নুড়ি, অধিকাংশ বালিসম্পন্ন দগ্ধ ভূমিকেই 'অজাতা ভূমি' বলা হয়। আবার চারিমাসের কম

Visit: http://www.buddhistdownload.com

সময় বৃষ্টির জলে ভিজে থাকে—এমন পাংশুপুঞ্জ অথবা মৃত্তিকাপুঞ্জকেও 'অজাতা ভূমি' বলা হয়।

"খণেয্য" বলতে নিজে খনন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"খণাপেয্য" বলতে অপরের দ্বারা খনন করালে পাচিত্তিয় অপরাধ হয়। একবার মাত্র আদেশ দিয়ে বহুবার খনন করলেও একটি মাত্র পাচিত্তিয় অপরাধ হয়।

৮৭. ভূমিকে ভূমি ধারণায় খনন করলে বা করালে, ভাঙলে বা ভাঙালে, দগ্ধ করলে বা করালে, পাচিত্তিয় অপরাধ হয়। ভূমিকে 'ভূমি কি না' সন্দেহবশত খনন করলে বা করালে, ভাঙলে বা ভাঙালে, দগ্ধ করলে বা করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

ভূমিকে অভূমি ধারণায় খনন করলে বা করালে, ভাঙলে বা ভাঙালে, দগ্ধ করলে বা করালে, কোনো অপরাধ হয় না। অভূমিকে ভূমি ধারণায় দুক্কট অপরাধ হয়। অভূমিকে 'ভূমি কি না' সন্দেহবশত খনন করলে বা করালে, ভাঙলে ও ভাঙালে, দগ্ধ করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। অভূমিকে অভূমি ধারণায় কোনো অপরাধ হয়।

৮৮. **অনাপত্তি :** "ইহা জান, ইহা লও, এই অর্থে ইহা আহরণ কর, ইহা কপ্পিয় কর"—এভাবে অনুদ্দেশে অনির্দিষ্ট কপ্পিয় বাক্যে বললে, কোনো অপরাধ হয় না এবং অজ্ঞ ব্যক্তির, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পথবী খণন দশম শিক্ষাপদ সমাপ্ত]

[মুসাবাদ বর্গ প্রথম]

তস্সুদ্দানং/স্মারক-গাথা

মিথ্যা, আক্রোশ, পিশুন, পদসো আর দুই সহশয়নে;
বিজ্ঞ বিনা ধর্মদেশনে, ভূতে, দুট্ঠুল্লাপত্তি খননে।

Visit: http://www.buddhistdownload.com

২. ভূতগাম (উদ্ভিদ) বর্গ

১. ভূতগাম সিক্খাপদং

(উদ্ভিদ ছেদন সম্পর্কীয় শিক্ষাপদ)

৮৯. সে সময়ে বুদ্ধ ভগবান আলবীতে অগ্গালব চৈত্যে অবস্থান করছিলেন। তখন অরণ্যবিহারী ভিক্ষুগণ নবকর্ম করার সময় বৃক্ষ ছেদন করতে লাগলেন এবং অপরের দ্বারা ছেদন করাতে লাগলেন। একদিন অন্যতর এক অরণ্যবিহারী ভিক্ষু যেই বৃক্ষটি ছেদন করছিলেন, সেই বৃক্ষে আশ্রিত দেবতা ভিক্ষুকে বলল, "ভন্তে, অনুগ্রহপূর্বক নিজের কুটির নির্মাণকামী হয়ে আমার কুটির ছেদন করবেন না।"

সেই ভিক্ষু তার কথায় মোটেও কর্ণপাত না করে বৃক্ষ ছেদন করতে লাগলেন এবং সেই যুব দেবতার বাহুতে সজোরে আঘাত করতে লাগলেন। তখন সেই দেবতার মনে এই চিন্তা উদিত হলো—"এখন আমি এই ভিক্ষুকে এখানেই হত্যা করব।" পুনরায় আবার সেই দেবতার এই চিন্তা উদিত হলো—"না, এই ভিক্ষুকে এখানেই জীবিত হত্যা করা উচিত হবে না। এখন আমি ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করব।"

অনন্তর সেই দেবতা যথায় ভগবান তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন। বিস্তারিত শুনে ভগবান বললেন, সাধু, সাধু, দেবতে, তুমি যে সেই ভিক্ষুকে জীবিত হত্যা করোনি, তা অত্যন্ত উত্তম কাজ করেছ। অদ্য তুমি যদি সেই ভিক্ষুকে জীবিত হত্যা করতে তাহলে বহু অপুণ্য প্রসব করতে। দেবতে, তুমি অমুক প্রশস্ত জায়গায় এক নির্জন বৃক্ষ আছে তথায় গমন কর।"

অতঃপর লোকেরা বিষয়টি শোনার পর এই বলে আন্দোলন, নিন্দা এবং প্রকাশ্যে দুর্নাম করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ বৃক্ষ ছেদন করবে বা করাবে?" ভিক্ষুগণ সেই লোকদের আন্দোলন, নিন্দা এবং প্রকাশ্যে দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন অরণ্যবাসী ভিক্ষুগণ নিজে বৃক্ষ ছেদন করবে বা অপরের দ্বারা ছেদন করাবে?" অতঃপর ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা

Visit: http://www.buddhistdownload.com

নাকি বৃক্ষ নিজে ছেদন করছ বা অপরের দ্বারা ছেদন করাচ্ছো?" "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা নিতান্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা বৃক্ষ ছেদন করবে বা করাবে? বৃক্ষেও যে বহু ক্ষুদ্র ক্ষুদ্র একীন্দ্রিয় জীব আছে, এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৯০. "ভূতগামপাতব্যতায পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : উদ্ভিদ জাতীয় বৃক্ষ-লতাদি ছেদন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৯১. "ভূতগাম" অর্থে পাঁচ প্রকার বীজ তথা বৃক্ষ; যথা : মূলবীজ, স্কন্ধবীজ, ফলুবীজ, অগ্রবীজ এবং বীজবীজ—এই পাঁচ প্রকার বীজ।

"মূলবীজ" অর্থে হরিদ্রা, আদা, বচা[১], অতিবিসা[২], কুটকরোহিনী[৩], উসীর[৪], ভদ্রমুত্তক[৫] ইত্যাদি যেগুলো মূল বা শিখড় হতে উৎপন্ন হয়, সেগুলোকেই মূলবীজ বুঝায়।

"স্কন্ধবীজ" অর্থে অশ্বথ, নিগ্রোধ, পিলক্ষো[৬], উদুম্বর[৭], কপিত্থনো[৮] ইত্যাদি যেগুলো স্কন্ধ বা ডাল হতে উৎপন্ন বা অঙ্কুরিত হয়, সেগুলোকেই স্কন্ধবীজ বুঝায়।

"ফলুবীজ" অর্থে ইক্ষু, বাঁশ, নল ইত্যাদি যেগুলো পর্বের বা কাণ্ডের গ্রন্থি হতে অঙ্কুরিত হয়, সেগুলোকেই ফলুবীজ বুঝায়।

"অগ্রবীজ" অর্থে অজ্জুক[৯], হ্রীবের[১০] ইত্যাদি যেগুলো অগ্র বা আগা হতে

---

[১]. একজাতীয় পুষ্পবিশেষ।

[২]. একজাতীয় গাছ বা লতার ওষধবিশেষ।

[৩]. মাদিবা বা মাদিরা জাতীয় ওষধবিশেষ।

[৪]. সুগন্ধজাতীয় এক প্রকার জালি জালি ক্ষুদ্র ক্ষুদ্র শিকর, যা পর্দার ন্যায় তৈরি করে গ্রীষ্মকালে রৌদ্রতাপের আস্তরণস্বরূপ ঘরের দরজায় বা জানালায় ব্যবহার করা হয়।

[৫]. একপ্রকার সুগন্ধ ঘাস।

[৬]. তরঙ্গ পাতাযুক্ত ডুমুর বৃক্ষবিশেষ।

[৭]. একজাতীয় উদুম্বর ফলের বৃক্ষবিশেষ।

[৮]. একজাতীয় বন্যফলবিশেষ।

[৯]. একজাতীয় শ্বেততুলসী বা বাবুই তুলসীবিশেষ।

[১০]. এক জাতীয় স্বল্প সুগন্ধী হ্রীবেরবিশেষ।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন বা অঙ্কুরিত হয়, সেগুলোকেই অগ্রবীজ[১] বুঝায়।

"বীজবীজ" অর্থে ধান, গম, মুগ ইত্যাদি যেগুলো বীজ হতে উৎপন্ন হয়, সেগুলোকেই বীজবীজ বুঝায়।

৯২. বীজকে বীজ ধারণায় ছেদন করলে বা করালে, ভাঙলে বা ভাঙালে এবং পাক করলে বা করালে, পাচিত্তিয় অপরাধ হয়। বীজকে 'বীজ কি না' সন্দেহবশত ছেদন করলে বা করালে, ভাঙলে বা ভাঙালে এবং পাক করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। বীজকে অবীজ ধারণায় ছেদন করলে বা করালে, ভাঙলে বা ভাঙালে এবং পাক করলে বা করালে, কোনো অপরাধ হয় না। অবীজকে বীজ ধারণায় দুক্কট অপরাধ হয়। অবীজকে 'বীজ কি না' সন্দেহবশত ছেদন করলে বা করালে, ভাঙলে বা ভাঙালে এবং পাক করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। অবীজকে অবীজ ধারণায় কোনো অপরাধ হয় না।

৯৩. **অনাপত্তি :** 'ইহা জান, ইহা দাও, এই অর্থে ইহা আহরণ কর, ইহা কপ্পিয় কর'—এভাবে অনুদ্দেশে বা অনির্দিষ্ট কপ্পিয় বাক্যে বললে, কোনো অপরাধ হয় না এবং অজ্ঞ ব্যক্তির, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ভূতগাম প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

২. অঞ্ঞবাদক সিক্খাপদং

(আলোচ্য বিষয় এড়িয়ে চলা সম্পর্কীয় শিক্ষাপদ)

৯৪. সে সময়ে বুদ্ধ ভগবান কোসাম্বীতে ঘোষিতারামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান ছন্ন অনাচার আচরণ করার পর সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে তা গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এই বলে এড়িয়ে চলতে লাগলেন, "কে প্রাপ্ত হয়েছে? কী প্রাপ্ত হয়েছে? কীরূপে প্রাপ্ত হয়েছে? কখন প্রাপ্ত হয়েছে? কাকে বলছ? কী বলছ?" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান ছন্ন সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে তা গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এভাবে এড়িয়ে চলবেন—কে প্রাপ্ত হয়েছে? কী প্রাপ্ত হয়েছে? কীরূপে প্রাপ্ত হয়েছে? কখন প্রাপ্ত হয়েছে? কাকে বলছ? কী বলছ?" অতঃপর ভিক্ষুগণ

---

[১]. যে গাছের আগা কেটে রোপন করলে অঙ্কুরিত হয় এমন বৃক্ষবিশেষ।

Visit: http://www.buddhistdownload.com

আয়ুষ্মান ছন্নকে অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান ছন্নকে জিজ্ঞাসা করলেন, হে ছন্ন, ইহা কি সত্য যে, তুমি নাকি সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে তা গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এভাবে এড়িয়ে চলো—কে প্রাপ্ত হয়েছে? কী প্রাপ্ত হয়েছে? কীরূপে প্রাপ্ত হয়েছে? কখন প্রাপ্ত হয়েছে? কাকে বলছ? কী বলছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে তা গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এভাবে এড়িয়ে চলবে—কে প্রাপ্ত হয়েছে? কী প্রাপ্ত হয়েছে? কীরূপে প্রাপ্ত হয়েছে? কখন প্রাপ্ত হয়েছে? কাকে বলছ? কী বলছ? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। এভাবে অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করার পর ধর্মকথা উত্থাপনপূর্বক ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, সংঘ তাহলে ছন্ন ভিক্ষুকে 'অঞ্ঞবাদক' (স্বতন্ত্র মত পোষণকারী) হিসেবে অভিযুক্ত করুক। এভাবে অভিযুক্ত করতে হবে। দক্ষ ও সমর্থ ভিক্ষুকর্তৃক সংঘকে এভাবে প্রস্তাব জ্ঞাপন করাতে হবে :

৯৫. ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। এই ছন্ন ভিক্ষু সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে তা গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এড়িয়ে চলে স্বতন্ত্র মত পোষণ করেন। সংঘ যদি উচিত বোধ করেন, তাহলে সংঘ এই ছন্ন ভিক্ষুকে 'অঞ্ঞবাদক' হিসেবে অভিযুক্ত করতে পারেন। ইহাই জ্ঞাপ্তি।

ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। এই ছন্ন ভিক্ষু সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে তা গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এড়িয়ে চলে স্বতন্ত্র মত পোষণ করেন। সুতরাং সংঘ এই ছন্ন ভিক্ষুকে 'অঞ্ঞবাদক' হিসেবে অভিযুক্ত করছেন, যেই আয়ুষ্মান এই ছন্ন ভিক্ষুকে 'অঞ্ঞবাদক' হিসেবে অভিযুক্তকরণ উচিত বোধ করেন–তিনি নীরব থাকবেন। আর যিনি উচিত বোধ না করেন, তিনি তার বক্তব্য ভাষায় প্রকাশ করতে পারেন।

"সংঘকর্তৃক ছন্ন ভিক্ষুকে 'অঞ্ঞবাদক' হিসেবে অভিযুক্ত করা হয়েছে। তদ্ধেতু উপস্থিত সমগ্র সংঘ এই প্রস্তাব উচিত বোধ করেন বিধায় নীরব রয়েছেন—আমি এরূপ ধারণা করছি।"

Visit: http://www.buddhistdownload.com

তৎপর ভগবান আয়ুষ্মান ছন্নকে দুর্ভরতায় অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে বললেন, হে ছন্ন, কী হেতু তুমি সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে তা গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এড়িয়ে চলে স্বতন্ত্র পোষণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"অঞ্ঞবাদকে পাচিত্তিয"ন্তি

বঙ্গানুবাদ : সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হয়ে তা গোপন করার ইচ্ছায় স্বতন্ত্র মত পোষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৯৬. সে সময়ে আয়ুষ্মান ছন্ন সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে তা গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এড়িয়ে চলে, স্বতন্ত্র মত পোষণকালে 'আমি আপত্তি প্রাপ্ত হবো'—এই ভয়ে মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান ছন্ন সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিবেন? অতঃপর ভিক্ষুগণ আয়ুষ্মান ছন্নকে অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান ছন্নকে জিজ্ঞাসা করলেন, হে ছন্ন, ইহা কি সত্য যে, তুমি নাকি সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিচ্ছো? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নতা প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। এভাবে বিভিন্ন প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন :

হে ভিক্ষুগণ, সংঘ তাহলে ছন্ন ভিক্ষুকে 'বিহেসক' (দুঃখ প্রদানকারী) হিসেবে অভিযুক্ত করুক। এভাবে অভিযুক্ত করতে হবে। দক্ষ ও সমর্থ

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষুকর্তৃক সংঘকে এভাবে প্রস্তাব জ্ঞাপন করাতে হবে :

৯৭. ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। এই ছন্ন ভিক্ষু সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে মৌনভাবে থেকে সংঘকে দুঃখ প্রদান করছেন। সংঘ যদি উচিত বোধ করেন, তাহলে সংঘ এই ছন্ন ভিক্ষুকে 'বিহেসক' হিসেবে অভিযুক্ত করতে পারেন। ইহাই জ্ঞাপ্তি।

ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। এই ছন্ন ভিক্ষু সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে মৌনভাবে থেকে সংঘকে দুঃখ প্রদান করছেন। সুতরাং সংঘ ছন্ন ভিক্ষুকে 'বিহেসক' হিসেবে অভিযুক্ত করছেন। যেই আয়ুষ্মান এই ছন্ন ভিক্ষুকে 'বিহেসক' হিসেবে অভিযুক্তকরণ উচিত বোধ করেন–তিনি নীরব থাকবেন। আর যিনি উচিত বোধ না করেন, তিনি তার বক্তব্য ভাষায় প্রকাশ করতে পারেন।

"সংঘকর্তৃক এই ছন্ন ভিক্ষুকে 'বিহেসক' হিসেবে অভিযুক্ত করা হয়েছে। তদ্ধেতু উপস্থিত সমগ্র সংঘ এই প্রস্তাব উচিত বোধ করেন বিধায় নীরব রয়েছেন—আমি এরূপ ধারণা করছি।

তৎপর ভগবান আয়ুষ্মান ছন্নকে দুর্ভরতায় অনেক প্রকারে তিরষ্কার ভৎসনা করে বললেন, হে ছন্ন, কী হেতু তুমি সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে মৌনভাবে থেকে সংঘকে দুঃখ প্রদান করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৯৮. "অঞ্ঞবাদকে বিহেসকে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : সংঘমধ্যে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হয়ে স্বতন্ত্র মত পোষণ করলে অথবা মৌনভাবে থেকে সংঘকে দুঃখ প্রদান করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৯৯. "অঞ্ঞবাদকো" অর্থে যেই ভিক্ষু সংঘমধ্যে বিচারকার্য চলাকালে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে, যথাসত্য বলতে অনিচ্ছুক ও প্রকাশ করতে অনিচ্ছুক অর্থাৎ গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এভাবে এড়িয়ে চলে; যথা : কে প্রাপ্ত হয়েছে? কী প্রাপ্ত হয়েছে? কীরূপে প্রাপ্ত হয়েছে? কখন প্রাপ্ত হয়েছে? কাকে বলছ? কী বলছ?—এতাদৃশ ভিক্ষুকেই 'অঞ্ঞবাদকো' বুঝায়।

"বিহেসকো" অর্থে যেই ভিক্ষু সংঘমধ্যে বিচারকার্য চলাকালে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে যথাসত্য বলতে অনিচ্ছুক ও প্রকাশ করতে অনিচ্ছুক

Visit: http://www.buddhistdownload.com

অর্থাৎ গোপন করার ইচ্ছায় মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিয়ে থাকে, সেই ভিক্ষুকেই 'বিহেসক' বুঝায়।

১০০. 'অঞ্ঞবাদক' হিসেবে অভিযুক্ত হবার পূর্বে সংঘমধ্যে বিচারকার্য চলাকালে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে, যথাসত্য বলতে অনিচ্ছুক ও প্রকাশ করতে অনিচ্ছুক অর্থাৎ গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এড়িয়ে চলে এভাবে স্বতন্ত্রমত পোষণ করা; যথা : 'কে প্রাপ্ত হয়েছে? কী প্রাপ্ত হয়েছে? কীরূপে প্রাপ্ত হয়েছে? কখন প্রাপ্ত হয়েছে? কাকে বলছ? কী বলছ?'—এভাবে স্বতন্ত্র মত পোষণ করলে, দুক্কট অপরাধ হয়।

'বিহেসক' হিসেবে অভিযুক্ত হবার পূর্বে সংঘমধ্যে বিচারকার্য চলাকালে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে, যথাসত্য বলতে অনিচ্ছুক ও প্রকাশ করতে অনিচ্ছুক অর্থাৎ গোপন করার ইচ্ছায় মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিলে, দুক্কট অপরাধ হয়।

'অঞ্ঞবাদক' হিসেবে অভিযুক্ত হবার পর সংঘমধ্যে বিচারকার্য চলাকালে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে, যথাসত্য বলতে অনিচ্ছুক ও প্রকাশ করতে অনিচ্ছুক অর্থাৎ গোপন করার ইচ্ছায় আলোচ্য বিষয় এড়িয়ে চলে এভাবে স্বতন্ত্র মত পোষণ করা; যথা : 'কে প্রাপ্ত হয়েছে? কী প্রাপ্ত হয়েছে? কীরূপে প্রাপ্ত হয়েছে? কখন প্রাপ্ত হয়েছে? কাকে বলছ? কী বলছ?'—এভাবে স্বতন্ত্র মত পোষণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

'বিহেসক' হিসেবে অভিযুক্ত হবার পর সংঘমধ্যে বিচারকার্য চলাকালে আপত্তির মাধ্যমে জিজ্ঞাসিত হলে, যথাসত্য বলতে অনিচ্ছুক ও প্রকাশ করতে অনিচ্ছুক অর্থাৎ গোপন করার ইচ্ছায় মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিলে, পাচিত্তিয় অপরাধ হয়।

১০১. ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় আলোচ্য বিষয় এড়িয়ে চলে স্বতন্ত্র মত পোষণ করলে অথবা মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত আলোচ্য বিষয় এড়িয়ে চলে স্বতন্ত্র মত পোষণ করলে অথবা মৌনভাবে সংঘকে দুঃখ দিলে, পাচিত্তিয় অপরাধ হয়।

ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় আলোচ্য বিষয় এড়িয়ে চলে স্বতন্ত্র মত পোষণ করলে অথবা মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিলে পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত আলোচ্য বিষয় এড়িয়ে চলে স্বতন্ত্র মত পোষণ করলে অথবা মৌনভাবে থেকে সংঘকে দুঃখ দিলে, দুক্কট অপরাধ হয়। অধর্মত

Visit: http://www.buddhistdownload.com

কর্মকে অধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়।

১০২. **অনাপত্তি :** না জেনে জিজ্ঞাসা করলে, রোগহেতু না বললে, 'সংঘমধ্যে বাদবিবাদ, কলহ-বিগ্রহ দেখা দিবে' এই ভয়ে না বললে, 'সংঘভেদ হবে' এই ভয়ে না বললে, 'উপযুক্ত বিচার পাব না' এই ধারণায় না বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অঞ্ঞবাদক দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. উজ্ঝাপনক সিক্খাপদং

(দোষারোপন সম্পর্কীয় শিক্ষাপদ)

১০৩. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দক নিবাপে অবস্থান করছিলেন। তখন মল্লপুত্র আয়ুষ্মান দব্ব সংঘের শয্যাসন প্রস্তুত করতেন এবং খাদ্য-ভোজ্যাদি বণ্টন করতেন। সে সময় মেত্তিয় ভূমজক নবীন ভিক্ষুগণ অল্পপুণ্যসম্পন্ন ছিলেন। তাঁরা সংঘের যেসব শয্যাসন অনুন্নত ও নিম্নমানের, সেসব শয্যাসন লাভ করতেন। এবং যেসব খাদ্য-ভোজ্যাদি অনুন্নত ও নিম্নমানের, সেসব খাদ্য-ভোজ্যাদি লাভ করতেন। সুতরাং সেই ভিক্ষুগণ আয়ুষ্মান মল্লপুত্র দব্বকে দোষারোপন করতে লাগলেন এই বলে : "মল্লপুত্র দব্ব মুখ চেয়ে চেয়ে স্বীয় ইচ্ছানুসারে (পক্ষপাতমূলকভাবে) সংঘের শয্যাসন প্রস্তুত করেন এবং স্বীয় ইচ্ছানুসারে খাদ্য-ভোজ্যাদি বণ্টন করেন।"

মেত্তিয় ভূমজক ভিক্ষুগণের এমন দোষারোপন শুনে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন মেত্তিয় ভূমজক ভিক্ষুগণ মল্লপুত্র আয়ুষ্মান দব্বকে দোষারোপন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ মেত্তিয় ভূমজক ভিক্ষুগণকে অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে মেত্তিয় ভূমজক ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মল্লপুত্র দব্ব ভিক্ষুকে দোষারোপন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত নিন্দনীয় বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মল্লপুত্র দব্ব ভিক্ষুকে দোষারোপন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা

Visit: http://www.buddhistdownload.com

বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"উজ্ঝাপনকে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত ভিক্ষুকে দোষারোপন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

১০৪. সে সময়ে মেত্তিয় ভূমজক ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক দোষারোপন করা (উজ্ঝাপনকং) নিষিদ্ধ হয়েছে' এবং 'এই সমস্ত বিষয় অন্যান্য ভিক্ষুগণ শুনবেন'—এই ভেবে অতিনিকটবর্তী ভিক্ষুগণের নিকট আয়ুষ্মান মল্লপুত্র দব্বকে এই বলে নিন্দা ও দুর্নাম করতে লাগলেন, "মল্লপুত্র দব্ব মুখ চেয়ে চেয়ে স্বীয় ইচ্ছানুসারে (পক্ষপাতমূলকভাবে) সংঘের শয্যাসন প্রস্তুত করেন এবং স্বীয় ইচ্ছানুসারে খাদ্য-ভোজ্যাদি বণ্টন করেন।"

মেত্তিয় ভূমজক ভিক্ষুগণের এমন নিন্দা ও দুর্নাম বাক্য শুনে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা আবারও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন মেত্তিয় ভূমজক ভিক্ষুগণ আয়ুষ্মান মল্লপুত্র দব্বকে নিন্দা ও দুর্নাম করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ মেত্তিয় ভূমজক ভিক্ষুগণকে নানাভাবে তিরস্কার-ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে মেত্তিয় ভূমজক ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মল্লপুত্র দব্বকে নিন্দা ও দুর্নাম করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত নিন্দনীয় বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মল্লপুত্র দব্বকে নিন্দা ও দুর্নাম করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১০৫. "উজ্ঝাপনকে খিয্যনকে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত ভিক্ষুকে দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১০৬. "উজ্ঝাপনকং" অর্থে সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত শয্যাসন প্রস্তুতকারক,

Visit: http://www.buddhistdownload.com

পিণ্ডবণ্টনকারক, যাগুবণ্টনকারক, ফলবণ্টনকারক, খাদ্যবণ্টনকারক অথবা অল্পমাত্র বণ্টনকারক ভিক্ষুর দুঃখকামী ও অযশকামী হয়ে দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অনুপসম্পন্নকে দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, দুক্কট অপরাধ হয়। সংঘকর্তৃক সম্মতি অপ্রাপ্ত শয্যাসন-প্রস্তুতকারক, পিণ্ডবণ্টনকারক, যাগুবণ্টনকারক, ফলবণ্টনকারক, খাদ্যবণ্টনকারক অথবা অল্পমাত্র বণ্টনকারক উপসম্পন্নের দুঃখকামী ও অযশকামী হয়ে দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, দুক্কট অপরাধ হয়।

সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত শয্যাসন-প্রস্তুতকারক পিণ্ডবণ্টনকারক, যাগুবণ্টনকারক, ফলবণ্টনকারক, খাদ্যবণ্টনকারক অথবা অল্পমাত্র বণ্টনকারক অনুপসম্পন্নের দুঃখকামী ও অযশকামী হয়ে দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়।

১০৭. **অনাপত্তি :** স্বভাববশে দোষারোপন, নিন্দা ও দুর্নাম করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[উজ্ঝাপনক তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৪. পঠম সেনাসন সিক্খাপদং

(প্রথম শয়নাসন সম্পর্কীয় শিক্ষাপদ)

১০৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ভিক্ষুগণ হেমন্তকালে উন্মুক্ত স্থানে শয়নাসন বিছায়ে সূর্যতাপে শরীর শুকানোর পর যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে না বলে চলে যাচ্ছিলেন। সুতরাং সেই শয়নাসন বৃষ্টির জলে ভিজে যেতে লাগল। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু,

Visit: http://www.buddhistdownload.com

সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষুগণ উন্মুক্ত স্থানে শয়নাসন বিছায়ে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে না বলে চলে যাবেন? কেনই বা সেই শয়নাসন বৃষ্টির জলে সিক্ত হবে?" অতঃপর সেই ভিক্ষুগণ তাদের অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, ভিক্ষুগণ নাকি উন্মুক্ত স্থানে শয়নাসন বিছায়ে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকেও না বলে চলে যায়? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু উন্মুক্ত স্থানে শয়নাসন বিছায়ে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে না বলে চলে যাবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১০৯. "যো পন ভিক্খু সঙ্ঘিকং মঞ্চং বা পীঠং বা ভিসিং বা কোচ্ছং বা অজ্ঝোকাসে সন্থরিত্বা বা সন্থরাপেত্বা বা তং পক্কমন্তো নেব উদ্ধারেয্য ন উদ্ধরাপেয্য অনাপুচ্ছং বা গচ্ছেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সাংঘিক সম্পত্তি মঞ্চ; পীঠ (চেয়ার); ভিসি (গদি বা তোষক); কোচ্ছ (বসার আসন) উন্মুক্ত স্থানে নিজে বিছায়ে বা অপরের দ্বারা বিছায়ে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

১১০. সে সময়ে ভিক্ষুগণ উন্মুক্ত স্থানে অবস্থান করার পর সেই শয়নাসন অতি প্রত্যুষে আনয়ন করতে লাগলেন। (একদিন) ভগবান সেই ভিক্ষুগণ অতি প্রত্যুষে শয়নাসন আনয়ন করছেন তা দেখতে পেলেন। দেখার পর এই নিদানে এই প্রকরণে ধর্ম কথা উত্থাপনপূর্বক ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, "হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, বর্ষার চারি মাস ও হেমন্ত ঋতুর চারি মাস—এই আট মাস কোনো নির্দিষ্ট স্থানে, মণ্ডপে বা বৃক্ষমূলে যথায় কাক, শকুন বা বাজপক্ষী আদি নষ্ট করতে না পারে, তেমন স্থানে শয়নাসন

Visit: http://www.buddhistdownload.com

গুছায়ে রাখবে।”

১১১. “যো পন” বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

“ভিক্খু” বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

“সঙ্ঘিকং” অর্থে সংঘকে দান করা হয়েছে এমন সংঘসম্পত্তি বুঝায়।

“মঞ্চো” অর্থে টেবিল বা টুল (মসারকো), চেয়ার (বুন্দিকাবদ্ধো), বক্র পাদযুক্ত খাট বা পালঙ্ক (কুলীরপাদকো) এবং ভাজ করা যায় এমন কেদারা (আহচ্চপাদকো)—এই চতুর্বিধ মঞ্চকে বুঝায়।

“পীঠং” অর্থে টেবিল বা টুল (মসারকং), চেয়ার (বুন্দিকাবদ্ধং), বক্র পাদযুক্ত খাট বা পালঙ্ক (কুলীরপাদকং) এবং ভাজ করা যায়—এমন কেদারা (আহচ্চপাকং)—এই চতুর্বিধ পীঠকে বুঝায়।

“ভিসি” অর্থে পশুলোম বা পশমে তৈরি গদি বা তোষক (উন্নভিসি), সুতিবস্ত্রে তৈরি গদি (চোলভিসি), গাছের বাকলে তৈরি গদি (বাকভিসি), শুষ্কতৃণে তৈরি মাদুর বা গদি (তিণভিসি) এবং শুষ্কপত্রে তৈরি গদি (পন্নভিসি)—এই পঞ্চবিধ ভিসি বা গদিকে বুঝায়।

“কোচ্ছং” অর্থে বেত, বল্কল, ঘাস অথবা নলখাগড়া দ্বারা নির্মিত বসার আসনবিশেষ।

“সন্থরিত্বা” বলতে নিজে বিছায়ে।

“সন্থরাপেত্বা” বলতে অপরের দ্বারা বিছায়ে। এক্ষেত্রে অনুপসম্পন্নকে দিয়ে বিছালে তাঁর (আদেশকারীর) দ্বায়বদ্ধতা; আর উপসম্পন্নকে দিয়ে বিছালে, যে বিছায় তার দ্বায়বদ্ধতা।

“তং পক্কমন্তো নেব উদ্ধরেয্য” বলতে যাবার সময় তা নিজে না তুললে।

“ন উদ্ধরাপেয্য” বলতে অপরকে দিয়ে না তোলালে।

“অনাপুচ্ছং বা গচ্ছেয্য” বলতে ভিক্ষু-শ্রামণ অথবা আরামিক কাউকে কিছু না বলে মধ্যম পুরুষের নিক্ষিপ্ত ঢিল প্রমাণ স্থান অতিক্রম করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

১১২. সাংঘিক দ্রব্যকে সাংঘিকদ্রব্য ধারণায় উন্মুক্ত স্থানে নিজে বিছায়ে অথবা অপরের দ্বারা বিছায়ে যাবার সময় তা নিজেও না তুললে বা অপরের দ্বারাও না তোলালে, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, পাচিত্তিয় অপরাধ হয়।

সাংঘিক দ্রব্যকে ‘সাংঘিক দ্রব্য কি না’ সন্দেহবশত উন্মুক্ত স্থানে নিজে বিছায়ে অথবা অপরের দ্বারা বিছায়ে, যাবার সময় তা নিজেও না তুললে বা

Visit: http://www.buddhistdownload.com

অপরের দ্বারাও না তোলালে, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, পাচিত্তিয় অপরাধ হয়।

সাংঘিক দ্রব্যকে পুদ্গালিক (ব্যক্তিগত) দ্রব্য ধারণায় উন্মুক্ত স্থানে বিছায়ে অথবা অপরের দ্বারা বিছায়ে যাবার সময় তা নিজেও না তুললে, বা অপরের দ্বারাও না তোলালে, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, পাচিত্তিয় অপরাধ হয়।

বালিশের ওয়ার (চিমিলকং); উত্তরীয় বস্ত্র বা শামিয়ানা (উত্তরত্থরণং); ভূমি আস্তরণ বা মাদুর (ভূম্মত্থরণ): তাল পাতা বা বল্কল দ্বারা নির্মিত বসার আসন (অট্টিকং); চর্মখণ্ড (চম্মক্খণ্ড); পামোচনি বা পাপোস (পাদপুঞ্ছনিং) অথবা কাষ্ঠফলক বা বেঞ্চ (ফলকপীঠং) উন্মুক্ত স্থানে নিজে বিছায়ে অথবা অপরের দ্বারা বিছায়ে যাবার সময় তা নিজেও তোলে না বা অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, দুক্কট অপরাধ হয়। পুদ্গালিক দ্রব্যকে সাংঘিক দ্রব্য ধারণায় দুক্কট অপরাধ হয়। পুদ্গালিক দ্রব্যকে 'সাংঘিক দ্রব্য কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়।

১১৩. **অনাপত্তি :** নিজে তুলে বা অপরের দ্বারা তোলায়ে চলে গেলে, কাউকে বলে গেলে, গরম করার বা শুকাবার ইচ্ছায় রেখে গেলে, হঠাৎ কোন বিপদ উপস্থিত হলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঠম সেনাসন চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫. দুতিয সেনাসন সিক্খাপদং

(দ্বিতীয় শয়নাসন সম্পর্কীয় শিক্ষাপদ)

১১৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ পরস্পর সহায়ক ছিলেন। তারা কোথাও অবস্থান করার সময় সকলে একত্রে অবস্থান করতেন এবং চলে যাবার সময় একত্রে চলে যেতেন। একদিন তারা অন্যতর সাংঘিক বিহারে শয্যা বিছায়ে, যাবার সময় তা নিজেও তোলেনি, অপরের দ্বারাও তোলায়নি, অথচ কাউকে কিছু না বলে চলে গেলেন। তাই সেই শয্যা উঁইপোকা দ্বারা খাদিত ও বিনষ্ট হচ্ছিল।

সপ্তদশবর্গীয় ভিক্ষুগণের এমন আচরণ দৃষ্টি গোচর হলে, যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা,

Visit: http://www.buddhistdownload.com

আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ সাংঘিক বিহারে শয্যা নিজে বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তুলবে না, অপরের দ্বারাও তোলাবে না, অথচ কাউকে কিছু না বলে চলে যাবেন? কেনই বা সেই শয্যা উঁইপোকা দ্বারা খাদিত ও বিনষ্ট হবে?" অতঃপর সেই ভিক্ষুগণ তাদের অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ নাকি সাংঘিক বিহারে শয্যা বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তোলেনি, অপরের দ্বারাও তোলায়নি, অথচ কাউকেও কিছু না বলে চলে গিয়েছিল? তাই সেই শয্যাও নাকি উঁইপোকা দ্বারা খাদিত ও বিনষ্ট হয়েছিল? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত নিন্দনীয় বলে প্রকাশ করে বললেন, ভিক্ষুগণ, কী হেতু সেই মোঘপুরুষেরা সাংঘিক বিহারে শয্যা বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তুলবে না, অপরের দ্বারাও তোলাবে না, অথচ কাউকেও কিছু না বলে চলে যাবে? তাই সেই শয্যা উঁইপোকা দ্বারা খাদিত ও বিনষ্ট হবে! এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১১৫. "যো পন ভিক্খু সঙ্ঘিকে বিহারে সেয্যং সন্থরিত্বা বা সন্থরাপেত্বা বা তং পক্কমন্তো নেব উদ্ধারেয্য না উদ্ধরাপেয্য অনাপুচ্ছং বা গচ্ছেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সাংঘিক বিহারে শয্যা নিজে বিছায়ে বা অপরের দ্বারা বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১১৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সঙ্ঘিকো বিহারো" অর্থে সংঘের উদ্দেশে প্রদত্ত বিহার বা সাংঘিক বিহার বুঝায়।

"সেয্যং" অর্থে বিছানার তোষক, গদি (ভিসি), বালিশের ওয়ার (চিমিলিকা), শামিয়ানা (উত্তরত্থরণ), পাটি বা মাদুর (ভূমত্থরণং), তালপাতা বা

Visit: http://www.buddhistdownload.com

বল্কল দ্বারা নির্মিত বসার আসন (তট্টিকং), চর্মখণ্ড (চম্মক্খণ্ড), বসার আসন (নিসীদনং), প্রত্যাস্তরণ বা বিছানার চাঁদর (পচ্চত্থরণং), তৃণনির্মিত মাদুর (তিণসন্থারো)—এই দশ প্রকার শয্যাকে বুঝায়।

"সন্থরিত্বা" বলতে নিজে বিছায়ে।

"সন্থরাপেত্বা" বলতে অপরের দ্বারা বিছায়ে।

"তং পক্কমন্তো নেব উদ্ধরেয্য" বলতে অপরের দ্বারা না তুললে।

"ন উদ্ধরাপেয্য" বলতে অপরকে দিয়ে না তোলালে।

"অনাপুচ্ছং বা গচ্ছেয্য" বলতে ভিক্ষু শ্রামণ অথবা আরামিক (সেবক) কাউকে কিছু না বলে পরিবেষ্টিত (ঘেরাযুক্ত) বিহারের পরিবেষ্টন (ঘেরা) অতিক্রম করলে, পাচিত্তিয় অপরাধ হয়। এবং অপরিবেষ্টিত বিহারের উপচার (পার্শ্ববর্তী অঞ্চল) অতিক্রম করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

সাংঘিকে সাংঘিক ধারণায় শয্যা নিজে বিছায়ে বা অপরের দ্বারা বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলাল না, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, পাচিত্তিয় অপরাধ হয়। সাংঘিকে 'সাংঘিক কি না' সন্দেহবশত শয্যা নিজে বিছায়ে বা অপরের দ্বারা বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, পাচিত্তিয় অপরাধ হয়। সাংঘিকে পুদ্গালিক ধারণায় শয্যা নিজে বিছায়ে বা অপরের দ্বারা বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, পাচিত্তিয় অপরাধ হয়।

১১৭. বিহারের উপাচারে বা উপস্থানশালায়, মণ্ডপে বা বৃক্ষমূলে শয্যা নিজে বিছায়ে বা অপরের দ্বারা বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, দুক্কট অপরাধ হয়। বিহারে বা বিহারের উপাচারে, উপস্থানশালায় বা মণ্ডপে অথবা বৃক্ষমূলে মঞ্চ বা পীঠ নিজে বিছায়ে বা অপরের দ্বারা বিছায়ে চলে যাবার সময় তা নিজেও তোলে না, অপরের দ্বারাও তোলায় না, অথচ কাউকে কিছু না বলে চলে গেলে, দুক্কট অপরাধ হয়।

পুদ্গালিকে সাংঘিক ধারণায় দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে 'সাংঘিক কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে পুদ্গালিক ধারণায় তা অন্যের পুদ্গালিক বিহার হলে, দুক্কট অপরাধ হয় আর স্বীয় পুদ্গালিক বিহার হলে, কোনো অপরাধ হয় না।

১১৩. **অনাপত্তি :** নিজে তুলে বা অপরের দ্বারা তোলায়ে গমন করলে,

Visit: http://www.buddhistdownload.com

কাউকে বলে গেলে গমন করলে, কোন প্রকার বিপদ উপস্থিত হলে; তথায় স্থিত কোনো ব্যক্তির উপর নির্ভর করে গমন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দুতিয সেনাসন পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬. অনুপখজ্জ সিক্খাপদং

(অবৈধ অনুপ্রবেশ সম্পর্কীয় শিক্ষাপদ)

১১৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন স্থবির (জ্যৈষ্ঠ) ভিক্ষুগণ তাদের যথাযোগ্য শয্যা অধিকার করায় ষড়বর্গীয় ভিক্ষুগণ উত্তম উত্তম শয্যাসমূহ হারাতে লাগলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণের মনে এই চিন্তা উদিত হলো—"কোন উপায় অবলম্বনে আমরা এখানেই বর্ষাবাস যাপন করতে পারব?" অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণ স্থবির ভিক্ষুগণকে 'যার অসুবিধা হবে সে চলে যাবে'—এই বলে অনুপ্রবেশপূর্বক শয্যা বিছাতে লাগলেন।

ষড়বর্গীয় ভিক্ষুগণের এমন কার্য দেখে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ স্থবির ভিক্ষুগণকে 'যার অসুবিধা হবে সে চলে যাবে'—এই বলে অনুপ্রবেশপূর্বক শয্যা বিছাবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে অনেক প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি স্থবির ভিক্ষুগণকে 'যার অসুবিধা হবে সে চলে যাবে'—এই বলে অনুপ্রবেশপূর্বক শয্যা পাতছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা স্থবির ভিক্ষুগণকে 'যার অসুবিধা হবে সে চলে যাবে'—এই বলে অনুপ্রবেশপূর্বক শয্যা পাতবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; উপরন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১২০. "যো পন ভিক্খু সঙ্ঘিকে বিহারে জানং পুব্বূপগতং ভিক্খুং

Visit: http://www.buddhistdownload.com

অনুপখজ্জ সেয্যং কপ্পেয্য—'যস্স সম্বাধো ভবিস্সতি সো পক্কমিস্সতী'তি এতদেব পচ্চযং করিত্বা অনঞ্ঞং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সাংঘিক বিহারে পূর্বে আগত ভিক্ষু বৃদ্ধ, রোগী অথবা সংঘকর্তৃক স্থান দেওয়া হয়েছে বলে জানে, অথচ 'যার অসুবিধা হবে সে চলে যাবে'—এই কারণ ব্যতীত অন্য কোনো কারণ না থাকলে, অনুপ্রবেশপূর্বক শয্যা পাতলে (বিছালে), তার পাচিত্তিয় অপরাধ হয়।

১২১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সঙ্ঘিকো বিহারো" অর্থে সংঘের উদ্দেশে প্রদত্ত বিহার বা সাংঘিক বিহার বুঝায়।

"জানাতি" বলতে সেই ভিক্ষু বৃদ্ধ, রোগী অথবা সংঘকর্তৃক স্থান দেওয়া হয়েছে বলে অবগত থাকা।

"অনুপখজ্জ" অর্থে অনুপ্রবেশপূর্বক।

"সেয্যং কপ্পেয্য" বলতে মঞ্চ বা পীঠের অতি নিকটে অথবা চলাচলের রাস্তায় (উপচারে) শয্যা নিজে বিছালে বা অপরের দ্বারা বিছালে, দুক্কট অপরাধ হয়। বিছানো শয্যায় বসলে বা শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"এতদেব পচ্চযং করিত্বা অনঞ্ঞং" বলতে অনুপ্রবেশপূর্বক শয্যা বিছাতে অন্য কোনো কারণ না থাকা।

১২২. সাংঘিকে সাংঘিক ধারণায় অনুপ্রবেশপূর্বক শয্যা বিছালে, পাচিত্তিয় অপরাধ হয়। সাংঘিকে 'সাংঘিক কি না' সন্দেহবশত অনুপ্রবেশপূর্বক শয্যা বিছালে, পাচিত্তিয় অপরাধ হয়। সাংঘিকে পুদ্গালিক ধারণায় অনুপ্রবেশপূর্বক শয্যা বিছালে, পাচিত্তিয় অপরাধ হয়।

মঞ্চ বা পীঠের অতি নিকটস্থান অথবা চলাচলের রাস্তা ব্যতীত শয্যা নিজে বিছালে বা অপরের দ্বারা বিছালে, দুক্কট অপরাধ হয়। বিছানো শয্যায় বসলে বা শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। বিহারের উপাচারে, উপস্থানশালায়, মণ্ডপে, বৃক্ষমূলে অথবা উন্মুক্ত স্থানে শয্যা নিজে বিছালে বা অপরের দ্বারা বিছালে, দুক্কট অপরাধ হয়। বিছানো শয্যায় বসলে বা শয়ন করলে, দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে সাংঘিক ধারণায় দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে 'সাংঘিক কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে পুদ্গালিক ধারণায় তা অন্যের পুদ্গালিক বিহার হলে, দুক্কট অপরাধ হয়। আর স্বীয় পুদ্গালিক বিহার হলে, কোনো অপরাধ হয় না।

Visit: http://www.buddhistdownload.com

১২৩. **অনাপত্তি :** রোগী প্রবেশ করলে, শীত বা উষ্ণতারিত হয়ে প্রবেশ করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অনুপখজ্জ ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৭. নিক্কড্ঢন সিক্খাপদং

(বহিষ্কার সম্পর্কীয় শিক্ষাপদ)

১২৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ 'এখানে আমরা বর্ষাবাস যাপন করব'—এই ভেবে অন্যতর এক প্রত্যন্ত অঞ্চলীয় মহাবিহার সংস্কার করতে লাগলেন। ষড়বর্গীয় ভিক্ষুগণ সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে সংস্কার কার্য করতে দেখলেন। দেখে এরূপ বললেন, "আবুসো, এই সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ বিহার সংস্কার করছেন। তাই আসুন আমরা তাদের বিহার ত্যাগে বাধ্য করাব।" তখন কেউ কেউ এরূপ বললেন, "আবুসো, যাবত তারা সংস্কারকার্য করছেন, তাবৎ অপেক্ষা করুন। সংস্কারকার্য শেষে বিহার ত্যাগ করাব।"

অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণ সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে এরূপ বললেন, "আবুসো, এখান থেকে চলে যাও, আমাদের বিহার অধিকার করছ।" "না আবুসো, এভাবে বলা উচিত নয়, যেহেতু আমরা এবং অন্যেরা সকলে মিলে ভবিষ্যৎ বর্ষাবাস যাপনের নিমিত্ত সংস্কারকার্য করছি।" "আবুসো, ইহা কি সাংঘিক বিহার?" "হ্যাঁ আবুসো, ইহা অবশ্যই সাংঘিক বিহার।" তাঁরা পুনঃ বললেন, "আবুসো, এখান থেকে চলে যাও, আমাদের বিহার অধিকার করছ।" "আবুসো, বিহারটি অনেক বৃহৎ। সুতরাং এখানে তোমরাও বাস কর এবং সেই সাথে আমরাও বাস করব।" তৃতীয়বারের মতো ষড়বর্গীয় ভিক্ষুগণ বললেন, "আবুসো, এখান থেকে চলে যাও, আমাদের বিহার অধিকার করছ।" এভাবে বলার পরও কোনো কাজ হচ্ছে না দেখে তারা অত্যন্ত ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে গলাধাক্কা দিয়ে বিহার হতে বের করে দিলেন। এভাবে ষড়বর্গীয় ভিক্ষুদের দ্বারা বহিষ্কৃত হয়ে তারা ক্ষুন্নমনে ক্রন্দন করতে লাগলেন।

ক্ষণকাল পর ভিক্ষুগণ তাদের এভাবে ক্রন্দন করতে দেখে এরূপ বললেন, "আবুসো, তোমরা ক্রন্দন করছ কেন?" প্রত্যুত্তরে তাঁরা বললেন, "আবুসো, এই ষড়বর্গীয় ভিক্ষুগণ ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে আমাদের সাংঘিক বিহার হতে বহিষ্কার করেছেন তাই।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ

Visit: http://www.buddhistdownload.com

করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে ভিক্ষুগণকে সাংঘিক বিহার হতে বহিষ্কার করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে অনেক প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে ভিক্ষুগণকে সাংঘিক বিহার হতে বহিষ্কার করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে ভিক্ষুগণকে সাংঘিক বিহার হতে বহিষ্কার করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; উপরন্তু তদ্বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১২৫. "যো পন ভিক্খু ভিক্খুং কুপিতো অনত্তমনো সঙ্ঘিকা বিহারা নিক্কড্ঢেয্য বা নিক্কড্ঢাপেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে অন্য ভিক্ষুকে সাঙ্ঘিক বিহার হতে বহিষ্কার করলে বা করালে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১২৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুং" বলতে অন্য ভিক্ষুকে বুঝায়।

"কুপিতো অনত্তমনো" বলতে ক্রুদ্ধ, রাগান্বিত, অসন্তুষ্ট ও লোভ-দ্বেষ-মোহের বশবর্তী হয়ে।

"সঙ্ঘিকো বিহারো" অর্থে সংঘের উদ্দেশে প্রদত্ত বিহার বা সাংঘিক বিহার বুঝায়।

"নিক্কড্ঢেয্য" বলতে তাকে গৃহাভ্যন্তরে[১] (কক্ষে) ধরে বারান্দায়[২] বের করে দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। গৃহাভ্যন্তরে ধরে পরিবেষ্টিত সীমার বাইরে বের করে দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। একবার মাত্র প্রয়োগ দ্বারা একাধিক দ্বার অতিক্রম করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

"নিক্কড্ঢাপেয্য" বলতে বের করিয়ে দিতে অন্যকে আদেশ দিলে, পাচিত্তিয়

---

[১]. গব্ভে।

[২]. পমুখং।

Visit: http://www.buddhistdownload.com

অপরাধ হয়। একবার মাত্র আদেশ দিয়ে একাধিক দ্বার অতিক্রম করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

১২৭. সাংঘিকে সাংঘিক ধারণায় ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে নিজে বের করে দিলে বা অপরের দ্বারা বের করিয়ে দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। সাংঘিকে 'সাংঘিক কি না' সন্দেহবশত ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে নিজে বের করে দিলে বা অপরের দ্বারা বের করিয়ে দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। সাংঘিকে পুদ্গালিক ধারণায় ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে নিজে বের করে দিলে বা অপরের দ্বারা বের করিয়ে দিলে, পাচিত্তিয় অপরাধ হয়।

তার (ভিক্ষুর) ব্যবহার্যদ্রব্য (পরিক্খারং) বের করে দিলে বা অপরের দ্বারা দেয়ালে দুক্কট অপরাধ হয়। বিহারের উপাচার, উপস্থানশালা, মণ্ডপ, বৃক্ষমূল, অথবা উন্মুক্তস্থান হতে তাকে বের করে দিলে বা দেয়ালে দুক্কট অপরাধ হয়। উপরোক্ত স্থানসমূহ হতে তার ব্যবহার্য দ্রব্য বের করে দিলে বা দেয়ালে দুক্কট অপরাধ হয়। বিহার, বিহারের উপাচার, উপস্থানশালা, মণ্ডপ, বৃক্ষমূল অথবা উন্মুক্ত স্থান হতে অনুপসম্পন্নকে বের করে দিলে বা দেয়ালে দুক্কট অপরাধ হয়। তার (অনুপসম্পন্নের) ব্যবহার্য দ্রব্য বের করে দিলে বা দেয়ালে দুক্কট অপরাধ হয়।

পুদ্গালিকে সাংঘিক ধারণায় দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে 'সাংঘিক কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে পুদ্গালিক ধারণায় তা অন্যের পুদ্গালিক বিহার হলে, দুক্কট অপরাধ হয়। আর স্বীয় পুদ্গালিক বিহার হলে, কোনো অপরাধ হয় না।

১২৮. **অনাপত্তি :** অলজ্জীকে (দুঃশীলকে) বের করে দিলে বা দেয়ালে অথবা তার কোনো ব্যবহার্য বস্তু বের করে দিলে বা দেয়ালে, উন্মত্তকে বের করে দিলে বা দেয়ালে অথবা তার কোনো ব্যবহার্য দ্রব্য বের করে দিলে বা দেয়ালে, কলহকারী, বাদ-বিবাদকারী, অযথা আলাপকারী[১] বা সংঘমধ্যে বিভেদ সৃষ্টিকারীকে বের করে দিলে বা দেয়ালে অথবা তার কোনো ব্যবহার্য বস্তু বের করে দিলে বা দেয়ালে, সম্যক অনুবর্তী নয় এমন অন্তেবাসী বা সহবিহারীকে বের করে দিলে বা দেয়ালে অথবা তার কোনো ব্যবহার্য দ্রব্য বের করে দিলে বা দেয়ালে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো দোষ নেই।

[নিক্কড্ঢন সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

---

[১]. ভস্সকারকং।

Visit: http://www.buddhistdownload.com

৮. বেহাসকুটি সিক্খাপদং

(ছাদের কুটির সম্পর্কীয় শিক্ষাপদ)

১২৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন দুজন ভিক্ষু এক সাংঘিক বিহারে ছাদযুক্ত কুটিরে অবস্থান করছিলেন। একজন নিচে এবং অপরজন উপরে বাস করতে লাগলেন। একদিন উপরিস্থিত ভিক্ষু অসংলগ্ন পায়াযুক্ত মঞ্চে (চেয়ারে) হঠাৎ উপবেশন করলে, মঞ্চের পায়াটি নিচে স্থিত ভিক্ষুর মাথায় আঘাত করল। তাই নিচে স্থিত ভিক্ষু বিকট শব্দে চিৎকার করলেন। এমন বিকট চিৎকার শব্দ শুনে ভিক্ষুগণ সত্ত্বর দৌড়ায়ে এসে তাকে জিজ্ঞাসা করলেন, "আবুসো, আপনি বিকট শব্দে চিৎকার করেছেন কেন?" প্রত্যুত্তরে সেই ভিক্ষু আদ্যোপান্ত সমস্ত বিষয় ভিক্ষুগণকে প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু সাংঘিক বিহারে ছাদযুক্ত কুটিরে অসংলগ্ন পায়াযুক্ত মঞ্চে হঠাৎ উপবেশন করবেন? অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি সাংঘিক বিহারে ছাদযুক্ত কুটিরে অসংলগ্ন পায়াযুক্ত মঞ্চে হঠাৎ উপবেশন করেছিলে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি সাংঘিক বিহারে ছাদযুক্ত কুটিরে অসংলগ্ন পায়াযুক্ত মঞ্চে হঠাৎ উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; উপরন্তু তদ্বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৩০. "যো পন ভিক্খু সঙ্ঘিকে বিহারে উপরিবেহাস কুটিযা আহচ্চপাদকং মঞ্চং বা পীঠং বা অভিনিসীদেয্য বা অভিনিপজ্জেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সাংঘিক বিহারে ছাদযুক্ত কুটিরে অসংলগ্ন পায়াযুক্ত মঞ্চে বা পীঠে হঠাৎ উপবেশন করলে বা শয়ন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১৩১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

Visit: http://www.buddhistdownload.com

"সঙ্ঘিকো বিহারো" অর্থে সংঘের উদ্দেশে প্রদত্ত বিহার বা সাংঘিক বিহার।

"বেহাসকুটি" অর্থে মধ্যম পুরুষের মাথায় স্পর্শ না হয়—এমন উচ্চতাসম্পন্ন ছাদযুক্ত কুটির।

"আহচ্চপাদকো মঞ্চো" অর্থে যেই মঞ্চ (পালঙ্ক) ছিদ্র করে পেরেক লাগিয়ে শোবার উপযুক্ত করার জন্য দাঁড় করা যায়—এমন মঞ্চ বুঝায়।

"আহচ্চপাকং পীঠং" অর্থে যেই পীঠ (চেয়ার) ছিদ্র করে পেরেক লাগিয়ে বসার উপযুক্ত করার জন্য দাঁড় করা যায়—এমন পীঠ বুঝায়।

"অভিনিসীদেয্য" বলতে তাদৃশ মঞ্চে বা পীঠে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"অভিনিপজ্জেয্য" বলতে তাদৃশ মঞ্চে বা পীঠে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

১৩২. সাংঘিকে সাংঘিক ধারণায় ছাদযুক্ত কুটিরে অসংলগ্ন পায়াযুক্ত মঞ্চে বা পীঠে উপবেশন করলে বা শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সাংঘিকে 'সাংঘিক কি না' সন্দেহবশত ছাদযুক্ত কুটিরে অসংলগ্ন পায়াযুক্ত মঞ্চে বা পীঠে উপবেশন করলে বা শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সাংঘিকে পুদ্গালিক ধারণায় ছাদযুক্ত কুটিরে অসংলগ্ন পায়াযুক্ত মঞ্চে বা পীঠে উপবেশন করলে বা শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

পুদ্গালিকে সাংঘিক ধারণায় দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে 'সাংঘিক কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। পুদ্গালিকে পুদ্গালিক ধারণায় তা অন্যের পুদ্গালিক বিহার হলে, দুক্কট অপরাধ হয়। আর স্বীয় পুদ্গালিক বিহার হলে, কোন দোষ নেই।

১৩৩. **অনাপত্তি :** ছাদবিহীন কুটিরে হলে, মাথায় স্পর্শ হলে, নিচের অংশটি অব্যবহৃত হলে, সমস্তছাদ কাঠ দ্বারা ছেঁয়ে ফেললে, মঞ্চ বা পীঠের খুঁটায় পেরেক গাঁথা থাকলে, সেখানে দাঁড়িয়ে ভিত্তিখিল বা নাগদন্তে কোনো চীবরাদি রাখলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো দোষ নেই।

[বেহাসকুটি অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৯. মহল্লক বিহার সিক্খাপদং

(সস্বামীক বিহার নির্মাণ সম্পর্কীয় শিক্ষাপদ)

১৩৪. সে সময়ে বুদ্ধ ভগবান কোসাম্বীতে ঘোষিতারামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান ছন্নের উপস্থায়ক (উপট্ঠাকো) মহামাত্য আয়ুষ্মান ছন্নের জন্যে বিহার নির্মাণ করাচ্ছিলেন। অনন্তর আয়ুষ্মান ছন্ন সুচারুরূপে নির্মিত বিহার পুনঃ পুনঃ আচ্ছাদন করাতে লাগলেন এবং পুনঃ পুনঃ লেপন করাতে লাগলেন। অতএব অতি ভারী বিহারটি ভূপতিত হলো। অনন্তর আয়ুষ্মান ছন্ন তৃণ-কাষ্ঠ ইত্যাদি সংগ্রহকালে অন্যতর ব্রাহ্মণের যবক্ষেত্র (এক জাতীয় ধানক্ষেত) বিনষ্ট করলেন। যবক্ষেতের এমন পরিণতি দেখে সেই ব্রাহ্মণ এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভদন্তগণ আমাদের যবক্ষেত্র বিনষ্ট করবেন?"

তৎপর ভিক্ষুগণ সেই ব্রাহ্মণের আন্দোলন, নিন্দা এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান ছন্ন সুচারুরূপে নির্মিত বিহার পুনঃ পুনঃ আচ্ছাদন করাবেন এবং পুনঃ পুনঃ লেপন করাবেন? অতএব অতি ভারী বিহারটি ভূপতিত হলো? অতঃপর সেই ভিক্ষুগণ আয়ুষ্মান ছন্নকে অনেক প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান ছন্নকে জিজ্ঞাসা করলেন, হে ছন্ন, ইহা কি সত্য যে, তুমি নাকি সুচারুরূপে নির্মিত বিহার পুনঃ পুনঃ আচ্ছাদন করাচ্ছ এবং পুনঃ পুনঃ লেপন করাচ্ছ? তাই অতি ভারী বিহারটি নাকি ভূপতিত হয়েছে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি সুচারুরূপে নির্মিত বিহার পুনঃ পুনঃ আচ্ছাদন করাবে এবং পুনঃ পুনঃ লেপন করাবে? আর তাই অতি ভারী বিহারটিও ভূপতিত হয়েছে? এমন কার্য কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু তদ্বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৩৫. "মহল্লকং পন ভিক্খুনা বিহারং কারযমানেন যাব দ্বারকোস অগ্গলট্ঠপনায আলোকসন্ধি পরিকম্মায দ্বত্তিচ্ছদনস্স পরিযায অপ্পহরিতে ঠিতেন অধিট্ঠাতব্বং। ততো চে উত্তরিং অপ্পহরিতেপি ঠিতো অধিট্ঠহেয্য পাচিত্তিয"ন্তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : যখন কোনো ভিক্ষু সস্বামীক বিহার (মহল্লকং বিহারং) নির্মাণ করেন বা করান, তিনি তথাস্থ দরজা-জানালা শক্তভাবে স্থাপনার্থে শ্বেত বা কালো যেকোনো বর্ণের মাটি দ্বারা পুনঃ পুনঃ লেপন করতে বা করাতে পারবেন। বিহারের ছাউনি দিবার সময় ধান-গমাদি শষ্যবিহীন স্থানে দাঁড়িয়ে দু-তিনবার ছাউনি দেখিয়ে দিতে পারে, কিন্তু ততোধিক বার শষ্যবিহীন স্থানে দাঁড়িয়ে দেখিয়ে দিলেও, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১৩৬. "মহল্লকো" অর্থে সস্বামীক বলা হয়েছে।

"বিহারো" অর্থে উপরে নিচে সর্বত্র লেপন করা হয়েছে এমন বিহার।

"কারযমানেন" বলতে নিজে বা অপরের মাধ্যমে নির্মাণ করানোর সময়।

"যাব দ্বারকোস" বলতে দ্বারস্তম্ভের চৌদিকের সমস্ত হস্তপাশ বুঝায়।

"অগ্গলট্ঠপনায" বলতে বিহারের দরজা-জানালা শক্তভাবে স্থাপনার্থে শ্বেত বা কালো বর্ণাদি যেকোনো বর্ণের মাটি দ্বারা লেপন করাতে পারবে।

"দ্বত্তিচ্ছদনস্স পরিযাযং অপ্পহরিতে ঠিতেন অধিট্ঠাতব্বং"—এই বাক্যে "হরিতং" অর্থে ধান, গম ইত্যাদি সাত প্রকার খাদ্য শষ্যবিশেষ (পুব্বণ্ণং) এবং তিল, মটর, সীম ইত্যাদি অন্য প্রকার ভক্ষ্য শষ্যাদিকে (অপরণ্ণং) বুঝায়। তাদৃশ সজীব শষ্যক্ষেত্রে দাঁড়িয়ে দেখিয়ে দিলে, দুক্কট অপরাধ হয়। ছাউনি দিয়ে আচ্ছাদন করালে, দুইবার মাত্র ছাউনি দেখায়ে দিয়ে তৃতীয়বার আদেশ দিয়ে চলে যাওয়া কর্তব্য। পরিবেষ্টন দিয়ে আচ্ছাদন করালে, দুইবার মাত্র পরিবেষ্টন দেখিয়ে দিয়ে তৃতীয়বার আদেশ দিয়ে চলে যাওয়া কর্তব্য।

১৩৭. "ততো চে উত্তরি অপ্পহরিতেপি ঠিতো অধিট্ঠহেয্য" বলতে ততোধিক বার ইট দ্বারা আচ্ছাদন করালে, প্রতি ইটে ইটে পাচিত্তিয় অপরাধ হয়। শিলা বা পাথর দ্বারা আচ্ছাদন করালে, প্রতি শিলায় শিলায় পাচিত্তিয় অপরাধ হয়। চুণপিণ্ড দ্বারা আচ্ছাদন করালে, প্রতি পিণ্ডে পিণ্ডে পাচিত্তিয় অপরাধ হয়। তৃণ দ্বারা আচ্ছাদন করালে, প্রতি তৃণমুষ্টিতে তৃণমুষ্টিতে পাচিত্তিয় অপরাধ হয়।

দু-তিনবারাধিক ছাউনিকে অধিক ধারণায় দেখিয়ে দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। দু-তিনবারের অধিক ছাউনিকে 'অধিক কি না' সন্দেহবশত দেখিয়ে দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। দু-তিনবারাধিক ছাউনিকে অনধিক ধারণায় দেখিয়ে দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। দু-তিনবারের অধিক নয় অথচ অধিক ধারণায় দেখিয়ে দিলে, দুক্কট অপরাধ হয়। দু-তিনবারের অধিক নয় এমন ছাউনিকে 'অধিক কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। দু-তিনবারের অধিক নয় এমন ছাউনিকে অনধিক ধারণায় কোনো অপরাধ হয় না।

Visit: http://www.buddhistdownload.com

১৩৮. **অনাপত্তি :** দু-তিনবার ছাউনি দিলে, তদপেক্ষা কম ছাউনি দিলে, পর্বত গুহা, তৃণকুটি নির্মাণে, অন্যের জন্য করলে, স্বীয় ধনে করলে, বাসগৃহ ব্যতীত অন্যান্য সব ক্ষেত্রে কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোন দোষ নেই।

[মহল্লক বিহার নবম শিক্ষাপদ সমাপ্ত]

১০. সপ্পাণক সিক্খাপদং

(প্রাণীযুক্ত সম্পর্কীয় শিক্ষাপদ)

১৩৯. সে সময়ে বুদ্ধ ভগবান আলবীতে অগ্গালব চৈত্যে অবস্থান করছিলেন। তখন অরণ্যবিহারী ভিক্ষুগণ নবকর্ম করার সময় সজ্ঞানে প্রাণীযুক্ত জল তৃণ-গুল্মে ও মাটিতে নিজে ও অপরের দ্বারা সিঞ্চন করাতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন অরণ্যবিহারী ভিক্ষুগণ সজ্ঞানে প্রাণীযুক্ত জল তৃণ-গুল্মে ও মাটিতে নিজে ও অপরের দ্বারা সিঞ্চন করাবেন? অতঃপর সেই ভিক্ষুগণ অরণ্যবিহারী ভিক্ষুগণকে নানা প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে অরণ্যবিহারী ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি সজ্ঞানে প্রাণীযুক্ত জল তৃণ-গুল্মে ও মাটিতে নিজে ও অপরের দ্বারা সিঞ্চন করাচ্ছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান তা অত্যন্ত গর্হিত বলে প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা সজ্ঞানে প্রাণীযুক্ত জল তৃণ-গুল্মে ও মাটিতে নিজে ও অপরের দ্বারা সিঞ্চন করাবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৪০. "যো পন ভিক্খু জানং সপ্পাণকং উদকং তিণং বা মত্তিকং বা সিঞ্চেয্য বা সিঞ্চাপেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : যেকোনো ভিক্ষু জেনেশুনে প্রাণীযুক্ত জল তৃণ-গুল্মে বা মাটিতে নিজে বা অপরের দ্বারা সিঞ্চন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

১৪১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" বলতে স্বয়ং জানা বা অন্য কেউ তাকে প্রকাশ করা।

"সিঞ্চেয্য" বলতে নিজে সিঞ্চন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"সিঞ্চাপেয্য" বলতে সিঞ্চন করার জন্য অন্যকে আদেশ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। একবার মাত্র আদিষ্ট হয়ে অনেকবার সিঞ্চন করলেও একটি মাত্র পাচিত্তিয় অপরাধ হয়।

১৪২. প্রাণীযুক্ত জলকে প্রাণীযুক্ত জল ধারণায় তৃণ-গুল্মে বা মাটিতে নিজে বা অপরের দ্বারা সিঞ্চন করালে, পাচিত্তিয় অপরাধ হয়। প্রাণীযুক্ত জলকে 'প্রাণীযুক্ত জল কি না' সন্দেহবশত তৃণ-গুল্মে বা মাটিতে নিজে বা অপরের দ্বারা সিঞ্চন করালে, দুক্কট অপরাধ হয়।। প্রাণীযুক্ত জলকে প্রাণীহীন জল ধারণায় তৃণ-গুল্মে বা মাটিতে নিজে বা অপরের দ্বারা সিঞ্চন করালে, দুক্কট অপরাধ হয়। প্রাণীহীন জলকে প্রাণীহীন জল ধারণায় কোনো অপরাধ হয় না।

১৪৩. **অনাপত্তি :** অনিচ্ছাবশত করলে, বিস্মৃত হয়ে বা ভুলবশত করলে, কোনো অপরাধ হয় না এবং অজ্ঞাতের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো দোষ হয় না।

[সপ্পাণক দশম শিক্ষাপদ সমাপ্ত]

[ভূতগাম দ্বিতীয় বর্গ]

তস্সুদ্দানং/ স্মারক গাথা

ভূত, অন্যবাদিতা, উজ্ঝাপনকে আর সহশয়ন দুয়ে;
পূর্বাগত, বহিষ্কারে, আঘাটে ও দরজাতে, প্রাণীযুক্তে।

Visit: http://www.buddhistdownload.com

৩. ওবাদ (উপদেশ) বর্গ

১. ওবাদ সিক্খাপদং

(উপদেশ প্রদান সম্পর্কীয় শিক্ষাপদ)

১৪৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন স্থবির ভিক্ষুগণ ভিক্ষুণীদের উপদেশ প্রদানকালে প্রভূত চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলানপ্রত্যয়-ভৈষজ্যাদি লাভ করতে লাগলেন। ইহা দেখে ষড়বর্গীয় ভিক্ষুগণের মনে এই চিন্তা উদিত হলো—"আবুসো, স্থবির ভিক্ষুগণ বর্তমানে ভিক্ষুণীদের উপদেশ প্রদানকালে প্রভূত চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলানপ্রত্যয়-ভৈষজ্যাদি লাভ করছেন। অতএব আসুন আবুসো, আমরাও ভিক্ষুণীদের উপদেশ প্রদান করি।" অনন্তর ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণীদের নিকট উপস্থিত হয়ে এরূপ বললেন, "ভগিনিগণ, আমাদের নিকট আসিও; আমরাও তোমাদের উপদেশ প্রদান করব।"

অতঃপর সেই ভিক্ষুণীগণ যথায় ষড়বর্গীয় ভিক্ষুগণ তথায় উপস্থিত হলেন। উপস্থিত হয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। তৎপর ষড়বর্গীয় ভিক্ষুগণ সেই ভিক্ষুণীদের অল্পমাত্র ধর্মকথা বলার পর অবশিষ্ট দিবস তিরচ্ছান কথায় (হীনালাপে) অতিবাহিত করে 'ভগিনি, এবার গমন কর' বলে বিদায় দিলেন।

অনন্তর সেই ভিক্ষুণীগণ যথায় ভগবান তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে স্থিত হলেন। একান্তে স্থিত সেই ভিক্ষুণীদের ভগবান এরূপ বললেন, "হে ভিক্ষুণীগণ, তোমরা উপদেশ পেয়ে সন্তুষ্ট হয়েছ তো?" প্রত্যুত্তরে তারা বললেন, "ভন্তে, উপদেশ পেয়ে কিরূপে সন্তুষ্ট হবো, যেহেতু ষড়বর্গীয় আর্যগণ অল্পমাত্র ধর্মকথা বলার পর অবশিষ্ট দিবস তিরচ্ছান কথায় অতিবাহিত করে বিদায় দিলেন।" অতঃপর ভগবান সেই ভিক্ষুণীদের ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত করলেন। তখন সেই ভিক্ষুণীরা ভগবানকর্তৃক ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক প্রদক্ষিণ করে চলে গেলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভিক্ষুণীদের অল্পমাত্র ধর্মকথা বলে অবশিষ্ট দিবস তিরচ্ছান কথায় অতিবাহিত করে বিদায় দিয়েছিলে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ

Visit: http://www.buddhistdownload.com

ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভিক্ষুণীদের অল্পমাত্র ধর্মকথা বলার পর অবশিষ্ট দিবস তিরচ্ছান কথায় অতিবাহিত করে বিদায় দিবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। এভাবে বহু প্রকারে ভর্ৎসনা করে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন :

হে ভিক্ষুগণ, আমি ভিক্ষুণী-উপদেশক নির্বাচন করতে অনুজ্ঞা প্রদান করছি। এভাবে নির্বাচন করতে হবে। প্রথমে ভিক্ষু প্রার্থনা করতে হবে। প্রার্থনা করা হলে, দক্ষ ও সমর্থ ভিক্ষুকর্তৃক সংঘকে জ্ঞাপন করাতে হবে :

১৪৫. ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। সংঘ যদি উচিত বোধ করেন, তাহলে অমুক ভিক্ষুকে ভিক্ষুণী-উপদেশক হিসেবে সম্মতি প্রদান করতে পারেন। ইহাই জ্ঞাপ্তি।

ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। সংঘ অমুক ভিক্ষুকে ভিক্ষুণী-উপদেশক হিসাবে সম্মতি দান করছেন। যেই আয়ুষ্মান অমুক ভিক্ষুকে ভিক্ষুণী-উপদেশক হিসেবে সম্মতি দান করা উচিত বোধ করেন—তিনি নীরব থাকবেন। আর যিনি উচিত বোধ করেন না, তিনি তার বক্তব্য ভাষায় প্রকাশ করতে পারেন।

দ্বিতীয়বার ও তৃতীয়বার এই বিষয় বলছি : 'ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। সংঘ অমুক ভিক্ষুকে ভিক্ষুণী-উপদেশক হিসাবে সম্মতি দান করছেন। যেই আয়ুষ্মান অমুক ভিক্ষুকে ভিক্ষুণী-উপদেশক হিসেবে সম্মতি দান করা উচিত বোধ করেন তিনি নীরব থাকবেন। আর যিনি উচিত বোধ করেন না, তিনি তার বক্তব্য ভাষায় প্রকাশ করতে পারেন।'

'সংঘকর্তৃক অমুক ভিক্ষু ভিক্ষুণী উপদেশক হিসেবে সম্মতি প্রাপ্ত হয়েছেন। অতএব উপস্থিত সমগ্র সংঘ এই প্রস্তাব উচিত বোধ করেন বিধায় নীরব রয়েছেন—আমি এরূপ ধারণা করছি।'

অতঃপর ভগবান ষড়বর্গীয় ভিক্ষুগণকে এভাবে বহু প্রকারে ভর্ৎসনা করে চপলতা, অবিনীতা, মহাতৃষ্ণা, অসন্তুষ্টিতা, সংঘপ্রিয়তা এবং অলসতার কুফল বর্ণনা করলেন। তিনি বহু প্রকারে গাম্ভীর্যতা, বিনীতা, অল্পেচ্ছুতা, সন্তুষ্টিতা, সম্ভ্রমতা; ধুতাঙ্গপ্রিয়তা, সেবাপ্রিয়তা, বীর্যারম্ভতার সুফল বর্ণনা করলেন। অতঃপর ভিক্ষুরা যাতে তদনুরূপ, তদনুকূল আচরণ করেন, সেভাবে ধর্মদেশনা করার পর ভিক্ষুদের সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি ভিক্ষুদের জন্য

Visit: http://www.buddhistdownload.com

শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করব—যা দশবিধ অর্থবশে সংঘের সুষ্ঠুতা; সংঘের সুখতা সম্পাদনের জন্যে; দুর্মূর্খ ও দুশ্চরিত্র ভিক্ষুদের নিগ্রহের জন্য এবং সুশীল ভিক্ষুদের সুখে অবস্থানের জন্য, বর্তমানে উৎপন্ন আসবসমূহকে দমনের জন্যে, অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির জন্যে, সদ্ধর্মের স্থিতির জন্য, বিনয়কে অনুগ্রহের জন্যে একান্ত হিতকর। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৪৬. "যো পন ভিক্খু অসম্মতো ভিক্খুনিযো ওবদেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত না হয়ে ভিক্ষুণীদের উপদেশ প্রদান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

১৪৭. সে সময়ে স্থবির ভিক্ষুগণ সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত হয়ে ভিক্ষুণীদের উপদেশ প্রদানকালে পূর্বের ন্যায় প্রভূত চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলানপ্রত্যয়-ভৈষজ্যাদি লাভ করতে লাগলেন। ইহা দেখে আবারও ষড়বর্গীয় ভিক্ষুদের মনে এই চিন্তা উদিত হলো—"আবুসো, স্থবির ভিক্ষুগণ বর্তমানে সংঘকর্তৃক সম্মতি প্রাপ্ত হয়ে ভিক্ষুণীদের উপদেশ প্রদানকালে পূর্বের ন্যায় চীবর-পিণ্ডপাত-শয্যাসন-গিলান প্রত্যয়-ভৈষজ্যাদি লাভ করছেন। তাই আবুসো, আসুন আমরাও সীমার বহির্ভাগে গিয়ে পরস্পরকে ভিক্ষুণী-উপদেশক হিসেবে সম্মতি দান করে ভিক্ষুণীদের উপদেশ প্রদান করি।" অনতিবিলম্বে ষড়বর্গীয় ভিক্ষুগণ সীমার বহির্ভাগে গিয়ে পরস্পরকে ভিক্ষুণী-উপদেশক হিসেবে সম্মতি দান করে ভিক্ষুণীদের নিকট উপস্থিত হয়ে এরূপ বললেন, "ভগিনিগণ, আমরাও সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত। তাই আমাদের নিকট আসিও; আমরাও তোমাদের উপদেশ প্রদান করব।"

অনন্তর ভিক্ষুণীরা যথায় ষড়বর্গীয় ভিক্ষুগণ তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণীদের অল্পমাত্র ধর্মকথা বলার পর অবশিষ্ট দিবস তিরচ্ছান কথায় অতিবাহিত করে "ভগিনি, এবার গমন কর" বলে বিদায় দিলেন। অতঃপর সেই ভিক্ষুণীরা যথায় ভগবান তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে স্থিত হলেন। একান্তে স্থিত সেই ভিক্ষুণীদের ভগবান এরূপ বললেন, "হে ভিক্ষুণীগণ, তোমরা উপদেশ পেয়ে সন্তুষ্ট হয়েছ তো?" প্রত্যুত্তরে তারা বললেন, "ভন্তে, আমরা কীরূপে সন্তুষ্ট হবো, আর্য ষড়বর্গীয় ভিক্ষুগণ অল্পমাত্র ধর্মকথা বলার পর অবশিষ্ট দিবস তিরচ্ছান কথায় অতিবাহিত করে বিদায় দিলেন।"

Visit: http://www.buddhistdownload.com

তৎপর ভগবান সেই ভিক্ষুণীদের ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত করলেন। অতঃপর সেই ভিক্ষুণীরা ভগবানকর্তৃক ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক প্রদক্ষিণ করে চলে গেলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভিক্ষুণীদের অল্পমাত্র ধর্মকথা বলার পর অবশিষ্ট দিবস তিরচ্ছান কথায় অতিবাহিত করে বিদায় দিয়েছিলে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভিক্ষুণীদের অল্পমাত্র ধর্মকথা বলার পর অবশিষ্ট দিবস তিরচ্ছান কথায় অতিবাহিত করে বিদায় দিবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অপ্রসন্নতা বৃদ্ধির কারণ হবে। এভাবে বহু প্রকারে ভর্ৎসনা করে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন :

হে ভিক্ষুগণ, আমি আদেশ করছি যে, অষ্টাঙ্গ গুণসমন্বিত ভিক্ষুকেই ভিক্ষুণী-উপদেশক হিসেবে সম্মতি দান করবে; যথা :

(১) শীলবান, প্রাতিমোক্ষসংবর শীলে সংযত হয়ে অবস্থানকারী, আচার-গোচরসম্পন্ন (সৎচরিত্রসম্পন্ন), ঈষৎ পাপেও ভয়দর্শী এবং শিক্ষাপদসমূহ অধ্যয়নপূর্বক সুদক্ষ হওয়া।

(২) যে সকল ধর্ম আদিকল্যাণ, মধ্যকল্যাণ ও অন্তকল্যাণ, তাদৃশ ধর্মে বহুশ্রুত, শ্রুতিধর, শ্রুতসন্নিচয় হওয়া এবং সদর্থ ও ব্যঞ্জনে পরিপূর্ণ পরিশুদ্ধ ব্রহ্মচর্যকে অভিবাদনকারী হওয়া, ধাতা, বচসা, পরিচিতা ও জ্বলন্ত সহস্র প্রদীপের ন্যায় দীপ্তিমান হওয়া এবং দৃষ্টিতে সুপ্রতিবদ্ধ হওয়া।

(৩) ভিক্ষু-ভিক্ষুণী উভয় প্রাতিমোক্ষ বিশদভাবে যথা-আগত হওয়া অর্থাৎ পুঙ্খানুপুঙ্খ ব্যাখ্যা বিশ্লেষণে সমর্থ হওয়া এবং সূত্র (স্কন্ধ ও পরিবার পাঠ) ও অনুব্যঞ্জন (অক্ষর-পদাদি) হতে উদ্ধৃতি আহরণপূর্বক উৎপন্ন বিবাদ দক্ষতার সাথে মীমাংসা করতে সমর্থ হওয়া।

(৪) কল্যাণবাচী (সুমধুরভাষী) ও কল্যাণবাক্যরণী (পাপচারিনীকে দক্ষতার সাথে তিরস্কার ও ভর্ৎসনাকারী) হওয়া।

(৫) অধিকাংশ ভিক্ষুণীদের প্রিয় ও মনোজ্ঞ হওয়া।

(৬) ভিক্ষুণীদের উপদেশ দানে সুদক্ষ হওয়া।

Visit: http://www.buddhistdownload.com

(৭) ভগবানের উদ্দেশে কাষায় বস্ত্র পরিধানপূর্বক প্রব্রজ্জিত হবার পূর্বে গুরুধর্ম[১] অপরাধে অপরাধী না হওয়া।

(৮) বিংশতি বৎসর অথবা বিংশতি বৎসরাধিক হওয়া। হে ভিক্ষুগণ, আমি আদেশ করছি যে, এই অষ্টাঙ্গ গুণসমন্বিত ভিক্ষুকেই ভিক্ষুণী-উপদেশক হিসেবে সম্মতি দান করবে।

১৪৮. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অসম্মতো" অর্থে জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা সম্মতি প্রাপ্ত না হওয়া।

"ভিক্খুনিযো" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্না বুঝায়।

"ওবাদেয্য" বলতে অষ্টগুরুধর্মের মাধ্যমে উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অন্য ধর্মের[২] মাধ্যমে উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। শুধুমাত্র সংঘকর্তৃক উপসম্পদাপ্রাপ্ত উপসম্পন্নাকে উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়।

১৪৯. সেই সম্মতিপ্রাপ্ত ভিক্ষু পরিবেন সম্মার্জন করে, পরিভোগ্য পানীয় জল সম্মুখে রেখে এবং আসন প্রস্তুত করে, সহচর (বন্ধু) গ্রহণপূর্বক উপবেশন করতে হবে। ভিক্ষুণীরাও তথায় গমনপূর্বক সেই ভিক্ষুকে অভিবাদন করে একান্তে উপবেশন করতে হবে। তখন সেই ভিক্ষু ভিক্ষুণীদের জিজ্ঞাসা করবেন, "ভগিনিগণ, এখানে সকলে সমবেত হয়েছ কি?" যদি বলে, "হ্যাঁ আর্য, সকলে সমবেত হয়েছি।" তখন তাদের বলতে হবে : "হে ভগিনিগণ, অষ্ট গুরুধর্ম কণ্ঠস্থ ও মুখস্থ হয়েছে কি? যদি বলে, "হ্যাঁ আর্য, কণ্ঠস্থ ও মুখস্থ হয়েছে।" তখন "ভগিনিগণ, এইই তোমাদের উপদেশ" বলে উপদেশ দান করতে হবে। আর যদি বলে, "না আর্য, আমাদের কণ্ঠস্থ ও মুখস্থ হয়নি।" তখন বলতে হবে :

১) ভিক্ষুণী শতবর্ষা উপসম্পন্না হলেও অদ্য উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুকে অভিবাদন, প্রত্যুত্থান, অঞ্জলিকর্ম, সমীচীন কর্ম করতে হবে। ইহাই ধর্ম যা সম্মান, সৎকার, গৌরব, মান্য ও পূজা করে আজীবন অলঙ্ঘনীয় অর্থাৎ লঙ্ঘন করা অনুচিত।

২) ভিক্ষুণীরা ভিক্ষুহীন আবাসে (বিহারে) বর্ষাবাস যাপন করতে পারবে

---

[১]. গৃহীকালে ভিক্ষুণীর সাথে কায়সংসর্গ অথবা শিক্ষামনা শ্রামণেরীর সাথে মৈথুনধর্ম সেবন। (সম. পাসা.)

[২]. অঞ্ঞেন ধম্মেন।

Visit: http://www.buddhistdownload.com

না। ইহাই ধর্ম যা সম্মান, সৎকার, গৌরব, মান্য ও পূজ্য করে আজীবন লঙ্ঘন করা অনুচিত।

৩) প্রতি একপক্ষকালে (পনের দিন পরপর) ভিক্ষুণীকর্তৃক ভিক্ষুসংঘ হতে উপোসথবিষয়ক প্রশ্ন[১] এবং উপদেশদানের জন্য আগমন[২]—এই দ্বিবিধ ধর্ম (কর্তব্য) জিজ্ঞাসা করতে হবে। ইহাই ধর্ম যা সম্মান, সৎকার, গৌরব, মান্য ও পূজা করে আজীবন লঙ্ঘন করা অনুচিত।

৪) বর্ষাবাস সমাপনান্তে ভিক্ষুণীকর্তৃক ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘের নিকট দৃষ্টে, শ্রুতে অথবা সংশয়ে এই তিন প্রকারে প্রবারণা করতে হবে। ইহাই ধর্ম যা সম্মান, সৎকার, গৌবর, মান্য ও পূজা করে আজীবন লঙ্ঘন করা অনুচিত।

৫) গুরুধর্ম অপরাধে অপরাধী ভিক্ষুণীকর্তৃক ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে পক্ষকাল যাবৎ মানত্ত ব্রত পালন করতে হবে। ইহাই ধর্ম যা সম্মান, সৎকার, গৌবর, মান্য ও পূজা করে আজীবন লঙ্ঘন করা অনুচিত।

৬) দুই বৎসর যাবৎ ছয় ধর্মে শিক্ষিতা শিক্ষামনাই একমাত্র ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘের নিকট উপসম্পদা প্রার্থনা করতে পারবে। ইহাই ধর্ম যা সম্মান, সৎকার, গৌরব, মান্য ও পূজা করে আজীবন লঙ্ঘন করা অনুচিৎ।

৭) ভিক্ষুণী ভিক্ষুকে কখনও কোনোরূপ আক্রোশ ও ভর্ৎসনাদি (গালিগালাজ) করতে পারবে না। ইহাই ধর্ম যা সম্মান, সৎকার, গৌরব, মান্য, পূজা করে আজীবন লঙ্ঘন করা অনুচিত।

৮) আজ থেকে ভিক্ষুণীরা ভিক্ষুগণকে কোনো প্রকার শাসন-অনুশাসন (বচনপথো) করতে পারবে না; কিন্তু ভিক্ষুগণ ভিক্ষুণীদের শাসন-অনুশাসন করতে পারবে। ইহাই ধর্ম যা সম্মান, সৎকার, গৌরব, মান্য ও পূজা করে আজীবন লঙ্ঘন করা অনুচিত।

যদি বলে যে "হ্যাঁ আর্য, সকলে উপস্থিত হয়েছি" তখন অন্য ধর্ম ভাষণে, দুক্কট অপরাধ হয়।

যদি বলে যে, "হ্যাঁ আর্য, বর্গ (দল) উপস্থিত হয়েছি" তখন অষ্টগুরুধর্ম ভাষণে, দুক্কট অপরাধ হয়। উপদেশ না দিয়ে অন্য ধর্ম ভাষণেও দুক্কট অপরাধ হয়।

১৫০. অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায়, বর্গ (দল) ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণাবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম

---

[১]. আজ চতুর্দশী কি পঞ্চদশী তা জেনে নেওয়া।

[২]. কোন ভিক্ষু ভিক্ষুণীদের উপদেশ দিতে আসছেন ইত্যাদি জেনে নেওয়া।

Visit: http://www.buddhistdownload.com

ধারণায়, বর্গ ভিক্ষুণীসংঘকে 'সমগ্র কি না' সন্দেহবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

অধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত বর্গ ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণাবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত বর্গ ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায়, বর্গ ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণাবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায়, বর্গ ভিক্ষুণীসংঘকে 'সমগ্র কি না' সন্দেহবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায়, বর্গ ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণাবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায়, সমগ্র ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণাবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে 'বর্গ কি না' সন্দেহবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত ও সমগ্র ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণায় উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত ও সমগ্র ভিক্ষুণীসংঘকে 'বর্গ' কি না' সন্দেহবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত ও সমগ্র ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, পাচিত্তিয় অপরধ হয়।

অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণায় উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে 'বর্গ কি না' সন্দেহবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

১৫১. ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় বর্গ ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণায় উপদেশ দানে দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় বর্গ ভিক্ষুণীসংঘকে 'বর্গ কি না' সন্দেহবশত উপদেশ দানে দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় বর্গ ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

ধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কিনা, সন্দেহবশত বর্গ ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত বর্গ ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত বর্গ ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়।

ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় বর্গ ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় বর্গ ভিক্ষুণীসংঘকে 'সমগ্র কি না' সন্দেহবশত উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় বর্গ ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়।

ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণাবশত উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে 'বর্গ কি না' সন্দেহবশত উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়।

ধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত সমগ্র ভিক্ষুণীসংঘকে 'বর্গ কি না' সন্দেহবশত উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত সমগ্র ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়।

ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে বর্গ ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে 'বর্গ কি না' সন্দেহবশত উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় সমগ্র ভিক্ষুণীসংঘকে সমগ্র ধারণায় উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়।

১৫২. **অনাপত্তি :** শিক্ষা প্রদান কালে, প্রশ্নোত্তর প্রদান কালে, 'আর্য, বলুন' এভাবে ব্যক্ত হয়ে বললে, জিজ্ঞাসা করলে, অন্যকে বলার সময় ভিক্ষুণীরা শুনলে, কোনো অপরাধ হয় না এবং শিক্ষামনার, শ্রামণেরীর; উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো দোষ নেই।

[ওবাদো প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. অথঙ্গত সিক্খাপদং

(সূর্য অস্তগমন সম্পর্কীয় শিক্ষাপদ)

১৫৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন স্থবির ভিক্ষুগণ পালানুক্রমে ভিক্ষুণীদের উপদেশ দিতে লাগলেন। একসময় আয়ুষ্মান চুলপন্থকের পালা উপস্থিত হলো ভিক্ষুণীদের উপদেশ দেওয়ার। ভিক্ষুণীরা এরূপ বলতে লাগলেন, "অদ্য দিবসের উপদেশ বেশ সন্তোষজনক হবে না; যেহেতু আর্য চুলপন্থক সেই উদানই পুনঃ পুনঃ ভাষণ করবেন।"

অনন্তর সেই ভিক্ষুণীরা যথায় আয়ুষ্মান চুলপন্থক তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে আয়ুষ্মান চুলপন্থককে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্টা সেই ভিক্ষুণীদের আয়ুষ্মান চুলপন্থক এভাবে বললেন, "হে ভগিনিগণ, সকলে উপস্থিত হয়েছে কি?" "হ্যাঁ আর্য, সকলে উপস্থিত হয়েছি।" তৎপর বললেন, "হে ভগিনিগণ, অষ্টগুরুধর্ম কণ্ঠস্থ ও মুখস্থ করেছ কি?" "হ্যাঁ আর্য, কণ্ঠস্থ ও মুখস্থ করেছি।" "হে ভগিনিগণ, এই-ই তোমাদের উপদেশ" এই বলে আয়ুষ্মান চুলপন্থক এই উদান পুনঃ পুনঃ ভাষণ করলেন :

প্রমত্ত না হন যিনি অধিচিত্ত ধ্যানে,
যেই মুনি শিশিক্ষু আর্যমার্গজ্ঞানে;
এহেন উপশান্ত অরহতের সনে,
না থাকে শোক কভু স্মৃতিমানের মনে।

তখন ভিক্ষুণীরা এরূপ বললেন, "কী, বলেছিলাম না, অদ্য দিবসের উপদেশ বেশ সন্তোষজনক হবে না; যেহেতু আর্য চুলপন্থক সেই উদানই পুনঃ পুনঃ ভাষণ করবেন!" আয়ুষ্মান চুলপন্থক সেই ভিক্ষুণীদের এসব কথাবার্তা শুনতে পেলেন। তৎপর আয়ুষ্মান চুলপন্থক উন্মুক্ত আকাশে গমনপূর্বক অন্তরীক্ষে চংক্রমণ করতে লাগলেন, দাঁড়াতে লাগলেন, উপবেশন করতে লাগলেন, শয়ন করতে লাগলেন, ধূমায়িত হতে লাগলেন, আলোকিত হতে লাগলেন, অন্তর্হিত হতে লাগলেন, সেই উদান এবং অন্যান্য বহু বুদ্ধবচন ভাষণ করতে লাগলেন। ইহা দেখে ভিক্ষুণীরা বলতে লাগলেন, "অহো, কী আশ্চর্য, কী অদ্ভুত, ইতিপূর্বে আমরা এমন সন্তোষজনক উপদেশ শুনিনি, যেমনটি শুনলাম আর্য চুলপন্থক হতে!" অতঃপর আয়ুষ্মান চুলপন্থক সেই ভিক্ষুণীদের সমন্ধকার হতে উপদেশ দান করার পর "ভগিনিগণ, এবার গমন কর" বলে বিদায় দিলেন।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর সেই ভিক্ষুণীরা নগর দ্বার বন্ধ হওয়ায় নগরের বাইরে রাত্রি যাপন করার পর প্রত্যুষে নগরে প্রবেশ করতে লাগলেন। ইহা দেখে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং দুর্নাম করতে লাগল, "এই ভিক্ষুণীরা অব্রহ্মচারিণী; যেহেতু বিহারে ভিক্ষুদের সাথে রাত্রি যাপন করে, এখনই নগরে প্রবেশ করছেন।" তৎপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা, আন্দোলন এবং দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান চুলপন্থক সূর্য অস্তগত হলেও ভিক্ষুণীদের উপদেশ প্রদান করবেন?" অতঃপর ভিক্ষুগণ এ কথা সবিস্তারে ভগবানকে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান চুলপন্থককে জিজ্ঞাসা করলেন, "হে চুলপন্থক, ইহা কি সত্য যে, তুমি নাকি সূর্য অস্তগত হলেও ভিক্ষুণীদের উপদেশ প্রদান করো?" "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, হে চুলপন্থক, কী হেতু তুমি সূর্য অস্তগত হলেও ভিক্ষুণীদের উপদেশ প্রদান করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৫৪. "সম্মতোপি চে ভিক্খু অত্থঙ্গতে সূরিযে ভিক্খুনিযো ওবাদেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : সংঘকর্তৃক জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা সম্মতিপ্রাপ্ত কোনো ভিক্ষু সূর্য অস্তগত হলেও ভিক্ষুণীদের উপদেশ প্রদান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১৫৫. "সম্মতো" অর্থে জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা সম্মতি প্রাপ্ত হওয়া।

"অত্থঙ্গতে সূরিযে" বলতে সূর্য অস্তগত হলে।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্ন হওয়া।

"ওবদেয্য" বলতে অষ্টগুরুধর্ম অথবা অন্য কোনো ধর্ম দ্বারা উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

১৫৬. অস্তগতে অস্তগত ধারণায় উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অস্তগতে 'অস্তগত কি না' সন্দেহবশত উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। অস্তগতে অনস্তগত ধারণায় উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

শুধুমাত্র একের (ভিক্ষুণী সংঘের) উপস্থিতিতে উপসম্পদাপ্রাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

উপসম্পন্নাকে উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়[১]। অনন্তগতে অন্তগত ধারণায় দুক্কট অপরাধ হয়। অনন্তগতে 'অন্তগত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনন্তগতে অনন্তগত ধারণায় কোনো অপরাধ হয় না।

১৫৭. **অনাপত্তি :** শিক্ষা প্রদানকালে, প্রশ্নোত্তর প্রদানকালে, 'আর্য, বলুন' এভাবে ব্যক্ত হয়ে বললে, জিজ্ঞেস করলে, অন্যকে বলার সময় ভিক্ষুণীরা শুনলে, কোনো অপরাধ হয় না এবং শিক্ষামনার, শ্রামণেরীর, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো দোষ নেই।

[অথঙ্গত দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. ভিক্খুনুপস্সয সিক্খাপদং

(ভিক্ষুণী আবাসে গমন সম্পর্কীয় শিক্ষাপদ)

১৫৮. সে সময়ে বুদ্ধ ভগবান শাক্যরাজ্যের কপিলাবস্তুতে নিগ্রোধারামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে ষড়বর্গীয়া ভিক্ষুণীদের উপদেশ দিতে লাগলেন। একদিন ভিক্ষুণীরা ষড়বর্গীয়া ভিক্ষুণীদের বললেন, "আর্যাগণ, আসুন, আমরা উপদেশ শ্রবণার্থে গমন করব।" প্রত্যুত্তরে তারা বললেন, "আর্যাগণ, যেই উপদেশ শ্রবণার্থে আমরা সেখানে গমন করে থাকি; আর্য ষড়বর্গীয় ভিক্ষুগণ তো এখানে এসেই আমাদের সেই উপদেশ দিয়ে যান।" ইহা শুনে ভিক্ষুণীরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে ভিক্ষুণীদের উপদেশ দিবেন?" অতঃপর সেই ভিক্ষুণীরা ভিক্ষুদের এ কথা সবিস্তারে জানালে, যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে ভিক্ষুণীদের উপদেশ দিবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা

---

[১]. শুধুমাত্র ভিক্ষুণী সংঘের উপস্থিতিতে উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুণীকে উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। কিন্তু ভিক্ষুসংঘের উপস্থিতিতে উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুণীকে উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

নাকি ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে ভিক্ষুণীদের উপদেশ প্রদান করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে ভিক্ষুণীদের উপদেশ দিবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু ভিক্খুনুপস্সযং উপসঙ্কমিত্বা ভিক্খুনিযো ওবদেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে ভিক্ষুণীদের উপদেশ দান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

১৫৯. সে সময়ে মহাপ্রজাপতি গৌতমী অসুস্থ হয়ে পড়লে, স্থবির ভিক্ষুগণ যেখানে মহাপ্রজাপতি গৌতমী সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে মহাপ্রজাপতি গৌতমীকে বললেন, "গৌতমী, আপনার স্বস্তি বোধ হচ্ছে তো? দিন ভালো যাচ্ছে তো?" "না, আর্য, আমার স্বস্তি বোধ হচ্ছে না, দিনও ভালো যাচ্ছে না। অতএব আর্য, এখন আমাকে ধর্মদেশনা প্রদান করুন।" "ভগিনি, ভিক্ষু ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে ভিক্ষুণীদের ধর্মদেশনা করতে পারে না।" এভাবে সন্দিগ্ধ হয়ে দেশনা করলেন না।

অনন্তর ভগবান পূর্বাহ্ণ সময়ে পরিধেয় চীবর পরিধান করে পাত্র-চীবর গ্রহণপূর্বক যেখানে মহাপ্রজাপতি গৌতমী সেখানে উপস্থিত হলেন। উপস্থিত হয়ে প্রজ্ঞাপ্ত (প্রস্তুতকৃত) আসনে উপবেশন করলেন। আসনে উপবিষ্ট ভগবান মহাপ্রজাপতি গৌতমীকে বললেন, "গৌতমী, তোমার স্বস্তি বোধ হচ্ছে তো? দিন ভালো যাচ্ছে তো?" "ভন্তে, পূর্বে স্থবির ভিক্ষুগণ আমার নিকট এসে ধর্মদেশনা করতেন। তজ্জন্য আমার স্বস্তি বোধ হতো। কিন্তু বর্তমানে 'ভগবানকর্তৃক নিষিদ্ধ করা হয়েছে' ভেবে সন্দিগ্ধ হয়ে দেশনা করছেন না। সুতরাং আমারও স্বস্তি বোধ হচ্ছে না।" তৎপর ভগবান মহাপ্রজাপতি গৌতমীকে ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত করে আসন হতে উঠে চলে গেলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে অসুস্থ ভিক্ষুণীকে উপদেশ প্রদান করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

১৬০. "যো পন ভিক্খু ভিক্খুনুপস্সযং উপসঙ্কমিত্বা ভিক্খুনিযো ওবদেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো, গিলানা হোতি ভিক্খুনী—অযং তত্থ সমযো।"

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু উপযুক্ত সময় ব্যতীত ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে ভিক্ষুণীদের উপদেশ দান করলে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : 'ভিক্ষুণী অসুস্থ হওয়া' ইহাই উপযুক্ত সময়।

১৬১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুনুপস্সযো" অর্থে যথায় ভিক্ষুণীরা মাত্র একরাত্রি হলেও বাস করে এমন আবাস বুঝায়।

"উপসঙ্কমিত্বা" বলতে তথায় গমনপূর্বক।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্না বুঝায়।

"ওবদেয্য" বলতে অষ্টগুরুধর্মের মাধ্যমে উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

"অঞ্ঞত্র সমযা" বলতে উপযুক্ত সময় ব্যতীত।

"গিলানা" অর্থে উপদেশ শ্রবণার্থে অথবা সমবেত হওয়ার জন্যে গমন করতে অক্ষম ভিক্ষুণীই অভিপ্রেত।

১৬২. উপসম্পন্নাকে উপসম্পন্না ধারণায় উপযুক্ত সময় ব্যতীত ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নাকে 'উপসম্পন্না কি না' সন্দেহবশত উপযুক্ত সময় ব্যতীত ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নাকে অনুপসম্পন্না ধারণায় উপযুক্ত সময় ব্যতীত ভিক্ষুণী আবাসে উপস্থিত হয়ে উপদেশ দানে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্য ধর্মের মাধ্যমে উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। শুধুমাত্র একের (ভিক্ষুণী সংঘের) উপস্থিতিতে উপসম্পদাপ্রাপ্ত উপসম্পন্নাকে উপদেশ দানে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নাকে উপসম্পন্না ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নাকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নাকে অনুপসম্পন্না ধারণায় কোনো অপরাধ হয় না।

১৬৩. **অনাপত্তি :** শিক্ষা প্রদানকালে, প্রশ্নোত্তর প্রদানকালে, 'আর্য, বলুন' এভাবে ব্যক্ত হয়ে বললে, জিজ্ঞাসা করলে, অন্যকে বলার সময় ভিক্ষুণীরা

Visit: http://www.buddhistdownload.com

শুনলে, কোনো অপরাধ হয় না এবং শিক্ষামনার, শ্রামণেরীর, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো দোষ নেই।

[ভিক্খুনুপস্সয তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৪. আমিস সিক্খাপদং

(আমিষ সম্পর্কীয় শিক্ষাপদ)

১৬৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন স্থবির ভিক্ষুগণ ভিক্ষুণীদের উপদেশ দানকালে প্রভূত চীবর-পিণ্ডপাত-শয়নাসন-গিলানপ্রত্যয়-ভৈষজ্যাদি লাভ করতে লাগলেন। ইহা দেখে ষড়বর্গীয় ভিক্ষুগণ এরূপ বলতে লাগলেন, "স্থবির ভিক্ষুগণ পরহিতকামী হয়ে ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন না; বরঞ্চ আমিষহেতুই স্থবির ভিক্ষুগণ ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন।"

ষড়বর্গীয় ভিক্ষুদের এমন কথা শুনার পর যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ এরূপ বলছেন যে, স্থবির ভিক্ষুগণ পরহিতকামী হয়ে ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন না; বরঞ্চ আমিষহেতুই স্থবির ভিক্ষুগণ ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে তিরস্কার করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি এরূপ বলছ যে 'স্থবির ভিক্ষুগণ পরহিতকামী হয়ে ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন না; বরঞ্চ আমিষহেতুই স্থবির ভিক্ষুগণ ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন?' "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা এরূপ বলছ যে 'স্থবির ভিক্ষুগণ পরহিতকামী হয়ে ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন না; বরঞ্চ আমিষহেতুই স্থবির ভিক্ষুগণ ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন?' এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৬৫. "যো পন ভিক্খু এবং বদেয্য—'অমিসহেতু থেরা ভিক্খূ ভিক্খুনিযো ওবদন্তী'তি পাচিত্তিয"ন্তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যদি এরূপ বলে, 'আমিষহেতু স্থবির ভিক্ষুগণ ভিক্ষুণীদের উপদেশ দিচ্ছেন' তাহলে তার পাচিত্তিয় অপরাধ হয়।

১৬৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অমিস হেতু" বলতে চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলান-প্রত্যয়-ভৈষজ্য, পরিষ্কার (নিত্য প্রয়োজনীয় দ্রব্য), লাভ-সৎকার, মান-সম্মান-গৌরব, পূজা-বন্দনা ইত্যাদি লাভের জন্য বুঝায়।

"এবং বদেয্য" বলতে অপযশকামী ও দুর্নাম রটানোর ইচ্ছায় সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত ভিক্ষুণী-উপদেশক ভিক্ষুকে এভাবে বলা; যথা : 'তিনি চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলান-প্রত্যয়-ভৈষজ্য, পরিষ্কার, লাভ-সৎকার, মান-সম্মান-গৌরব, পূজা-বন্দনা ইত্যাদি লাভের জন্যে উপদেশ দিচ্ছেন' এভাবে বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

১৬৭. ধর্মত কর্মে ধর্মত কর্ম ধারণায় এভাবে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত এভাবে বললে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মে অধর্মত কর্ম ধারণায় এরূপ বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

অপযশকামী ও দুর্নাম রটানোর ইচ্ছায় সংঘকর্তৃক সম্মতি অপ্রাপ্ত ভিক্ষুণী-উপদেশক ভিক্ষুকে এরূপ বলা; যথা : 'তিনি চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলান-প্রত্যয়-ভৈষজ্য, পরিষ্কার, লাভ-সৎকার, মান-সম্মান-গৌরব, পূজা-বন্দনা ইত্যাদি লাভের জন্য উপদেশ দিচ্ছেন' এভাবে বললে, দুক্কট অপরাধ হয়। অপযশকামী ও দুর্নাম রটানোর ইচ্ছায় সংঘকর্তৃক সম্মতি প্রাপ্ত বা অপ্রাপ্ত ভিক্ষুণী উপদেশক অনুপসম্পন্নকে এরূপ বলা; যথা : 'তিনি চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলানপ্রত্যয় ভৈষজ্য, পরিষ্কার, লাভ-সৎকার, মান-সম্মান-গৌরব, পূজা-বন্দনা ইত্যাদি লাভের জন্য উপদেশ দিচ্ছেন' এভাবে বললে, দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়।

১৬৮. **অনাপত্তি :** স্বভাবত উপদেশ দানকালে চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলান-প্রত্যয় ভৈষজ্য, পরিষ্কার, লাভ-সৎকার, মান-সম্মান-গৌরব, পূজা-বন্দনাদিহেতু বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো দোষ নেই।

[অমিস চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৫. চীবরদান সিক্খাপদং

(চীবরদান সম্পর্কীয় শিক্ষাপদ)

১৬৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন অন্যতর ভিক্ষু শ্রাবস্তীতে অন্যতর কোনো এক পথে পিণ্ডচারণ করছিলেন। সেই পথে অন্যতরা ভিক্ষুণীও পিণ্ডচারণ করছিলেন। অতঃপর সেই ভিক্ষু ভিক্ষুণীকে দেখে এরূপ বললেন, "ভগিনি, যাও, অমুক স্থানে ভিক্ষা দেওয়া হচ্ছে।" তখন সেই ভিক্ষুণীও এরূপ বললেন, "আর্য, অমুক স্থানে যান, তথায় ভিক্ষা দেওয়া হচ্ছে" এভাবে তারা উভয়েই অভিন্নদৃষ্টির ফলশ্রুতিতে বন্ধুত্ব স্থাপিত হলো।

সে সময়ে সংঘের মধ্যে চীবর ভাজিত হচ্ছিল। অনন্তর সেই ভিক্ষুণী উপদেশ শ্রবণার্থে গমনপূর্বক যেখানে সেই ভিক্ষু সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে সেই ভিক্ষুকে অভিবাদনপূর্বক একান্তে স্থিতা হলেন। একান্তে স্থিতা সেই ভিক্ষুণীকে সেই ভিক্ষু বললেন, "ভগিনি, এই চীবর আমার দ্বারা প্রাপ্ত হয়েছে, তা গ্রহণ করবে কি?" "হ্যাঁ, আর্য, অবশ্যই গ্রহণ করব, যেহেতু আমার চীবর এখন জীর্ণ-শীর্ণ প্রায়।"

অতঃপর সেই ভিক্ষু ভিক্ষুণীকে চীবরটি দিলেন। একদিন সেই ভিক্ষুর চীবরও জীর্ণ-শীর্ণ হয়ে পড়লে ভিক্ষুগণ তাকে বললেন, "আবুসো, এখন তোমার সেই প্রাপ্ত চীবরটি ব্যবহার কর।" ভিক্ষুদের দ্বারা এভাবে বলা হলে সেই ভিক্ষুও ভিক্ষুদের নিকট সমস্ত ঘটনা প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন, এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু ভিক্ষুণীকে চীবর দান করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি ভিক্ষুণীকে চীবর দান করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" "হে ভিক্ষু, সে কি তোমার জ্ঞাতি বা অজ্ঞাতি?" "অজ্ঞাতি, ভগবান।" অতঃপর ভগবান বললেন, মোঘপুরুষ, অজ্ঞাতি অজ্ঞাতির প্রতিরূপ (যোগ্য) কী, অপ্রতিরূপ (অযোগ্য) কী অথবা সত্য কী, মিথ্যা কী—এ সম্পর্কে কিছুই জানে না। কী হেতু তুমি অজ্ঞাতি ভিক্ষুণীকে চীবর দান করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস

Visit: http://www.buddhistdownload.com

করছি :

"যো পন ভিক্খু অঞ্ঞাতিকায ভিক্খুনিযা চীবরং দদেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অজ্ঞাতি ভিক্ষুণীকে চীবর দান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

১৭০. সে সময়ে ভিক্ষুগণ সন্দেহপ্রবণ হয়ে ভিক্ষুণীদের বদলী চীবরও না দিতে লাগলেন। তাই ভিক্ষুণীরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আর্যগণ আমাদের বদলী চীবর পর্যন্ত না দিবেন?" ভিক্ষুগণ সেই ভিক্ষুণীদের—এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভের কথা শুনতে পেলেন। অতঃপর সেই ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন। অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, পাঁচজনকে বদলী চীবর প্রদান করবে; যথা : ভিক্ষু, ভিক্ষুণী, শিক্ষামনা, শ্রামণের এবং শ্রামণেরী। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৭১. "যো পন ভিক্খু অঞ্ঞাতিকায ভিক্খুনিযা চীবরং দদেয্য অঞ্ঞত্র পরিবত্তকা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু বদলী ব্যতীত অজ্ঞাতি ভিক্ষুণীকে চীবর প্রদান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১৭২. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অঞ্ঞাতিকা" অর্থে মাতৃকুল ও পিতৃকুল উভয় কুল হতে সপ্তম পুরুষ পর্যন্ত কোন রক্ত সম্পর্ক না থাকা।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্নাই অভিপ্রেত।

"চীবরং" অর্থে ছয় প্রকার চীবরের[১] মধ্যে অন্যতর চীবর—যা বিকপ্পনুপযোগীর মধ্যে অন্তিম।

"অঞ্ঞত্র পরিবত্তকা" বলতে পরিবর্তন বা বদলী ব্যতীত প্রদানে,

---

[১]. ভিক্ষুদের ব্যবহারোপযোগী ছয় প্রকার চীবর হচ্ছে, ক্ষোম বা সুতায় তৈরি চীবর, কার্পাসে তৈরি চীবর, কৌশিক বা রেশমী চীবর, কম্বল বা পশমী চীবর, অমশৃণ মোটা শণে বা বল্কলে তৈরি চীবর এবং কেম্বিস কাপড়ে তৈরি চীবর।

Visit: http://www.buddhistdownload.com

পাচিত্তিয় অপরাধ হয়।

১৭৩. অজ্ঞাতিকে অজ্ঞাতি ধারণায় বদলী ব্যতীত চীবর প্রদানে, পাচিত্তিয় অপরাধ হয়। অজ্ঞাতিকে 'জ্ঞাতি কি না' সন্দেহবশত বদলি ব্যতীত চীবর প্রদানে, পাচিত্তিয় অপরাধ হয়। অজ্ঞাতিকে জ্ঞাতি ধারণায় বদলী চীবর প্রদানে, পাচিত্তিয় অপরাধ হয়।

জ্ঞাতিকে অজ্ঞাতি ধারণায় দুক্কট অপরাধ হয়। জ্ঞাতিকে 'জ্ঞাতি কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। জ্ঞাতিকে জ্ঞাতি ধারণায় কোনো অপরাধ হয় না।

১৭৪. **অনাপত্তি :** জ্ঞাতির সাথে পরিবর্তন করলে, অল্প দিয়ে বেশি বা বেশি দিয়ে অল্প নিলে, অল্পক্ষণের জন্য নিলে, চীবর ব্যতীত অন্য কোনো ব্যবহার্য দ্রব্য (পরিক্খারং) দিলে, কোনো অপরাধ হয় না এবং শিক্ষামনার, শ্রামণেরীর, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চীবরদান পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬. চীবর সিব্বন সিক্খাপদং

(চীবর সেলাই সম্পর্কীয় শিক্ষাপদ)

১৭৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান উদায়ী চীবর কর্ম সম্পাদনে অত্যন্ত সুদক্ষ ছিলেন। অনন্তর অন্যতরা ভিক্ষুণী যেখানে আয়ুষ্মান উদায়ী সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে আয়ুষ্মান উদায়ীকে এভাবে বললেন, "ভন্তে আর্য, অনুগ্রহপূর্বক আমার এই চীবরটি উত্তমভাবে সেলাই করে দিন।" অতঃপর আয়ুষ্মান উদায়ী সেই ভিক্ষুণীর চীবর সেলাই করে সুরঞ্জিত ও অত্যন্ত পরিপাটি করে প্রস্তুত করার পর মাঝখানে স্ববুদ্ধিমত্তায় নানা কিছু চিত্রিত করে ভাজ করে রেখে দিলেন।

অনন্তর একদিন সেই ভিক্ষুণী যেখানে আয়ুষ্মান উদায়ী সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে আয়ুষ্মান উদায়ীকে বললেন, "ভন্তে, সেই চীবরটি কোথায়?" "ভগিনি, এখন এই যথা ভাজকৃত চীবরটি নিয়ে যথাস্থানে রেখে দিও। যখন ভিক্ষুণীসংঘ উপদেশ শ্রবণনার্থে আসবেন তখন এই চীবর পারূপন করে ভিক্ষুণীসংঘের পেছন পেছন আসিও।"

অনন্তর সেই ভিক্ষুণী সেই যথাভাজকৃত চীবরটি নিয়ে যথাস্থানে রেখে দিয়ে, যখন ভিক্ষুণীসংঘ উপদেশ শ্রবণার্থে আসতে লাগলেন, তখন সেই চীবর

Visit: http://www.buddhistdownload.com

পারূপন করে ভিক্ষুণীসংঘের পেছন পেছন আসতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "এই ভিক্ষুণীরা কেমন শঠী, দুষ্টা ও নির্লজ্জা যে চীবরের মধ্যেও নানা কিছু চিত্রিত করবেন?"

ভিক্ষুণীরা সেই লোকদের এমন নিন্দা বাক্য শুনে এরূপ বললেন, "এমন কাজ কে করেছেন?" "আর্য উদায়ী।" "যারা শঠী, দুষ্ঠা, নির্লজ্জা তাদেরও যে এমন কার্য শোভা পায় না, আর কীরূপে আর্য উদায়ীর শোভা পাবে?" এভাবে নানা প্রকারে অসন্তোষ প্রকাশ করে সেই ভিক্ষুণীরা ভিক্ষুগণকে এ কথা সবিস্তারে জানালে, যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান উদায়ী ভিক্ষুণীর চীবর সেলাই করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ আয়ুষ্মান উদায়ীকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান উদায়ীকে জিজ্ঞাসা করলেন, হে উদায়ী, ইহা কি সত্য যে, তুমি নাকি ভিক্ষুণীর চীবর সেলাই করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" "উদায়ী, সে কি তোমার জ্ঞাতি বা অজ্ঞাতি?" "অজ্ঞাতি, ভগবান।" অতঃপর ভগবান বললেন, মোঘপুরুষ, অজ্ঞাতি অজ্ঞাতির প্রতিরূপ (যোগ্য) কী, অপ্রতিরূপ (অযোগ্য) কী অথবা সত্য কী, মিথ্যা কী—এ সম্পর্কে কিছুই জানে না। কী হেতু তুমি অজ্ঞাতি ভিক্ষুণীর চীবর সেলাই করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৭৬. "যো পন ভিক্খু অঞ্ঞাতিকায ভিক্খুনিযা চীবরং সিব্বেয্য বা সিব্বাপেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অজ্ঞাতি ভিক্ষুণীর চীবর নিজে বা অপরের দ্বারা সেলাই করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

১৭৭. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অঞ্ঞাতিকা" অর্থে মাতৃকুল ও পিতৃকুল উভয় কুল হতে সপ্তম পুরুষ পর্যন্ত কোনো রক্ত সম্পর্ক না থাকা।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্নাই অভিপ্রেত।

"চীবরং" অর্থে ছয় প্রকার চীবরের মধ্যে অন্যতর চীবর বুঝায়।

Visit: http://www.buddhistdownload.com

"সিব্বেয্য" বলতে নিজে সেলাই করলে, প্রতি সূচাগ্রে সূচাগ্রে পাচিত্তিয় অপরাধ হয়।

"সিব্বাপেয্য" বলতে অপরকে সেলাই করার আদেশ প্রদানে, পাচিত্তিয় অপরাধ হয়। একবার মাত্র আদিষ্ট হয়ে বহুবার সেলাই করলেও একটি মাত্র পাচিত্তিয় অপরাধ হয়।

১৭৮. অজ্ঞাতিকে অজ্ঞাতি ধারণায় চীবর সেলাই করলে বা করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অজ্ঞাতিকে 'অজ্ঞাতি কি না' সন্দেহবশত চীবর সেলাই করলে বা করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অজ্ঞাতিকে জ্ঞাতি ধারণায় চীবর সেলাই করলে বা করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

জ্ঞাতিকে অজ্ঞাতি ধারণায় দুক্কট অপরাধ হয়। জ্ঞাতিকে 'অজ্ঞাতি কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। জ্ঞাতিকে জ্ঞাতি ধারণায় কোনো অপরাধ হয় না।

১৭৯. **অনাপত্তি :** জ্ঞাতির চীবর হলে, চীবর ব্যতীত অন্য কোনো ব্যবহার্য বস্তু সেলাই করলে বা করালে, কোনো দোষ নেই এবং শিক্ষামনার, শ্রামণেরীর, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চীবরসিব্বন ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৭. সংবিধান সিক্খাপদং

(পথে গমনকালীন পরামর্শ সম্পর্কীয় শিক্ষাপদ)

১৮০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণীদের সাথে পরামর্শ করে দীর্ঘপথে গমন করতে লাগলেন। ইহা দেখে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং দুর্নাম করতে লাগল, "যেভাবে আমরা সস্ত্রীক বিচরণ করি, ঠিক অনুরূপভাবেই দেখছি এই শাক্যপুত্রীয় শ্রমণগণ ভিক্ষুণীদের সাথে পরামর্শ করে বিচরণ করছেন!" ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণীদের সাথে পরামর্শ করে দীর্ঘপথে গমন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে

Visit: http://www.buddhistdownload.com

ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভিক্ষুণীদের সাথে পরামর্শ করে দীর্ঘপথে গমন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভিক্ষুণীদের সাথে পরামর্শ করে দীর্ঘপথে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু ভিক্খুনিযা সদ্ধিং সংবিধায একদ্ধানমগ্গং পটিপজ্জেয্য অন্তমসো গামন্তরম্পি পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভিক্ষুণীর সাথে পরামর্শ করে দীর্ঘপথে গমন করলে, এমনকি গ্রামান্তরে গমন করলেও তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

১৮১. সে সময়ে বহুসংখ্যক ভিক্ষু ও ভিক্ষুণী সাকেত নগর হতে শ্রাবস্তীতে দীর্ঘপথে প্রতিপন্ন হলেন। তখন সেই ভিক্ষুণীরা ভিক্ষুদের এরূপ বললেন, "আমরাও আর্যদের সাথে গমন করব।" "না ভগিনিগণ, ভিক্ষু ভিক্ষুণীর সাথে পরামর্শ করে দীর্ঘপথে গমন করতে পারে না। অতএব, তোমরাই প্রথমে গমন কর তারপর আমরা গমন করব।" "ভন্তে, আর্যগণ অগ্রপুরুষ; সুতরাং আর্যগণই প্রথমে গমন করুন।"

অনন্তর চোরেরা পেছনে গমনরতা সেই ভিক্ষুণীদের সমস্ত কিছু ছিনিয়ে নিল এবং বলৎকার করল। অতঃপর সেই ভিক্ষুণীরা শ্রাবস্তীতে গমনপূর্বক আদ্যোপান্ত সমস্ত বিষয় ভিক্ষুণীদের খুলে বললেন। ভিক্ষুণীরা ভিক্ষুদের এ কথা সবিস্তারে জানালে, ভিক্ষুগণও ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, যেই রাস্তায় নিরস্ত্র হয়ে চলা যায় না এবং বিপদ ও ভয়সংকুল—তাদৃশ রাস্তায় ভিক্ষুণীর সাথে পরামর্শ করে দীর্ঘপথ গমন করবে।" তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৮২. "যো পন ভিক্খু ভিক্খুনিযা সদ্ধিং সংবিধায় একদ্ধানমগ্গং পটিপজ্জেয্য অন্তমসো গামন্তরম্পি অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। সত্থগমনীযো হোতি মগ্গো সাসঙ্কাসম্মতো সপ্পতিভযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু উপযুক্ত সময় ব্যতীত ভিক্ষুণীর সাথে পরামর্শ

Visit: http://www.buddhistdownload.com

করে দীর্ঘপথে গমন করলে, এমনকি গ্রামান্তরে গমন করলেও, তার পাচিত্তিয় অপরাধ হয়। সেক্ষেত্রে উপযুক্ত সময় এই : যেই রাস্তায় নিরস্ত্র হয়ে চলাফেরা করা যায় না এবং বিপদ ও ভয়সংকুল (সাসঙ্কসম্মতে সপ্পটিভযো) হওয়া। ইহাই ভিক্ষুণীর সাথে গমনের উপযুক্ত সময়।

১৮৩. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্না বুঝায়।

"সদ্ধিং" বলতে একত্রে বা একই সাথে।

"সংবিধায" বলতে তিন প্রকারে পরামর্শ করা বুঝায়; যথা : (১) ভগিনি, আসুন আমরা গমন করি; হ্যাঁ আর্য, চলুন গমন করি; (২) আর্য, আসুন আমরা গমন করি; হ্যাঁ ভগিনি, চলুন আমরা গমন করি; (৩) আমরা অদ্য বা আগামীকাল অথবা পরবর্তী সময়ে গমন করব—এই তিন প্রকারের মধ্যে যেকোনো এক প্রকারে পরামর্শ করলে, দুক্কট অপরাধ হয়।

"অন্তমসো গামন্তরম্পি" বলতে মোরগ ডাকার শব্দ শুনা যায় এমন গ্রামে গ্রামান্তরে গ্রামান্তরে পাচিত্তিয় অপরাধ হয়। গ্রাম নয় এমন অরণ্যে প্রতি অর্ধযোজনে অর্ধযোজনে পাচিত্তিয় অপরাধ হয়।

"অঞ্ঞত্র সমযা" বলতে উপযুক্ত সময় ব্যতীত বুঝানো হয়েছে।

"সত্থগমনীয" অর্থে যেই রাস্তায় নিরস্ত্র হয়ে চলাফেরা করা যায় না এমন গমনমার্গ বা রাস্তা বুঝায়।

"সাসঙ্কং" অর্থে যেই রাস্তায় চোরদের নিবাসস্থান, ভোজনস্থান, দাঁড়াবার স্থান ও শোবার স্থান দেখা যায়।

"সপ্পটিভযং" অর্থে যেই রাস্তায় চোরদের দ্বারা হতাহত, লুণ্ঠিত ও প্রহৃত মানুষ দেখা যায় এমন ভয়সংকুল রাস্তা গমনের পর ভয়ভীতিহীন রাস্তা দেখিয়ে দিয়ে "ভগিনিগণ, এবার গমন করুন" বলে বিদায় করে দেওয়া কর্তব্য।

১৮৪. সংকেতে (পরামর্শে) সংকেত ধারণায় উপযুক্ত সময় ব্যতীত দীর্ঘপথে গমন করলে, এমনকি গ্রামান্তরে গমনেও পাচিত্তিয় অপরাধ হয়। সংকেতে 'সংকেত কি না' সন্দেহবশত উপযুক্ত সময় ব্যতীত দীর্ঘপথে গমন করলে, এমনকি গ্রামান্তরে গমনেও পাচিত্তিয় অপরাধ হয়। সংকেতে বিসংকেত ধারণায় উপযুক্ত সময় ব্যতীত দীর্ঘপথে গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু সংকেত করলেও ভিক্ষুণী সংকেত না করলে, দুক্কট অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

বিসংকেতে সংকেত ধারণায় দুক্কট অপরাধ হয়। বিসংকেতে 'সংকেত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। বিসংকেতে বিসংকেত ধারণায় কোনো অপরাধ হয় না।

১৮৫. **অনাপত্তি :** উপযুক্ত সময়ে সংকেত না করে গমন করলে, ভিক্ষুণী সংকেত করলেও ভিক্ষু সংকেত না করলে, বিপদে পড়ে গমন করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সংবিধান সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৮. নাবাভিরূহন সিক্খাপদং

(নৌকায় আরোহণ সম্পর্কীয় শিক্ষাপদ)

১৮৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণীদের সাথে সংকেত (পরামর্শ) করে একই নৌকায় আরোহণ করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং দুর্নাম প্রচার করতে লাগল, "যেভাবে আমরা সস্ত্রীক নৌকায় ক্রীড়া করে থাকি; ঠিক অনুরূপভাবেই দেখছি এই শাক্যপুত্রীয় শ্রমণগণ ভিক্ষুণীদের সাথে সংকেত করে নৌকায় ক্রীড়া করছেন!"

ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুণীদের সাথে সংকেত করে একই নৌকায় আরোহণ করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের অনেক প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভিক্ষুণীদের সাথে সংকেত করে একই নৌকায় আরোহণ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভিক্ষুণীদের সাথে সংকেত করে একই নৌকায় আরোহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

"যো পন ভিক্খু ভিক্খুনিযা সদ্ধিং সংবিধায একং নাবং অভিরুহেয্য উদ্ধংগামিনিং বা অধোগামিনিং বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভিক্ষুণীর সাথে সংকেত (পরামর্শ) করে জোঁয়ারে বা ভাটায় একই নৌকায় আরোহণ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক এই শিক্ষাপদ ভিক্ষুদের জন্যে প্রজ্ঞাপিত হলো।

১৮৭. সে সময়ে বহুসংখ্যক ভিক্ষু ও ভিক্ষুণী সাকেত হতে শ্রাবস্তীর উদ্দেশে দীর্ঘপথে প্রতিপন্ন হলেন। পথিমধ্যে একটি নদী পার হবার সময় ভিক্ষুণীরা ভিক্ষুদের বললেন, "আমরাও আর্যগণের সাথে নদী পার হবো।" "না ভগিনিগণ, ভিক্ষু ভিক্ষুণীর সাথে সংকেত করে একই নৌকায় আরোহণ করতে পারে না। তাই তোমরাই প্রথমে পার হও। পরে আমরা পার হবো।" "ভন্তে, আর্যগণ অগ্রপুরুষ; সুতরাং আর্যগণই প্রথমে পার হোন।" অতঃপর সেই ভিক্ষুণীরা পশ্চাতে পার হওয়ায় চোরেরা তাঁদের সমস্ত কিছু ছিনিয়ে নিল এবং বলৎকার করল। অনন্তর ভিক্ষুণীরা শ্রাবস্তীতে গমনপূর্বক ভিক্ষুদের এ কথা জানালে, ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, খেয়াঘাট পারাপারে ভিক্ষুণীর সাথে সংকেত করে একই নৌকায় আরোহণ করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৮৮. "যো পন ভিক্খু ভিক্খুনিযা সদ্ধিং সংবিধায একং নাবং অভিরুহেয্য উদ্ধংগামিনিং বা অধোগামিনিং বা অঞ্ঞত্র তিরিযং তরণায পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু খেয়াঘাট পারাপার ব্যতীত ভিক্ষুণীর সাথে সংকেত করে জোঁয়ার বা ভাটায় একই নৌকায় আরোহণ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১৮৯. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্নাই অভিপ্রেত।

"সদ্ধিং" বলতে একই সাথে বা একত্রে।

"সংবিধায" বলতে তিন প্রকারে সংকেত বা পরামর্শ করা; যথা : (১) ভগিনি, আসুন আমরা আরোহণ করি; হ্যাঁ আর্য, চলুন আমরা আরোহণ করি; (২) আর্য, আসুন আমরা আরোহণ করি; হ্যাঁ ভগিনি, চলুন আমরা গমন করি; (৩) আমরা অদ্য বা আগামীকাল অথবা পরবর্তী সময়ে আমরা আরোহণ

Visit: http://www.buddhistdownload.com

করব—এই তিন প্রকারের মধ্যে কোনো এক প্রকারে সংকেত পরামর্শ করলে, দুক্কট অপরাধ হয়।

ভিক্ষুণী আরোহিতা অবস্থায় ভিক্ষু আরোহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু আরোহিত অবস্থায় ভিক্ষুণী আরোহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"উদ্ধংগামিনিং" বলতে ঊর্ধ্বগামী স্রোতে অর্থাৎ জোঁয়ারে বুঝানো হয়েছে।

"অধোগামিনিং" বলতে অধঃগামী স্রোতে অর্থাৎ ভাটায় বুঝানো হয়েছে।

"অঞ্ঞত্র তিরিযং তরণাযা" খেয়াঘাট পারাপার ব্যতীত বুঝায়।

মোরগ ডাকার শব্দ শুনা যায় এমন গ্রামে গ্রামান্তরে গ্রামান্তরে পাচিত্তিয় অপরাধ হয়। গ্রাম নয় এমন অরণ্যে প্রতি অর্ধযোজনে অর্ধযোজনে পাচিত্তিয় অপরাধ হয়।

১৯০. সংকেতে (পরামর্শ) সংকেত ধারণায় খেয়াঘাট পারাপার ব্যতীত জোঁয়ার বা ভাটায় একই নৌকায় আরোহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সংকেতে 'সংকেত কি না' সন্দেহবশত খেয়াঘাট পারাপার ব্যতীত জোঁয়ার বা ভাটায় একই নৌকায় আরোহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সংকেতে বিসংকেত ধারণায় খেয়াঘাট পারাপার ব্যতীত জোঁয়ার বা ভাটায় একই নৌকায় আরোহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু সংকেত করলেও ভিক্ষুণী সংকেত না করলে, দুক্কট অপরাধ হয়। বিসংকেতে সংকেত ধারণায় দুক্কট অপরাধ হয়। বিসংকেতে 'সংকেত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। বিসংকেতে বিসংকেত ধারণায় কোনো অপরাধ হয় না।

১৯১. **অনাপত্তি :** খেয়াঘাট পারাপারে, সংকেত না করে আরোহণ করলে, ভিক্ষুণী সংকেত করলেও ভিক্ষু সংকেত না করলে, অকস্মাৎ বিপদে পড়ে আরোহণ করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[নাবাভিরূহন অষ্টম শিক্ষাপদ সমাপ্ত.

৯. পরিপাচিত সিক্খাপদং

(ভিক্ষুর গুণবর্ণনা সম্পর্কীয় সিক্ষাপদ)

১৯২. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দক নিবাপে অবস্থান করছিলেন। তখন থুল্লনন্দা ভিক্ষুণী অন্যতর এক গৃহস্থকুলে (পরিবারে) সদা

Visit: http://www.buddhistdownload.com

যাতায়াতকারিনী ও নিত্যভক্তিকা[১] ছিলেন। একদা স্থবির ভিক্ষুগণ সেই গৃহপতিকর্তৃক নিমন্ত্রিত হলেন। অতঃপর থুল্লনন্দা ভিক্ষুণী পূর্বাহ্ন সময়ে চীবর পরিধানপূর্বক পাত্র হাতে নিয়ে যেখানে সেই কুল সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে সেই গৃহপতিকে বললেন, "গৃহপতি, এই উত্তম খাদ্য-ভোজ্যাদি কীজন্য প্রস্তুত করছেন?" "আর্যে, স্থবির ভিক্ষুগণ আমাকর্তৃক নিমন্ত্রিত হয়েছেন তাই।" "কিন্তু গৃহপতি, সেই স্থবির ভিক্ষুগণ কে কে?" প্রত্যুত্তরে বললেন, "আর্য সারিপুত্র[২], আর্য মহামোদ্গাল্লায়ন[৩], আর্য মহাকচ্চান[৪], আর্য মহাকট্ঠিক[৫], আর্য মহাকপ্পিন[৬], আর্য মহাচুন্দ[৭], আর্য অনুরুদ্ধ[৮], আর্য রেবত[৯], আর্য উপালি[১০], আর্য আনন্দ[১১] ও আর্য রাহুল[১২]।"

অতঃপর থুল্লনন্দা ভিক্ষুণী বললেন, "গৃহপতি, আপনি কেন অনেক সৎপুরুষ (মহানাগে) থাকা সত্ত্বেও অসৎপুরুষদের (চেটকে) নিমন্ত্রণ করলেন?" "কিন্তু আর্যে, সেই সৎপুরুষগণ কে কে?" প্রত্যুত্তরে বললেন, "আর্য দেবদত্ত, আর্য কোকালিক, আর্য কতমোদকতস্সক ও আর্যা খন্ডাদেবীর পুত্র আর্য সমুদ্দদত্তো।"

অনন্তর থুল্লনন্দা ভিক্ষুণী ও গৃহপতির মধ্যে এমন আলাপচারিতা শেষ না হতেই অবিলম্বে স্থবির ভিক্ষুগণ গৃহে প্রবেশ করলেন। তখন থুল্লনন্দা ভিক্ষুণী

---

[১]. প্রত্যহ দানস্বরূপ আহার্য খাদ্য-ভোজ্য সরবরাহে আনন্দ উপভোগকারিনী।

[২]. বুদ্ধের প্রধান অগ্রশ্রাবক।

[৩]. বুদ্ধের দ্বিতীয় প্রধান অগ্রশ্রাবক।

[৪]. বুদ্ধের সংক্ষিপ্ত ভাষণের বিস্তৃত ব্যাখ্যাদানকারীদের মধ্যে তিনি ছিলেন অগ্র বা প্রধান।

[৫]. যুক্তিপূর্ণ বিশ্লেষণে পরদর্শীদের মধ্যে তিনি ছিলেন অগ্র।

[৬]. ধর্মদেশক ভিক্ষুদের মধ্যে তিনি ছিলেন অগ্র।

[৭]. তিনি বিশেষ কোনো কিছুতে পারদর্শী ছিলেন বলে উল্লেখ নেই।

[৮]. দিব্যদৃষ্টিসম্পন্ন ভিক্ষুদের মধ্যে তিনি ছিলেন অগ্র বা প্রধান।

[৯]. অরণ্যবিহারী ভিক্ষুদের মধ্যে তিনি ছিলেন অগ্র বা প্রধান।

[১০]. বিনয়ে পারদর্শী ভিক্ষুদের মধ্যে তিনি ছিলেন অগ্র বা প্রধান। প্রথম সঙ্গীতিতে তিনিই সমগ্র বিনয় আবৃত্তি করেছিলেন।

[১১]. বুদ্ধের প্রধান সেবক। তিনি ছিলেন একাধারে শ্রুতিধর ও সেবাপরায়ণ। তাঁর আন্তরিক সেবাপরায়ণতার জন্য তিনি বুদ্ধকর্তৃক বিশেষভাবে প্রশংসিত হয়েছিলেন।

[১২]. তথাগত বুদ্ধের একমাত্র পুত্র। তিনি ছিলেন অত্যন্ত শিক্ষানুরাগী এবং আচার ব্যবহারে অত্যন্ত বিনয়ী।

Visit: http://www.buddhistdownload.com

বললেন, "হে গৃহপতি, সত্যই তোমার দ্বারা সৎপুরুষগণ নিমন্ত্রিত হয়েছেন।" অতঃপর গৃহপতি বিস্মিত হয়ে বললেন, "আশ্চর্য, আপনি না ক্ষণকাল পূর্বেই বলেছেন অসৎপুরুষ, আর এখন বলছেন সৎপুরুষ!" অতঃপর গৃহপতি তাকে ঘর হতে বের করে দিলেন এবং প্রাত্যহিক আহার দানও বন্ধ করে দিলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন দেবদত্ত ভিক্ষুণীকর্তৃক পরিপাচিত পিণ্ডপাত[১] জেনেও তা ভোজন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ আয়ুষ্মান দেবদত্তকে নানাভাবে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান দেবদত্তকে জিজ্ঞাসা করলেন, হে দেবদত্ত, ইহা কি সত্য যে, তুমি নাকি ভিক্ষুণীকর্তৃক পরিপাচিত পিণ্ডপাত জেনেও তা ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কেন তুমি ভিক্ষুণীকর্তৃক পরিপাচিত পিণ্ডপাত জেনেও তা ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু জানং ভিক্খুনি পরিপাচিতং পিণ্ডপাতং ভুঞ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভিক্ষুণীকর্তৃক পরিপাচিত পিণ্ডপাত জেনেও তা ভোজন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

১৯৩. সে সময়ে অন্যতর প্রব্রজ্জিত ভিক্ষু রাজগৃহ হতে জ্ঞাতিকুলের নিকট গেলেন। লোকেরা 'দীর্ঘকাল পরে ভদন্ত এসেছেন' এই ভেবে উত্তমভাবে ভাত রান্না করলেন। অতঃপর সেই কুলে (পরিবারে) সদা যাতায়াতকারিনী ভিক্ষুণী সেই লোকদের বললেন, "আবুসো, আর্যকে ভাত দাও।" ইহা শুনে সেই ভিক্ষু "ভগবানকর্তৃক ভিক্ষুণী দ্বারা পরিপাচিত পিণ্ডপাত জেনেও তা ভোজন করা নিষিদ্ধ হয়েছে" এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে সেই পিণ্ডপাত গ্রহণ না করলেন। অথচ এদিকে পিণ্ডচারণ করতেও সমর্থ না হওয়ায় অনাহারে ক্লিষ্ট হলেন।

---

[১]. ভিক্ষুণী কর্তৃক ভিক্ষুর নানাগুণ বর্ণনা করার ফলশ্রুতিতে উৎপন্ন পিণ্ডপাতই হচ্ছে 'পরিপাচিত পিণ্ডপাত'।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর সেই ভিক্ষু আরামে (বিহারে) গমনপূর্বক ভিক্ষুদের নিকট এ কথা সবিস্তারে প্রকাশ করলেন। ভিক্ষুগণও ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, জ্ঞাতিপ্রদত্ত বা পূর্বনিমন্ত্রিত হলে, ভিক্ষুণীকর্তৃক পরিপাচিত পিণ্ডপাত জেনেও তা ভোজন করবে।" তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১৯৪. "যো পন ভিক্খু জানং ভিক্খুনি পরিপাচিতং পণ্ডিপাতং ভুঞ্জেয্য অঞ্ঞত্র পুব্বে গিহিসমারম্বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু জ্ঞাতিপ্রদত্ত বা পূর্বনিমন্ত্রিত পিণ্ডপাত ব্যতীত ভিক্ষুণীকর্তৃক পরিপাচিত পিণ্ডপাত জেনেও তা ভোজন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

১৯৫. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" বলতে স্বয়ং জানা বা অপর কেউ তাকে বলা অথবা সেই ভিক্ষুণী নিজেই তা প্রকাশ করা।

"ভিক্খুনি" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্নাই অভিপ্রেত।

"পরিপাচেতি" অর্থে পূর্বে দান দিতে অনিচ্ছুক তথা অনাগ্রহী ব্যক্তিদের নিকট এভাবে ভিক্ষুর গুণাবলী প্রকাশ করা; যথা : "আর্য প্রধানাচার্য, আর্য বহুশ্রুত, আর্য সূত্রবিশারদ, আর্য ধর্মদেশক; সুতরাং এই আর্যকেই দান করুন।"

"পিণ্ডপাতো" অর্থে পঞ্চবিধ ভোজনের মধ্যে অন্যতর ভোজন বুঝায়।

"অঞ্ঞত্র পূব্বে গিহিসমারম্ভা" বলতে গিহিসমারম্ভো ব্যতীত বুঝানো হয়েছে। এস্থলে 'গিহিসমারম্বো' হলো জ্ঞাতি হওয়া বা পূর্বে নিমন্ত্রিত হওয়া অথবা স্বভাবতই প্রস্তুতকৃত ভোজন হওয়া।

জ্ঞাতিপ্রদত্ত, পূর্বনিমন্ত্রিত বা স্বভাবতই প্রস্তুতকৃত পিণ্ডপাত ব্যতীত ভোজন করব ভেবে প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। আর ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে পাচিত্তিয় অপরাধ হয়।

১৯৬. পরিপাচিতে পরিপাচিত ধারণায় জ্ঞাতি প্রদত্ত বা পূর্বে নিমন্ত্রিত অথবা স্বভাবতই প্রস্তুতকৃত পিণ্ডপাত ব্যতীত ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। পরিপাচিতে 'পরিপাচিত কি না' সন্দেহপ্রবণ হয়ে জ্ঞাতিপ্রদত্ত বা পূর্বনিমন্ত্রিত অথবা স্বভাবতই প্রস্তুতকৃত পিণ্ডপাত ব্যতীত ভোজন করলে, দুক্কট অপরাধ হয়। পরিপাচিতে অপরিপাচিত ধারণায় জ্ঞাতি প্রদত্ত বা পূর্বে নিমন্ত্রিত

Visit: http://www.buddhistdownload.com

অথবা স্বভাবতই প্রস্তুতকৃত পিণ্ডপাত ব্যতীত ভোজন করলে, কোনো অপরাধ হয় না।

অপরিপাচিতে পরিপাচিত ধারণায় দুক্কট অপরাধ হয়। অপরিপাচিতে 'পরিপাচিত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অপরিপাচিতে অপরিপাচিত পিণ্ডপাত ধারণায় কোনো অপরাধ হয় না।

১৯৭. **অনাপত্তি :** জ্ঞাতিপ্রদত্ত বা পূর্বনিমন্ত্রিত অথবা স্বভাবতই প্রস্তুতকৃত পিণ্ডপাত হলে, শিক্ষামনা বা শ্রামণেরী কর্তৃক পরিপাচিত হলে, পঞ্চভোজন ব্যতীত অপর সকল কিছুতে কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পরিপাচিত নবম শিক্ষাপদ সমাপ্ত]

১০. রহোনিসজ্জ সিক্খাপদং

(নির্জনে উপবেশন সম্পর্কীয় শিক্ষাপদ)

১৯৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান উদায়ীর গৃহীকালীন স্ত্রী, ভিক্ষুণীদের নিকট প্রব্রজ্জিতা হলেন। সে আয়ুষ্মান উদায়ীর নিকট প্রায়শ আসতে লাগল এবং আয়ুষ্মান উদায়ীও সেই ভিক্ষুণীর নিকট প্রায়শ যেতে লাগলেন। একদা আয়ুষ্মান উদায়ী সেই ভিক্ষুণীর সাথে একাকী নির্জনে উপবেশন করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান উদায়ী, ভিক্ষুণীর সাথে একাকী নির্জনে উপবেশন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ আয়ুষ্মান উদায়ীকে নানাভাবে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান উদায়ীকে জিজ্ঞাসা করলেন, হে উদায়ী, ইহা কি সত্য যে, তুমি নাকি ভিক্ষুণীর সাথে একাকী নির্জনে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি ভিক্ষুণীর সাথে একাকী নির্জনে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

১৯৯. "যো পন ভিক্খু ভিক্খুনিযা সদ্ধিং একো একায রহো নিসজ্জং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভিক্ষুণীর সাথে একাকী নির্জনে উপবেশন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২০০. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্নাই অভিপ্রেত।

"সদ্ধিং" বলতে একত্রে বা একই সাথে।

"একো একায" বলতে শুধুমাত্র একজন ভিক্ষু ও একজন ভিক্ষুণী হওয়া।

"রহো" অর্থে চক্ষু দ্বয়ে দৃষ্ট হয় না এমন নির্জন স্থান অর্থাৎ চক্ষু অবারিত করলে বা চোখের ভ্রু অথবা মস্তক উৎক্ষেপন করলেও দর্শনে সক্ষম না হওয়া। কর্ণ দ্বারা শ্রুত হয় না এমন নির্জন স্থান অর্থাৎ আলোচনার প্রকৃত বিষয়বস্তু শুনতে বা বুঝতে সক্ষম না হওয়া।

"নিসজ্জং কপ্পেয্য" বলতে উপবিষ্টা ভিক্ষুণীর সাথে ভিক্ষু পাশে উপবিষ্ট বা শায়িত হলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু উপবিষ্ট অবস্থায় ভিক্ষুণী পাশে উপবিষ্টা বা শায়িতা হলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২০১. নির্জন স্থানকে নির্জন স্থান ধারণায় ভিক্ষু ভিক্ষুণীর সাথে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নির্জন স্থানকে 'নির্জন স্থান কি না' সন্দেহবশত ভিক্ষু ভিক্ষুণীর সাথে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নির্জন স্থানকে অনির্জন স্থান ধারণায় ভিক্ষু ভিক্ষুণীর সাথে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনির্জন স্থানকে নির্জন স্থান ধারণায় দুক্কট অপরাধ হয়। অনির্জন স্থানকে 'নির্জন স্থান কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনির্জন স্থানকে অনির্জন স্থান ধারণায় কোনো অপরাধ হয় না।

২০২. **অনাপত্তি :** ১২ হাতের মধ্যে যেকোনো বিজ্ঞ পুরুষ থাকলে, উপবেশন না করে শুধুমাত্র দাঁড়ালে, অনাসক্ত চিত্তে উপবেশন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[রহোনিসজ্জ দশম শিক্ষাপদ সমাপ্ত]

[উপদেশ বর্গ তৃতীয়]

Visit: http://www.buddhistdownload.com

তস্‌সুদ্দানং/ স্মারক-গাথা

অসম্মতে, অন্তগতে, উপাশ্রয়ে ও আমিষেতে,
চীবরদানে, সেলায়ে, দীর্ঘপথে ও নৌকাতে;
ভোজনে, একাকী উপবেশনে ইহা দশেতে।

Visit: http://www.buddhistdownload.com

৪. ভোজন বর্গ

১. আবসথপিণ্ড সিক্খাপদং

(আবসথপিণ্ড সম্পর্কীয় শিক্ষাপদ)

২০৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শ্রাবস্তী হতে অনতিদূরে অন্যতর বণিক দলের পান্থশালায় আবসথপিণ্ড (পঞ্চবিধ ভোজনের অন্যতর ভোজন) প্রস্তুত রাখা হয়েছিল। ষড়বর্গীয় ভিক্ষুগণ পূর্বাহ্ণ সময়ে চীবর পরিধানপূর্বক পাত্র হাতে নিয়ে শ্রাবস্তীতে পিণ্ডচারণার্থে প্রবেশ করে পিণ্ড লাভ না করে সেই বণিক দলের পান্থশালায় গমন করলেন। লোকেরা 'দীর্ঘদিন পরে ভদন্তগণ এসেছেন' এই ভেবে তাঁদের সগৌরবে পরিবেশন করলেন।

অনন্তর ষড়বর্গীয় ভিক্ষুগণ দ্বিতীয় এবং তৃতীয় দিনেও অনুরূপভাবে পরিধেয় চীবর পরিধানপূর্বক পাত্র হাতে নিয়ে শ্রাবস্তীতে পিণ্ডচারণার্থে প্রবেশ করে পিণ্ড লাভ না করায় আবারও সেই বণিক দলের পান্থশালায় গমনপূর্বক অতিশয় তৃপ্তিসহকারে ভোজন করলেন। তৎপর ষড়বর্গীয় ভিক্ষুগণের মনে এই চিন্তা উদিত হলো : "আরামে গিয়ে আমরা কী করব, আগামীকালও তো এখানেই আসতে হবে" এই ভেবে সেখানেই একাক্রমে অবস্থান করে করে পান্থশালায় ভোজন করতে লাগলেন। সুতরাং অন্যতীর্থিয়রা সেখান হতে চলে যেতে লাগলেন। ইহা দেখে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন একং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ একাক্রমে অবস্থান করে করে আবসথপিণ্ড ভোজন করবেন? শুধুমাত্র এঁদের জন্য তো এই আবসথপিণ্ড প্রস্তুত রাখা হয়নি, এই আবসথপিণ্ড সকলের জন্যই প্রস্তুত রাখা হয়েছে।"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ একাক্রমে অবস্থান করে করে আবসথপিণ্ড ভোজন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি একাক্রমে অবস্থান করে করে আবসথপিণ্ড ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন,

Visit: http://www.buddhistdownload.com

মোঘপুরুষেরা, কী হেতু তোমরা একাক্রমে অবস্থান করে করে আবসথপিণ্ড ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"একো আবসথপিণ্ডো ভুঞ্জিতব্বো। ততো চে উত্তরিং ভুঞ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু একদিন মাত্র আবসথপিণ্ড ভোজন করতে পারবে। তদতিরিক্ত ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২০৪. সে সময়ে আয়ুষ্মান সারিপুত্র কোশল জনপদে শ্রাবস্তীর উদ্দেশে গমনকালে যেখানে অন্যতর পান্থশালা সেখানে উপস্থিত হলেন। লোকেরা "দীর্ঘদিন পরে ভদন্ত এসেছেন" এই ভেবে তাঁকে অত্যন্ত সগৌরবে ভোজন পরিবেশন করল। অতঃপর আয়ুষ্মান সারিপুত্রের ভোজন শেষে এমন এক তীব্র বেদনাদায়ক রোগ উৎপন্ন হলো যে, সেই পান্থশালা হতে চলে যেতে মোটেই সমর্থ হলেন না। অতঃপর সেই লোকেরা দ্বিতীয় দিবসেও আয়ুষ্মান সারিপুত্রকে এভাবে বললেন, "ভন্তে, ভোজন করুন।" তখন আয়ুষ্মান সারিপুত্র "ভগবানকর্তৃক একাক্রমে অবস্থান করে করে আবসথপিণ্ড ভোজন করা নিষিদ্ধ হয়েছে" এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে সেই ভোজন প্রতিগ্রহণ না করায় অনাহারে ক্লিষ্ট হলেন। অনন্তর আয়ুষ্মান সারিপুত্র শ্রাবস্তীতে গমনপূর্বক ভিক্ষুদের নিকট এ কথা প্রকাশ করলেন। ভিক্ষুরাও ভগবানকে এ কথা জ্ঞাপন করলে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু একাক্রমে অবস্থান করে করে আবসথপিণ্ড ভোজন করতে পারবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২০৫. "অগিলানেন ভিক্খুনা একো আবসথপিণ্ডো ভুঞ্জিতব্বো। ততো চে উত্তরিং ভুঞ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : নিরোগী ভিক্ষু একদিন মাত্র আবসথপিণ্ড ভোজন করতে পারবে। তদতিরিক্ত ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

২০৬. "অগিলানো" অর্থে সেই পান্থশালা হতে চলে যেতে সক্ষম এমন সুস্থ সবল ভিক্ষুই অভিপ্রেত।

"গিলানো" অর্থে সেই পান্থশালা হতে চলে যেতে অক্ষম এমন অসুস্থ দুর্বল ভিক্ষুই অভিপ্রেত।

Visit: http://www.buddhistdownload.com

"আবসথপিণ্ডো" অর্থে হলঘরে, মণ্ডপে, বৃক্ষমূলে অথবা উন্মুক্তস্থানে সকলের উদ্দেশে পরিমাণমতো প্রস্তুতকৃত পঞ্চবিধ ভোজনের মধ্যে অন্যতর ভোজন। উক্ত ভোজন নিরোগী ভিক্ষু একদিন মাত্র ভোজন করতে পারবে। এবং 'ভোজন করব' ভেবে তদতিরিক্ত গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। আর ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে পাচিত্তিয় অপরাধ হয়।

২০৭. নিরোগ অবস্থায় নিরোগী ধারণায় তদতিরিক্ত আবসথপিণ্ড ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। নিরোগ অবস্থায় 'নিরোগী কি না' সন্দেহবশত তদতিরিক্ত আবসথপিণ্ড ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। নিরোগ অবস্থায় রোগী ধারণায় তদতিরিক্ত আবসথপিণ্ড ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়।

অসুস্থ অবস্থায় নিরোগী ধারণায় দুক্কট অপরাধ হয়। অসুস্থ অবস্থায় 'নিরোগী কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অসুস্থ অবস্থায় রোগী ধারণায় কোনো অপরাধ হয় না।

২০৮. **অনাপত্তি :** রোগীর, সুস্থাবস্থায় একদিন মাত্র ভোজনে, গমনাগমনকালে ভোজনে, গৃহপতিকর্তৃক নিমন্ত্রিত হয়ে ভোজনে, ভিক্ষুর উদ্দেশে প্রস্তুত রাখা হলে, পঞ্চবিধ ভোজন ব্যতীত অন্য সকল কিছুতে কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[আবসথপিণ্ড প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

২. গণভোজন সিক্খাপদং

(গণভোজন সম্পর্কীয় শিক্ষাপদ)

২০৯. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দক নিবাপে অবস্থান করছিলেন। তখন দেবদত্ত লাভ-সৎকারহীন হয়ে পড়ায় সপরিষদে গৃহস্থ কুলসমূহে যাচঞা করে করে ভোজন করতে লাগলেন। ইহা দেখে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং দুর্নাম প্রচার করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ গৃহস্থ কুলসমূহে যাচঞা করে করে ভোজন করবেন? কেনই বা এঁদের মধ্যে কেউ কেউ উত্তমরূপে রন্ধিত ভোজনে সন্তুষ্ট হন না অথবা কেউ কেউ সুমিষ্ট ভোজন পছন্দ করেন না?"

অনন্তর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে

Visit: http://www.buddhistdownload.com

লাগলেন, "কেন দেবদত্ত সপরিষদে গৃহস্থ কুলসমূহে যাচঞা করে করে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান দেবদত্তকে জিজ্ঞাসা করলেন, হে দেবদত্ত, ইহা কি সত্য যে, তুমি নাকি স্বপরিষদে গৃহস্থ কুলসমূহে যাচঞা করে করে ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান অত্যন্ত অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি সপরিষদে গৃহস্থ কুলসমূহে যাচঞা করে করে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"গণভোজনে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : চারিজন ভিক্ষু নিমন্ত্রিত হয়ে পঞ্চবিধ ভোজনের মধ্যে যেকোনো একটি ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

২১০. সে সময়ে লোকেরা অসুস্থ ভিক্ষুদের ভোজনের নিমিত্ত নিমন্ত্রণ করছিলেন। তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক গণভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দিগ্ধ হয়ে নিমন্ত্রণ গ্রহণ না করতে লাগলেন। ভিক্ষুগণ বিষয়টি ভগবানকে জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু গণভোজন করতে পারবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"গণভোজনে অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। গিলান সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : চারিজন ভিক্ষু নিমন্ত্রিত হয়ে উপযুক্ত সময় ব্যতীত পঞ্চবিধ ভোজনের মধ্যে যেকোনো একটি ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়—ইহাই ভোজনের উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২১১. সে সময়ে লোকেরা চীবরদানের সময় স্ব স্ব চীবরসহ ভোজন প্রস্তুত করে 'ভোজন করিয়ে চীবরে আচ্ছাদন করাব' এই ভেবে ভিক্ষুগণকে নিমন্ত্রণ করতে লাগলেন। তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক গণভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে নিমন্ত্রণ গ্রহণ না করতে লাগলেন। সুতরাং চীবর ঈষৎ পরিমাণ উৎপন্ন হতে লাগল। ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জানালে,

Visit: http://www.buddhistdownload.com

ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্ম কথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, চীবরদানের সময় গণভোজন করবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"গণভোজনে অঞ্ঞত্র সমযা পচিত্তিযং। তত্থাযং সমযো। গিলান সমযো চীবরদান সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : চারিজন ভিক্ষু নিমন্ত্রিত হয়ে উপযুক্ত সময় ব্যতীত পঞ্চবিধ ভোজনের মধ্যে যেকোনো একটি ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়, চীবরদানের সময়, ইহাই ভোজনের উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

২১২. সে সময়ে লোকেরা চীবর প্রস্তুতকারক ভিক্ষুগণকে ভোজনের নিমিত্ত নিমন্ত্রণ করতে লাগলেন। তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক গণভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে নিমন্ত্রণ গ্রহণ না করতে লাগলেন। অতঃপর ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, চীবর তৈরি করার সময় গণভোজন করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"গণভোজনে অঞ্ঞত্র সমযা পচিত্তিযং। তত্থাযং সমযো। গিলান সমযো চীবরদান সমযো চীবরকার সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : চারিজন ভিক্ষু নিমন্ত্রিত হয়ে উপযুক্ত সময় ব্যতীত পঞ্চবিধ ভোজনের মধ্যে যেকোনো একটি ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়, চীবরদানের সময়, চীবর তৈরির সময়, ইহাই ভোজনের উপযুক্ত সময়।

২১৩. সে সময়ে ভিক্ষুগণ মহাসড়কে লোকজনের সাথে গমন করতে লাগলেন। অতঃপর সেই ভিক্ষুগণ সেই লোকদের এভাবে বললেন, "আবুসো, মুহূর্তকালের জন্য অপেক্ষা করুন, আমি পিণ্ডচারণ করব।" তখন তারা এরূপ বলল, "ভন্তে, আপনারা এখানেই ভোজন করুন।" তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক গণভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে ভোজন গ্রহণ না করতে লাগলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, মহাসড়কে গমনকালে গণভোজন করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

"গণভোজনে অঞ্ঞত্র সমযা পচিত্তিযং। তত্থাযং সমযো। গিলান সমযো, চীবরদান সমযো, চীবরকার সমযো, অদ্ধানগমন সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : চারিজন ভিক্ষু নিমন্ত্রিত হয়ে উপযুক্ত সময় ব্যতীত পঞ্চবিধ ভোজনের মধ্যে যেকোনো একটি ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়, চীবরদানের সময়, চীবর তৈরির সময়, মহাসড়কে গমনের সময়, ইহাই ভোজনের উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

২১৪. সে সময়ে ভিক্ষুগণ নৌকায় করে লোকজনের সাথে গমন করতে লাগলেন। অতঃপর সেই ভিক্ষুগণ সেই লোকদের বললেন, "আবুসো, মুহূর্তকালের জন্য নৌকাটি তীরে নিয়ে যাও; আমরা পিণ্ডচারণ করব।" তখন তারা এরূপ বলল, "ভন্তে, আপনারা এখানেই ভোজন করুন।" তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক গণভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দিগ্ধ হয়ে ভোজন গ্রহণ না করতে লাগলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্ম কথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, নৌকায় আরোহণের সময় গণভোজন করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"গণভোজনে অঞ্ঞত্র সমযা পচিত্তিযং। তত্থাযং সমযো। গিলান সমযো, চীবরদান সমযো, চীবরকার সমযো, অদ্ধানগমন সমযো, নাবাভিরুহন সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : চারিজন ভিক্ষু নিমন্ত্রিত হয়ে উপযুক্ত সময় ব্যতীত পঞ্চবিধ ভোজনের মধ্যে যেকোনো একটি ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়, চীবরদানের সময়, চীবর তৈরির সময়, মহাসড়কে গমন করার সময়, নৌকায় আরোহণের সময়, ইহাই ভোজনের উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

২১৫. সে সময়ে নানা দিকে বর্ষাযাপনকারী ভিক্ষুগণ রাজগৃহে আগমন করতে লাগলেন ভগবানকে দর্শনের মানসে। লোকেরা নানা দিক হতে আগত ভিক্ষুগণকে দেখে ভোজনের নিমিত্ত নিমন্ত্রণ করতে লাগলেন। তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক গণভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দিগ্ধ হয়ে নিমন্ত্রণ গ্রহণ না করতে লাগলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে

Visit: http://www.buddhistdownload.com

এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, মহাসময়ে (দুর্ভিক্ষ সময়ে) গণভোজন ভোজন করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"গণভোজনে অঞ্ঞত্র সমযা পচিত্তিযং। তত্থাযং সমযো। গিলান সমযো, চীবরদান সমযো, চীবরকার সমযো, অদ্ধানগমন সমযো, নাবাভিরুহণ সমযো, মহাসমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : চারিজন ভিক্ষু নিমন্ত্রিত হয়ে উপযুক্ত সময় ব্যতীত পঞ্চবিধ ভোজনের মধ্যে যেকোনো একটি ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়, চীবরদানের সময়, চীবর তৈরির সময়, মহাসড়কে গমনের সময়, নৌকায় আরোহণের সময়, মহাসময় (দুর্ভিক্ষ)—ইহাই ভোজনের উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

২১৬. সে সময়ে মগধরাজ সেনীয় বিম্বিসারের রক্তসম্পর্কীয় জ্ঞাতি আজীবকদের মধ্যে প্রব্রজ্জিত হলেন। অনন্তর একদিন সেই আজীবক যেখানে মগধরাজ সেনীয় বিম্বিসার সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে মগধরাজ সেনীয় বিম্বিসারকে বললেন, "মহারাজ, আমি অন্য মতাবলম্বী সকল প্রব্রজ্জিতকে পিণ্ডদান করতে ইচ্ছা পোষণ করছি।" তখন রাজা বললেন, "ভন্তে, আপনি যদি বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে প্রথমে ভোজন করাতে পারেন, তবে করান।" "হ্যাঁ, নিশ্চয় করাতে পারব" বলে আজীবক প্রত্যুত্তর দিলেন।

অতঃপর সেই আজীবক ভিক্ষুগণের নিকট এই বলে দূত প্রেরণ করলেন, "ভিক্ষুগণ আগামীকালের জন্য আমার পিণ্ড গ্রহণ করুন।" তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক গণভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দিগ্ধ হয়ে নিমন্ত্রণ গ্রহণ করলেন না। অনন্তর সেই আজীবক যেখানে ভগবান সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানের সাথে বন্ধুত্বপূর্ণ কুশালালাপ শেষে একান্তে স্থিত হলেন। একান্তে স্থিত সেই আজীবক ভগবানকে বললেন, "মাননীয় গৌতম, আপনি যেমন প্রব্রজ্জিত, আমিও প্রব্রজ্জিত। আর প্রব্রজ্জিত প্রব্রজ্জিতের পিণ্ড গ্রহণ করতে পারে। অতএব মাননীয় গৌতম, আগামীকালের জন্য ভিক্ষুসংঘসহ আমার নিমন্ত্রণ গ্রহণ করুন।" ভগবান মৌনভাবে সম্মতি প্রদান করলেন। অতঃপর সেই আজীবক ভগবানের মৌন সম্মতি জ্ঞাত হয়ে প্রস্থান করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে,

Visit: http://www.buddhistdownload.com

পরিব্রাজকের ভোজন দান সময়ে গণভোজন করতে পারবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২১৭. "গণভোজনে অঞ্ঞত্র সমযা পাচিত্তযং। তত্থাযং সমযো। গিলানসমযো চীবরদান সমযো চীবরকার সমযো অদ্ধানগমন সমযো নাবাভিরুহন সমযো মহাসমযো সমনভত্ত সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : চারিজন ভিক্ষু নিমন্ত্রিত হয়ে উপযুক্ত সময় ব্যতীত পঞ্চবিধ ভোজনের যেকোনো একটি ভোজনে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়, চীবরদানের সময়, চীবর তৈরি করার সময়, মহাসড়কে গমনের সময়, নৌকায় আরোহণের সময়, মহাসময়, পরিব্রাজকের ভোজন দান সময়, ইহাই ভোজনের উপযুক্ত সময়।

২১৮. "গণভোজনং" অর্থে যেখানে চারিজন ভিক্ষু পঞ্চবিধ ভোজনের মধ্যে অন্যতর ভোজনে নিমন্ত্রিত হয়ে ভোজন করা। একেই গণভোজন বুঝায়।

"অঞ্ঞত্র সমযা" বলতে উপযুক্ত সময় ব্যতীত।

"গিলান সমযো" অর্থে অন্ততপক্ষে পাদদ্বয় ভেঙে ফালি ফালি হওয়া বুঝায়। তখন 'রোগের সময়' ভেবে ভোজন করা উচিত।

"চীবরদান সমযো" অর্থে কঠিন চীবর অলাভী ভিক্ষুর পক্ষে বর্ষাঋতুর অন্তিম মাস এবং কঠিন চীবরলাভী ভিক্ষুর পক্ষে কঠিন চীবর মাসসহ পরবর্তী পাঁচ মাস বুঝায়। তখন 'চীবরদানের সময়' ভেবে ভোজন করা উচিত।

"চীবরকার সমযো" অর্থে চীবর তৈরি করার সময় বুঝায়। তখন 'চীবর তৈরি করার সময়' ভেবে ভোজন করা কর্তব্য।

"অদ্ধানগমন সমযো" অর্থে অন্ততপক্ষে 'অর্ধযোজন গমন করব' ভেবে ভোজন করা কর্তব্য। গমনরত অবস্থায় ভোজন করা কর্তব্য এবং গমন শেষেও ভোজন করা কর্তব্য।

"নাবাভিরুহন সমযো" অর্থে নৌকায় আরোহণ করব ভেবে ভোজন করা কর্তব্য। আরোহিত অবস্থায় ভোজন করা কর্তব্য এবং অবতরণকালেও ভোজন করা কর্তব্য।

"মহাসমযো" অর্থে যেখানে দু-তিনজন ভিক্ষু পিণ্ডচারণ করে অবস্থান করা যায়, কিন্তু চতুর্থজন আগত হলেই অবস্থান করা কঠিন হয়ে পড়ে—এমন সময়কে মহাসময় (দুর্ভিক্ষ) বুঝায়। তখন 'মহাসময়' ভেবে ভোজন করা কর্তব্য।

"সমণভত্ত সমযো" অর্থে যেকোনো পরিব্রাজক ভোজন দানে নিয়োজিত হয়েছেন এমতাবস্থায় 'পরিব্রাজকের ভোজন দান সময়' ভেবে ভোজন করা

Visit: http://www.buddhistdownload.com

কর্তব্য।

উপযুক্ত সময় ব্যতীত ভোজন করব ভেবে প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। ভোজন করলে প্রতি গ্রাসে গ্রাসে পাচিত্তিয় অপরাধ হয়।

২১৯. গণভোজনে গণভোজন ধারণায় উপযুক্ত সময় ব্যতীত ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। গণভোজনে 'গণভোজন কি না' সন্দেহবশত উপযুক্ত সময় ব্যতীত ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। গণভোজনে অগণভোজন ধারণায় উপযুক্ত সময় ব্যতীত ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অগণভোজনে গণভোজন ধারণায় দুক্কট অপরাধ হয়। অগণভোজনে 'গণভোজন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অগণভোজনে অগণভোজন ধারণায় কোনো অপরাধ হয় না।

২২০. **অনাপত্তি :** সাত প্রকার উপযুক্ত সময়ে অথবা দু-তিনজন মিলে একত্রে ভোজন করলে, পিণ্ডচারণ করে একস্থানে সমবেত হয়ে ভোজন করলে, নিত্য ভোজনদান, সলাক ভোজন[১], পাক্ষিক, উপোসথিক, প্রতিপাদিক এবং পঞ্চবিধ ভোজন ব্যতীত অপর সকল দ্রব্যে কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[গণভোজন দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. পরম্পর ভোজন সিক্খাপদং

(পরম্পর ভোজন সম্পর্কীয় শিক্ষাপদ)

২২১. সে সময়ে বুদ্ধ ভগবান বৈশালীর মহাবনে কূটাগারশালায় অবস্থান করছিলেন। তখন বৈশালীতে উত্তম উত্তম আহারে কে কোন ভিক্ষুকে খাওয়াবে তার বিন্যাস শুরু হলো। অতঃপর অন্যতর দরিদ্র কর্মকারের (শ্রমিকের) এই চিন্তা উদিত হলো : "যেভাবে লোকেরা উত্তম উত্তম আহারের সুব্যবস্থা করছেন—ইহাও মন্দ হবে না, যদি আমিও অল্প পরিমাণ আহারের সুব্যবস্থা করতে পারি।"

অতঃপর সেই দরিদ্র যেখানে কিরপতিক[২] সেখানে উপস্থিত হলো; উপস্থিত

---

[১]. শালাকার বা টিকেটের মাধ্যমে যে সমস্ত খাদ্য-ভোজ্য বিতরণ করা হয়।

[২]. কিরপতিক হলো অধিপতি, প্রভু বা জমিদার। সেই দরিদ্র কর্মকার নাকি সেই জমিদারের নিকট মাসিক বেতনধারী ছিল। (সম. পাসা.)

Visit: http://www.buddhistdownload.com

হয়ে সেই কিরপতিককে বলল, "আর্যপুত্র, আমি বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে আহার দান করতে ইচ্ছুক। অতএব আমাকে বেতন প্রদান করুন।" সেই কিরপতিকও ছিলেন বুদ্ধের প্রতি অত্যন্ত শ্রদ্ধাবান ও প্রসন্ন। অতঃপর সেই কিরপতিক সেই দরিদ্র কর্মকারকে বিপুল পরিমাণ বেতন প্রদান করলেন।

অনন্তর সেই দরিদ্র কর্মকার যেখানে ভগবান সেখানে উপস্থিত হলো; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করল। একান্তে উপবিষ্ট সেই দরিদ্র কর্মকার ভগবানকে বলল, "ভন্তে ভগবান, ভিক্ষুসংঘসহ আপনি আগামীকালের জন্য আমার নিমন্ত্রণ (ফাং) গ্রহণ করুন।" "আবুসো, ভিক্ষুসংঘ তো অনেক বিশাল তা তুমি জান কি?" "হোক ভন্তে, ভিক্ষুসংঘ বিশাল। আমার যে সুমিষ্ট ফল প্রস্তুত আছে সেই ফলের রসেই পানীয় পরিপূর্ণ করব।" অতঃপর ভগবান মৌনভাবে সম্মতি প্রদান করলেন।

অনন্তর সেই দরিদ্র কর্মকার ভগবানের মৌন সম্মতি জ্ঞাত হয়ে আসন হতে উঠে ভগবানকে অভিবাদনপূর্বক প্রদক্ষিণ করে চলে গেলেন। এদিকে ভিক্ষুগণ শুনতে পেলেন যে, এক দরিদ্র কর্মকারকর্তৃক নাকি আগামীকালের জন্য বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘ নিমন্ত্রিত হয়েছেন এবং শুধুমাত্র সুমিষ্ট ফলের রসেই পানীয় পরিপূর্ণ করবেন। তাই তাঁরা অতি প্রত্যুষে পিণ্ডচারণ করে ভোজন করলেন। এদিকে লোকেরাও শুনতে পেলেন যে, দরিদ্র কর্মকারকর্তৃক নাকি বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘ নিমন্ত্রিত হয়েছেন। অতএব তারা দরিদ্র কর্মকারকে প্রভূত খাদ্য-ভোজ্যাদি প্রদান করলেন। অতঃপর সেই দরিদ্র কর্মকার সেই রাত্রি অবসানে উৎকৃষ্ট খাদ্য-ভোজ্যাদি প্রস্তুত করিয়ে ভগবানকে এভাবে সময় জ্ঞাপন করলেন, "ভন্তে, আহার প্রস্তুত কার্য সমাপ্ত; এখন ভোজনের সময় হয়েছে।"

অনন্তর ভগবান পূর্বাহ্ণ সময়ে পরিধেয় চীবর পরিধানপূর্বক পাত্র হাতে নিয়ে যেখানে সেই দরিদ্র কর্মকারের নিবাস সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে প্রজ্ঞাপ্ত আসনে উপবেশন করলেন ভিক্ষুসংঘকে সাথে করে। তারপর সেই দরিদ্র কর্মকার ভোজনকক্ষে ভিক্ষুগণকে পরিবেশন করতে লাগল। তখন ভিক্ষুগণ এরূপ বললেন, "আবুসো, অল্প অল্প দাও; আবুসো, অল্প অল্প দাও।" তখন দরিদ্র কর্মকার বলল, "ভন্তে, আমি দরিদ্র কর্মকার এই ভেবে আপনারা অল্প অল্প প্রতিগ্রহণ করবেন না। আমার প্রভূত খাদ্য-ভোজ্যাদি প্রস্তুত রয়েছে। ভন্তে, অনুগ্রহপূর্বক পরিমাণ মতো গ্রহণ করুন।" "না আবুসো, আমরা এ কারণে অল্প অল্প প্রতিগ্রহণ করছি না। যেহেতু আমরা প্রত্যুষে পিণ্ডচারণ করে ভোজন করেছিলাম। সুতরাং আমরা অল্প অল্প প্রতিগ্রহণ করছি।"

অতঃপর সেই দরিদ্র কর্মকার এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে

Visit: http://www.buddhistdownload.com

ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন ভদন্তগণ আমার দ্বারা নিমন্ত্রিত হয়েও অন্যত্র ভোজন করবেন? আমি কি অসমর্থ পরিমাণ মতো দান করতে?" ভিক্ষুগণ সেই দরিদ্র কর্মকারের এমন নিন্দা, আন্দোলন এবং দুর্নামবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষুগণ একস্থানে নিমন্ত্রিত হয়ে অন্যত্র ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুগণকে অনেক প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, ভিক্ষুগণ নাকি একস্থানে নিমন্ত্রিত হয়ে অন্যত্র ভোজন করছে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, হে ভিক্ষুগণ, কী হেতু সেই মোঘপুরুষেরা একস্থানে নিমন্ত্রিত হয়ে অন্যত্র ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"পরম্পর ভোজনে পচিত্তিয"ন্তি

বঙ্গানুবাদ : পরম্পর (পাটিপাটি করে) ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২২২. সে সময়ে অন্যতর ভিক্ষু অসুস্থ হয়ে পড়লে, অন্যতর ভিক্ষু পিণ্ডপাত গ্রহণ করে যেখানে সেই ভিক্ষু সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে সেই ভিক্ষুকে এভাবে বললেন, "আবুসো, ভোজন করুন।" "আবুসো, আমার আহারের নিমন্ত্রণ নির্দিষ্ট করা আছে।" সেই ভিক্ষুর জন্য পিণ্ডপাত অতি প্রত্যুষে আহরিত হয়েছিল। কিন্তু সেই ভিক্ষু কিছুতেই ভোজন করলেন না। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জ্ঞাপন করলে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু পরম্পর ভোজন করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"পরম্পর ভোজনে অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। গিলান সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : উপযুক্ত সময় ব্যতীত পরম্পর ভোজন করলে, পাচিত্তিয়

Visit: http://www.buddhistdownload.com

অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়; ইহাই উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

২২৩. সে সময়ে লোকেরা চীবরদানের সময় স্ব স্ব চীবরসহ আহারের সুব্যবস্থা করে 'ভোজন করিয়ে চীবরে আচ্ছাদন করাব' এই ভেবে ভিক্ষুগণকে নিমন্ত্রণ করতে লাগলেন। তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক পরম্পর ভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দিগ্ধ হয়ে নিমন্ত্রণ গ্রহণ না করতে লাগলেন। সুতরাং চীবর ঈষৎ পরিমাণ উৎপন্ন হতে লাগল। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, চীবরদানের সময় পরম্পর ভোজন করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"পরম্পরভোজনে অঞ্ঞত্র সমযা পাচিত্তযং তত্থযং সমযো। গিলানসমযো চীবরদান সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : উপযুক্ত সময় ব্যতীত পরম্পর ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়, চীবরদানের সময়—ইহাই উপযুক্ত সময়।

এভাবে ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২২৪. সে সময়ে লোকেরা চীবর প্রস্তুতকারী ভিক্ষুগণকে ভোজনের নিমিত্ত নিমন্ত্রণ করতে লাগলেন। তখন ভিক্ষুগণ 'ভগবানকর্তৃক পরম্পর ভোজন নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দিগ্ধ হয়ে নিমন্ত্রণ গ্রহণ না করতে লাগলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জ্ঞাপন করলে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, চীবর তৈরি করার সময় পরম্পর ভোজন করবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২২৫. "পরম্পরভোজনে অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং তত্থাযং সমযো। গিলান সমযো চীবরদান সমযো চীবরকার সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : উপযুক্ত সময় ব্যতীত পরম্পর ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : রোগের সময়, চীবরদানের সময়, চীবর তৈরির সময়—ইহাই উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

২২৬. অনন্তর ভগবান পূর্বাহ্ণ সময়ে পরিধেয় চীবর পরিধানপূর্বক পাত্র

Visit: http://www.buddhistdownload.com

হাতে নিয়ে অনুগামী শ্রমণ আয়ুষ্মান আনন্দকে সাথে করে যেখানে অন্যতর কুল সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে প্রজ্ঞাপ্ত আসনে উপবেশন করলেন। তৎপর সেই লোকেরা ভগবান ও আয়ুষ্মান আনন্দকে দেখে ভোজন দান করলেন। তখন আয়ুষ্মান আনন্দ সন্দেহপ্রবণ হয়ে ভোজন গ্রহণ না করতে লাগলেন। তখন ভগবান বললেন, "আনন্দ, গ্রহণ কর।" "ভগবান, আমার যে আহারের নিমন্ত্রণ আছে।" "আনন্দ, তাহলে তা অপরকে হস্তান্তর করে গ্রহণ কর।" অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অপরকে হস্তান্তর করে পরম্পর ভোজন করবে। হে ভিক্ষুগণ, এভাবে হস্তান্তর করতে হবে : "ময্হং ভত্তপচ্চাসং ইত্থন্নমস্স দেম্মি" অর্থাৎ অমুক ভিক্ষুকে আমার আহারের নিমন্ত্রণ প্রদান করছি।"

২২৭. "পরম্পরভোজনং" অর্থে পঞ্চবিধ ভোজনের মধ্যে অন্যতর ভোজনে নিমন্ত্রিত হয়ে সেই নিমন্ত্রিত ভোজন ব্যতীত অপর পঞ্চবিধ ভোজনের যেকোনো একটি ভোজন করা—একেই পরম্পর ভোজন বুঝায়।

"অঞ্ঞত্র সমযা" বলতে উপযুক্ত সময় ব্যতীত।

"গিলানসমযো" অর্থে একাসনে উপবিষ্ট হয়ে পরিমাণ মতো ভোজন করতে অক্ষম হওয়া। তখন 'রোগের সময়' ভেবে ভোজন করা কর্তব্য।

"চীবরদান সমযো" অর্থে কঠিন চীবর অলাভী ভিক্ষুর পক্ষে বর্ষাঋতুর অন্তিম মাস এবং কঠিন চীবরলাভী ভিক্ষুর পক্ষে উক্ত কঠিন চীবর মাসসহ পরবর্তী পাঁচ মাস বুঝায়। তখন 'চীবরদানের সময়' ভেবে ভোজন করা কর্তব্য।

"চীবরকার সমযো" অর্থে চীবর তৈরি করার সময় বুঝায়। তখন 'চীবর তৈরি করার সময়' ভেবে ভোজন করা কর্তব্য।

উপযুক্ত সময় ব্যতীত ভোজন করব ভেবে প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। আর ভোজন করলে প্রতি গ্রাসে গ্রাসে পাচিত্তিয় অপরাধ হয়।

২২৮. পরম্পর ভোজনে পরম্পর ভোজন ধারণায় উপযুক্ত সময় ব্যতীত ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। পরম্পরভোজনে 'পরম্পরভোজন কি না' সন্দেহবশত উপযুক্ত সময় ব্যতীত ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অপরম্পর ভোজনে পরম্পর ভোজন ধারণায় দুক্কট অপরাধ হয়। অপরম্পর ভোজনে 'পরম্পর ভোজন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অপরম্পর ভোজনে অপরম্পর ভোজন ধারণায় কোনো অপরাধ হয় না।

২২৯. **অনাপত্তি :** উপযুক্ত সময়ে হস্তান্তর করে ভোজন করলে, দু-তিনজন

Visit: http://www.buddhistdownload.com

নিমন্ত্রিত হয়ে একত্রে ভোজন করলে, নিমন্ত্রণ পাটিপাটি করে ভোজন করলে, সমস্ত গ্রামবাসীকর্তৃক নিমন্ত্রিত হয়ে তথাস্ত যেকোনো স্থানে ভোজন করলে, বণিকদলকর্তৃক নিমন্ত্রিত হয়ে সেই বণিক দলের মধ্যে যেকোনো স্থানে ভোজন করলে, নিমন্ত্রণকালে ভিক্ষায় যাব বললে, নিত্য ভোজনদান, সলাক ভোজন, পাক্ষিক, উপোসথিক, প্রতিপাদিক এবং পঞ্চবিধ ভোজন ব্যতীত অন্য সকল বস্তুতে কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পরম্পর ভোজন তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৪. কাণমাতা সিক্খাপদং

(কানার মাতা সম্পর্কীয় শিক্ষাপদ)

২৩০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন কানার মাতা উপাসিকা ছিলেন অত্যন্ত শ্রদ্ধাবতী ও প্রসন্না। তার কন্যা কানাকে[১] গ্রাম মধ্যে অন্যতর পুরুষের সাথে বিবাহ দিয়েছিল। অনন্তর একদিন কানা কোনো এক কার্যোপলক্ষে মাতার গৃহে গিয়েছিল। তখন কানার স্বামী কানার নিকট এই বলে দূত পাঠাল : "কানা আগমন করুক, আমি কানার আগমন ইচ্ছা করি।" তখন কানার মাতা উপাসিকা "রিক্তহস্তে (শূন্যহস্তে) যাবে কেন" এই ভেবে পিঠা পাক করল। পিঠাগুলো পাক করা শেষ হলে, অন্যতর পিণ্ডচারিক ভিক্ষু কানার মাতা উপাসিকার নিবাসে প্রবেশ করলেন। তখন কানার মাতা উপাসিকা সেই ভিক্ষুকে পিঠা দান করল।

অতঃপর সেই ভিক্ষু সেখান হতে চলে গিয়ে অন্য ভিক্ষুকে তা জানালেন। সেই ভিক্ষু আসলে, উপাসিকা তাঁকেও পিঠা দান করল। পুনরায় সেই ভিক্ষু সেখান হতে চলে গিয়ে অপর ভিক্ষুকে তা জানালেন। সেই ভিক্ষু আসলে, উপাসিকা তাঁকেও পিঠা দান করল। সুতরাং যতগুলো পিঠা রন্ধিত হয়েছিল তৎসমস্তই নিঃশেষ হলো।

দ্বিতীয়বার কানার স্বামী কানার নিকট এই বলে দূত প্রেরণ করল : "কানা আগমন করুক; আমি কানার আগমন ইচ্ছা করি।" দ্বিতীয়বার কানার মাতা

---

[১]. 'কানা' হচ্ছে একজন অত্যন্ত রূপবতী কন্যা। যারা তাকে দেখত তারা সকলেই লোভের বশবর্তী হয়ে লোভান্ধ হয়ে যেত। সুতরাং সে অপরকে অন্ধভাব করে বিধায় 'কানা' নামে বিশ্রুত হয়েছিল। (সম. পাসা.)

Visit: http://www.buddhistdownload.com

উপাসিকা "রিক্তহস্তে যাবে কেন" এই বলে পিঠা পাক করল। পিঠাগুলো রন্ধিত হলে, অন্যতর পিণ্ডচারিক ভিক্ষু কানার মাতা উপাসিকার নিবাসে প্রবেশ করলেন, তখন কানার মাতা উপাসিকা সেই ভিক্ষুকে পিঠা দান করল। সেই ভিক্ষু সেখান হতে চলে গিয়ে অপর ভিক্ষুকে তা বললেন। সেই ভিক্ষু আসলে, উপাসিকা তাঁকেও পিঠা দান করল। সেই ভিক্ষুও সেখান হতে নিষ্ক্রমণপূর্বক অপর ভিক্ষুকে তা বললেন। সেই ভিক্ষু আসলে, উপাসিকা তাঁকেও পিঠা দান করল। এভাবে আবারও যতগুলো পিঠা রন্ধিত হয়েছিল তৎসমস্তই নিঃশেষ হলো।

তৃতীয়বার কানার স্বামী কানার নিকট এই বলে দূত পাঠাল : "কানা আগমন করুক; আমি কানার আগমন ইচ্ছা করি। যদি কানা না আসে, তাহলে আরেকজন স্ত্রী গ্রহণ করব।" তৃতীয়বারেও কানার মাতা উপাসিকা "রিক্তহস্তে যাবে কেন" এই বলে পিঠা পাক করল। পিঠাগুলো রন্ধিত হলে অন্যতর পিণ্ডচারিক ভিক্ষু কানার মাতা উপাসিকার নিবাসে প্রবেশ করলেন। তখন কানার মাতা উপাসিকা সেই ভিক্ষুকে পিঠা দান করল। সেই ভিক্ষু সেখান হতে চলে গিয়ে অপর ভিক্ষুকে তা বললেন। সেই ভিক্ষু আসলে, উপাসিকা তাঁকেও পিঠা দান করল। সেই ভিক্ষুও সেখান হতে চলে গিয়ে অপর ভিক্ষুকে তা বললেন। সেই ভিক্ষু আসলে, উপাসিকা তাঁকেও পিঠা দান করল। এভাবে যতগুলো পিঠা রন্ধিত হয়েছিল তৎসমস্তই নিঃশেষ হলো। এদিকে ইতিমধ্যেই কানার স্বামী নাকি অপর এক কুলীন রূপবতী স্ত্রী গৃহে আনল।

অতঃপর কানা শুনতে পেল যে "তার স্বামীকর্তৃক নাকি অপর এক কুলীন রূপবতী স্ত্রী গৃহীত হয়েছে।" তাই সে (কানা) রোদন করতে করতে স্থিরভাবে দাঁড়িয়ে রইল।

অনন্তর ভগবান পূর্বাহ্ণ সময়ে পরিধেয় চীবর পরিধানপূর্বক পাত্র হাতে নিয়ে যেখানে কানার মাতা সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে প্রজ্ঞাপ্ত আসনে উপবেশন করলেন। অতঃপর কানার মাতা উপাসিকা যেখানে ভগবান সেখানে উপস্থিত হলো; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করল। একান্তে উপবিষ্ট উপাসিকা কানার মাতাকে ভগবান বললেন, "কানা রোদন করছে কেন?" অতঃপর উপাসিকা কানার মাতা ভগবানকে আদ্যোপান্ত সমস্ত বিষয় জ্ঞাপন করল। অতঃপর ভগবান উপাসিকা কানার মাতাকে ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত করে আসন হতে উঠে চলে গেলেন।

২৩১. সে সময়ে অন্যতর পর্যটকদল রাজগৃহ হতে দক্ষিণে গমনেচ্ছু

Visit: http://www.buddhistdownload.com

হয়েছিল। তখন অন্যতর পিণ্ডচারিক ভিক্ষু সেই পর্যটক দলের নিকট পিণ্ডার্থে প্রবেশ করলেন। অন্যতর উপাসক সেই ভিক্ষুকে দেখে ভোজন দান করল। সেই ভিক্ষু সেখান হতে চলে গিয়ে অপর ভিক্ষুকে তা বললেন। সেই ভিক্ষু আসলে, উপাসক তাঁকেও ভোজন দান করল। আবার সেই ভিক্ষুও সেখান হতে চলে গিয়ে অপর ভিক্ষুকে তা বললেন। সেই ভিক্ষু আসলে, উপাসক তাঁকেও ভোজন দান করল। এভাবে দিতে দিতে যে পরিমাণ ভোজন সঞ্চিত ছিল তৎসমস্তই নিঃশেষ হলো।

অতঃপর সেই উপাসক সেই লোকদের বলল, "অদ্য দিবসে আর্যগণ আসতে পারেন, এদিকে আমার সঞ্চিত সমস্ত ভোজন আর্যদের দেওয়া হয়েছে; সুতরাং আমি ভোজন প্রস্তুত করব।" এদিকে অগ্রগামী পর্যটক দল আর্যগণ আসতে পারবেন না ভেবে যাত্রা শুরু করল। অতঃপর সেই উপাসক খাদ্য-ভোজ্যাদি প্রস্তুত করে পশ্চাতে গমনকালে চোরেরা তার সমস্ত কিছু ছিনিয়ে নিল। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মাত্রা না জেনে প্রতিগ্রহণ করবেন? তাই তিনি তাদের দান করার পর পশ্চাতে গমনকালে চোরদের দ্বারা লুণ্ঠিত হয়েছেন," ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং দুর্নাম বাক্য শুনতে পেলেন। অতঃপর ভিক্ষুগণ ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, তাহলে ভিক্ষুদের জন্যে শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করব—যা দশবিধ অর্থবশে সংঘের সুষ্ঠতা, ... বিনয়কে অনুগ্রহের জন্য একান্ত হিতকর। তাই হে ভিক্ষুগণ, আমি ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৩২. "ভিক্খুং পনেব কুলং উপগতং পূবেহি বা মন্থেহি বা অভিহট্ঠুং পবারেয্য আকঙ্খমানেন ভিক্খুনা দ্বত্তিপত্তপুরা পটিগ্গহেতব্ব ততো চে উত্তরি পটিগ্গণ্হেয্য পাচিত্তিযং। দ্বত্তিপত্তপূরে পটিগ্গহেত্বা ততো নীহরিত্বা ভিক্খূহি সদ্ধিং সংবিভজিতব্বং অযং তত্থ সামীচী"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু চতুর্বিধ কুলের মধ্যে যেকোনো একটিতে উপস্থিত হলে, যদি তাঁকে রসাল জাতীয় পিঠা বা পথে গমনাগমনের জন্য অতিপ্রয়োজনীয় তিল-তণ্ডুলাদি দ্বারা পূজার মানসে এভাবে বলে : "আপনার পরিমাণ মতো গ্রহণ করুন।" তখন ভিক্ষু ইচ্ছা করলে দু-তিন পাত্রপূর্ণ গ্রহণ করতে পারবে; ততোধিক গ্রহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। আবার দু-তিন পাত্রপূর্ণ গ্রহণ করার পর তথা হতে বের হয়ে অপর ভিক্ষুর সাথে তা ভাগাভাগি

Visit: http://www.buddhistdownload.com

করতে হবে, এক্ষেত্রে ইহাই সমীচীন।

২৩৩. "ভিক্খূং পনেব কুলং উপগতং" এই বাক্যে 'কুলং' অর্থে ক্ষত্রিয়কুল, ব্রাহ্মণকুল, বৈশ্যকুল ও শূদ্রকুল—এই চতুর্বিধ কুল (বংশ) বুঝায়। 'উপগতং' হলো উপরোক্ত চতুর্বিধ কুলে গত হয়েছে এমন।

"পূবং" অর্থে কোনো গন্তব্যস্থানে পাঠানোর জন্য (পিঠাজাতীয় খাদ্যাদি) যা কিছু প্রস্তুত করা হয়।

"মন্থং" অর্থে পথে গমনাগমনার্থে অত্যাবশ্যকীয় (তিল-তণ্ডুলাদি) যা কিছু সরবরাহ করা হয়।

"অভিহট্ঠূং পবারেয্য" বলতে যে পরিমাণ ইচ্ছা সে পরিমাণ গ্রহণ করুন এই বলে অনুরোধ জানানো।

"আকঙ্খামানেন" বলতে ইচ্ছা করলে।

"দ্বত্তিপত্তপুরা পটিগ্গহেতব্বা" বলতে দু-তিন পাত্রপূর্ণ পর্যন্ত গ্রহণ করতে পারে। দু-তিন পাত্রপূর্ণ গ্রহণপূর্বক তথা হতে বের হয়ে কোনো ভিক্ষু দেখলে এভাবে বলা উচিত : "অমুক স্থানে আমাকর্তৃক দু-তিন পাত্রপূর্ণ গৃহীত হয়েছে, তাই সেখান হতে আর গ্রহণ করবেন না।" এভাবে না বললে, দুক্কট অপরাধ হয়। বলার পরও যদি গ্রহণ করে, তাহলে তারও দুক্কট অপরাধ হয়।

"তাতো নীহরিত্ব ভিক্খূহি সদ্ধিং সংবিভজিতব্বং" বলতে তথা হতে প্রত্যাবর্তনপূর্বক সমানভাবে ভাগাভাগি করা কর্তব্য।

"অযং তত্থ সামীচি" বলতে এক্ষেত্রে ইহাই সমীচীন, যথোপযুক্ত বা বিনয়সম্মত।

২৩৪. দু-তিন পাত্রাধিকে অধিক ধারণায় গ্রহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। দু-তিন পাত্রাধিকে 'অধিক কি না' সন্দেহবশত গ্রহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। দু-তিন পাত্রাধিকে অনধিক ধারণায় গ্রহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

দু-তিন পাত্রের কমে অধিক ধারণায় দুক্কট অপরাধ হয়। দু-তিন পাত্রের কমে 'অধিক কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। দু-তিন পাত্রের কমে অনধিক ধারণায় কোনো অপরাধ হয় না।

২৩৫. **অনাপত্তি :** দু-তিন পাত্রপূর্ণ গ্রহণে, দু-তিন পাত্রের কম গ্রহণে, কোনো গন্তব্য স্থানে পাঠাবার বা পথে গমনার্থে প্রস্তুত করা হয়েছে এমন কোনো কিছু দেওয়া না হলে, কোনো গন্তব্য স্থানে পাঠাবার বা পথে গমনার্থে প্রস্তুত করা হয়েছে কিন্তু পর্যাপ্ত পরিমাণ রেখে অবশিষ্টাংশ দিলে, পথিমধ্যে উপদ্রবের জন্য যেতে না পেরে ভিক্ষুকে দিলে, জ্ঞাতির, প্রবারিতের

Visit: http://www.buddhistdownload.com

(নিমন্ত্রিতের), অন্যের জন্য গ্রহণে, নিজের ধন হলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[কাণমাতা চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫.পঠম পবারণা সিক্খাপদং

(প্রথম প্রবারণা সম্পর্কীয় শিক্ষাপদ)

২৩৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন অন্যতর ব্রাহ্মণ ভিক্ষুগণকে নিমন্ত্রণ করে ভোজন করালেন। ভিক্ষুগণ নিমন্ত্রিত হয়ে ভোজন শেষে জ্ঞাতিকুলের নিকট গমনপূর্বক কেউ কেউ ভোজন করলেন এবং কেউ কেউ পিণ্ডপাত গ্রহণপূর্বক গমন করলেন। অতঃপর সেই ব্রাহ্মণ প্রতিবেশীদের এরূপ বলল, "আমার দ্বারা আর্য ভিক্ষুগণ ভোজনে পরিতৃপ্ত হয়েছেন। আপনারাও আসেন, আমি আপনাদের ভোজনে পরিতৃপ্ত করাব।" তখন তারা এরূপ বলল, "আর্য, আপনি কীই বা আমাদের ভোজনে পরিতৃপ্ত করাবেন? যারা আপনার দ্বারা নিমন্ত্রিত হয়েছেন; তারাই তো আমাদের গৃহে এসে কেউ কেউ ভোজন করলেন, আর কেউ কেউ পিণ্ডপাত গ্রহণপূর্বক চলে গিয়েছেন।"

অতঃপর সেই ব্রাহ্মণ এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভদন্তগণ আমাদের গৃহে ভোজন করে আবার অন্যত্র ভোজন করবেন? আমি কি পরিমাণ মতো ভোজন দিতে সমর্থ নই। ভিক্ষুগণ সেই ব্রাহ্মণের নিন্দা, আন্দোলন এবং দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষুগণ নিমন্ত্রিত হয়ে ভোজন শেষে আবার অন্যত্র ভোজন করবেন? অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, ভিক্ষুগণ নাকি নিমন্ত্রিত হয়ে ভোজন শেষে আবার অন্যত্র ভোজন করেছে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, হে ভিক্ষুগণ, কী হেতু সেই মোঘপুরুষেরা নিমন্ত্রিত হয়ে ভোজন শেষে আবার অন্যত্র ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু ভত্তাবী পাবারিতো খাদনীযং বা ভোজনীযং বা খাদেয্য বা

Visit: http://www.buddhistdownload.com

ভুঞ্জেয্য বা পাচিত্তিয”ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভোজন করে প্রবারিত হয়েছেন; অথচ পুনঃ খাদ্য-ভোজ্যাদি খেলে বা ভোজন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২৩৭. সে সময়ে ভিক্ষুগণ অসুস্থ ভিক্ষুদের জন্যে উৎকৃষ্ট পিণ্ডপাত সংগ্রহ করতে লাগলেন। কিন্তু অসুস্থ ভিক্ষুগণ কিছুতেই ভোজন করছিলেন না। সে সমস্ত পিণ্ডপাত ছুঁড়ে ফেলে দিতে লাগলেন। তখন ভগবান উচ্চশব্দ, মহাশব্দ, কাক রবের ন্যায় বিশৃঙ্খল কোলাহলের শব্দ শুনতে পেলেন। অতঃপর ভগবান আয়ুষ্মান আনন্দকে ডেকে জিজ্ঞাসা করলেন, “আনন্দ, উচ্চশব্দ, মহাশব্দ, কাকরবের ন্যায় বিশৃঙ্খল কোলাহলের শব্দ শুনা যাচ্ছে কেন?” অতঃপর আয়ুষ্মান আনন্দ ভগবানকে সমস্ত বিষয় সবিস্তারে জানালেন। ভগবান বললেন, “কিন্তু আনন্দ, ভিক্ষুগণ গিলানাতিরিক্ত (রোগীর অতিরিক্ত ভোজন) ভোজন করেছিল কি?” “না ভন্তে, করেননি।”

অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, রোগী বা নিরোগীর অতিরিক্ত খাদ্য-ভোজ্যাদি ভোজন করবে। ভিক্ষুগণ, এভাবেই অতিরিক্ত করা কর্তব্য : “অলমেতং সব্বং” অর্থাৎ এই সমস্তই আমার পক্ষে যথেষ্ট। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৩৮. “যো পন ভিক্খু ভুত্তাবী পবারিতো অনতিরিত্তং খাদনীযং বা ভোজনীযং বা খাদেয্য বা ভুঞ্জেয্য বা পাচিত্তিয”ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু বিন্দুমাত্র ভোজন করে প্রবারিত হয়েছেন, অথচ পুনঃ অনতিরিক্ত খাদ্য-ভোজ্যাদি খেলে বা ভোজন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৩৯. “যো পন” বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

“ভিক্খু” বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

“ভুত্তাবী” অর্থে পঞ্চবিধ ভোজনের মধ্যে অন্যতর ভোজন অন্ততপক্ষে বিন্দুমাত্র হলেও ভুক্ত হওয়া।

“পবারিতো” অর্থে (১) পঞ্চবিধ ভোজনের মধ্যে বিন্দুমাত্র ভোজিত হওয়া, (২) প্রবারণ যোগ্য ভোজন হওয়া, (৩) উপবিষ্ট বা শায়িত ভিক্ষুর হস্তপাশে বা আড়াই হাতের মধ্যে দাঁড়ানো, (৪) হস্তপাশে এসে দান করা, (৫) ভিক্ষু কায়-বাক্যদির দ্বারা দিতে নিষেধ করা—এই পঞ্চবিধ কারণে ভিক্ষু প্রবারিত হন।

Visit: http://www.buddhistdownload.com

"অনতিরিত্তং" অর্থে (১) পাঁচ প্রকারে কপ্পিয়কৃত (ব্যবহারোপযোগী) না হওয়া, (২) গৃহীত না হওয়া, (৩) অল্পমাত্রও ভূমি হতে না তোলা, (৪) কপ্পিয়কারী হস্তপাশ (আড়াই হাত) হতে দূরে থাকা, (৫) প্রবারণযোগ্য আহার্য দ্রব্য অপরিভোগকারীকর্তৃক কৃত হওয়া, (৬) প্রবারিত ভিক্ষুকর্তৃক আসন হতে উত্থিত হওয়া, (৭) "অলমেতং সব্বং" এই বাক্য অব্যক্ত হওয়া, (৮) গিলানাতিরিক্ত না হওয়া—একেই অনতিরিক্ত বুঝায়।

"অতিরিত্তং" অর্থে (১) পাঁচ প্রকারে কপ্পিয় কৃত হওয়া, (২) গৃহীত হওয়া, (৩) অল্পমাত্র হলেও মাটি হতে তোলা, (৪) কপ্পিয়কারী হস্তপাশে থাকা, (৫) প্রবারণযোগ্য আহার্যদ্রব্য পরিভোগকারীকর্তৃক কৃত হওয়া, (৬) প্রবারিত ভিক্ষুকর্তৃক আসন হতে উত্থিত না হওয়া, (৭) "অলমেতং সব্বং" এই বাক্য ব্যক্ত হওয়া, (৮) গিলানাতিরিক্ত হওয়া—একেই অতিরিক্ত বুঝায়।

"খাদনীযং" অর্থে পঞ্চবিধ ভোজন, যামকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক আহার্য বস্তু ব্যতীত অবশিষ্ট সবই খাদ্য বুঝায়।

"ভোজনীযং" অর্থে ভাত, মিষ্টান্ন (কুম্মাসো), আটা বা ময়দায় তৈরি রুটি ইত্যাদি নানা জাতীয় বিস্কিট (সত্তু), মাছ এবং মাংস—এই পঞ্চবিধ ভোজন বুঝায়। উপরোক্ত খাদ্য-ভোজ্যাদি খাব বা ভোজন করব ভেবে গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। সেই গৃহীত খাদ্য-ভোজ্যাদি খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে পাচিত্তিয় অপরাধ হয়।

২৪০. অনতিরিক্তে অনতিরিক্ত ধারণায় খাদ্য-ভোজ্যাদি খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনতিরিক্তে 'অতিরিক্ত কি না' সন্দেহবশত খাদ্য-ভোজ্যাদি খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনতিরিক্তে অতিরিক্ত ধারণায় খাদ্য-ভোজ্যাদি খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। যাবকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক আহার্যবস্তু আহারের নিমিত্ত গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। আর ভোজন করলে প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। অতিরিক্তে 'অনতিরিক্ত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অতিরিক্তে অতিরিক্ত ধারণায় কোনো অপরাধ হয় না।

২৪১. **অনাপত্তি :** অতিরিক্ত করিয়ে ভোজন করলে, অতিরিক্ত করিয়ে ভোজন করব ভেবে গ্রহণ করলে, অপরের জন্য নিয়ে গেলে, রোগীর অবশিষ্টাংশ ভোজন করলে, যামকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক আহার্যবস্তু প্রয়োজনবশত পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঠম পবারণা পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৬. দুতিয পবারণা সিক্খাপদং

(দ্বিতীয় প্রবারণা সম্পর্কীয় শিক্ষাপদ)

২৪২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন দুজন ভিক্ষু কোশল জনপদে শ্রাবস্তীর উদ্দেশে দীর্ঘ পথে প্রতিপন্ন হয়েছিলেন। তন্মধ্যে একজন ভিক্ষু অনাচার আচরণ করতে লাগলেন। দ্বিতীয়জন সেই ভিক্ষুকে বললেন, "আবুসো, এমন কাজ করবেন না, ইহা মোটেও সঠিক হচ্ছে না।" এভাবে বলায় সেই ভিক্ষু তার প্রতি বেশ অসন্তুষ্ট হলেন।

অনন্তর সেই ভিক্ষুদ্বয় শ্রাবস্তীতে গিয়ে উপস্থিত হলেন। তখন শ্রাবস্তীতে অন্যতর বণিক দলকর্তৃক সংঘের উদ্দেশে খাদ্য-ভোজ্যাদি প্রদত্ত হচ্ছিল। দ্বিতীয় ভিক্ষু অত্যন্ত তৃপ্তিসহকারে ভোজন করে প্রবারিত হলেন। অসন্তুষ্ট ভিক্ষু জ্ঞাতিকুলে গিয়ে পিণ্ডপাত গ্রহণপূর্বক যেখানে সেই ভিক্ষু সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে সেই ভিক্ষুকে বললেন, "আবুসো, ভোজন করুন।" "আবুসো, আমি ভোজন করেছি।" পুনরায় সে বলল, "আবুসো, অতিশয় উৎকৃষ্ট পিণ্ডপাত, ভোজন করুন।" অতঃপর ভিক্ষু সেই ভিক্ষুর বারংবার অনুরোধের প্রেক্ষিতে পিণ্ডপাত ভোজন করলেন। অতঃপর অসন্তুষ্ট ভিক্ষু সেই ভিক্ষুকে এরূপ বললেন, "আবুসো, আপনিই তো আমাকে বলা উচিত বোধ করেছিলেন, অথচ এখন আপনি নিজেই ভোজন করে প্রবারিত হয়ে আবার অনতিরিক্ত ভোজন করছেন।" "আবুসো, এভাবে বলা উচিত কি? আবুসো, এভাবে (সুযোগ) সন্ধান করা উচিত কি?"

অতঃপর সেই ভিক্ষু ভিক্ষুদের নিকট সমস্ত ঘটনা প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু ভোজন করে প্রবারিত হয়েছেন এমন ভিক্ষুকে অনতিরিক্ত খাদ্য-ভোজ্য দিয়ে যে পরিমাণ ইচ্ছা সে পরিমাণ গ্রহণ করতে অনুরোধ করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি ভোজন করে প্রবারিত হয়েছে এমন ভিক্ষুকে অনতিরিক্ত খাদ্য-ভোজ্য যে পরিমাণ ইচ্ছা সে পরিমাণ গ্রহণ করতে অনুরোধ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি

Visit: http://www.buddhistdownload.com

ভোজন করে প্রবারিত হয়েছে এমন ভিক্ষুকে অনতিরিক্ত খাদ্য-ভোজ্য যে পরিমাণ ইচ্ছা সে পরিমাণ গ্রহণ করতে অনুরোধ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৪৩. "যো পন ভিক্খু ভিক্খুং ভুত্তাবিং পবারিতং অনতিরিত্তেন খাদনীযেন বা ভোজনীযেন বা অভিহট্ঠূং পবারেয্য—'হন্দ ভিক্খু খাদ বা ভুঞ্জ বা'তি জানং আসাদনাপেক্খো ভুত্তস্মিং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু বিন্দু পরিমাণ ভোজন করে প্রবারিত হয়েছেন এমন ভিক্ষুকে অনতিরিক্ত খাদ্য-ভোজ্যাদি দ্বারা যে পরিমাণ ইচ্ছা সে পরিমাণ গ্রহণ করতে এই বলে অনুরোধ করে—'হে ভিক্ষু, খাও, ভোজন কর।' ভিক্ষু যদি জেনেশুনে উদ্বিগ্ন বা উত্তেজিত করার ইচ্ছায় বলে এবং সেই ভিক্ষুও ভোজন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৪৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুং" অর্থে অন্য ভিক্ষুকে বুঝায়।

"ভুত্তাবী" অর্থে পঞ্চবিধ ভোজনের মধ্যে অন্যতর ভোজন অন্ততপক্ষে বিন্দুমাত্র হলেও ভুক্ত হওয়া।

"পবারিতো" অর্থে (১) পঞ্চবিধ ভোজনের মধ্যে বিন্দুমাত্র ভোজিত হওয়া, (২) প্রবারণযোগ্য ভোজন হওয়া, (৩) উপবিষ্ট বা শায়িত ভিক্ষুর হস্তপাশে বা আড়াই হাতের মধ্যে দাঁড়ানো, (৪) হস্তপাশে এসে দান করা, (৫) ভিক্ষু কায়-বাক্যাদির দ্বারা দিতে নিষেধ করা—এই পঞ্চবিধ কারণে ভিক্ষু প্রবারিত হন।

"অনতিরিত্তং" অর্থে (১) পাঁচ প্রকারে কপ্পিয় কৃত (ব্যবহারোপযোগী) না হওয়া, (২) গৃহীত না হওয়া, (৩) অল্পমাত্রও ভূমি হতে না তোলা, (৪) কপ্পিয়কারী হস্তপাশ (আড়াই হাত) হতে দূরে থাকা, (৫) প্রবারণযোগ্য আহার্যদ্রব্য অপরিভোগকারীকর্তৃক কৃত হওয়া, (৬) প্রবারিত ভিক্ষুকর্তৃক আসন হতে উত্থিত হওয়া, (৭) "অলমেতং সব্বং" এই বাক্য অব্যক্ত হওয়া, (৮) গিলানাতিরিক্ত না হওয়া—একেই অনতিরিক্ত বুঝায়।

"খাদনীযং" অর্থে পঞ্চবিধ ভোজন, যামকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক ব্যতীত অবশিষ্ট সবই খাদ্য বুঝায়।

"ভোজনীযং" অর্থে ভাত, মিষ্টান্ন (কুম্মাসো), আটা বা ময়দায় তৈরি

Visit: http://www.buddhistdownload.com

রুটি—ইত্যাদি নানা জাতীয় বিস্কিট (সত্তু), মাছ এবং মাংস—এই পঞ্চবিধ ভোজনই বুঝায়।

"অভিহট্ঠূং পবারেয্য" বলতে 'যে পরিমাণ ইচ্ছা করেন সে পরিমাণ গ্রহণ করুন' বলে অনুরোধ করা।

"জানাতি" বলতে স্বয়ং জানা, অন্য কেউ তাকে প্রকাশ করা অথবা সেই ভিক্ষু নিজেই প্রকাশ করা।

"আসাদনাপেক্খো" বলতে 'এর মাধ্যমে তাকে নিন্দা, তিরস্কার, ভর্ৎসনা করব এবং প্রতিশোধ নেব' এই ভেবে অর্পণ করলে, দুক্কট অপরাধ হয়। তার কথায় 'খাব বা ভোজন করব' ভেবে গ্রহণ করলেও দুক্কট অপরাধ হয়। আর ভোজন করলেও প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। ভোজন শেষে পাচিত্তিয় অপরাধ হয়।

২৪৫. প্রবারিতে প্রবারিত ধারণায় অনতিরিক্ত খাদ্য-ভোজ্যাদি দ্বারা যে পরিমাণ ইচ্ছা সে পরিমাণ গ্রহণ করতে অনুরোধ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। প্রবারিতে 'প্রবারিত কি না' সন্দেহবশত অনতিরিক্ত খাদ্য-ভোজ্যাদি দ্বারা যে পরিমাণ ইচ্ছা সে পরিমাণ গ্রহণ করতে অনুরোধ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। প্রবারিতে অপ্রবারিত ধারণায় অনতিরিক্ত খাদ্য-ভোজ্যাদি দ্বারা যত পরিমাণ ইচ্ছা তত পরিমাণ গ্রহণ করতে অনুরোধ করলে, কোনো অপরাধ হয় না।

যাবকালিক, সাপ্তাহকালিক, এবং যাবজ্জীবিক আহার্যবস্তু আহারের নিমিত্ত গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। তাঁর কথায় 'খাব বা ভোজন করব' ভেবে প্রতিগ্রহণ করলে, প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। ভোজন করলেও প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। অপ্রবারিতে প্রবারিত ধারণায় দুক্কট অপরাধ হয়। অপ্রবারিতে 'প্রবারিত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অপ্রবারিতে অপ্রবারিত ধারণায় কোনো অপরাধ হয় না।

২৪৬. **অনাপত্তি :** অতিরিক্ত করিয়ে দিলে, 'অতিরিক্ত করিয়ে ভোজন করুন' এই বলে দিলে, 'অপরের জন্য নিয়ে যাও' এই বলে দিলে, রোগীর অবশিষ্টাংশ দিলে, 'যামকালিক, সপ্তাহকালিক এবং যাবজ্জীবিক আহার্যবস্তু প্রয়োজনবশত পরিভোগ করুন' এই বলে দিলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দুতিয পবারণা পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৭. বিকাল ভোজন সিক্খাপদং

(বিকালে ভোজন সম্পর্কীয় শিক্ষাপদ)

২৪৭. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দকনিবাপে অবস্থান করছিলেন। তখন রাজগৃহে বার্ষিক মহোৎসব মহাসাড়ম্বরে উদ্‌যাপিত হচ্ছিল। সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ সেই বার্ষিক মহোৎসব দর্শন মানসে গমন করলেন। লোকেরা সপ্তদশবর্গীয় ভিক্ষুদের দেখে, স্নান করায়ে, সুগন্ধাদি বিলেপন করায়ে, ভোজন করিয়ে খাদ্য দান করল। অতঃপর সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ সেই খাদ্য গ্রহণপূর্বক আরামে (বিহারে) গিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের বললেন, "আবুসো, গ্রহণ করুন, খান।" তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ বললেন, "আবুসো, এ সমস্ত খাদ্য আপনারা কোথায় পেয়েছেন?" অতঃপর সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের নিকট আদ্যোপান্ত সমস্ত ঘটনা প্রকাশ করলেন। "আবুসো, আপনারা বিকালে ভোজন করেন কি?" "হ্যাঁ আবুসো, করি।"

অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণ এই বলে নিন্দা, আন্দোলন এবং দুর্নাম প্রচার করতে লাগলেন, "কেন সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ বিকালে ভোজন করবেন?" তৎপর ষড়বর্গীয় ভিক্ষুগণ ভিক্ষুদের নিকট আদ্যোপান্ত সমস্ত ঘটনা প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ বিকালে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই সপ্তদশবর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি বিকালে ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা বিকালে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৪৮. "যো পন ভিক্খু বিকালে খাদনীযং বা ভোজনীযং বা খাদেয্য বা ভুঞ্জেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু বিকালে খাদ্য-ভোজ্য খেলে বা ভোজন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৪৯. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"বিকালো" অর্থে মধ্যাহ্নের পর হতে অরুণোদয় পর্যন্ত সময়কে বিকাল বুঝায়।

"খাদনীযং" অর্থে পঞ্চবিধ ভোজন, যামকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক আহার্যবস্তু ব্যতীত অবশিষ্ট সবই খাদ্য বুঝায়।

"ভোজনীযং" অর্থে ভাত, মিষ্টান্ন (কুম্মাসো), আটা বা ময়দায় তৈরি রুটি—ইত্যাদি নানা জাতীয় বিস্কিট (সত্তু), মাছ এবং মাংস—এই পঞ্চবিধ ভোজনই বুঝায়।

২৫০. বিকালে বিকাল ধারণায় খাদ্য-ভোজ্য খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। বিকালে 'বিকাল কি না' সন্দেহবশত খাদ্য-ভোজ্য খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। বিকালে কাল ধারণায় খাদ্য ভোজ্য খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

যামকালিক, সপ্তাহকালিক এবং যাবজ্জীবিক আহার্যবস্তু আহারের নিমিত্ত গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। কালে বিকাল ধারণায় দুক্কট অপরাধ হয়। কালে 'বিকাল কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। কালে কাল ধারণায় কোনো অপরাধ হয় না।

২৫১. **অনাপত্তি :** যামকালিক, সপ্তাহকালিক ও যাবজ্জীবিক আহার্যবস্তু বিশেষ প্রয়োজনবশত ভোজন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[বিকাল ভোজন সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৮. সন্নিধিকারক সিক্খাপদং

(স্বীয় অধীনে সঞ্চিতকরণ সম্পর্কীয় শিক্ষাপদ)

২৫২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান আনন্দের উপাধ্যায় আয়ুষ্মান বেলট্ঠসীস অরণ্যে অবস্থান করতেন। তিনি পিণ্ডচারণ করে অস্যুপব্যঞ্জন ভাত আরামে নিয়ে গিয়ে শুকায়ে রেখে দিতেন। যখন আহারের সময় হতো তখন পানিতে ভিজিয়ে ভিজিয়ে ভোজন করতেন এবং বহুদিন পরে গ্রামে পিণ্ডচারণের জন্যে প্রবেশ করতেন। ভিক্ষুগণ আয়ুষ্মান বেলট্ঠসীসকে বললেন, "আবুসো, আপনি বহুদিন পরে গ্রামে পিণ্ডচারণের জন্যে প্রবেশ করেন কেন? অতঃপর আয়ুষ্মান

Visit: http://www.buddhistdownload.com

বেলট্‌ঠসীস ভিক্ষুদের নিকট আদ্যোপান্ত সমস্ত ঘটনা প্রকাশ করলেন।

অতঃপর ভিক্ষুগণ তাকে বললেন, "আবুসো, আপনি কি তাহলে স্বীয় অধীনে সঞ্চিত রাখা (সন্নিধিকারক) আহার ভোজন করেন?" "হ্যাঁ আবুসো, করি।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান বেলট্‌ঠসীস স্বীয় অধীনে সঞ্চিত রাখা আহার ভোজন করবেন? অতঃপর সেই ভিক্ষুগণ আয়ুষ্মান বেলট্‌ঠসীসকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান বেলট্‌ঠসীসকে জিজ্ঞাসা করলেন, হে বেলট্‌ঠসীস, ইহা কি সত্য যে, তুমি নাকি স্বীয় অধীনে সঞ্চিত রাখা আহার ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, বেলট্‌ঠসীস, কী হেতু তুমি স্বীয় অধীনে সঞ্চিত রাখা আহার ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৫৩. "যো পন ভিক্‌খু সন্নিধিকারকং খাদনীযং বা ভোজনীযং বা খাদেয্য বা ভুঞ্জেয্য বা পাচিত্তিযং"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু স্বীয় অধীনে সঞ্চিত রাখা (সন্নিধিকারকং) খাদ্য-ভোজ্য খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

২৫৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্‌খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সন্নিধিকারকং" অর্থে অদ্য গৃহীত খাদ্য গচ্ছিত রেখে পরবর্তী দিবসে খাদিত হওয়া।

"খাদনীযং" অর্থে পঞ্চবিধ ভোজন, যামকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক আহার্যবস্তু ব্যতীত অবশিষ্ট সবই খাদ্য বুঝায়।

"ভোজনীযং" অর্থে ভাত, মিষ্টান্ন (কুম্মাসো), আটা বা ময়দায় তৈরি রুটি ইত্যাদি নানা জাতীয় বিস্কিট (সত্তু), মাছ এবং মাংস—এই পঞ্চবিধ ভোজন বুঝায়। উপরোক্ত খাদ্য-ভোজ্যাদি 'খাব বা ভোজন করব' ভেবে গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। আর ভোজন করলে প্রতি গ্রাসে গ্রাসে পাচিত্তিয় অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

২৫৫. সঞ্চিতে (সন্নিধিকারকে) সঞ্চিত (সন্নিধিকারক) ধারণায় খাদ্য-ভোজ্য খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সঞ্চিতে 'সঞ্চিত কি না' সন্দেহবশত খাদ্য-ভোজ্য খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সঞ্চিতে অসঞ্চিত ধারণায় খাদ্য-ভোজ্য খেলে বা ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

যামকালিক, সপ্তাহকালিক ও যাবজ্জীবিক আহার্যবস্তু আহারের নিমিত্ত গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। এবং ভোজন করলে প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। অসঞ্চিতে সঞ্চিত ধারণায় দুক্কট অপরাধ হয়। অসঞ্চিতে 'সঞ্চিত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অসঞ্চিতে অসঞ্চিত ধারণায় কোনো অপরাধ হয় না।

২৫৬. **অনাপত্তি :** যামকালিক আহার্যবস্তু যাবকালে অর্থাৎ সূর্যোদয়ের পরে গৃহীত বস্তু মধ্যাহ্ন দিবস পর্যন্ত গচ্ছিত রেখে ভোজন করলে, যামকালিক আহার্য বস্তু যামকালে অর্থাৎ মধ্যাহ্নের পরে গৃহীত বস্তু পর দিবসে সূর্যোদয় পর্যন্ত গচ্ছিত রেখে ভোজন করলে, সপ্তাহকালিক আহার্যবস্তু সপ্তাহকাল যাবৎ গচ্ছিত রেখে ভোজন করলে, বিশেষ প্রয়োজনে (রোগহেতু) যাবজ্জীবিক বস্তু পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সন্নিধিকারক অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৯. পণীত ভোজন সিক্খাপদং

(উৎকৃষ্ট ভোজন সম্পর্কীয় শিক্ষাপদ)

২৫৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ উৎকৃষ্ট ভোজনাদি নিজের জন্য যাচঞা করে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ নিজের জন্য উৎকৃষ্ট ভোজন যাচঞা করে ভোজন করবেন? কেনই বা এঁদের মধ্যে কেউ কেউ উত্তমরূপে রন্ধিত ভোজনে সন্তুষ্ট হন না অথবা কেউ কেউ সুমিষ্ট ভোজন পছন্দ করেন না?" অতঃপর যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ নিজের জন্য উৎকৃষ্ট ভোজন যাচঞা করে ভোজন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ

Visit: http://www.buddhistdownload.com

ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি নিজের জন্য উৎকৃষ্ট ভোজন যাচঞা করে ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা নিজের জন্য উৎকৃষ্ট ভোজন যাচঞা করে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যানি খো পন তানি পণীতভোজনানি সেয্যথীদং—সপ্পি নবনীতং তেলং মধু ফাণিতং মচ্ছো মংসং খীরং দধি। যো পন ভিক্খু এবরূপানি পণীতভোজনানি আত্তনো অত্থায বিঞ্ঞাপেত্বা ভুঞ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : যে সমস্ত উৎকৃষ্ট ভোজন আছে, সে সমস্ত উৎকৃষ্ট ভোজন; যেমন : ঘৃত, মাখন, তৈল, মধু, গুড়, মৎস্য, মাংস, দুধ, দধি ইত্যাদি। কোনো ভিক্ষু এতাদৃশ উৎকৃষ্ট ভোজন নিজের জন্য যাচঞা করে ভোজন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২৫৮. সে সময়ে ভিক্ষুগণ অসুস্থ হয়ে পড়লে, রোগী-তত্ত্বাবধায়ক ভিক্ষুগণ অসুস্থ ভিক্ষুদের বললেন, "আবুসো, স্বস্তিবোধ করছেন তো? দিন ভালো যাচ্ছে তো?" "আবুসো, পূর্বে আমরা নিজের জন্য উৎকৃষ্ট ভোজন যাচঞা করে ভোজন করতাম, এতে আমাদের স্বস্তিবোধ হতো। কিন্তু বর্তমানে 'ভগবানকর্তৃক তা নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে যাচঞা করছি না। সুতরাং আমাদের স্বস্তিবোধও হচ্ছে না।" ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু নিজের জন্য উৎকৃষ্ট ভোজন যাচঞা করে ভোজন করবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৫৯. "যানি খো পন তানি পণীত ভোজনানি সেয্যথীদং—সপ্পি নবনীতং তেলং মধুং ফাণিতং মচ্ছো মংসং খীরং দধি। যো পন ভিক্খু এবরূপানি পণীতভোজনানি অগিলানো অত্তনো অত্থায বিঞ্ঞাপেত্ব ভুঞ্জেয্য পাচিত্তিয"ন্তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : যে সমস্ত উৎকৃষ্ট ভোজন আছে, সে সমস্ত উৎকৃষ্ট ভোজন; যেমন : ঘৃত, মাখন, তৈল, মধু, গুড়, মৎস্য, মাংস, দুধ, দধি ইত্যাদি। কোনো ভিক্ষু এতাদৃশ উৎকৃষ্ট ভোজন নিরোগ অবস্থায় নিজের জন্য যাচঞা করে ভোজন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৬০. "যানি খো পন তানি পণীতভোজনানি" এই বাক্যে 'ঘৃত' অর্থে গরুর দুধ হতে তৈরি ঘৃত, ছাগলের দুধ হতে তৈরি ঘৃত, মহিষের দুধ হতে তৈরি ঘৃত অথবা যাদের মাংস খাবার উপযোগী তাদের দুধ হতে তৈরি ঘৃত। 'মাখন' অর্থে উপরোক্ত ঘৃত দিয়ে তৈরি মাখন। 'তৈল' অর্থে তিল হতে উৎপন্ন তৈল, সরিষা তৈল, মধু হতে উৎপন্ন তৈল, এরণ্ড বৃক্ষ হতে উৎপন্ন তৈল, চর্বি হতে উৎপন্ন তৈল। 'মধু' অর্থে মক্ষিকা মধু। 'গুড়' অর্থে ইক্ষু দ্বারা তৈরি গুড়। 'মৎস্য' অর্থে জলে অবস্থানকারী সকল জলজ মৎস্যই বুঝায়। 'মাংস' অর্থে যাদের মাংস খাবার উপযোগী তাদের মাংসই অভিপ্রেত। 'দুধ' অর্থে গরুর দুধ, ছাগলের দুধ, মহিষের দুধ অথবা যাদের মাংস খাবার উপযোগী তাদের দুধ বুঝায়। 'দধি' অর্থে উপরোক্ত দুধ হতে তৈরি সকল প্রকার দধিই অভিপ্রেত।

"যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"এবরূপানি পণীতভোজনানি" বলতে তাদৃশ উৎকৃষ্ট ভোজনসমূহ বুঝায়।

"অগিলানো" অর্থে উৎকৃষ্ট ভোজন ছাড়াই স্বস্তিবোধ হওয়া।

"গিলানো" অর্থে উৎকৃষ্ট ভোজন ছাড়া স্বস্তিবোধ না হওয়া।

নিরোগ অবস্থায় নিজের জন্য যাচঞা করলে, প্রয়োগে দুক্কট অপরাধ হয়। লাভ করার পর 'ভোজন করব' ভেবে গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। আর ভোজন করলে প্রতি গ্রাসে গ্রাসে পাচিত্তিয় অপরাধ হয়।

২৬১. নিরোগ অবস্থায় নিরোগী ধারণায় উৎকৃষ্ট ভোজন নিজের জন্য যাচঞা করে ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিরোগ অবস্থায় 'নিরোগী কি না' সন্দেহবশত উৎকৃষ্ট ভোজন নিজের জন্য যাচঞা করে ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিরোগ অবস্থায় রোগী ধারণায় উৎকৃষ্ট ভোজন নিজের জন্য যাচঞা করে ভোজন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। রোগাবস্থায় নিরোগী ধারণায় দুক্কট অপরাধ হয়। রোগাবস্থায় 'নিরোগী কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। রোগাবস্থায় রোগী ধারণায় কোনো অপরাধ হয় না।

২৬২. **অনাপত্তি :** রোগীর, রোগাবস্থায় যাচঞা করে নিরোগ অবস্থায়

Visit: http://www.buddhistdownload.com

ভোজন করলে, রোগীর অবশিষ্টাংশ ভোজনে, জ্ঞাতি হলে, নিমন্ত্রিত হলে, অন্যের জন্য যাচঞা করলে, স্বকীয় ধনে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পণীত ভোজন নবম শিক্ষাপদ সমাপ্ত]

১০. দন্তপোন সিক্খাপদং

(দন্তকাষ্ঠ সম্পর্কীয় শিক্ষাপদ)

২৬৩. সে সময়ে বুদ্ধ ভগবান বৈশালীর মহাবনে কূটাগার শালায় অবস্থান করছিলেন। তখন অন্যতর পাংশুকুলধারী ভিক্ষু শ্মশানে বাস করতে লাগলেন। তিনি লোকদের প্রদত্ত দানাদি গ্রহণ করতে ইচ্ছা পোষণ করতেন না। অথচ শ্মশানে, বৃক্ষমূলে ও নগরদ্বারে (উম্মারে) মৃত জ্ঞাতি-স্বজনদের উদ্দেশে প্রদত্ত খাদ্য-ভোজ্যাদি নিজে গ্রহণ করে পরিভোগ করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন এই ভিক্ষু আমাদের মৃতজ্ঞাতি-স্বজনদের উদ্দেশে প্রদত্ত খাদ্য-ভোজ্যাদি স্বয়ং গ্রহণ করে পরিভোগ করবেন? কেনই বা এই স্থূলকায় স্থবির ভিক্ষু তা মনুষ্য মাংস ভেবে খাচ্ছেন?"

ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু অদত্ত (যা দেওয়া হয় নাই) আহার মুখদ্বারে প্রবেশ করাবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি অদত্ত আহার মুখদ্বারে প্রবেশ করাচ্ছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি অদত্ত আহার মুখদ্বারে প্রবেশ করাবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু অদিন্নং মুখদ্বারং আহারং আহারেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অদত্ত আহার মুখদ্বারে প্রবেশ করালে, তার

Visit: http://www.buddhistdownload.com

পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২৬৪. সে সময়ে ভিক্ষুগণ জল ও দন্তকাষ্ঠ পরিভোগে সন্দেহপ্রবণ হয়ে পড়লে, ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালেন। অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, জল ও দন্তকাষ্ঠ নিজে গ্রহণ করে পরিভোগ করবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৬৫. "যো পন ভিক্খু অদিন্নং মুখদ্বারং আহারং আহারেয্য অঞ্ঞত্র উদকদন্তপোনা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু জল ও দন্তকাষ্ঠ ব্যতীত অদত্ত আহার মুখদ্বারে প্রবেশ করালে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৬৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অদিন্নং" অর্থে যা গৃহীত হয় নাই এমন অগৃহীত বস্তু অথবা যা দেওয়া হয় নাই এমন অদত্ত বস্তুই অভিপ্রেত।

"দিন্নং" অর্থে কায় দ্বারা, কায় প্রতিবদ্ধ বা শরীরসংলগ্ন কোনো বস্তু দ্বারা অথবা আড়াই হাতের মধ্যে দাঁড়িয়ে নিক্ষেপন দ্বারা গছিয়ে দিলে, কায় দ্বারা বা কায় প্রতিবদ্ধ কোনো বস্তু দ্বারা গ্রহণ করা, ইহাই দিন্নং তথা দত্ত (গৃহীত) নামে অভিপ্রেত।

"আহারো" অর্থে জল ও দন্তকাষ্ঠ ব্যতীত যা কিছু গলাধঃকরণযোগ্য বা খাবার উপযোগী তৎসমস্তই আহার বুঝায়।

"অঞ্ঞত্র উদকদন্তপোনা" বলতে জল ও দন্তকাষ্ঠ ব্যতীত 'খাব বা ভোজন করব' ভেবে গ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। আর ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে পাচিত্তিয় অপরাধ হয়।

২৬৭. অগৃহীতকে অগৃহীত ধারণায় জল ও দন্তকাষ্ঠ ব্যতীত অদত্ত আহার মুখদ্বারে প্রবেশ করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অগৃহীতকে 'গৃহীত কি না' সন্দেহবশত জল ও দন্তকাষ্ঠ ব্যতীত অদত্ত আহার মুখদ্বারে প্রবেশ করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অগৃহীতকে গৃহীত ধারণায় জল ও দন্তকাষ্ঠ ব্যতীত অদত্ত আহার মুখদ্বারে প্রবেশ করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

গৃহীতকে অগৃহীত ধারণায় দুক্কট অপরাধ হয়। গৃহীতকে 'গৃহীত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। গৃহীতকে গৃহীত ধারণায় কোনো অপরাধ হয়

Visit: http://www.buddhistdownload.com

না।

২৬৮. **অনাপত্তি :** জল ও দন্তকাষ্ঠে, মল, মূত্র, ছাই ও মৃত্তিকা—এই চতুর্বিধ দ্রব্য বিশেষ প্রয়োজনে (রোগহেতু) ভোজন করলে, সেবককর্তৃক গছিয়ে নিজের ইচ্ছে মতো গ্রহণ করে পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দন্তপোন দশম শিক্ষাপদ সমাপ্ত]

[ভোজন বর্গ চতুর্থ]

তস্‌সুদ্দানং/ স্মারক গাথা

পিণ্ড, গণ, পরম্পরে, পিঠা আর উক্ত দুই প্রবারণে;
বিকালে, সঞ্চয়ে, ক্ষীরে ও দন্তকাষ্ঠে দশেতে ইহা।

Visit: http://www.buddhistdownload.com

৫. অচেলক বর্গ

১. অচেলক সিক্খাপদং

(উলঙ্গ সন্ন্যাসী সম্পর্কীয় শিক্ষাপদ)

২৬৯. সে সময়ে বুদ্ধ ভগবান বৈশালীর মহাবনে কূটাগার শালায় অবস্থান করছিলেন। তখন সংঘের খাদ্য আধিক্য হলে, আয়ুষ্মান আনন্দ ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন। ভগবান বললেন, "আনন্দ, তাহলে উচ্ছিষ্টভোজীদের পিষ্টক দেওয়া হোক।" "হ্যাঁ ভন্তে" বলে আয়ুষ্মান আনন্দ ভগবানকে প্রত্যুত্তর প্রদান করে উচ্ছিষ্টভোজীদের সুশৃঙ্খলভাবে বসিয়ে প্রত্যেককে একটি করে পিষ্টক দেওয়ার সময় অন্যতরা পরিব্রাজিকাকে একটি ভেবে দুটি পিষ্টক দিলেন। তখন সকল পরিব্রাজিকারা সেই পরিব্রাজিকাকে বলল, "এই শ্রমণ তোমার উপপতি।" "না, সেই শ্রমণ আমার উপপতি নয়, তিনি একটি ভেবে দুটি পিষ্টক আমায় দিয়েছেন।"

এভাবে দ্বিতীয়বার এবং তৃতীয়বার আয়ুষ্মান আনন্দ প্রত্যেককে একটি করে পিষ্টক দেওয়ার সময় আবারও সেই পরিব্রাজিকাকে একটি ভেবে দুটি পিষ্টক দিলেন। আবারও সকল পরিব্রাজিকেরা সেই পরিব্রাজিকাকে বলল, "এই শ্রমণ তোমার উপপতি।" "না, সেই শ্রমণ আমার উপপতি নয়, তিনি একটি ভেবে দুটি পিষ্টক আমায় দিয়েছেন।" "উপপতি, উপপতি নয়" এই বলে তারা বিবাদে লিপ্ত হলো। এদিকে অন্যতর আজীবক সন্ন্যাসীও সেই পরিবেশন স্থানে উপনীত হলো। তখন অন্যতর ভিক্ষু প্রভূত ঘৃতের সাথে ভাত মর্দন করে সেই আজীবক সন্ন্যাসীকে বিশাল এক খাদ্যপিণ্ড প্রদান করলেন। অতঃপর সেই আজীবক সেই খাদ্যপিণ্ড গ্রহণ করে চলে গেল। অন্যতর আজীবক সেই আজীবককে দেখে বলল, "আবুসো, আপনি কোথা হতে এই খাদ্যপিণ্ড লাভ করেছেন?" "আবুসো, সেই মুণ্ডিত মস্তক গৃহপতি শ্রমণ গৌতমের খাদ্য-ভোজ্যাদি পরিবেশন হতে লাভ করেছি।"

তখন উপাসকেরা সেই আজীবক সন্ন্যাসীদের এহেন অন্তরঙ্গ আলাপ শুনতে পেলেন। অতঃপর সেই উপাসকেরা যেখানে ভগবান সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্ট সেই উপাসকেরা ভগবানকে বললেন, "ভন্তে, এই অন্যতীর্থিয়রা বুদ্ধের অগুণ বর্ণনাকারী, ধর্মের অগুণ বর্ণনাকারী ও সংঘের অগুণ বর্ণনাকারী। ভন্তে, ইহাই উত্তম হবে, যদি আর্যগণ অন্যতীর্থিয়দের স্বহস্তে কোনো কিছু না দেন।" অতঃপর ভগবান সেই উপাসকদের ধর্মকথায়

Visit: http://www.buddhistdownload.com

আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত করলেন। তখন সেই উপাসকেরা ভগবানকর্তৃক ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত হয়ে আসন হতে উঠে ভগবানকে অভিবাদনপূর্বক প্রদক্ষিণ করে চলে গেলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, তাহলে হে ভিক্ষুগণ, ভিক্ষুদের জন্যে শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করব—যা দশবিধ অর্থবেশে সংঘের সুষ্ঠুতা, ... বিনয়কে অনুগ্রহের জন্য একান্ত হিতকর। সুতরাং হে ভিক্ষুগণ, আমি ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৭০. "যো পন ভিক্খু অচেলকস্স বা পরিব্বাজকস্স বা পরিব্বাজিকায বা সহত্থা খাদনীযং বা ভোজনীযং বা দদেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অচেলক তথা উলঙ্গ সন্ন্যাসীকে বা পরিব্রাজককে অথবা পরিব্রাজিকাকে স্বহস্তে খাদ্য-ভোজ্যাদি প্রদান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৭১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অচেলকো" অর্থে যেকোনো নগ্ন পরিব্রাজক বা উলঙ্গ সন্ন্যাসীই অভিপ্রেত।

"পরিব্বাজকো" অর্থে ভিক্ষু ও শ্রামণের ব্যতীত যেকোনো পরিব্রাজকই অভিপ্রেত।

"পরিব্বাজিকা" অর্থে ভিক্ষুণী ও শ্রামণেরী ব্যতীত যেকোনো পরিব্রাজিকাই অভিপ্রেত।

"খাদনীযং" অর্থে পঞ্চবিধ ভোজন, জল ও দন্তকাষ্ঠ ব্যতীত অবশিষ্ট সবই খাদ্য বুঝায়।

"ভোজনীযং" অর্থে ভাত, মিষ্টান্ন (কুম্মাসো) আটা বা ময়দায় তৈরি রুটি—ইত্যাদি নানা জাতীয় বিস্কিট (সত্তু), মাছ এবং মাংস—এই পঞ্চবিধ ভোজনই বুঝায়।

"দদেয্য" বলতে কায় দ্বারা বা কায় প্রতিবদ্ধ (সংলগ্ন) কোনো বস্তু দ্বারা অথবা নিক্ষেপন দ্বারা প্রদান করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

২৭২. তীর্থিয়ে তীর্থিয় ধারণায় স্বহস্তে খাদ্য-ভোজ্যাদি প্রদানে পাচিত্তিয় অপরাধ হয়। তীর্থিয়ে 'তীর্থিয় কি না' সন্দেহবশত স্বহস্তে খাদ্য-ভোজ্যাদি

Visit: http://www.buddhistdownload.com

প্রদানে পাচিত্তিয় অপরাধ হয়। তীর্থিয়ে অতীর্থিয় ধারণায় স্বহস্তে খাদ্য-ভোজ্যাদি প্রদানে পাচিত্তিয় অপরাধ হয়। জল ও দন্তকাষ্ঠ প্রদানে দুক্কট অপরাধ হয়। অতীর্থিয়ে 'তীর্থিয় কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অতীর্থিয়ে অতীর্থিয় ধারণায় কোনো অপরাধ হয় না।

২৭৩. **অনাপত্তি :** অপরের দ্বারা দেয়ালে, না দিলে, একটি পাত্রে স্তুপাকার করে দিলে, তৈলাদি বাহির লেপন দিলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অচেলক প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

২. উয্যোজন সিক্খাপদং

(কুঅভিপ্রায়ে ফেরত পাঠানো সম্পর্কীয় শিক্ষাপদ)

২৭৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ ভ্রাতার সহবিহারী ভিক্ষুকে বললেন, "আবুসো, এসো আমরা পিণ্ডচারণার্থে গ্রামে প্রবেশ করি।" অথচ তাকে পিণ্ড না দেওয়ায়ে এই বলে ফেরত পাঠালেন : "আবুসো, যাও তোমার সাথে আমার কথা বলা বা বসা মোটেই নিরাপদ নয়; আমার একাকীই থাকা বা বসা নিরাপদ।" অতঃপর সেই ভিক্ষু প্রায় মধ্যাহ্ন ভোজের সময় হয়েছে দেখে পিণ্ডচারণ করতেও সমর্থ হয়নি এবং প্রত্যাবর্তন করে খাদ্য-ভোজ্যাদি পরিবেশনে শামিলও হতে পারেনি। অতএব সেই ভিক্ষু অনাহারে দুর্বল হয়ে পড়ল। অতঃপর সেই ভিক্ষু আরামে (বিহারে) গমনপূর্বক ভিক্ষুদের নিকট সমস্ত ঘটনা সবিস্তারে প্রকাশ করল। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ অন্য ভিক্ষুকে 'আবুসো, এসো আমরা পিণ্ডচারণার্থে গ্রামে প্রবেশ করব' এভাবে বলে তাকে পিণ্ড না দেওয়ায়ে ফেরত পাঠিয়ে দিবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে জিজ্ঞাসা করলেন, হে উপনন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি অন্য ভিক্ষুকে "আবুসো, এসো আমরা পিণ্ডচারণার্থে গ্রামে প্রবেশ করব" এভাবে বলে তাকে পিণ্ড না দেওয়ায়ে ফেরত পাঠিয়েছিলে? "হ্যাঁ

Visit: http://www.buddhistdownload.com

ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি অন্য ভিক্ষুকে 'আবুসো, এসো আমরা পিণ্ডচারণার্থে গ্রামে প্রবেশ করব' এভাবে বলে তাকে পিণ্ড না দেওয়ায়ে ফেরত পাঠিয়ে দিবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৭৫. "যো পন ভিক্খু ভিক্খুং 'এহাবুসো গামং বা নিগমং বা পিণ্ডায পবিসিস্সামা'তি তস্স দাপেত্বা বা অদাপেত্বা বা উয্যোজেয্য—'গচ্ছাবুসো ন মে তযা সদ্ধিং কথা বা নিসজ্জা বা ফাসু হোতী'তি এতদেব পচ্চযং করিত্বা অনঞ্ঞং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যদি অন্য ভিক্ষুকে "আবুসো, এসো আমরা পিণ্ডচারণার্থে গ্রামে বা নিগমে (উপনগরে) প্রবেশ করব" এভাবে বলে তাকে পিণ্ড দেওয়ায়ে বা না দেওয়ায়ে এই বলে ফেরত পাঠায়ে দিলে : "আবুসো, যাও তোমার সাথে আমার কথা বলা বা বসা মোটেই নিরাপদ নয়; আমার একাকীই থাকা বা বসা নিরাপদ"—এতদ্ব্যতীত অন্য কোনো কারণ না থাকলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৭৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুং" বলতে অন্য ভিক্ষুকে।

"এহাবুসো গামং বা নিগমং বা" বলতে এখানে গ্রাম, নিগম (উপনগর) এবং নগর—এই তিনটিকেই গ্রাম বা নিগম বলা হয়েছে।

"তস্স দাপেত্বা" বলতে তাকে যাগু, ভাত, খাদ্য-ভোজ্যাদি দেওয়ায়ে।

"অদাপেত্বা" বলতে কিছুই না দেওয়ায়ে।

"উয্যোজেয্য" বলতে মনুষ্যস্ত্রীর সাথে হাস্য, ক্রীড়া বা নির্জন উপবেশনের ইচ্ছায় বা অনাচার আচরণের ইচ্ছায় এরূপ বলা : "আবুসো, যাও তোমার সাথে আমার কথা বলা বা বসা মোটেই নিরাপদ নয়; আমার একাকীই থাকা বা বসা বেশ নিরাপদ" এভাবে বলে ফেরত পাঠালে দুক্কট অপরাধ হয়। দর্শনসীমা বা শ্রবণসীমা অতিক্রমকালেও দুক্কট অপরাধ হয়। অতিক্রম শেষে পাচিত্তিয় অপরাধ হয়।

"এতদেব পচ্চযং করিত্বা অনঞ্ঞং" বলতে ফেরত পাঠানোর জন্যে অন্য কোনো কারণ না থাকা।

Visit: http://www.buddhistdownload.com

২৭৭. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় ফেরত পাঠালে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত ফেরত পাঠালে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় ফেরত পাঠালে, পাচিত্তিয় অপরাধ হয়।

সেই ভিক্ষুকে অযথা দোষী সাব্যস্ত করলে দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে ফেরত পাঠালে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

২৭৮. **অনাপত্তি :** 'একত্রে উভয়ের খাদ্য পরিমাণ মতো হবে না' এই ভেবে ফেরত পাঠালে, 'মহার্ঘ (মহামূল্যবান) দ্রব্য দেখে লোভ উৎপন্ন হবে' এই ভেবে ফেরত পাঠালে, 'মনুষ্যস্ত্রীকে দেখে আসক্তি উৎপন্ন হবে' এই ভেবে ফেরত পাঠালে, 'রোগীর উদ্দেশে অথবা বিহার রক্ষণাবেক্ষণকারীর উদ্দেশে যাগু, ভাত, খাদ্য-ভোজ্যাদি নিয়ে যাও' এই বলে ফেরত পাঠালে, অনাচার আচরণের অনিচ্ছায় বিশেষ প্রয়োজনে ফেরত পাঠালে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[উয্যোজন দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. সভোজন সিক্খাপদং

(অবীতরাগী স্ত্রী-পুরুষ সম্পর্কীয় শিক্ষাপদ)

২৭৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ এক সহায়কের গৃহে গিয়ে তার স্ত্রীর সাথে শয়নকক্ষে উপবেশন করলেন। অতঃপর সেই লোকটি যেখানে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ সেখানে উপস্থিত হলো; উপস্থিত হয়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করল। একান্তে উপবিষ্ট সেই লোকটি তার স্ত্রীকে বলল : "আর্যকে আহার দাও।" অতঃপর সেই স্ত্রী শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে আহার দিল। তখন সেই লোকটি শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বলল, "ভন্তে, এবার গমন করুন; যেহেতু আর্যকে আহার দেওয়া হয়েছে।" অতঃপর সেই স্ত্রী "এই লোকটি দেখছি কাণ্ডজ্ঞানহীন!" এই বলে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বলল, "ভন্তে, আপনি বসুন; এখন গমন করবেন না।" দ্বিতীয়বার এবং তৃতীয়বার সেই লোকটি শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বলল, "ভন্তে, এবার আপনি গমন

Visit: http://www.buddhistdownload.com

করুন; যেহেতু আর্যকে আহার দেওয়া হয়েছে।" দ্বিতীয় এবং তৃতীয়বারেও সেই স্ত্রী শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বলল, "ভন্তে, আপনি বসুন, এখন গমন করবেন না।"

অতঃপর সেই লোকটি তথা হতে বের হয়ে ভিক্ষুদের নিকট অভিযোগ করল, "ভন্তে, এই আর্য উপনন্দ আমার স্ত্রীর সাথে শয়নকক্ষে উপবিষ্ট হয়েছেন। আমার দ্বারা বার বার যেতে বলা হলেও তিনি যেতে চান না; অথচ আমার বহুকৃত্য ও বহুকরণীয়!" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ অবীতরাগী স্ত্রী-পুরুষ অনির্গত বাড়িতে অনুপ্রবেশ করে উপবেশন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে জিজ্ঞাসা করলেন, হে উপনন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি অবীতরাগী স্ত্রী-পুরুষ অনির্গত বাড়িতে অনুপ্রবেশ করে উপবেশন করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি অবীতরাগী স্ত্রী-পুরুষ অনির্গত বাড়িতে অনুপ্রবেশ করে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৮০. "যো পন ভিক্খু সভোজনে কুলে অনুপখজ্জ নিসজ্জং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অবীতরাগী স্ত্রী-পুরুষ অনির্গত বাড়িতে অনুপ্রবেশ করে উপবেশন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৮১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সভোজনং কুলং" অর্থে স্ত্রী-পুরুষ উভয়েই বাড়ি হতে অনির্গত হওয়া এবং উভয়েই অবীতরাগী হওয়া।

"অনুপখজ্জ" বলতে অনুপ্রবেশপূর্বক।

"নিসজ্জং কপ্পেয্য" বলতে যেই ঘরে স্ত্রী-পুরুষ কামসম্ভোগ করে, সেই ঘর হতে স্ত্রী-পুরুষ উভয়েই বের না হতেই চৌকাটের হস্তপাশ অতিক্রম করে

Visit: http://www.buddhistdownload.com

(ভিতরে) বসলে, পাচিত্তিয় অপরাধ হয়। আর ক্ষুদ্রঘর হলে ঘরের মধ্যভাগ অতিক্রম করে বসলে, পাচিত্তিয় অপরাধ হয়।

২৮২. শয়নঘরকে শয়নঘর ধারণায় অবীতরাগী স্ত্রী-পুরুষ অনির্গত বাড়িতে অনুপ্রবেশ করে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। শয়নঘরকে 'শয়নঘর কি না' সন্দেহবশত অবীতরাগী স্ত্রী-পুরুষ অনির্গত বাড়িতে অনুপ্রবেশ করে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। শয়নঘরকে অশয়নঘর ধারণায় অবীতরাগী স্ত্রী-পুরুষ অনির্গত বাড়িতে অনুপ্রবেশ করে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অশয়নঘরকে শয়নঘর ধারণায় দুক্কট অপরাধ হয়। অশয়নঘরকে 'অশয়নঘর কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অশয়নঘরকে অশয়নঘর ধারণায় কোনো অপরাধ হয় না।

২৮৩. **অনাপত্তি :** বৃহৎঘরে চৌকাটের হস্তপাশ অতিক্রম না করে বসলে, ক্ষুদ্রঘরের মধ্যভাগ অতিক্রম না করে বসলে, একজন সঙ্গী ভিক্ষু থাকলে, স্ত্রী-পুরুষ উভয়েই বের হয়ে গেলে, শয়নঘর না হলে, উভয়েই বীতরাগ হলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সভোজন তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৪. রহোপটিচ্ছন্ন সিক্খাপদং

(নির্জন প্রতিচ্ছন্ন সম্পর্কীয় শিক্ষাপদ)

২৮৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ এক সহায়কের ঘরে গিয়ে তার স্ত্রীর সাথে নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করলেন। এতে সেই লোকটি এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আর্য উপনন্দ আমার স্ত্রীর সাথে নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করবেন?" ভিক্ষুগণ সেই লোকটির এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে জিজ্ঞাসা করলেন, হে উপনন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৮৫. "যো পন ভিক্খু মাতুগামেন সদ্ধিং রহো পটিচ্ছন্নে আসনে নিসজ্জং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৮৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"মাতুগামো" অর্থে এখানে মনুষ্যস্ত্রীকেই বুঝানো হয়েছে যক্ষিনী, প্রেত্নী, তির্যকজাতীয়া স্ত্রী নয়। এমনকি অদ্য দিবসে জাত মেয়ে শিশু পর্যন্ত তার চেয়ে বড় হলে তো কথাই নেই।

"সদ্ধিং" বলতে একত্রে বা একই সাথে।

"রহো" অর্থে চোখে দৃষ্ট হয় না এমন নির্জন স্থান অর্থাৎ চক্ষু অবারিত করলে বা চোখের ভ্রু অথবা মস্তক উৎক্ষেপন করলেও দর্শনে সক্ষম না হওয়া। কর্ণ দ্বারা শ্রুত হয় না এমন নির্জন স্থান অর্থাৎ আলোচনার প্রকৃত বিষয়বস্তু শুনতে বা বুঝতে সক্ষম না হওয়া।

"পটিচ্ছন্নং আসনং" অর্থে গাছের ডালপালায়, দরজার কবাটে, তৃণনির্মিত পর্দায়, মোটা কাপড়ের দেয়ালে, বৃক্ষ, স্তম্ব বা বাইরে ঝুলানো কোনো বস্তু দ্বারা প্রতিচ্ছন্ন বা আচ্ছাদিত হওয়া।

"নিসজ্জং কপ্পেয্য" বলতে মনুষ্যস্ত্রী উপবিষ্টা অবস্থায় ভিক্ষু পাশে বসলে বা শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু উপবিষ্ট অবস্থায় মনুষ্যস্ত্রী পাশে বসলে বা শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু ও মনুষ্যস্ত্রী উভয়েই উপবিষ্ট অথবা উভয়েই শায়িত হলেও পাচিত্তিয় অপরাধ হয়।

২৮৭. মনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণায় নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত

Visit: http://www.buddhistdownload.com

নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় নির্জন প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

যক্ষিনী, প্রেত্নী, পণ্ডক অথবা তির্যকজাতীয়া স্ত্রীর সাথে নির্জনে প্রতিচ্ছন্ন আসনে উপবেশন করলে, দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণায় দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় কোনো অপরাধ হয় না।

২৮৮. **অনাপত্তি :** যেকোনো বিজ্ঞ পুরুষ সঙ্গী হিসেবে থাকলে, না বসে শুধু মাত্র দাঁড়ালে, অনাসক্ত চিত্তে উপবেশন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[রহোপটিচ্ছন্ন চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫. রহোনিসজ্জ সিক্খাপদং

(নির্জন উপবেশন সম্পর্কীয় শিক্ষাপদ)

২৮৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ একাকী এক সহায়কের ঘরে গিয়ে তার একাকিনী স্ত্রীর সাথে নির্জনে উপবেশন করলেন। ইহা দেখে সেই লোকটি এই বলে নিন্দা, আন্দোলন, এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আর্য উপনন্দ একাকী আমার স্ত্রীর সাথে নির্জনে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই লোকটির এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ একাকী অন্য একাকিনী মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে উপবেশন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে নানাভাবে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে জিজ্ঞাসা করলেন, হে উপনন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি একাকী অন্য একাকিনী মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে উপবেশন করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি একাকী অন্য একাকিনী মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে উপবেশন করবে। এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা

Visit: http://www.buddhistdownload.com

উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৯০. "যো পন ভিক্খু মাতুগামেন সদ্ধিং একো একায রহো নিসজ্জং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু একাকী অন্য একাকিনী মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে উপবেশন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

২৯১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"মাতুগামো" অর্থে সুভাষিত-দুর্ভাষিত ও হিতকর-অহিতকর বাক্যাদি জানতে বুঝতে সমর্থ এমন বিজ্ঞ মনুষ্যস্ত্রীই অভিপ্রেত; যক্ষিনী, প্রেত্নী, তির্যকজাতীয়া স্ত্রী নয়।

"সদ্ধিং" বলতে একত্রে বা একই সাথে।

"একো একায" বলতে ভিক্ষুও একাকী এবং মনুষ্যস্ত্রীও একাকিনী হওয়া।

"রহো" অর্থে চোখে দৃষ্ট হয় না এমন নির্জন স্থান অর্থাৎ চক্ষু অবারিত করলে বা চোখের ভ্রু অথবা মস্তক উৎক্ষেপন করলেও দর্শনে সক্ষম না হওয়া। কর্ণ দ্বারা শ্রুত হয় না এমন নির্জন স্থান অর্থাৎ আলোচনার প্রকৃত বিষয়বস্তু শুনতে বা বুঝতে সক্ষম না হওয়া।

"নিসজ্জং কপ্পেয্য" বলতে মনুষ্যস্ত্রী উপবিষ্টা অবস্থায় ভিক্ষু পাশে বসলে বা শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু উপবিষ্ট অবস্থায় মনুষ্যস্ত্রী পাশে বসলে বা শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু ও মনুষ্যস্ত্রী উভয়েই উপবিষ্ট বা শায়িত হলেও পাচিত্তিয় অপরাধ হয়।

২৯২. মনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণায় একাকী নির্জনে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত একাকী নির্জনে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় একাকী নির্জনে উপবেশন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

একাকিনী কোন যক্ষিনী, প্রেত্নী, পণ্ডক অথবা তির্যকজাতীয়া স্ত্রীর সাথে একাকী নির্জনে উপবেশন করলে, দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণায় দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় কোনো অপরাধ হয় না।

২৯৩. **অনাপত্তি :** যেকোনো বিজ্ঞ পুরুষ সঙ্গী হিসেবে থাকলে, না বসে শুধুমাত্র দাঁড়ালে, অনাসক্ত চিত্তে উপবেশন করলে, কোনো অপরাধ হয় না এবং

Visit: http://www.buddhistdownload.com

উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[রহোনিসজ্জ পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬. চারিত্ত সিক্খাপদং

(অনিমন্ত্রিত কুলে প্রবেশ সম্পর্কীয় শিক্ষাপদ)

২৯৪. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দক নিবাপে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দের উপস্থাপক কুল (দায়ক) শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে ভোজনের নিমিত্ত নিমন্ত্রণ করল এবং একই সাথে অন্যান্য ভিক্ষুদেরও নিমন্ত্রণ করল। সে সময় শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ ভোজনের পূর্বে নিকট আত্মীয় স্বজনদের সাথে দেখা-সাক্ষাৎ করছিলেন। অতঃপর সেই ভিক্ষুগণ সেই লোকদের এরূপ বললেন, "আবুসো, ভোজন প্রদান কর।" "ভন্তে, যাবৎ আর্য উপনন্দ না আসেন, তাবৎ একটু অপেক্ষা করুন।" দ্বিতীয়বার এবং তৃতীয়বার সেই ভিক্ষুগণ সেই লোকদের এভাবে বললেন, "আবুসো, আহার প্রদান কর। না হয় কিছুক্ষণ পরেই তো ভোজনের সময় চলে যাবে।" "ভন্তে, আমরা যেই ভোজন প্রস্তুত করেছি তা একমাত্র আর্য উপনন্দের কারণেই। সুতরাং ভন্তে, যাবৎ আর্য উপনন্দ না আসেন, তাবৎ একটু অপেক্ষা করুন।"

অনন্তর শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ ভোজনের পূর্বে নিকট আত্মীয় স্বজনদের সাথে দেখা-সাক্ষাৎ করার পর দিবা ভাগে এসে উপস্থিত হলেন। অতএব ভিক্ষুগণ কিছুতেই ভোজন করলেন না। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়ে ভোজনের পূর্বেই অন্য কুলসমূহে প্রবেশ করবে?" অতঃপর সেই ভিক্ষুগণ শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে জিজ্ঞাসা করলেন, হে উপনন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়ে ভোজনের পূর্বেই অন্য কুলসমূহে প্রবেশ করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়ে ভোজনের পূর্বেই অন্য কুলসমূহে প্রবেশ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ

Visit: http://www.buddhistdownload.com

উদ্দেস করছি :

"যো পন ভিক্খু নিমন্তিতো সভত্তো সমানো পুরেভত্তং কুলেসু চারিত্তং আপজ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়ে ভোজনের পূর্বেই (অনিমন্ত্রিত) কুলসমূহে প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২৯৫. সে সময়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দের উপস্থাপক কুল এই বলে সংঘের উদ্দেশে খাদ্য পাঠাল : "আর্য উপনন্দকে দেখিয়ে সংঘকে দান করবে।" তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ গ্রামে পিণ্ডচারণার্থে প্রবিষ্ট হলেন। অতঃপর সেই লোকেরা বিহারে গিয়ে ভিক্ষুদের জিজ্ঞাসা করল, "ভন্তে, আর্য উপনন্দ কোথায়?" "আবুসো, শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ গ্রামে পিণ্ডচারণার্থে প্রবিষ্ট হয়েছেন।" "ভন্তে, এই খাদ্য আর্য উপনন্দকে দেখায়ে সংঘকে দান করা হবে।" ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "তাহলে হে ভিক্ষুগণ, সেই খাদ্য গ্রহণপূর্বক উপনন্দ না আসা অবধি রেখে দাও।"

অতঃপর শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ 'ভগবানকর্তৃক ভোজনের পূর্বে (অনিমন্ত্রিত) কুলসমূহে প্রবেশ করা নিষিদ্ধ হয়েছে' এই ভেবে ভোজনের পর অন্যান্য কুলসমূহের সাথে দেখা-সাক্ষাৎ করার পর দিবাভাগে প্রত্যাবর্তন করলেন। কিন্তু ততক্ষণে সেই খাদ্য ভোজনের অনুপযুক্ত হলো। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ ভোজনের পর (অনিমন্ত্রিত) কুলসমূহে প্রবেশ করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে জিজ্ঞাসা করলেন, হে উপনন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি ভোজনের পর (অনিমন্ত্রিত) কুলসমূহে প্রবেশ করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু ভোজনের পর (অনিমন্ত্রিত) কুলসমূহে প্রবেশ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

"যো পন ভিক্খু নিমন্তিতো সভত্তো সমানো পুরেভত্তং বা পচ্ছাভত্তং বা কুলেসু চারিত্তং আপজ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়ে ভোজনের পূর্বে বা পরে (অনিমন্ত্রিত) কুলসমূহে প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২৯৬. সে সময়ে ভিক্ষুগণ চীবরদানের সময় সন্দেহপ্রবণ হয়ে কুলসমূহের সাথে দেখা-সাক্ষাৎাদি না করতে লাগলেন। সুতরাং ঈষৎ পরিমাণ চীবর উৎপন্ন হতে লাগল। ভিক্ষুগণ এ কথা ভগবানকে জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, চীবরদানের সময় কুলসমূহের দেখা-সাক্ষাৎাদি করবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু নিমন্তিতো সভত্তো সমানো পুরেভত্তং বা পচ্ছাভত্তং বা কুলেসু চারিত্তং আপজ্জেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো চীবরদান সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু উপযুক্ত সময় ব্যতীত ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়ে ভোজনের পূর্বে বা পরে (অনিমন্ত্রিত) কুলসমূহে প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : চীবরদানের সময়, ইহাই উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২৯৭. সে সময়ে ভিক্ষুগণ চীবর তৈরি করার সময় সূঁচ, সুতা ও ছোট ছুড়িকার প্রয়োজন হলে, সন্দেহপ্রবণ হয়ে কুলসমূহের সাথে দেখা-সাক্ষাৎাদি না করতে লাগলেন। ভিক্ষুগণ এ কথা ভগবানকে জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, চীবর তৈরি করার সময় কুলসমূহের সাথে দেখা-সাক্ষাৎাদি করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু নিমন্তিতো সভত্তো সমানো পুরেভত্তং বা পচ্ছাভত্তং বা কুলেসু চারিত্তং আপজ্জেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। চীবরদান সমযো চীবরকার সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়ে ভোজনের পূর্বে বা পরে (অনিমন্ত্রিত) কুলসমূহে উপযুক্ত সময় ব্যতীত প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : চীবরদানের সময়, চীবর

Visit: http://www.buddhistdownload.com

তৈরির সময়, ইহাই উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

২৯৮. সে সময়ে ভিক্ষুগণ অসুস্থ হয়ে পড়লে, ভৈষজ্যের প্রয়োজন হচ্ছিল। ভিক্ষুগণ সন্দেহপ্রবণ হয়ে কুলসমূহের সাথে দেখা-সাক্ষাৎাদি না করতে লাগলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, পার্শ্ববর্তী কোনো ভিক্ষুকে জানিয়ে কুলসমূহের সাথে দেখা-সাক্ষাৎাদি করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

২৯৯. "যো পন ভিক্খু নিমন্তিতো সভত্তো সমানো সন্তং ভিক্খুং অনাপুচ্ছা পুরেভত্তং বা পচ্ছাভত্তং বা কুলেসু চারিত্তং আপজ্জেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো চীবরদান সমযো চীবরকার সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু পঞ্চবিধ ভোজ্যের যেকোনো একটি দ্বারা নিমন্ত্রিত হয়ে পার্শ্ববর্তী (উপস্থিত) ভিক্ষুকে না জানিয়ে (বিনা অনুমতিতে) ভোজনের পূর্বে বা পরে (চতুর্বিধ) অনিমন্ত্রিত কুলে উপযুক্ত সময় ব্যতীত প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : চীবরদানের সময়, চীবর তৈরির সময়, ইহাই উপযুক্ত সময়।

৩০০. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"নিমন্তিতো" অর্থে পঞ্চবিধ ভোজ্যের যেকোনো একটি দ্বারা নিমন্ত্রিত হওয়া।

"সভত্তো" অর্থে যেই ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়েছেন, তা-ই সভত্তো বুঝানো হয়েছে।

"সন্তং" অর্থে পার্শ্ববর্তী উপস্থিত ভিক্ষুকে জানিয়ে (অনুমতি নিয়ে) প্রবেশ করতে সমর্থ হওয়া।

"অসন্তং" অর্থে পার্শ্ববর্তী উপস্থিত ভিক্ষুকে জানিয়ে (অনুমতি নিয়ে) প্রবেশ করতে সমর্থ না হওয়া।

"পুরেভত্তং" অর্থে যেই ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়েছেন, তা ভোজনের পূর্বে বা অভুক্ত অবস্থায়।

"পচ্চাভত্তং" অর্থে যেই ভোজ্যের দ্বারা নিমন্ত্রিত হয়েছেন, সেই ভোজন

Visit: http://www.buddhistdownload.com

বিন্দুমাত্রও ভুক্ত হওয়া।

"কুলং" অর্থে ক্ষত্রিয়কুল, ব্রাহ্মণকুল, বৈশ্যকুল এবং শূদ্রকুল—এই চতুর্বিধ কুলই অভিপ্রেত।

"কুলেসু চারিত্তং আপজ্জেয্য" বলতে অন্যের গৃহসীমা অতিক্রম করলে, দুক্কট অপরাধ হয়। প্রথম পাদে দ্বার (উম্মার) অতিক্রম করলেও দুক্কট অপরাধ হয়। দ্বিতীয় পদবিক্ষেপে পাচিত্তিয় অপরাধ হয়।

"অঞ্ঞত্র সমযা" বলতে উপযুক্ত সময় ব্যতীত।

"চীবরদান সমযো" অর্থে কঠিন চীবর অলাভী ভিক্ষুর পক্ষে বর্ষাঋতুর শেষ একমাস এবং কঠিন চীবরলাভী ভিক্ষুর পক্ষে উক্ত শেষ একমাস হতে পরবর্তী পাঁচ মাস পর্যন্ত চীবরদান সময় বুঝায়।

"চীবরকার সমযো" অর্থে চীবর তৈরি করার সময় বুঝায়।

৩০১. নিমন্ত্রিতে নিমন্ত্রিত ধারণায় পার্শ্ববর্তী উপস্থিত ভিক্ষুকে না জানিয়ে ভোজনের পূর্বে বা পরে চতুর্বিধ অনিমন্ত্রিত কুলে উপযুক্ত সময় ব্যতীত প্রবেশ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিমন্ত্রিতে 'অনিমন্ত্রিত কি না' সন্দেহবশত পার্শ্ববর্তী উপস্থিত ভিক্ষুকে না জানিয়ে ভোজনে পূর্বে বা পরে চতুর্বিধ অনিমন্ত্রিত কুলে উপযুক্ত সময় ব্যতীত প্রবেশ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিমন্ত্রিতে অনিমন্ত্রিত ধারণায় পার্শ্ববর্তী উপস্থিত ভিক্ষুকে না জানিয়ে ভোজনের পূর্বে বা পরে চতুর্বিধ অনিমন্ত্রিত কুলে উপযুক্ত সময় ব্যতীত প্রবেশ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনিমন্ত্রিতে নিমন্ত্রিত ধারণায় দুক্কট অপরাধ হয়। অনিমন্ত্রিতে 'নিমন্ত্রিত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনিমন্ত্রিতে অনিমন্ত্রিত ধারণায় কোনো অপরাধ হয় না।

৩০২. **অনাপত্তি :** উপযুক্ত সময়ে, পার্শ্ববর্তী উপস্থিত ভিক্ষুকে জানিয়ে প্রবেশ করলে, পার্শবর্তী উপস্থিত ভিক্ষু না থাকায় না জানিয়ে প্রবেশ করলে, অন্যের গৃহ দিয়ে রাস্তা হলে, গৃহসীমা দিয়ে রাস্তা হলে, কোনো গ্রাম্য বিহারে গেলে, ভিক্ষুণী আবাসে গেলে, তীর্থিয় আশ্রমে গেলে, প্রত্যাবর্তন করলে, নিমন্ত্রিত গৃহে গেলে কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চারিত্ত ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৭. মহানাম সিক্খাপদং

(ভৈষজ্য নিমন্ত্রণ গ্রহণ সম্পর্কীয় শিক্ষাপদ)

৩০৩. সে সময়ে বুদ্ধ ভগবান শাক্যরাজ্যের কপিলাবস্তুতে নিগ্রোধারামে অবস্থান করছিলেন। তখন মহানাম শাক্যের ভৈষজ্য আধিক্য হলো। অতঃপর

Visit: http://www.buddhistdownload.com

মহানাম শাক্য যেখানে ভগবান সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্ট মহানাম শাক্য ভগবানকে বললেন, "ভন্তে, আমি সংঘকে চারিমাস অবধি ভৈষজ্য দ্বারা সন্তুষ্ট করতে ইচ্ছা পোষণ করছি।" "সাধু, সাধু, মহানাম, তাহলে তুমি সংঘকে চারিমাস অবধি ভৈষজ্য দ্বারা সন্তুষ্ট কর।" এদিকে ভিক্ষুগণ সন্দেহপ্রবণ হয়ে গ্রহণ না করতে লাগলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, চারি মাস অবধি ভৈষজ্য প্রত্যয় নিমন্ত্রণ (ফাং) গ্রহণ করবে।

৩০৪. সে সময়ে ভিক্ষুগণ মহানাম শাক্যের নিকট ঈষৎ পরিমাণ ভৈষজ্য যাচঞা করছিলেন। সুতরাং ঠিক সেভাবেই মহানাম শাক্যের ভৈষজ্য স্তুপীকৃত হতে লাগল। দ্বিতীয়বার মহানাম শাক্য যেখানে ভগবান সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। একন্তে উপবিষ্ট মহানাম শাক্য ভগবানকে বললেন, "ভন্তে, আমি সংঘকে আরও চারিমাস অবধি ভৈষজ্য দ্বারা সন্তুষ্ট করতে ইচ্ছা পোষণ করছি।" "সাধু, সাধু, মহানাম, তাহলে তুমি সংঘকে আরও চারিমাস অবধি ভৈষজ্য দ্বারা সন্তুষ্ট কর।" এদিকে ভিক্ষুগণ সন্দেহপ্রবণ হয়ে গ্রহণ না করতে লাগলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, পুনঃ নিমন্ত্রণও গ্রহণ করবে।

৩০৫. সে সময়ে ভিক্ষুগণ মহানাম শাক্যের নিকট ঈষৎ পরিমাণ ভৈষজ্য যাচঞা করছিলেন। সুতরাং ঠিক সেভাবেই মহানাম শাক্যের ভৈষজ্য স্তুপীকৃত হতে লাগল। তৃতীয়বার মহানাম শাক্য যথায় ভগবান তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্ট মহানাম শাক্য ভগবানকে বললেন, "ভন্তে, আমি সংঘকে আজীবন ভৈষজ্য দ্বারা সন্তুষ্ট করতে ইচ্ছা পোষণ করছি।" "সাধু, সাধু, মহানাম, তাহলে তুমি সংঘকে আজীবন ভৈষজ্য দ্বারা সন্তুষ্ট কর।" এদিকে ভিক্ষুগণ সন্দেহপ্রবণ হয়ে গ্রহণ না করতে লাগলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, নিত্য নিমন্ত্রণও গ্রহণ করবে।

যে সময়ে ষড়বর্গীয় ভিক্ষুগণ উত্তমভাবে চীবর অপরিহিত ও অপারূপিত হলেন। তখন মহানাম শাক্য বললেন, "ভন্তে, আপনারা কেন উত্তমভাবে চীবর

Visit: http://www.buddhistdownload.com

অপরিহিত ও অপারূপিত হয়েছেন? প্রব্রজ্জিতকর্তৃক উত্তমভাবে চীবর পরিহিত ও পারূপিত হওয়া উচিত নয় কি?" মহানাম শাক্য এরূপ বলায় ষড়বর্গীয় ভিক্ষুগণ তার প্রতি বেশ অসন্তুষ্ট হলেন। অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণের মনে এই চিন্তা উদিত হলো : "কোন উপায় অবলম্বনে আমরা মহানাম শাক্যকে হতোদ্যম করাতে পারি?" অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণের মনে এই চিন্তা উদিত হলো : "আবুসো, সংঘ মহানাম শাক্যকর্তৃক ভৈষজ্য দ্বারা নিমন্ত্রিত। সুতরাং আবুসো, আসুন আমরা সকলে মহানাম শাক্যের নিকট ঘি যাচঞা করি।" অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণ যেখানে মহানাম শাক্য সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে মহানাম শাক্যকে বললেন, "আবুসো, আমাদের একপাত্র করে ঘি প্রয়োজন।" "ভন্তে, আগামী দিবস অব্দি অপেক্ষা করুন। লোকেরা ঘি আনতে গরুর খোঁয়ারে গেছেন। সুতরাং আপনারা আগামীকাল প্রত্যুষে এসে নিয়ে যেতে পারেন।"

দ্বিতীয়বার এবং তৃতীয়বার ষড়বর্গীয় ভিক্ষুগণ মহানাম শাক্যকে বললেন, "আবুসো, আমাদের একপাত্র করে ঘি প্রয়োজন।" "ভন্তে, আগামী দিবস অব্দি অপেক্ষা করুন। লোকেরা ঘি আনতে গরুর খোঁয়ারে গেছেন। সুতরাং আপনারা আগামীকাল প্রত্যুষে এসে নিয়ে যেতে পারেন।" "আবুসো, আপনি নিমন্ত্রণ করেও তা দিচ্ছেন; আর আপনি যদি দান দিতে একান্তই অনিচ্ছুক হন, তাহলে নিমন্ত্রণ করেছেন কেন?"

অতঃপর মহানাম শাক্য এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভদন্তগণ 'ভন্তে, আগামী দিবস অব্দি অপেক্ষা করুন' বলা হলেও অপেক্ষা করছেন না?" ভিক্ষুগণ সেই মহানাম শাক্যের এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মহানাম শাক্যকর্তৃক 'ভন্তে, আগামী দিবস অব্দি অপেক্ষা করুন' বলা হলেও অপেক্ষা করছেন না?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মহানাম শাক্যকর্তৃক 'ভন্তে, আগামী দিবস অব্দি অপেক্ষা করুন' বলা হলেও অপেক্ষা করছ না? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মহানাম

Visit: http://www.buddhistdownload.com

শাক্যকর্তৃক 'ভন্তে, আগামী দিবস অব্দি অপেক্ষা করুন' বলা হলেও অপেক্ষা করবে না? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩০৬. অগিলানেন ভিক্খুনা চতুমাসপ্পচ্চয পবারণা সাদিতব্বা অঞ্ঞত্র পুন পবারণায অঞ্ঞত্র নিচ্চ পবারণায; ততো চে উত্তরি সাদিযেয্য পচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : নিরোগী ভিক্ষু পুনঃ নিমন্ত্রণ এবং নিত্য নিমন্ত্রণ ব্যতীত চারিমাসের জন্য ভৈষজ্য প্রত্যয় নিমন্ত্রণ গ্রহণ করতে পারবে। তদতিরিক্ত নিমন্ত্রণ গ্রহণ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩০৭. "অগিলানেন ভিক্খুনা চতুমাসপ্পচ্চয পবারণা সাদিতব্বা" বলতে নিরোগী ভিক্ষুকর্তৃক চারিমাসের জন্য গিলান প্রত্যয় ভৈষজ্য (রোগীর পথ্য) নিমন্ত্রণ গ্রহণ করা কর্তব্য।

"পুনপবারণাপি সাদিতব্বা" বলতে 'যখন অসুস্থ হবো তখন যাচঞা করব' এই ভেবে পুনঃ নিমন্ত্রণও গ্রহণ করা কর্তব্য।

"নিচ্চপবারণাপি সাদিতব্বা" বলতে 'যখন অসুস্থ হবো তখন যাচঞা করব' এই ভেবে নিত্য নিমন্ত্রণও গ্রহণ করা কর্তব্য।

"ততো চে উত্তরি সাদিযেয্য" বলতে ভৈষজ্য পরিমাণ নিমন্ত্রণ আছে কিন্তু রাত্রি পরিমাণ নেই; রাত্রি পরিমাণ নিমন্ত্রণ আছে কিন্তু ভৈষজ্য পরিমাণ নেই; ভৈষজ্য ও রাত্রি পরিমাণ নিমন্ত্রণ আছে; ভৈষজ্য ও রাত্রি অপরিমাণ নিমন্ত্রণ আছে।

"ভৈষজ্য পরিমাণ" অর্থে সুনির্দিষ্ট ভৈষজ্য দ্বারা নিমন্ত্রিত হওয়া; যথা : 'অমুক অমুক ভৈষজ্য দ্বারা নিমন্ত্রণ করছি।'

"রাত্রি পরিমাণ" অর্থে সুনির্দিষ্ট রাত্রি দ্বারা নিমন্ত্রিত হওয়া; যথা : 'এত রাত্রি ভৈষজ্য দানের নিমন্ত্রণ করছি।'

"ভৈষজ্য ও রাত্রি পরিমাণ" অর্থে সুনির্দিষ্ট ভৈষজ্য ও রাত্রির পরিমাণ উল্লেখ করে নিমন্ত্রিত হওয়া; যথা : 'এত রাত্রি অমুক অমুক ভৈষজ্য দানের নিমন্ত্রণ করছি।'

"ভৈষজ্য ও রাত্রি অপরিমাণ" অর্থে সুনির্দিষ্ট ভৈষজ্য ও রাত্রির পরিমাণ উল্লেখ না করে নিমন্ত্রিত হওয়া।

৩০৮. সুনির্দিষ্ট ভৈষজ্য দ্বারা নিমন্ত্রিত হওয়া সত্ত্বেও যেই যেই ভৈষজ্য দ্বারা নিমন্ত্রিত হয়েছেন, সেই সেই ভৈষজ্য ব্যতীত অন্যান্য ভৈষজ্য যাচঞা করলে,

Visit: http://www.buddhistdownload.com

পাচিত্তিয় অপরাধ হয়। সুনির্দিষ্ট রাত্রি দ্বারা নিমন্ত্রিত হওয়া সত্ত্বেও যেই যেই রাত্রিতে নিমন্ত্রিত হয়েছেন, সেই সেই রাত্রি ব্যতীত অন্যান্য রাত্রিতে যাচঞা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সুনির্দিষ্ট ভৈষজ্য ও রাত্রির নাম উল্লেখ করে নিমন্ত্রিত হওয়া সত্ত্বেও যেই যেই ভৈষজ্য দ্বারা নিমন্ত্রিত হয়েছেন, সেই সেই ভৈষজ্য ব্যতীত অন্যান্য ভৈষজ্য এবং যেই যেই রাত্রিতে নিমন্ত্রিত হয়েছেন, সেই সেই রাত্রি ব্যতীত অন্যান্য রাত্রিতে যাচঞা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সুনির্দিষ্ট ভৈষজ্য ও রাত্রির পরিমাণ উল্লেখ না করে নিমন্ত্রিত হলে কোনো অপরাধ হয় না।

৩০৯. ভৈষজ্যের প্রয়োজন না হলেও ভৈষজ্য যাচঞা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। এই ভৈষজ্যের প্রয়োজন অথচ তা যাচঞা না করে অন্য ভৈষজ্য যাচঞা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তদতিরিক্তে তদতিরিক্ত ধারণায় ভৈষজ্য যাচঞা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তদতিরিক্তে 'তদতিরিক্ত কি না' সন্দেহবশত ভৈষজ্য যাচঞা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তদতিরিক্তে অতদতিরিক্ত ধারণায় ভৈষজ্য যাচঞা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অতদতিরিক্তে তদতিরিক্ত ধারণায় দুক্কট অপরাধ হয়। অতদতিরিক্তে 'তদতিরিক্ত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অতদতিরিক্তে অতদতিরিক্ত ধারণায় কোনো অপরাধ হয় না।

৩১০. **অনাপত্তি :** যেই যেই ভৈষজ্য দ্বারা নিমন্ত্রিত সেই সেই ভৈষজ্য যাচঞা করলে, যেই যেই রাত্রিতে নিমন্ত্রিত সেই সেই রাত্রিতে যাচঞা করলে, 'তোমার দ্বারা এই এই ভৈষজ্যে নিমন্ত্রিত হয়েছি, এখন আমাদের এই এই ভৈষজ্য প্রয়োজন' এভাবে যাচঞা করলে, 'তোমরা দ্বারা যেই যেই রাত্রিতে নিমন্ত্রিত হয়েছি, সেই সেই রাত্রিসমূহ অতিক্রান্ত হয়েছে অথচ এখন আমাদের ভৈষজ্য প্রয়োজন' এভাবে যাচঞা করলে, কোনো অপরাধ হয় না এবং জ্ঞাতিদের নিমন্ত্রণে, অপরের জন্য বললে, স্বীয় ধনে, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[মহানাম সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৮. উয্যুত্তসেনা সিক্খাপদং

(যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনা সম্পর্কীয় শিক্ষাপদ)

৩১১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন কোশলরাজ প্রসেনজিৎ তাঁর সেনাদলসহ যুদ্ধার্থে

Visit: http://www.buddhistdownload.com

গমন করলেন। ষড়বর্গীয় ভিক্ষুগণ যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনাবাহিনীকে দর্শন মানসে সেখানে গেলেন। অতঃপর কোশলরাজ প্রসেনজিৎ দূর হতে ষড়বর্গীয় ভিক্ষুগণকে আসতে দেখলেন। দেখার পর নিকটে ডাকায়ে এরূপ বললেন, "ভন্তে, আপনারা এখানে এসেছেন কেন?" "আমরা মহারাজ ও তার সেনাবাহিনীকে দর্শনেচ্ছু।" "ভন্তে, আপনারা কি আমাকে দর্শনের মধ্য দিয়ে যুদ্ধে অভিনন্দন করতে এসেছেন? কিন্তু ভন্তে, প্রব্রজ্জিতকর্তৃক এমন দৃশ্য দেখা উচিত কি?"

অতঃপর লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনাকে দর্শনার্থে আসবেন? ইহা আমাদের জন্যও তেমন লাভজনক নয় এবং ইহা আমাদের জন্য দুঃখপ্রাপ্তি বৈকি, আর আমরা তো জীবন-জীবিকাহেতু স্ত্রী-পুত্রের কারণেই সেনার সাথে এসে থাকি!" ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনাকে দর্শনার্থে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষগবর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনাকে দর্শনার্থে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কেন তোমরা যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনাকে দর্শনার্থে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তাঁর বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু উয্যুত্তং সেনং দস্সনায গচ্ছেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনাকে দর্শনার্থে গমন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৩১২. সে সময়ে জনৈক ভিক্ষুর মাতুল (মামা) সেনানিবাসে অসুস্থ হয়ে পড়লে, সেই ভিক্ষুর নিকট এই বলে সংবাদ পাঠাল যে, "সেনানিবাসে আমি অসুস্থ হয়ে পড়েছি। সুতরাং ভদন্ত আগমন করুক। আমি ভদন্তের আগমন

Visit: http://www.buddhistdownload.com

ইচ্ছা করি।" অতঃপর সেই ভিক্ষুর মনে এই চিন্তা উদিত হলো : "ভগবানকর্তৃক শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হয়েছে যে, যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনাকে দর্শনার্থে গমন করবে না। এখন আমার মাতুল সেনানিবাসে অসুস্থ হয়েছেন। এখন আমি কীভাবে সেখানে যেতে পারি?" সেই ভিক্ষু ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, তাদৃশ কোনো কারণ উপস্থিত হলে সেনানিবাসে গমন করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩১৩. "যো পন ভিক্খু উয্যুত্তং সেনং দস্সনায গচ্ছেয্য অঞ্ঞত্র তথারূপ পচ্চযা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত যুদ্ধার্থে নিষ্ক্রান্ত সেনাকে দর্শনার্থে গমন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৩১৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"উয্যুত্তা" অর্থে সেনা গ্রাম হতে নিষ্ক্রান্ত হয়ে অগ্রসর বা উদ্যমশীল হওয়া।

"সেনা" অর্থে দ্বাদশপুরুষ হস্তী, ত্রিপুরুষ ঘোড়া, চারিপুরুষ রথ ও শরধারী চারিপুরুষ পদাতিক সেনা বুঝায়[১]। এতাদৃশ সেনাকে দর্শনার্থে গমন করলে, দুক্কট অপরাধ হয়। সেখানে দাঁড়িয়ে দেখলে পাচিত্তিয় অপরাধ হয়। দর্শনসীমা অতিক্রম করে পুনঃ পুনঃ দেখলেও পাচিত্তিয় অপরাধ হয়।

"অঞ্ঞত্র তথারূপপ্পচ্চযা" বলতে তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত।

৩১৫. যুদ্ধার্থে নিষ্ক্রান্তকে যুদ্ধার্থে নিষ্ক্রান্ত ধারণায় তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত দর্শনার্থে গমন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। যুদ্ধার্থে নিষ্ক্রান্তকে 'যুদ্ধার্থে নিষ্ক্রান্ত কি না' সন্দেহবশত তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত দর্শনার্থে গমন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। যুদ্ধার্থে নিষ্ক্রান্তকে যুদ্ধার্থে অনিষ্ক্রান্ত

---

[১]. 'দ্বাদশ পুরুষ হস্তী' বলতে চারিজন আরোহণকারী এবং একেকটি পাদে দুজন করে মোট আটজন পাদরক্ষক—এভাবে দ্বাদশ পুরুষ হস্তী বুঝানো হয়েছে। 'ত্রিপুরুষ ঘোড়া' বলতে একজন আরোহণকারী এবং দুজন পাদ রক্ষক—এভাবে ত্রিপুরুষ ঘোড়া বুঝানো হয়েছে। 'চারি পুরুষ রথ' বলতে একজন সারথি, একজন যোদ্ধা এবং দুজন চাকার অক্ষদণ্ডের খিল রক্ষাকারী—এভাবে চারি পুরুষ রথ বুঝানো হয়েছে। (সম. পাসা.)

Visit: http://www.buddhistdownload.com

ধারণায় তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত দর্শনার্থে গমন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

হস্তী ইত্যাদি চতুরঙ্গের মধ্যে একেকটি দর্শনার্থে গমন করলে, দুক্কট অপরাধ হয়। সেখানে দাঁড়িয়ে দেখলে দুক্কট অপরাধ হয়। দর্শনসীমা অতিক্রম করে পুনঃ পুনঃ দেখলে, দুক্কট অপরাধ হয়। যুদ্ধার্থে অনিষ্ক্রান্তকে যুদ্ধার্থে নিষ্ক্রান্ত ধারণায় দুক্কট অপরাধ হয়। যুদ্ধার্থে অনিষ্ক্রান্তকে 'যুদ্ধার্থে নিষ্ক্রান্ত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। যুদ্ধার্থে অনিষ্ক্রন্তকে যুদ্ধার্থে অনিষ্ক্রান্ত ধারণায় কোনো অপরাধ হয় না।

৩১৬. **অনাপত্তি :** বিহারে দাঁড়িয়ে দেখলে; ভিক্ষুর স্থিত স্থানে, উপবেশনস্থানে অথবা শয়ন স্থানে আসলে, সম্মুখ পথে গমনকালে দেখলে; তাদৃশ উপযুক্ত কারণ থাকলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[উয্যুত্তসেনা অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৯. সেনাবাস সিক্খাপদং

(সেনার সাথে বাস সম্পর্কীয় শিক্ষাপদ)

৩১৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ কোনো এক কার্যোপলক্ষে সেনানিবাসে গিয়ে তিন রাত্রির অধিক সেনার সাথে বাস করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ সেনার সাথে বাস করবেন? ইহা আমাদের জন্যও তেমন লাভজনক নয় এবং ইহা আমাদের জন্য দুঃখপ্রাপ্তি বৈকি, আর আমরা তো জীবন-জীবিকাহেতু স্ত্রী-পুত্রের কারণেই সেনার সাথে বাস করছি!" ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ তিন রাত্রির অধিক সেনার সাথে বাস করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা

Visit: http://www.buddhistdownload.com

নাকি তিন রাত্রির অধিক সেনার সাথে বাস করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা তিন রাত্রির অধিক সেনার সাথে বাস করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩১৮. "সিযা চ তস্‌স ভিক্‌খুনো কোচি দেব পচ্চযো সেনং গমনায দিরত্ততিরত্তং তেন ভিক্‌খুনা সেনায বসিতব্বং। ততো চে উত্তরিং বসেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : সেনার নিকট গমনের জন্যে সেই ভিক্ষুর উপযুক্ত কারণ থাকলে, সেই ভিক্ষু দু-তিন রাত্রি অবধি সেনার সাথে বাস করতে পারবে। ততোধিক বাস করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩১৯. "সিযা চ তস্‌স ভিক্‌খুনো কোচিদেব পচ্চায সেনং গমনায" বলতে সেই ভিক্ষুর উপযুক্ত কারণ থাকা সেনার নিকট গমনের জন্যে।

"দরত্ততিরত্তং তেন ভিক্‌খুনা সেনায বসিতব্বং" বলতে সেই ভিক্ষু দু-তিন রাত্রি অবধি সেনার সাথে বাস করতে পারবে।

"ততো চে উত্তরিং বসেয্য" বলতে চতুর্থ দিবসে সূর্যাস্তে সেনার সাথে বাস করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৩২০. তিন রাত্রির অধিককে অধিক ধারণায় সেনার সাথে বাস করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন রাত্রির অধিককে 'অনধিক কি না' সন্দেহবশত সেনার সাথে বাস করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন রাত্রির অধিককে অনধিক ধারণায় সেনার সাথে বাস করলে, পাচিত্তিয় অপরাধ হয়। তিন রাত্রির অনধিককে অধিক ধারণায় দুক্কট অপরাধ হয়। তিন রাত্রির অনধিককে 'অনধিক কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। তিন রাত্রির অনধিককে অনধিক ধারণায় কোনো অপরাধ হয় না।

৩২১. **অনাপত্তি :** দু-তিন রাত্রি বাস করলে, দু-তিন রাত্রির কম বাস করলে, দু-রাত্রি বাস করার পর তৃতীয় রাত্রির অরুণোদয়ের পূর্বে বের হয়ে পুন বাস করলে, অসুস্থ হয়ে বাস করলে, রোগীর কারণে বাস করলে, সেনা বা প্রতিপক্ষ সেনা দ্বারা ধৃত হলে, বিশেষ কোনো বিপদে পড়ে বাস করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সেনাবাস নবম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

১০. উয্যোধিক সিক্খাপদং

(রণাঙ্গন সম্পর্কীয় শিক্ষাপদ)

৩২২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ দু-তিন রাত্রি সেনার সাথে অবস্থানকালে রণাঙ্গনে, সেনা গণনাস্থানে, সেনাব্যূহে এবং অনীকদর্শন স্থানে যেতে লাগলেন। জনৈক ষড়বর্গীয় ভিক্ষু রণাঙ্গনে গিয়ে তীরবিদ্ধ হলে লোকেরা সেই ভিক্ষুকে উপহাস (ঠাট্টা) করে বলল, "ভন্তে, বেশ সমুচিত যুদ্ধ হয়েছে তো? আপনার দ্বারা কতগুলো তীর লব্ধ হয়েছে?" সেই লোকদের দ্বারা এভাবে উপহাস করা হলে, সেই ভিক্ষু অত্যন্ত দুঃখিত ও অসন্তুষ্ট হলেন।

অতঃপর লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ রণাঙ্গন দর্শনার্থে আসবেন? ইহা আমাদের জন্যও তেমন লাভজনক নয় এবং ইহা আমাদের জন্য দুঃখপ্রাপ্তি বৈকি, আর আমরা তো জীবন-জীবিকাহেতু স্ত্রী-পুত্রের কারণেই সেনার সাথে এসে থাকি!" ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ রণাঙ্গন দর্শনার্থে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি রণাঙ্গন দর্শনার্থে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা রণাঙ্গন দর্শনার্থে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩২৩. "দিরত্ততিরত্তং চে ভিক্খু সেনায বসমানো উয্যোধিকং বা বলগ্গং বা সেনাব্যূহং বা অনীকদস্সনং বা গচ্ছেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সেনার সাথে দু-তিন রাত্রি অবস্থানকালে রণাঙ্গনে, সেনাগণনাস্থানে, সেনাব্যূহে অথবা অনীকদর্শনস্থানে গমন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩২৪. "দিরত্ততিরত্তং চে ভিক্খু সেনায বসমানো" বলতে কোনো ভিক্ষু

Visit: http://www.buddhistdownload.com

সেনার সাথে দু-তিন রাত্রি অবস্থানকালে বুঝানো হয়েছে।

"উয্যোদিকং" অর্থে যেখানে সংগ্রাম বা যুদ্ধ-বিগ্রহাদি দেখা যায় এমন স্থান বা রণাঙ্গন বুঝায়।

"বলগ্গং" অর্থে এতগুলো হস্তী, এতগুলো অশ্ব, এতগুলো রথ এবং এতগুলো পদাতিক সেনা এভাবে গণনা করার স্থান বুঝায়।

"সেনাব্যূহং" অর্থে এখানে হস্তীগুলো থাকুক, এখানে অশ্বগুলো থাকুক, এখানে রথগুলো থাকুক এবং এখানে পদাতিক সেনারা থাকুক—এভাবে বিন্যাস করার স্থান (সেনাব্যূহং) বুঝায়।

"অনীকং" বলতে হস্তী-অনীক, অশ্ব-অনীক, রথ-অনীক এবং পদাতিক সেনা-অনীক বুঝায়। একটি হস্তীতে চারিজন আরোহণকারী, আটজন পাদরক্ষাকারী—এই দ্বাদশ পুরুষে এক হস্তী—এভাবে তিন হস্তীতে এক হস্তী-অনীক। একটি অশ্বে একজন আরোহণকারী, দুজন পাদরক্ষাকারী—এই তিন পুরুষে এক অশ্ব—এভাবে তিন অশ্বে এক অশ্ব-অনিক। একটি রথে একজন সারথি, একজন যোদ্ধা, দুজন চাকার অক্ষদণ্ডের খিল রক্ষাকারী—এই চারিপুরুষে এক রথ—এভাবে তিন রথে এক রথ-অনীক। অস্ত্রধারী চারিজন পুরুষে এক পদাতিক সেনা—এভাবে চারি পদাতিক সেনায় এক সেনা-অনীক বুঝায়। এতাদৃশ অনীক দর্শনার্থে গমনে, দুক্কট অপরাধ হয়। সেখানে দাঁড়িয়ে দেখলে, পাচিত্তিয় অপরাধ হয়। দর্শনসীমা অতিক্রম করে পুনঃ পুনঃ দেখলেও পাচিত্তিয় অপরাধ হয়।

হস্তী-অনীক ইত্যাদি একেকটি দর্শনের জন্যে গমনে, দুক্কট অপরাধ হয়। সেখানে দাঁড়িয়ে দেখলে, পাচিত্তিয় অপরাধ হয়। দর্শনসীমা অতিক্রম করে পুনঃ পুনঃ দেখলেও দুক্কট অপরাধ হয়।

৩২৫. **অনাপত্তি :** বিহারে দাঁড়িয়ে দেখলে; ভিক্ষুর স্থিত স্থানে, উপবেশন স্থানে অথবা শয়নস্থানে এসে সংগ্রাম বা যুদ্ধ দেখলে, সম্মুখ পথে গমনকালে দেখলে, বিশেষ কোনো কারণে দেখলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[উয্যোধিক দশম শিক্ষাপদ সমাপ্ত]

[অচেলক বর্গ পঞ্চম]

তস্সুদ্দানং/ স্মারক গাথা

পিষ্টক, কথোপনন্দে, সহায়ক ত্রয়ে আর উপস্থায়কে;
মহানাম, প্রসেনজিৎ, সেনাবাস ও প্রতিবিদ্ধে দশেতে ইহা।

Visit: http://www.buddhistdownload.com

৬. সুরাপান বর্গ

১. সুরাপান সিক্খাপদং

(মদ্যপান সম্পর্কীয় শিক্ষাপদ)

৩২৬. সে সময়ে বুদ্ধ ভগবান চৈত্যগুলোতে বিচরণ করতে করতে যেখানে ভদ্দবাতিকা সেখানের উদ্দেশে যাত্রা করলেন। গোপালক, পশুপালক এবং কৃষকেরা দূর হতে পদব্রজে আগমনরত ভগবানকে দেখতে পেল। দেখার পর ভগবানকে এরূপ বলল, "ভন্তে ভগবান, অম্বতীর্থে যাবেন না। কারণ অম্বতীর্থে জটিলের আশ্রমে অত্যন্ত বিষধর ও ঋদ্ধিমান এক নাগ বাস করে। সে যেন ভগবানের কোনোরূপ ক্ষতি করতে না পারে" এভাবে বলা হলে ভগবান নীরব থাকলেন। দ্বিতীয়বার এবং তৃতীয়বার গোপালক, পশুপালক এবং কৃষকেরা পদব্রজে ভ্রমণকারী ভগবানকে বলল, "ভন্তে ভগবান, অম্বতীর্থে যাবেন না। কারণ, অম্বতীর্থে জটিলের আশ্রমে অত্যন্ত বিষধর ও ঋদ্ধিমান এক নাগ বাস করে। সে যেন ভগবানের কোনোরূপ ক্ষতি সাধন করতে না পারে" তৃতীয়বারেও ভগবান নীবর থাকলেন।

অতঃপর ভগবান অনুক্রমে বিচরণ করতে করতে যেখানে ভদ্দবাতিকা সেখানে উপস্থিত হলেন। তারপর ভগবান সেই ভদ্দবাতিকাতেই অবস্থান করতে লাগলেন। অনন্তর আয়ুষ্মান সাগত যেখানে অম্বতীর্থ জটিলের আশ্রম সেখানে উপস্থিত হলেন। উপস্থিত হয়ে আগ্নেয়গিরিতে প্রবেশপূর্বক মাদুর বিছায়ে পদ্মাসনে শরীর ঋজুভাবে রেখে সম্মুখে স্মৃতি উপস্থাপিত করে উপবেশন করলেন। অতঃপর সেই নাগ আগ্নেয়েগিরিতে প্রবিষ্ট আয়ুষ্মান সাগতকে দেখতে পেল। দেখার পর অসন্তুষ্ট হয়ে ধুমায়িত করল। আয়ুষ্মান সাগতও ধুমায়িত করলেন। অতঃপর সেই নাগ দুঃখানুভূতি সহ্য করতে না পেরে অগ্নি প্রজ্বলন করল। আয়ুষ্মান সাগতও তেজোধাতুতে (অগ্নিতে) নিবিষ্ট হয়ে অগ্নি প্রজ্বলন করলেন। অতঃপর আয়ুষ্মান সাগত সেই নাগের তেজকে (অগ্নিকে) স্বতেজে দমন করার পর যেখানে ভদ্দবাতিকা সেখানে উপস্থিত হলেন। অনন্তর ভগবান ভদ্দবাতিকাতে যথাভিরুচি অবস্থান করার পর যথায় কোসাম্বী তথায় বিচরণার্থে চলে গেলেন। এদিকে কোসাম্বীবাসী উপাসকেরা শুনতে পেল যে, "আর্য সাগত নাকি অম্বতীর্থিক নাগের সাথে যুদ্ধে অবতীর্ণ হয়েছেন।"

অনন্তর ভগবান অনুক্রমে বিচরণ করতে করতে যথায় কোসাম্বী তথায় উপস্থিত হলেন। অতঃপর কোসাম্বীবাসী উপাসকেরা ভগবানকে যথাযথ সম্মান

Visit: http://www.buddhistdownload.com

প্রদর্শনপূর্বক যেখানে আয়ুষ্মান সাগত সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে আয়ুষ্মান সাগতকে অভিবাদন করে একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্ট কোসাম্বীবাসী উপাসকেরা আয়ুষ্মান সাগতকে বললেন, "ভন্তে, আর্যগণের দুর্লভ ও মনোজ্ঞ বস্তু কী? আমরা কীই বা প্রস্তুত করব?" এরূপ বলা হলে ষড়বর্গীয় ভিক্ষুগণ কোসাম্বীবাসী উপাসকদের বললেন, "আবুসো, ভিক্ষুদের জন্যে দুর্লভ ও মনোজ্ঞ বস্তু হচ্ছে সুরাজাতীয় মদ্য। সুতরাং সম্ভব হলে তা-ই প্রস্তুত করুন।"

অনন্তর কোসাম্বীবাসী উপাসকেরা ঘরে ঘরে সুরাজাতীয় মদ্য প্রস্তুত করে আয়ুষ্মান সাগতকে পিণ্ডার্থে প্রবিষ্ট দেখে বললেন, "ভন্তে আর্য সাগত, সুরাজাতীয় মদ্যপান করুন। ভন্তে আর্য সাগত, সুরাজাতীয় মদ্য পান করুন।" অতঃপর আয়ুষ্মান সাগত ঘরে ঘরে সুরাজাতীয় মদ্য পান করে নগর হতে নিষ্ক্রমণকালে নগরদ্বারে অজ্ঞান হয়ে ভূলুণ্ঠিত হলেন।

অনন্তর ভগবান বহুসংখ্যক ভিক্ষুসহ নগর হতে নিষ্ক্রমণকালে আয়ুষ্মান সাগতকে নগরদ্বারে অজ্ঞান হয়ে ভূলুণ্ঠিত অবস্থায় দেখতে পেলেন। দেখার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, "হে ভিক্ষুগণ, সাগতকে নিয়ে যাও।" "হ্যাঁ ভন্তে" বলে সেই ভিক্ষুগণ ভগবানকে প্রত্যুত্তর দিয়ে আয়ুষ্মান সাগতকে আরামে (বিহারে) নিয়ে গেলেন এবং যেদিকে ভগবান সেদিকে শির করে ভূমিতে শোয়ায়ে রাখলেন। অতঃপর আয়ুষ্মান সাগত তার শয্যার দিক পরিবর্তন করে যেদিকে ভগবান তার পাদদ্বয়ও সেদিকে করে শয়ন করলেন। তখন ভগবান ভিক্ষুগণকে আহ্বান করে বললেন :

"হে ভিক্ষুগণ, সাগত পূর্বে তথাগতের প্রতি শ্রদ্ধা-সম্মান-গৌরবকারী ছিল কি?" "হ্যাঁ ভগবান, ছিল।" "তাহলে হে ভিক্ষুগণ, এক্ষণে সাগত কি তথাগতের প্রতি শ্রদ্ধা-সম্মান-গৌরব প্রদর্শন করতে পারবে?" "না ভন্তে, পারবে না।" হে ভিক্ষুগণ, সাগত অম্বতীর্থিক নাগের সাথে সংগ্রাম করেছিল কি? "হ্যাঁ ভগবান, করেছিল।" তাহলে হে ভিক্ষুগণ, এক্ষণে সাগত কি নাগের সাথে যুদ্ধ করতে সমর্থ? "না ভন্তে, সমর্থ নয়।" হে ভিক্ষুগণ, তবে কি এমন পানীয় পান করেছে, যা পান করার পরও অজ্ঞান হয় না? "না ভন্তে, এমন নয়।" হে ভিক্ষুগণ, সাগতের পক্ষে ইহা অত্যন্ত অনুপযোগী অননুকুল, অশোভনীয়, অশ্রমণোচিত, অগ্রহণযোগ্য এবং অকর্ম সাধিত হয়েছে। হে ভিক্ষুগণ, কী হেতু সাগত মদ্য পান করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

৩২৭. "সুরামেরয পানে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু পিষ্টকাদির দ্বারা তৈরি পঞ্চবিধ সুরা এবং পুষ্পাদির দ্বারা তৈরি পঞ্চবিধ মেরয় বা মদ্য পান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

"সুরা" অর্থে পিষ্ট বা শষ্যের চূর্ণ দ্বারা তৈরি সুরা, পিষ্টক বা পিঠা দ্বারা তৈরি সুরা, ভাত দ্বারা তৈরি সুরা, নারিকেল ইত্যাদি রসে তৈরি সুরা অথবা সুরা মিশ্রিত কোনো খাদ্য দ্রব্য—যার মধ্যে সুরার বর্ণ-গন্ধাদি স্পষ্টই প্রতীয়মান হয়।

"মেরয়" অর্থে পুষ্প দ্বারা তৈরি মদ্য, ফল দ্বারা তৈরি মদ্য, আঙ্গুর দ্বারা তৈরি মদ্য, মিষ্টি রসাল জাতীয় দ্রব্য দ্বারা তৈরি মদ্য এবং মদ্য মিশ্রিত কোনো খাদ্য দ্রব্য—যার মধ্যে মদ্যের বর্ণ-গন্ধাদি স্পষ্টই প্রতীয়মান হয়।

"পিবেয্য" বলতে এমনকি বিন্দুমাত্রও পান করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

মদ্যকে মদ্য ধারণায় পান করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মদ্যকে 'মদ্য কি না' সন্দেহবশত পান করলে, পাচিত্তিয় অপরাধ হয়। মদ্যকে অমদ্য ধারণায় পান করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অমদ্যকে মদ্য ধারণায় দুক্কট অপরাধ হয়। অমদ্যকে 'মদ্য কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অমদ্যকে অমদ্য ধারণায় কোনো অপরাধ হয় না।

৩২৯. **অনাপত্তি :** মদ্য নয় অথচ তাতে বর্ণ, গন্ধ, রস মদ্য তুল্য বোধ হয় এমন পানীয় পান করলে, তরকারী ও তৈলাদি মদের সাথে মিশ্রিত করে পাক করলেও তাতে যদি মদের বর্ণ-গন্ধ-রস অনুভূত না হয় এমন অমদ্য বা অরিষ্ট পান করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সুরাপান প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

২. অঙ্গুলিপাতোদক সিক্খাপদং

(আঙুল দিয়ে খোঁচা দেওয়া সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৩০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ সপ্তদশবর্গীয় ভিক্ষুকে আঙুল দিয়ে খোঁচা দিয়ে (খেতু দিয়ে) হাসাতে লাগলেন। সেই ভিক্ষু অত্যন্ত ভীত-শঙ্কিত হয়ে শ্বাস গ্রহণ ও ত্যাগে অসমর্থ হয়ে মৃত্যু বরণ করলেন। এতে যে

Visit: http://www.buddhistdownload.com

সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্য ভিক্ষুকে আঙুল দিয়ে খোঁচা দিয়ে হাসাবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অন্য ভিক্ষুকে আঙুল দিয়ে খোঁচা দিয়ে হাসাও? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অন্য ভিক্ষুকে আঙুল দিয়ে খোঁচা দিয়ে হাসাবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৩১. "অঙ্গুলিপাতোদকে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষুর বগলাদিতে আঙুল দিয়ে খোঁচা বা খুত্‌খুতি দিলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৩২. "অঙ্গুলিপতোদকো" অর্থে উপসম্পন্ন উপসম্পন্নকে হাসাবার অভিপ্রায়ে কায় দ্বারা কায় স্পর্শ বা ঘর্ষণ করালে অর্থাৎ আঙুল দিয়ে খোঁচা বা খুত্‌খুতি দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় আঙুল দিয়ে খোঁচা দিয়ে হাসালে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত আঙুল দিয়ে খোঁচা দিয়ে হাসালে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় আঙুল দিয়ে খোঁচা দিয়ে হাসালে, পাচিত্তিয় অপরাধ হয়।

শরীর দ্বারা শরীরসংলগ্ন কোনো বস্তুতে স্পর্শ বা খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। শরীরসংলগ্ন কোনো বস্তু দ্বারা শরীরে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। শরীরসংলগ্ন কোনো বস্তু দ্বারা শরীরসংলগ্ন কোনো বস্তুতে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। নিক্ষেপন দ্বারা শরীরে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। নিক্ষেপন দ্বারা শরীরসংলগ্ন কোনো বস্তুতে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। নিক্ষেপন দ্বারা নিক্ষেপনীয় বস্তুতে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়।

৩৩৩. অনুপসম্পন্নকে শরীর দ্বারা শরীরসংলগ্ন কোনো বস্তুতে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। শরীরসংলগ্ন কোনো বস্তু দ্বারা শরীরে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। শরীরসংলগ্ন কোনো বস্তু দ্বারা শরীরসংলগ্ন কোনো বস্তুতে খোঁচা

Visit: http://www.buddhistdownload.com

দিলে, দুক্কট অপরাধ হয়। নিক্ষেপন দ্বারা শরীরে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। নিক্ষেপন দ্বারা শরীরসংলগ্ন কোনো বস্তুতে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। নিক্ষেপন দ্বারা নিক্ষেপনীয় বস্তুতে খোঁচা দিলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৩৩৪. **অনাপত্তি :** হাসাবার অনভিপ্রায়ে, বিশেষ প্রয়োজনে স্পর্শ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অঙ্গুলিপাতোদক দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. হসধম্ম সিক্খাপদং

(হাস্য-ক্রীড়া সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৩৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ অচিরবতী নদীর জলে ক্রীড়া করতে লাগলেন। সে সময়ে কোশলরাজ প্রসেনজিৎ রানী মল্লিকা দেবীকে সাথে করে প্রাসাদের উপর তলায় উঠলেন। তখন কোশলরাজ প্রসেনজিৎ অচিরবতী নদীর জলে ক্রীড়ারত সপ্তদশবর্গীয় ভিক্ষুদের দেখতে পেলেন। দেখার পর মল্লিকা দেবীকে বললেন, "মল্লিকে, ঐ যে তোমার অর্হতেরা জলে ক্রীড়া করছেন।" "মহারাজ, আমার মনে হয় নিশ্চয় ভগবানকর্তৃক শিক্ষাপদ আজ অবধি প্রজ্ঞাপ্ত হয়নি অথবা সেই ভিক্ষুগণ ভগবানকর্তৃক শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলেও তা জানেন না।" অতঃপর কোশলরাজ প্রসেনজিতের মনে এই চিন্তা উদিত হলো : "কোন উপায়ে ভগবানকে আমি নিজে প্রকাশ না করে এই ভিক্ষুগণ যে জলে ক্রীড়া করেছেন, তা জানাতে পারি?" অতঃপর কোলশরাজ প্রসেনজিৎ সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে নিকটে ডাকায়ে এই বলে একটি গুলপিণ্ড[১] দিলেন : "ভন্তে, এই গুলপিণ্ড ভগবানকে দিবেন।" অনন্তর সপ্তদশবর্গীয় ভিক্ষুগণও সেই গুলপিণ্ড গ্রহণপূর্বক যেখানে ভগবান সেখানে উপস্থিত হলেন। উপস্থিত হয়ে ভগবানকে এরূপ বললেন, "ভন্তে, এই গুলপিণ্ড কোশলরাজ প্রসেনজিৎ ভগবানকে দিয়েছেন।" "হে ভিক্ষুগণ, রাজা তোমাদের কোথায় দেখেছেন?"

---

[১]. ক্রীড়া করার জন্য গোলাকার পিণ্ডবিশেষ।

Visit: http://www.buddhistdownload.com

"ভগবান, অচিরবতী নদীর জলে ক্রীড়া করার সময় দেখেছেন।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা জলে ক্রীড়া করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৩৬. "উদকে হসধম্মে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু পায়ের গুল্ফের বা গোড়ালির উপরে উঠে—এই পরিমাণ জলে ক্রীড়া করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৩৭. "উদকে হসধম্মে" অর্থে পায়ের গুল্ফের বা গোড়ালির উপরে উঠে—এই পরিমাণ জলে হাসাবার অভিপ্রায়ে ডুব দিলে বা জলে ভেসে উঠলে অথবা সাঁতার কাটলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৩৩৮. জলক্রীড়াকে জলক্রীড়া ধারণায় পাচিত্তিয় অপরাধ হয়। জলক্রীড়াকে 'জলক্রীড়া কি না' সন্দেহবশত পাচিত্তিয় অপরাধ হয়। জলক্রীড়াকে জলক্রীড়া নয় ধারণায় পাচিত্তিয় অপরাধ হয়।

পায়ের গুল্ফের বা গোড়ালির নিচু পরিমাণ জলে ক্রীড়া করলে, দুক্কট অপরাধ হয়। জলে নৌকায় সাহায্যে ক্রীড়া করলে, দুক্কট অপরাধ হয়। হাত, পা, কাষ্ঠ, পোড়ামাটির পাত্র ভাঙা চাঁড়া দ্বারা জলে আঘাত করলে, দুক্কট অপরাধ হয়। পাত্রপূর্ণ জলে, দুধে, দধিতে, রঙে, প্রস্রাবে অথবা স্যাঁতস্যাঁতে জলাভূমিতে ক্রীড়া করলে, দুক্কট অপরাধ হয়।

জলক্রীড়া নয় এমনকে জলক্রীড়া ধারণায় দুক্কট অপরাধ হয়। জলক্রীড়া নয় এমনকে 'জলক্রীড়া কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। জলক্রীড়া নয় এমনকে জলক্রীড়া নয় ধারণায় কোনো অপরাধ হয় না।

৩৩৯. **অনাপত্তি :** ক্রীড়া করার অনভিপ্রায়ে, বিশেষ প্রয়োজনে জলে অবতরণ করে ডুব দিলে, জলে ভেসে উঠলে, সাঁতার কাটলে অথবা পরপারে গমনকালে ডুব দিলে, জলে ভেসে উঠলে, সাঁতার কাটলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[হসধম্ম তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৪. অনাদরিয সিক্খাপদং

(অনাদর সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৪০. সে সময়ে বুদ্ধ ভগবান কোসাম্বীতে ঘোষিতারামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান ছন্ন অনাচার আচরণ করতে লাগলেন। সুতরাং ভিক্ষুগণ তাকে এরূপ বললেন, "আবুসো ছন্ন, এরূপ করিও না। ইহা মোটেও সঠিক হচ্ছে না।" তথাপি সে সংশ্লিষ্ট বিষয়ের প্রতি অনাদর (অবজ্ঞা) করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান ছন্ন অনাদর (অবজ্ঞা) করবেন?" অতঃপর ভিক্ষুগণ আয়ুষ্মান ছন্নকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান ছন্নকে জিজ্ঞাসা করলেন, হে ছন্ন, ইহা কি সত্য যে, তুমি নাকি অনাদর করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি অনাদর করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৪১. "অনাদরিয়ে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু পুদ্গলের প্রতি বা ধর্মের প্রতি অনাদর বা অবজ্ঞা প্রদর্শন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৪২. "অনাদরিযং" অর্থে দু-প্রকার অনাদর; যথা : পুদ্গল-অনাদর এবং ধর্ম-অনাদর।

"পুদ্গল-অনাদর" বলতে উপসম্পন্ন ভিক্ষুকর্তৃক ধর্মত শিক্ষা দেওয়া হলে 'ইনি উৎক্ষিপ্ত, নিন্দিত ও গর্হিত ; তার বাক্য (উপদেশ) পালন করা হবে না' এই বলে কোনো ভিক্ষুর প্রতি অনাদর বা অবজ্ঞা প্রদর্শনে, পাচিত্তিয় অপরাধ হয়।

"ধর্ম-অনাদর" বলতে উপসম্পন্ন ভিক্ষুকর্তৃক ধর্মত শিক্ষা দেওয়া হলে 'কীরূপে এই ধর্ম-বিনয় বিনষ্ট করা যেতে পারে, ধ্বংস করা যেতে পারে অথবা অন্তর্ধান করা যেতে পারে?'—এই চিন্তায় সেই ধর্ম-বিনয় শিক্ষা করার অনিচ্ছায় অনাদর বা অবজ্ঞা প্রদর্শনে, পাচিত্তিয় অপরাধ হয়।

৩৪৩. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় অনাদর প্রদর্শনে, পাচিত্তিয় অপরাধ

Visit: http://www.buddhistdownload.com

হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত অনাদর প্রদর্শনে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় অনাদর প্রদর্শনে, পাচিত্তিয় অপরাধ হয়।

অধর্মত শিক্ষা দেওয়া হলে 'না, ইহা আত্মসংযমে, ক্লেশবিনাশের জন্যে, প্রসাদ উৎপাদনের জন্যে, পুনর্জন্ম নিরোধে ও বীর্যারম্ভতায় সংবর্তিত করে না'—এই বলে অনাদর প্রদর্শনে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকর্তৃক ধর্মত বা অধর্মত শিক্ষা দেওয়া হলে 'না, ইহা আত্মসংযমে, ক্লেশবিনাশের জন্যে, প্রসাদ উৎপাদনের জন্যে, পুনঃজন্ম নিরোধে ও বীর্যারম্ভতায় সংবর্তিত করে না'—এই বলে অনাদর প্রদর্শনে, দুক্কট অপরাধ হয়।

অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৩৪৪. **অনাপত্তি :** 'আমাদের আচার্যগণের শিক্ষা ও প্রশ্ন এরূপ' বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অনাদরিয চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫. ভিংসাপন সিক্খাপদং

(ভয় প্রদর্শন সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৪৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে নানাভাবে ভয় দেখাতে লাগলেন। তাই তারাও ভীত-সন্ত্রস্ত হয়ে ক্রন্দন করতে লাগলেন। তাদের এভাবে ক্রন্দন করতে দেখে ভিক্ষুগণ এরূপ বললেন, "আবুসো, তোমরা ক্রন্দন করছ কেন?" "আবুসো, এই ষড়বর্গীয় ভিক্ষুগণ আমাদের নানাভাবে ভয় দেখাচ্ছেন তাই।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্য ভিক্ষুকে নানাভাবে ভয় দেখাবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা

Visit: http://www.buddhistdownload.com

নাকি অন্য ভিক্ষুকে নানাভাবে ভয় দেখাচ্ছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অন্য ভিক্ষুকে ভয় দেখাবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৪৬. "যো পন ভিক্খু ভিক্খুং ভিংসাপেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষুকে ভয় দেখালে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৪৭. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুং" বলতে অন্য ভিক্ষুকে বুঝায়।

"ভিংসাপেয্য" বলতে উপসম্পন্ন উপসম্পন্নকে ভয় দেখানোর ইচ্ছায় রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ—যেকোনো নিমিত্ত ব্যবহার করলে, সে ভয় করুক বা না করুক, তার পাচিত্তিয় অপরাধ হয়। চোরের উপদ্রব, হিংস্র জন্তুর উপদ্রব বা ভূত-পিশাচাদির উপদ্রবের কথা বললে, সে ভয় করুক বা না করুক, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৪৮. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় ভয় দেখালে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত ভয় দেখালে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় ভয় দেখালে, পাচিত্তিয় অপরাধ হয়।

অনুপসম্পন্নকে ভয় দেখানোর ইচ্ছায় রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ—যেকোনো নিমিত্ত ব্যবহার করলে, সে ভয় করুক বা না করুক, তার দুক্কট অপরাধ হয়। চোরের উপদ্রব, হিংস্রজন্তুর উপদ্রব বা ভূত-পিচাশাদির উপদ্রবের কথা বললে, সে ভয় করুক বা না করুক, তার দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত ভয় দেখালে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় ভয় দেখালে, দুক্কট অপরাধ হয়।

৩৪৯. **অনাপত্তি :** ভয় দেখানোর অনিচ্ছায় রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ—যেকোনো নিমিত্ত ব্যবহার করলে অথবা চোরের উপদ্রব, হিংস্র জন্তুর উপদ্রব বা ভূত-পিশাচাদির উপদ্রবের কথা বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ভিংসাপন পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৬. জোতিক সিক্খাপদং

(অগ্নি প্রজ্বলন সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৫০. সে সময়ে বুদ্ধ ভগবান ভগ্ন জনপদের সুংসুমারগির নগরে ভেসকলাবন মৃগদায়ে অবস্থান করছিলেন। তখন ভিক্ষুগণ হেমন্তকালে অন্যতর এক সুবৃহৎ গুহাভ্যন্তরে জ্বালানি কাষ্ঠে অগ্নি প্রজ্বলনপূর্বক শরীর তপ্ত করতেন। অতঃপর সেই গুহাভ্যন্তরে কৃষ্ণবর্ণ এক বিষধর সর্প (কালসাপ?) অগ্নিতপ্ত হয়ে তথা হতে বেরিয়ে এসে ভিক্ষুদের ধাওয়া করল। ভিক্ষুগণও যত্র-তত্র দৌড়ায়ে পালিয়ে গেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষুগণ অগ্নি প্রজ্বলন করে শরীর তপ্ত করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, ভিক্ষুগণ নাকি অগ্নি প্রজ্বলন করে শরীর তপ্ত করেন? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, হে ভিক্ষুগণ, কী হেতু সেই মোঘপুরুষেরা অগ্নি প্রজ্বলন করে শরীর তপ্ত করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু বিসিব্বনাপেক্খো জোতিং সমাদহেয্য বা সমাদহাপেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু শরীর তপ্ত করার ইচ্ছায় অগ্নি নিজে বা অপরের দ্বারা প্রজ্বলন করালে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৩৫১. সে সময়ে ভিক্ষুগণ অসুস্থ হয়ে পড়লে, রোগী তত্ত্বাবধানকারী ভিক্ষুগণ অসুস্থ ভিক্ষুদের এরূপ বললেন, "আবুসো, স্বস্তিবোধ করছেন তো? দিন ভালো কাটছে তো?" "আবুসো, পূর্বে আমরা অগ্নি প্রজ্বলন করে শরীর তপ্ত করতাম। সুতরাং আমাদের স্বস্তিবোধ হতো। কিন্তু বর্তমানে 'ভগবানকর্তৃক তা নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে শরীর তপ্ত করছি না। সুতরাং আমাদেরও স্বস্তিবোধ হচ্ছে না।" ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন,

Visit: http://www.buddhistdownload.com

হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু অগ্নি নিজে বা অপরের দ্বারা প্রজ্বলন করিয়ে শরীর তপ্ত করবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু অগিলানো বিসিব্বনাপেক্খো জোতিং সমাদহেয্য বা সমাদহাপেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু নিরোগ অবস্থায় শরীর তপ্ত করার ইচ্ছায় অগ্নি নিজে বা অপরের দ্বারা প্রজ্বলন করালে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৩৫২. সে সময়ে ভিক্ষুগণ প্রদীপ প্রজ্বলনে, আলোককরণে এবং স্নানাগারে অগ্নি প্রজ্বলনে সন্দেহপ্রবণ হয়ে পড়লে, ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালেন। অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, তাদৃশ উপযুক্ত কারণ থাকলে অগ্নি নিজে বা অপরের দ্বারা প্রজ্বলন করাবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৫৩. "যো পন ভিক্খু অগিলানো বিসিব্বনাপেক্খো জোতিং সমাদহেয্য বা সমাদহাপেয্য বা অঞ্ঞত্র তথারূপপ্পচ্চযা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু নিরোগ অবস্থায় শরীর তপ্ত করার ইচ্ছায় তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত অগ্নি নিজে বা অপরের দ্বারা প্রজ্বলন করালে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৫৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অগিলানো" অর্থে যার অগ্নিতাপ ব্যতীত স্বস্তিবোধ হয়।

"বিসিব্বনাপেক্খো" বলতে শরীর তপ্ত বা গরম করার ইচ্ছায়।

"জোতি" অর্থে অগ্নিই অভিপ্রেত ।

"সমাদহেয্য" বলতে নিজে প্রজ্বলন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"সমাদহাপেয্য" বলতে অন্যকে অগ্নি প্রজ্বলন করার নির্দেশ দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। একবার আদিষ্ট হয়ে বহুবার প্রজ্বলনেও একটি মাত্র পাচিত্তিয় অপরাধ হয়।

"অঞ্ঞত্র তথারূপপ্পচ্চযা" বলতে তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত।

৩৫৫. নিরোগ অবস্থায় নিরোগী ধারণায় শরীর তপ্ত করার ইচ্ছায় তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত অগ্নি নিজে বা অপরের দ্বারা প্রজ্বলন করালে, পাচিত্তিয়

Visit: http://www.buddhistdownload.com

অপরাধ হয়। নিরোগ অবস্থায় 'নিরোগী কি না' সন্দেহবশত শরীর তপ্ত করার ইচ্ছায় তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত অগ্নি নিজে বা অপরের দ্বারা প্রজ্বলন করালে, পাচিত্তিয় অপরাধ হয়। নিরোগ অবস্থায় রোগী ধারণায় শরীর তপ্ত করার ইচ্ছায় তাদৃশ উপযুক্ত কারণ ব্যতীত অগ্নি নিজে বা অপরের দ্বারা প্রজ্বলন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

দগ্ধমান জ্বালানি কাষ্ঠ উৎক্ষেপন করে পুনঃ যথাস্থানে রাখলে, দুক্কট অপরাধ হয়। রোগাবস্থায় নিরোগী ধারণায় দুক্কট অপরাধ হয়। রোগাবস্থায় নিরোগী ধারণায় দুক্কট অপরাধ হয়। রোগাবস্থায় 'নিরোগী কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। রোগাবস্থায় রোগী ধারণায় কোনো অপরাধ হয় না।

৩৫৬. **অনাপত্তি :** রোগাবস্থায়, অপরের প্রজ্বলিত অগ্নিতে শরীর তপ্ত করলে, শিখাহীন অঙ্গারে শরীর তপ্ত করলে, প্রদীপ প্রজ্বলন, আলোককরণ এবং স্নানগারে অগ্নি প্রজ্বলন এতাদৃশ উপযুক্ত কারণ থাকলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[জ্যোতিক ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৭. নহান সিক্খাপদং

(স্নান সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৫৭. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দক নিবাপে অবস্থান করছিলেন। তখন ভিক্ষুগণ পুষ্করিণীতে (তপোদে) স্নান করতে লাগলেন। সে সময়ে মগধরাজ সেনিয় বিম্বিসার 'আনুষ্ঠানিক শিরস্নান করব' এই ভেবে পুষ্করিণীতে গমনপূর্বক 'আর্যগণ স্নান করছেন' দেখে একপার্শ্বে অপেক্ষা করতে লাগলেন। এদিকে ভিক্ষুগণ সন্ধ্যা অবধি স্নান করলেন। অতঃপর মগধরাজ সেনিয় বিম্বিসার সন্ধ্যার পর 'আনুষ্ঠানিক শিরস্নান' করে নগরদ্বার বন্ধ হওয়ায় বহিঃনগরে অবস্থানপূর্বক প্রত্যুষে প্রসাধনী দ্রব্য মেখে বিশুদ্ধ হয়ে যেখানে ভগবান সেখানে উপস্থিত হলেন। উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্ট মগধরাজ সেনিয় বিম্বিসারকে ভগবান বললেন, "মগধরাজ, আপনি প্রসাধনী দ্রব্য মেখে বিশুদ্ধ হয়ে আগত হয়েছেন কেন?" অতঃপর মগধরাজ সেনিয় বিম্বিসার ভগবানকে সমস্ত ঘটনা প্রকাশ করলেন।

অতঃপর ভগবান মগধরাজ সেনিয় বিম্বিসারকে ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত করলেন। তখন মগধরাজ সেনিয় বিম্বিসার ভগবানকর্তৃক ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত, ও

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রহংসিত হয়ে আসন হতে উঠে ভগবানকে অভিবাদনপূর্বক প্রদক্ষিণ করে প্রস্থান করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, ভিক্ষুগণ নাকি রাজাকে দেখার পরও মাত্রা না জেনে স্নান করেছে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, হে ভিক্ষুগণ, কী হেতু সেই মোঘপুরুষেরা রাজাকে দেখার পরও মাত্রা না জেনে স্নান করবে? এমন আচরণ কিছুতেই অপ্রন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু ওরেনদ্ধমাসং নহাযেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্য এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৩৫৮. সে সময়ে ভিক্ষুগণ উষ্ণ সময়ে ও পরিদাহ সময়ে সন্দেহপ্রবণ হয়ে স্নান না করে ঘর্মাক্ত দেহে শয়ন করতে লাগলেন। সুতরাং চীবর এবং শয়নাসন দুর্গন্ধ ও দূষিত হতে লাগল। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, উষ্ণ সময়ে ও পরিদাহ সময়ে অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু ওরেনদ্ধমাসং নহাযেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। দিযড্ঢো মাসো সেসো গিম্হানন্তি বস্সানস্স পঠমো মাসো ইচ্চেতে অড্ঢতেয্যমাসা উণ্হসমযো পরিলাহসমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু উপযুক্ত সময় ব্যতীত অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : গ্রীষ্মঋতুর শেষ দেড় মাস উষ্ণ সময় এবং বর্ষাঋতুর প্রথম মাস পরিদাহ সময়—এই আড়াই মাস, ইহাই উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৩৫৯. সে সময়ে ভিক্ষুগণ অসুস্থ হয়ে পড়লে, রোগী তত্ত্বাবধানকারী ভিক্ষুগণ সেই অসুস্থ ভিক্ষুগণকে এরূপ বললেন, "আবুসো, স্বস্তিবোধ করছেন তো? দিন ভালো কাটছে তো?" "আবুসো, পূর্বে আমরা অর্ধমাসের কম

Visit: http://www.buddhistdownload.com

সময়ের মধ্যে স্নান করতাম; সে কারণে আমাদের স্বস্তিবোধ হতো। কিন্তু বর্তমানে 'ভগবানকর্তৃক তা নিষিদ্ধ হয়েছে' এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে স্নান করছি না। সুতরাং আমাদের স্বস্তিবোধও হচ্ছে না।" ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু ওরেনদ্ধমাসং নহাযেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। দিযড্ঢো মাসো সেসো গিম্হানন্তি বস্সানস্স পঠমো মাসো ইচ্চেতে অড্ঢতেয্যমাসা উণ্হসমযো পরিলাহসমযো গিলান সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু উপযুক্ত সময় ব্যতীত অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : গ্রীষ্মঋতুর শেষ দেড় মাস উষ্ণ সময় এবং বর্ষাঋতুর প্রথম মাস পরিদাহ সময়—এই আড়াই মাস ও রোগের সময়, ইহাই উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৩৬০. সে সময়ে ভিক্ষুগণ নবকর্ম করার পর সন্দেহপ্রবণ হয়ে স্নান না করে ঘর্মাক্ত দেহে শয়ন করতে লাগলেন। সুতরাং চীবর এবং শয়নাসন দুর্গন্ধ ও দূষিত হতে লাগল। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, কর্মসময়ে অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু ওরেনদ্ধমাসং নহাযেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। দিযড্ঢো মাসো সেসো গিম্হানন্তি বস্সানস্স পঠমো মাসো ইচ্চেতে অড্ঢতেয্যমাসা উণ্হসমযো পরিলাহসমযো গিলান সমযো কম্ম সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু উপযুক্ত সময় ব্যতীত অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : গ্রীষ্মঋতুর শেষ দেড় মাস উষ্ণ সময় এবং বর্ষাঋতুর প্রথম মাস পরিদাহ সময়—এই আড়াই মাস, রোগের সময় ও কর্ম সময়, ইহাই উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৩৬১. সে সময়ে ভিক্ষুগণ সুদীর্ঘ পথ অতিক্রম করার পর সন্দেহপ্রবণ হয়ে

Visit: http://www.buddhistdownload.com

স্নান না করে ঘর্মাক্ত দেহে শয়ন করতে লাগলেন। সুতরাং চীবর এবং শয়নাসন দুর্গন্ধ ও দুষিত হতে লাগল। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, দীর্ঘপথ গমন সময়ে অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু ওরেনদ্ধমাসং নহাযেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। দিযড্ঢো মাসো সেসো গিম্হানন্তি বস্সানস্স পঠমো মাসো ইচ্চেতে অড্ঢতেয্যমাসা উণ্হসমযো পরিলাহ সমযো গিলান সমযো কম্ম সমযো অদ্ধানগমন সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু উপযুক্ত সময় ব্যতীত অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : গ্রীষ্মঋতুর শেষ দেড় মাস উষ্ণ সময় এবং বর্ষাঋতুর প্রথম মাস পরিদাহ সময়—এই আড়াই মাস, রোগের সময়, কর্ম সময় ও দীর্ঘপথ গমনের সময়, ইহাই উপযুক্ত সময়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৩৬২. সে সময়ে বহুসংখ্যক ভিক্ষু উন্মুক্ত স্থানে চীবর তৈরি করার সময় বাতাসে ধুলি-বালি বিকীর্ণ হতে লাগল। বৃষ্টিও অল্প অল্প বর্ষিত হতে লাগল। তথাপি ভিক্ষুগণ সন্দেহপ্রবণ হয়ে স্নান না করে সিক্ত দেহে শয়ন করতে লাগলেন। সুতরাং চীবর এবং শয়নাসন দুর্গন্ধ ও দূষিত হতে লাগল। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে আহ্বান করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, বায়ু ও বৃষ্টির সময়ে অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৬৩. "যো পন ভিক্খু ওরেনদ্ধমাসং নহাযেয্য অঞ্ঞত্র সমযা পাচিত্তিযং। তত্থাযং সমযো। দিযড্ঢো মাসো সেসো গিম্হানন্তি বস্সানস্স পঠমো মাসো ইচ্চেতে অড্ঢতেয্যমাসা উণ্হসমযো পরিলাহসমযো গিলান সমযো কম্ম সমযো অদ্ধানগমন সমযো বাতবুট্ঠি সমযো—অযং তত্থ সমযো"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু উপযুক্ত সময় ব্যতীত অর্ধমাসের কম সময়ের মধ্যে স্নান করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে উপযুক্ত সময় এই : গ্রীষ্মঋতুর শেষ দেড় মাস উষ্ণ সময় এবং বর্ষাঋতুর প্রথম মাস পরিদাহ

Visit: http://www.buddhistdownload.com

সময়—এই আড়াই মাস, রোগের সময়, কর্ম সময়, দীর্ঘপথ গমনের সময়, বায়ু ও বৃষ্টির সময়, ইহাই উপযুক্ত সময়।

৩৬৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ওরেনদ্ধমাসং" বলতে অর্ধমাসের কম সময়ের মধ্যে বুঝায়।

"নহাযেয্য" বলতে চূর্ণ বা মৃত্তিকা দ্বারা স্নান করলে, প্রয়োগে প্রয়োগে দুক্কট অপরাধ হয়। স্নান শেষে পাচিত্তিয় অপরাধ হয়।

"অঞ্ঞত্র সমযা" বলতে উপযুক্ত সময় ব্যতীত।

"উণ্হসমযো" অর্থে গ্রীষ্মঋতুর শেষ দেড় মাস। এবং "পরিলাহসমযো" অর্থে বর্ষাঋতুর প্রথম মাস মোট এই আড়াই মাস 'উষ্ণ সময় ও পরিদাহ সময়' ভেবে স্নান করা কর্তব্য।

"গিলানসমযো" অর্থে কোনো ভিক্ষুর স্নান ব্যতীত স্বস্তিবোধ না হলে, তখন 'রোগের সময়' ভেবে স্নান করা কর্তব্য।

"কম্মসমযো" অর্থে এমনকি পরিবেন (বিহার) সমার্জিত হলেও 'কর্মসময়' ভেবে স্নান করা কর্তব্য।

" অদ্ধানগমন সমযো" অর্থে অন্ততপক্ষে অর্ধযোজন গমন করব ভেবে স্নান করা কর্তব্য; গমনকালে স্নান করা কর্তব্য এবং গমনের পরও স্নান করা কর্তব্য।

"বাতবুট্ঠি সমযো" অর্থে বায়ুতে ধুলি-বালি বিকীর্ণ হয়ে ভিক্ষুগণের শরীর মলিন হলে এবং অন্তত দু-তিন ফোটা বৃষ্টির জল শরীরে পতিত হলেও তখন 'বায়ু ও বৃষ্টির সময়' ভেবে স্নান করা কর্তব্য।

৩৬৫. অর্ধমাসের কম সময়কে কম সময় ধারণায় উপযুক্ত সময় ব্যতীত স্নান করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অর্ধমাসের কম সময়কে 'কম সময় কি না' সন্দেহবশত উপযুক্ত সময় ব্যতীত স্নান করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অর্ধমাসের কম সময়কে বেশি সময় ধারণায় উপযুক্ত সময় ব্যতীত স্নান করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অর্ধমাসের বেশি সময়কে কম সময় ধারণায় দুক্কট অপরাধ হয়। অর্ধমাসের বেশি সময়কে 'কম সময় কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অর্ধমাসের বেশি সময়কে বেশি সময় ধারণায় কোনো অপরাধ হয় না।

৩৬৬. **অনাপত্তি :** উপযুক্ত সময়ে, অর্ধমাসে স্নান করলে, অর্ধমাসের বেশি সময়ে স্নান করলে, পরপারে গমনকালে স্নান করলে, কোনো অপরাধ হয় না এবং প্রত্যন্ত অঞ্চলে, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো

Visit: http://www.buddhistdownload.com

অপরাধ হয় না।

[নহান সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৮. দুব্বণ্ণকরণ সিক্খাপদং

(কপ্পবিন্দুকরণ সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৬৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন বহুসংখ্যক ভিক্ষু ও পরিব্রাজক সাকেত নগর হতে শ্রাবস্তীর উদ্দেশে মহাসড়কে প্রতিপন্ন হয়েছিলেন। চোরেরা পথিমধ্যে হঠাৎ বের হয়ে তাঁদের সমস্ত কিছু ছিনিয়ে নিল। খবর পেয়ে রাজ সেনারা শ্রাবস্তী হতে এসে সেই সমস্ত জিনিসপত্রসহ চোরদের আটক করে ভিক্ষুদের নিকট এই বলে সংবাদ পাঠাল : "ভদন্তগণ আগমন করুন এবং স্ব স্ব চীবর বাছাই করে নিয়ে যান।" অতঃপর ভিক্ষুগণ তথায় এসে স্ব স্ব চীবর সনাক্ত (চিনতে) করতে না পারছিলেন। এতে তারা (রাজসেনারা) এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভদন্তগণ স্ব স্ব চীবর সনাক্ত করতে না পারবেন?"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। অতঃপর ভগবানকে এ কথা সবিস্তারে প্রকাশ করলে, ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ভিক্ষুগণ যাতে তদনুরূপ, তদনুকূল আচরণ করে, তেমনভাবে ধর্ম দেশনা করার পর ভিক্ষুদের সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, তাহলে ভিক্ষুদের জন্যে শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করব—যা দশবিধ অর্থবশে সংঘের সুষ্ঠতা, ... বিনয়কে অনুগ্রহের জন্য একান্ত হিতকর। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৬৮. "নবং পন ভিক্খুনা চীবরলাভেন তিণ্ণং দুব্বণ্ণকরণানং অঞ্ঞতরং দুব্বণ্ণকরণং আদাতব্বং—নীলং বা কদ্দমং বা কালসমং বা অনাদা চে ভিক্খু তিণ্ণং দুব্বণ্ণকরণানং অঞ্ঞতরং দুব্বণ্ণকরণং নবং চীবরং পরিভুঞ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : নতুন চীবরলাভী ভিক্ষু নীল, কর্দম অথবা কালশ্যাম (যেকোনো কালো) এই ত্রিবিধ দুর্বর্ণ করণের মধ্যে যেকোনো একটি দিয়ে দুর্বর্ণকরণ (কপ্পবিন্দু) দিতে হবে। কোনো ভিক্ষু ত্রিবিধ দুর্বর্ণকরণের মধ্যে যেকোনো একটি দিয়ে কপ্পবিন্দু না দিয়ে নতুন চীবর পরিভোগ (ব্যবহার) করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৬৯. "নবং" অর্থে কপ্পবিন্দু অকৃত বলা হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

"চীবরং" অর্থে ছয় প্রকার চীবরের মধ্যে অন্যতর চীবর।

"তিণ্ণং দুব্বণ্ণকরণানং অঞ্ঞতরং দুব্বণ্ণকরণং আদাতব্বং" বলতে ত্রিবিধ দুর্বর্ণকরণের মধ্যে অন্যতর দুর্বর্ণকরণ বা কপ্পবিন্দু দিতে হবে। অন্ততপক্ষে বিন্দুমাত্র হলেও দিতে হবে।

"নীলং" অর্থে দু-প্রকার নীল; যথা : কংশ নীল (লৌহমল) এবং পলাশ বা পত্রনীল।

"কদ্দমো" অর্থে পঙ্ক বা মৃত্তিকাময় জলই অভিপ্রেত।

"কালসমং" অর্থে যা কিছু কালবর্ণ।

"অনাদা চে ভিক্খু তিণ্ণং দুব্বণ্ণকরণানং অঞ্ঞতরং দুব্বণ্ণকরণং" বলতে অন্ততঃপক্ষে বিন্দুমাত্র হলেও ত্রিবিধ দুর্বর্ণকরণের মধ্যে যেকোনো দুর্বর্ণকরণ বা কপ্পবিন্দু না দিয়ে নতুন চীবর পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৩৭০. কপ্পবিন্দু না দিলে দেওয়া হয় নাই এমন ধারণায় পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। কপ্পবিন্দু না দিলে 'দেওয়া হয়েছে কি না' সন্দেহবশত পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। কপ্পবিন্দু না দিলে দেওয়া হয়েছে—এমন ধারণায় পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

কপ্পবিন্দু দিলে দেওয়া হয় নাই—এমন ধারণায় দুক্কট অপরাধ হয়। কপ্পবিন্দু দিলে 'দেওয়া হয়েছে কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। কপ্পবিন্দু দিলে দেওয়া হয়েছে ধারণায় কোনো অপরাধ হয় না।

৩৭১. **অনাপত্তি :** কপ্পবিন্দু দিয়ে পরিভোগ করলে, কপ্পবিন্দু নষ্ট হলে, কপ্পবিন্দুকৃত স্থান জীর্ণ হলে, কপ্পবিন্দুর উপর কোনো কাপড় সেলাই করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দুব্বণ্ণকরণ অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৯. বিকপ্পন সিক্খাপদং

(হস্তান্তর সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৭২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ ভ্রাতার সহবিহারী ভিক্ষুর নিকট স্বয়ং চীবর বিকপ্পন (হস্তান্তর) করে তা প্রত্যুদ্ধার (পুনঃ অনুমোদন) না করতেই পরিভোগ করতে লাগলেন। অতঃপর সেই ভিক্ষু অন্যান্য ভিক্ষুদের নিকট এ কথা প্রকাশ করলেন এই বলে : "আবুসো, এই শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ আমার নিকট স্বয়ং চীবর বিকপ্পন করে তা প্রত্যুদ্ধার

Visit: http://www.buddhistdownload.com

না করতেই পরিভোগ করছেন।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কী হেতু শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ অন্য ভিক্ষুর নিকট স্বয়ং চীবর বিকপ্পন করে তা প্রত্যুদ্ধার না করতেই পরিভোগ করবেন?" অতঃপর ভিক্ষুগণ শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে জিজ্ঞাসা করলেন, হে উপনন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি অন্য ভিক্ষুর নিকট স্বয়ং চীবর বিকপ্পন করে তা প্রত্যুদ্ধার না করতেই পরিভোগ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু অন্য ভিক্ষুর নিকট স্বয়ং চীবর বিকপ্পন করে তা প্রত্যুদ্ধার না করতেই পরিভোগ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৭৩. "যো পন ভিক্খু ভিক্খুস্স বা ভিক্খুনিযা বা সিক্খামানায বা সামণেরস্স বা সামণেরিযা বা সামং চীবরং বিকপ্পেত্বা অপচ্চুদ্ধারণং পরিভুঞ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষু, ভিক্ষুণী, শিক্ষামনা, শ্রামণের বা শ্রামণেরীর নিকট স্বয়ং চীবর বিকপ্পন করে তা প্রত্যুদ্ধার না করতেই পরিভোগ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৭৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুস্স" বলতে অন্য ভিক্ষুর নিকট বুঝায়।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্নাই অভিপ্রেত।

"সিক্খামানা" অর্থে দু-বৎসর যাবৎ ছয়ধর্মে শিক্ষায় শিক্ষিতকেই বুঝায়।

"সামণেরো" অর্থে দশবিধ শিক্ষাপদ অনুশীলনকারী বা দশশীলধারিনী শ্রামণেরী।

"সামং" অর্থে স্বয়ং বিকপ্পন করে।

"চীবরং" অর্থে ছয় প্রকার চীবরের মধ্যে অন্যতর চীবর—যা বিকপ্পনুপযোগীর মধ্যে অন্তিম।

Visit: http://www.buddhistdownload.com

"বিকপ্পনা" অর্থে দ্বিবিধ বিকপ্পন বা হস্তান্তর। যথা : সম্মুখ বিকপ্পন এবং পরম্মুখ বিকপ্পন। এস্থলে সম্মুখ বিকপ্পন বলতে "ইমং চীবরং তুয্হং বিকপ্পেমি"—এই বাক্যে অন্য ভিক্ষুর নিকট বিকপ্পন করতে হয়। এবং পরম্মুখ বিকপ্পন বলতে "ইমং চীবরং বিকপ্পনত্থায তুয্হং দম্মি"—এভাবে বিকপ্পনকারী ভিক্ষুকর্তৃক বলা হলে, সেই ভিক্ষুকর্তৃক জিজ্ঞাসা করতে হবে : "কো তে মিত্তে বা সন্দিট্ঠো বা"। প্রত্যুত্তরে সেই ভিক্ষুকে বলতে হবে : "ইত্থন্নেমা চ ইত্থন্নেমা চ" (এখানে ভিক্ষুর প্রকৃত নাম বলতে হবে)। পুনঃ সেই ভিক্ষুকর্তৃক বলতে হবে : "অহং তেসং দম্মি তেসং সন্তকং পরিভুঞ্জ বা বিস্সজ্জেহি বা যথাপচ্চযং বা করোহি"—এভাবে বিকপ্পন করাকে পরম্মুখ বিকপ্পন বলা হয়।

"অপ্পচ্চুদ্ধারণং" অর্থে তাকে দেওয়া হয় নাই অথবা অনুমোদন করা হয় নাই—এমতাবস্থায় পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৩৭৫. হস্তান্তর করা না হলে হস্তান্তর করা হয়নি ধারণায় পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। হস্তান্তর করা না হলে 'হস্তান্তর করা হয়েছে কি না' সন্দেহবশত পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। হস্তান্তর না করা হলে হস্তান্তর করা হয়েছে ধারণায় পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অধিষ্ঠান বা নিক্ষেপ (বিসর্জন) করলে, দুক্কট অপরাধ হয়। হস্তান্তর করা হয়েছে অথচ হস্তান্তর করা হয়নি ধারণায় দুক্কট অপরাধ হয়। হস্তান্তর করা হয়েছে অথচ 'হস্তান্তর করা হয়েছে কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। হস্তান্তর করা হলে হস্তান্তর করা হয়েছে ধারণায় কোনো অপরাধ হয় না।

৩৭৬. **অনাপত্তি :** সে দিলে বা তার প্রতি আস্থাশীল হয়ে পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[বিকপ্পন নবম শিক্ষাপদ সমাপ্ত]

১০. চীবর অপনিধান সিক্খাপদং

(চীবরাদি লুকানো সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৭৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ অত্যাবশ্যকীয় ব্যবহার্য দ্রব্যবিহীন হলেন। কারণ, ষড়বর্গীয় ভিক্ষুগণ তাদের পাত্র-চীবরাদি লুকিয়ে রেখেছিলেন। তাই সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে এরূপ বললেন, "আবুসো, আমাদের পাত্র-চীবরাদি দিয়ে দেন।" তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুচকি মুচকি হাসতে লাগলেন। আর সপ্তদশবর্গীয় ভিক্ষুগণ রোদন করতে

Visit: http://www.buddhistdownload.com

লাগলেন। অন্যান্য ভিক্ষুগণ তাদের এভাবে রোদন করতে দেখে এরূপ বললেন, "আবুসো, আপনারা এভাবে রোদন করছেন কেন?" "আবুসো, এই ষড়বর্গীয় ভিক্ষুগণ আমাদের পাত্র-চীবরাদি লুকিয়ে রেখেছেন তাই।"এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্য ভিক্ষুদের পাত্র-চীবরাদি লুকিয়ে রাখবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অন্য ভিক্ষুদের পাত্র-চীবরাদি লুকিয়ে রেখেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভিক্ষুদের পাত্র-চীবরাদি লুকিয়ে রাখবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৭৮. "যো পন ভিক্খু ভিক্খুস্স পত্তং বা চীবরং বা নিসীদনং বা সূচিঘরং বা কাযবন্ধনং বা অপনিধেয্য বা অপনিধাপেয্য বা অন্তমাসো হসাপেক্খোপি পাচিত্তয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষুর পাত্র, চীবর, বসার আসন, সূঁচ রাখার পাত্র অথবা কোমরবন্ধন নিজে বা অপরের দ্বারা লুকিয়ে রাখলে, এমনকি হাস্য-কৌতুকাদি খেলার ইচ্ছায় হলেও পাচিত্তিয় অপরাধ হয়।

৩৭৯. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুস্স" বলতে অন্য ভিক্ষুর বুঝায়।

"পত্তো" অর্থে দ্বিবিধ পাত্র; যথা : লৌহপাত্র এবং মৃত্তিকাপাত্র।

"চীবরং" অর্থে ছয় প্রকার চীবরের মধ্যে অন্যতর চীবর—যা বিকপ্পনুপযোগীর মধ্যে অন্তিম।

"নিসীদনং" অর্থে বসার আস্তরণ বুঝানো হয়েছে।

"সূচিঘরং" অর্থে সূঁচপূর্ণ পাত্র অথবা সূঁচবিহীন পাত্র, এখানে দুটোই বুঝানো হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

"কাযবন্ধনং" অর্থে দ্বিবিধ কোমরবন্ধন; যথা : কটিবেষ্টনী এবং কোমরবন্ধন।

"অপনিধেয্য বা" বলতে নিজে অপহরণ করে লুকিয়ে রাখলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"অপনিধাপেয্য বা" বলতে অপরকে লুকানোর জন্যে আদেশ দিলে, পাচিত্তিয় অপরাধ হয়। একবার মাত্র আদিষ্ট হয়ে বহুবার অপহরণ করে লুকিয়ে রাখলেও একটি মাত্র পাচিত্তিয় অপরাধ হয়।

"অন্তমাসো হসাপেক্খোপি" বলতে এমনকি হাস্য-কৌতুকাদি খেলার ইচ্ছায় বুঝানো হয়েছে।

৩৮০. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় পাত্র, চীবর, বসার আস্তরণ, সূঁচ রাখার পাত্র অথবা কোমরবন্ধন প্রভৃতি নিজে বা অপরের দ্বারা অপহরণ করিয়ে লুকিয়ে রাখলে, এমনকি হাস্য-কৌতুকাদি খেলার ইচ্ছায় হলেও পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত পাত্র, চীবর, বসার আস্তরণ, সূঁচ রাখার পাত্র অথবা কোমরবন্ধন প্রভৃতি নিজে বা অপরের দ্বারা অপহরণ করিয়ে লুকিয়ে রাখলে, এমনকি হাস্য-কৌতুকাদি খেলার ইচ্ছায় হলেও পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় পাত্র, চীবর, বসার আস্তরণ, সূঁচ রাখার পাত্র অথবা কোমরবন্ধন প্রভৃতি নিজে বা অপরের দ্বারা অপহরণ করিয়ে লুকিয়ে রাখলে, এমনকি হাস্য-কৌতুকাদি খেলার ইচ্ছায় হলেও পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যান্য নিত্য ব্যবহার্য দ্রব্য নিজে বা অপরের দ্বারা অপহরণ করিয়ে লুকিয়ে রাখলে, এমনকি হাস্য-কৌতুকাদি খেলার ইচ্ছায় হলেও দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নের পাত্র, চীবরাদি অথবা অন্যান্য ব্যবহার্য দ্রব্যসামগ্রী নিজে বা অপরের দ্বারা অপহরণ করিয়ে লুকিয়ে রাখলে, এমনকি হাস্য-কৌতুকাদি খেলার ইচ্ছায় হলেও দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৩৮১. **অনাপত্তি :** হাস্য-কৌতুকাদি খেলার অনিচ্ছায়, দূরে নিক্ষিপ্ত কোনো বস্তুকে যথাস্থানে সামলায়ে রাখলে, 'ধর্মকথা বলার পর দিব' এই ভেবে সামলায়ে রাখলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চীবর অপনিধান দশম শিক্ষাপদ সমাপ্ত]

[সুরাপান বর্গ ষষ্ঠ]

Visit: http://www.buddhistdownload.com

তস্‌সুদ্দানং/ স্মারক গাথা

সুরা, অঙ্গুলি, হাঁস্য-ক্রীড়ায়, অনাদরে ও ভীতি প্রদর্শনে;
জ্যোতি, স্নানেতে ও দুর্বর্ণে, বিকপ্পনে আর অপনিধানে।

৭. প্রাণীযুক্ত (সপ্পাণক) বর্গ

১. সঞ্চিচ্চ সিক্‌খাপদং

(সজ্ঞান সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৮২. যে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান উদায়ী তীরন্দাজ হওয়ায় কাকেরাও দুঃখিত ও অসন্তুষ্ট হলো। কারণ তিনি কাকগুলোকে অস্ত্রাদি বারংবার নিক্ষেপ করে করে শির ছেদন করে বর্শার উপর পর্যায়ক্রমে গেঁথে রাখতে লাগলেন। অতঃপর ভিক্ষুগণ এরূপ বললেন, "আবুসো, এই কাকগুলো কার দ্বারা জীবিত হত্যা করা হয়েছে?" "আবুসো, আমার দ্বারা হত্যা করা হয়েছে। কারণ, কাক আমার অত্যন্ত অপ্রিয়।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান উদায়ী সজ্ঞানে প্রাণী হত্যা করবেন?" অতঃপর ভিক্ষুগণ আয়ুষ্মান উদায়ীকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান উদায়ীকে জিজ্ঞাসা করলেন, হে উদায়ী, ইহা কি সত্য যে, তুমি নাকি সজ্ঞানে প্রাণী হত্যা করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি সজ্ঞানে প্রাণী হত্যা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

৩৮৩. "যো পন ভিক্খু সঞ্চিচ্চ পাণং জীবিতা বোরোপেয্য পাচিত্তয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সজ্ঞানে প্রাণীহত্যা করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৮৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সঞ্চিচ্চ" বলতে ইহা পাপকর্ম জেনে, বিশেষভাবে জেনে, অবগত হয়ে অথবা অনুধাবন করে বুঝানো হয়েছে।

"পাণো" অর্থে তির্যকজাতীয় পশু-পাখি প্রভৃতি প্রাণীই অভিপ্রেত।

"জীবিতা বোরোপেয্য" বলতে জীবন তথা প্রাণ ধ্বংস করে দিলে বা বধ করলে অথবা জীবন ধারণের জন্য যে সমস্ত জীবিকার প্রয়োজন সে সমস্ত ধ্বংস করে দিলেও পাচিত্তিয় অপরাধ হয়।

৩৮৫. প্রাণীকে প্রাণী ধারণায় হত্যা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। প্রাণীকে 'প্রাণী কি না' সন্দেহবশত হত্যা করলে, দুক্কট অপরাধ হয়। প্রাণীকে অপ্রাণী ধারণায় হত্যা করলে, কোনো অপরাধ হয় না। অপ্রাণীকে প্রাণী ধারণায় দুক্কট অপরাধ হয়। অপ্রাণীকে 'প্রাণী কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অপ্রাণীকে অপ্রাণী ধারণায় কোনো অপরাধ হয় না।

৩৮৬. **অনাপত্তি :** অসজ্ঞানে, প্রমাদবশত, না জানলে, হত্যাচিত্ত না থাকলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সঞ্চিচ্চ প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

২. সপ্পাণক সিক্খাপদং

(প্রাণীযুক্ত সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৮৭. যে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ জেনেশুনে প্রাণীযুক্ত জল পরিভোগ করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ জেনেশুনে প্রাণীযুক্ত জল পরিভোগ করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি জেনেশুনে প্রাণীযুক্ত জল পরিভোগ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা প্রাণীযুক্ত জল পরিভোগ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৮৮. "যো পন ভিক্খু জানং সপ্পাণকং উদকং পরিভুঞ্জেয্য পাচিত্তয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু জেনেশুনে প্রাণীযুক্ত জল পরিভোগ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৮৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" অর্থে নিজে জানা অথবা অন্য কেউ তাকে প্রকাশ করা বুঝায়।

"সপ্পাণকং" বলতে এই জল প্রাণীযুক্ত এবং পরিভোগ করলে মারা যাবে, ইহা জানা থাকা সত্ত্বেও পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৩৯০. প্রাণীযুক্তে প্রাণীযুক্ত ধারণায় পরিভোগ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। প্রাণীযুক্তে 'প্রাণীযুক্ত কি না' সন্দেহবশত পরিভোগ করলে, দুক্কট অপরাধ হয়। প্রাণীযুক্তে প্রাণীমুক্ত ধারণায় পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না। প্রাণীমুক্তে প্রাণীযুক্ত ধারণায় পরিভোগ করলে, দুক্কট অপরাধ হয়। প্রাণীমুক্তে 'প্রাণীযুক্ত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। প্রাণীমুক্তে প্রাণীমুক্ত ধারণায় কোনো অপরাধ হয় না।

৩৯১. **অনাপত্তি :** 'প্রাণীযুক্ত' বলে না জানলে, 'প্রাণীমুক্ত' বলে জানলে, 'পরিভোগে মারা যাবে না' বলে জেনে পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সপ্পাণক দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. উক্কোটন সিক্খাপদং

(মীমাংসিত বিচার পুনঃ উত্থাপন সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৯২. যে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ যথাধর্ম বিনয়ানুশাসন অনুযায়ী

Visit: http://www.buddhistdownload.com

অধিকরণ (বিবাদ) মীমাংসিত হয়েছে জেনেও পুনরায় মীমাংসার জন্য এই বলে উত্থাপন করলেন, "ইহা অবিচার হয়েছে, পুনরায় বিচার করা কর্তব্য; ইহা অমীমাংসিত তথা অন্যায়ভাবে মীমাংসিত হয়েছে তাই পুনঃ মীমাংসিত হওয়া উচিত।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ যথাধর্ম বিনয়ানুশাসন অনুযায়ী অধিকরণ মীমাংসিত হয়েছে জেনেও পুনরায় মীমাংসার জন্যে উত্থাপন করবেন?" অতঃপর সেই ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি যথাধর্ম বিনয়ানুশাসন অনুযায়ী অধিকরণ মীমাংসিত হয়েছে জেনেও পুনরায় মীমাংসার জন্যে উত্থাপন করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা যথাধর্ম বিনয়ানুশাসন অনুযায়ী মীমাংসিত হয়েছে জেনেও পুনরায় মীমাংসার জন্যে উত্থাপন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৯৩. "যো পন ভিক্খু জানং যথাধম্মং নিহতাধিকরণং পুনকম্মায উক্কোটেয্য পাচিত্তয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যথাধর্ম বিনয়ানুশাসন অনুযায়ী অধিকরণ মীমাংসিত হয়েছে জেনেও পুনরায় মীমাংসার জন্য উত্থাপন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৯৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" বলতে নিজে জানা বা অন্য কেউ তাকে প্রকাশ করা অথবা অপরাধী নিজেই প্রকাশ করা বুঝায়।

"যথাধম্মং" অর্থে ধর্ম-বিনয় বা শাস্তানুশাসন অনুযায়ী মীমাংসিত হওয়া— ইহাই যথাধর্ম বুঝায়।

"অধিকরণং" অর্থে চতুর্বিধ অধিকরণ বুঝায়; যথা : বিবাদ-অধিকরণ,

Visit: http://www.buddhistdownload.com

অনুবাদ-অধিকরণ, আপত্তি-অধিকরণ এবং কৃত্য-অধিকরণ[১]।

"পুনকম্মায উক্কোটেয্য" বলতে "ইহা অবিচার করা হয়েছে পুনঃ বিচার করা উচিত। ইহা অমীমাংসিত তথা অন্যায়ভাবে মীমাংসিত হয়েছে; সুতরাং পুনঃ মীমাংসিত হওয়া উচিত।"—এই বলে মীমাংসিত বিষয় উত্থাপন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৩৯৫. ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় উত্থাপন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত উত্থাপন করলে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্মকে ধারণায় উত্থাপন করলে, কোনো অপরাধ হয় না। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে 'অধর্মত কর্ম কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় কোনো অপরাধ হয় না।

৩৯৬. **অনাপত্তি :** 'অধর্মতভাবে বর্গ (দল)কর্তৃক মীমাংসিত' জেনে উত্থাপন করলে, নির্দোষীর নির্দোষিতা প্রদর্শনার্থে উত্থাপন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[উক্কোটন তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৪. দুট্ঠুল্ল সিক্খাপদং

(দুট্ঠুল্লাপত্তি আচ্ছাদন সম্পর্কীয় শিক্ষাপদ)

৩৯৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ সজ্ঞানে শুক্রমোচন আপত্তিগ্রস্ত হয়ে ভ্রাতার সহবিহারী ভিক্ষুকে এই বলে প্রকাশ করলেন, "আবুসো, আমি সজ্ঞানে শুক্রমোচন আপত্তিগ্রস্ত হয়েছি। (অনুগ্রহ করে) আপনি তা কাউকে প্রকাশ করবেন না।"

সে সময়ে অন্যতর ভিক্ষু সজ্ঞানে শুক্রমোচন আপত্তিগ্রস্ত হয়ে সেই আপত্তির জন্য সংঘের নিকট পরিবাস প্রার্থনা করলেন। সুতরাং সংঘ তাকে পরিবাস প্রদান করলেন। সে পারিবাসিক অবস্থায় সেই ভিক্ষুকে দেখে বলল :

"আবুসো, আমি সজ্ঞানে শুক্রমোচন আপত্তিগ্রস্ত হয়ে সংঘের নিকট সেই আপত্তির জন্য পরিবাস প্রার্থনা করেছি। সুতরাং সংঘ আমাকে পরিবাস প্রদান করেছেন। এখন আমি পরিবাসব্রত পালন করছি। আবুসো যাতে জ্ঞাত হন,

---

[১]. বিস্তৃতার্থ পরিশিষ্ট দ্রষ্টব্য।

Visit: http://www.buddhistdownload.com

তাই আমি জ্ঞাত করছি। হে আয়ুষ্মান, আমাকে অবধারণ করুন।"

"আবুসো, অন্য কেউ এই আপত্তিগ্রস্ত হলে তিনিও কি এভাবে প্রকাশ করেন?" "হ্যাঁ, আবুসো" "আবুসো, এই শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ সজ্ঞানে শুক্রমোচন আপত্তিগ্রস্ত হয়ে আমার নিকট এভাবে প্রকাশ করেছেন, আপনি তা কাউকে প্রকাশ করবেন না।" "কিন্তু আবুসো, আপনি কি তা গোপন (আচ্ছাদন) করেছেন?" "হ্যাঁ আবুসো, গোপন করেছি।"

অতঃপর সেই ভিক্ষু অন্যান্য ভিক্ষুগণের নিকট এ কথা সবিস্তারে প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু অন্য ভিক্ষুর দুট্ঠুল্লাপত্তি (পারাজিক-সাংঘাদিসেস) জেনেও তা গোপন করবেন?" অতঃপর ভিক্ষুগণ সে ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি অন্য ভিক্ষুর দুট্ঠুল্লাপত্তি জেনেও তা গোপন করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি অন্য ভিক্ষুর দুট্ঠুল্লাপত্তি জেনেও তা গোপন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৩৯৮. "যো পন ভিক্খু ভিক্খুস্স জানং দুট্ঠুল্লং আপত্তিং পটিচ্ছাদেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষুর দুট্ঠুল্ল আপত্তি সম্পর্কে জেনেও তা আচ্ছাদন তথা গোপন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৩৯৯. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুস্স" বলতে অন্য ভিক্ষুর বুঝায়।

"জানাতি" বলতে নিজে জানা বা অপর কেউ তাকে প্রকাশ করা অথবা অপরাধী নিজেই প্রকাশ করা।

"দুট্ঠুল্লাপত্তি" অর্থে চতুর্বিধ পারাজিকা ও ত্রয়োদশ সাংঘাদিশেষ আপত্তিই অভিপ্রেত।

Visit: http://www.buddhistdownload.com

"পটিচ্ছাদেয্য" বলতে "ইহা জেনে নিন্দা করবে, ভর্ৎসনা করবে, অবজ্ঞা করবে এবং দুঃখিত করবে সুতরাং আমি প্রকাশ করব না" এই ভেবে কার্যভার পরিত্যাগ ক্ষণেই[১] পাচিত্তিয় অপরাধ হয়।

৪০০. দুট্ঠুল্লাপত্তিকে দুট্ঠুল্লাপত্তি ধারণায় গোপন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। দুট্ঠুল্লাপত্তিকে 'দুট্ঠুল্লাপত্তি কি না' সন্দেহবশত গোপন করলে, দুক্কট অপরাধ হয়। দুট্ঠুল্লাপত্তিকে অদুট্ঠুল্লাপত্তি ধারণায় গোপন করলে, দুক্কট অপরাধ হয়। অদুট্ঠুল্লাপত্তি গোপন করলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নের দুট্ঠুল্ল, অদুট্ঠুল্ল অথবা অনাচার গোপন করলে, দুক্কট অপরাধ হয়। অদুট্ঠুল্লাপত্তিকে দুট্ঠুল্লাপত্তি ধারণায় গোপন করলে, দুক্কট অপরাধ হয়। অদুট্ঠুল্লাপত্তিকে 'দুট্ঠুল্লাপত্তি কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অদুট্ঠুল্লাপত্তিকে অদুট্ঠুল্লাপত্তি ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪০১. **অনাপত্তি :** 'সংঘের বাদ-বিবাদ, কলহ, বিগ্রহ হবে' এই ভেবে না বললে, 'সংঘভেদ হবে' এই ভেবে না বললে, 'ইনি অত্যন্ত নির্দয় ও নিষ্ঠুর; জীবনের তথা ব্রহ্মচর্যের অন্তরায় করবে' এই ভেবে না বললে, উপযুক্ত ভিক্ষুর অভাবে না বললে, গোপন অনিচ্ছায় না বললে, 'স্বীয় কর্মে প্রকাশিত হবে' এই ভেবে না বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দুট্ঠুল্ল চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫. ঊনবীসতিবস্‌স সিক্‌খাপদং

(ঊনবিংশতিবর্ষ সম্পর্কীয় শিক্ষাপদ)

৪০২. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দক নিবাপে অবস্থান করছিলেন। তখন রাজগৃহে পরস্পর বন্ধুভাবাপন্ন সতেরজন বালক ছিল। তাদের মধ্যে বালক উপালিই ছিলেন সর্বজ্যেষ্ঠ। অনন্তর একদিন উপালির মাতাপিতার মনে এই চিন্তা উদিত হলো : "কোন উপায়ে উপালি আমাদের অবর্তমানে সুখে জীবনযাপন করতে পারবে এবং কোনো প্রকার কষ্ট পেতে হবে না?" অতঃপর উপালির মাতাপিতার মনে এই চিন্তা উদিত হলো : "উপালি যদি লিখন বিদ্যা শিক্ষা করে; তাহলে উপালি আমাদের অবর্তমানে সুখে জীবনযাপন করতে পারবে এবং কোনো প্রকার কষ্ট পেতে হবে না।"

---

[১]. ধুরং নিক্‌খিত্তমত্তে।

Visit: http://www.buddhistdownload.com

অতঃপর আবার উপালির মাতাপিতার মনে এই চিন্তা উদিত হলো : "উপালি যদি লিখন বিদ্যা শিক্ষা করে, লেখার সময় তার আঙুলগুলো কষ্ট পাবে। সুতরাং উপালি যদি গণনা শিক্ষা করে; তাহলে উপালি আমাদের অবর্তমানেও সুখে জীবনযাপন করতে পারবে এবং কোনো প্রকার কষ্ট পেতে হবে না।"

অনন্তর বালক উপালির মাতাপিতার মনে এই চিন্তা উদিত হলো : "উপালি যদি গণনা শিক্ষা করে, গণনা শিক্ষা করার সময় বহু চিন্তা করতে হয়; তদ্ধেতু হৃদয় কষ্ট পাবে। তার চেয়ে বরং উপালি যদি রূপ (মুদ্রা পরিবর্তন) শিক্ষা করে; তাহলে উপালি আমাদের অবর্তমানেও সুখে জীবন-যাপন করতে পারবে এবং কোন প্রকার কষ্ট পেতে হবে না।" অতঃপর আবার উপালির মাতাপিতার মনে এই চিন্তা উদিত হলো : "উপালি যদি রূপ শিক্ষা করে, রূপের সূত্র শিক্ষা করার সময় মুদ্রাগুলো পুনঃ পুনঃ পরিবর্তন করে দেখতে হয়; তদ্ধেতু চক্ষুদ্বয় কষ্ট পাবে। তার চেয়ে বরং এই শাক্যপুত্রীয় শ্রমণগণ সুখশালী ও সুখে অবস্থানকারী, উৎকৃষ্ট খাদ্য-ভোজ্যাদি ভোজন করে সুকোমল শয্যায় শয়ন করেন। উপালি যদি শাক্যপুত্রীয় শ্রমণগণের নিকট প্রব্রজ্জিত হয়; তাহলে উপালি সুখে জীবনযাপন করতে পারবে এবং কোনো প্রকার কষ্ট পেতে হবে না।"

অতঃপর বালক উপালি মাতাপিতার মধ্যে এমন অন্তরঙ্গ কথোপকথন শুনতে পেল। তারপর বালক উপালি যথায় তার বন্ধু বালকেরা তথায় উপস্থিত হলো; উপস্থিত হয়ে সেই বালকদের বলল, "বন্ধুগণ, এসো আমরা শাক্যপুত্রীয় আর্য শ্রমণগণের নিকট প্রব্রজ্জিত হবো।" তখন বন্ধুরা বলল, "বন্ধু, তুমি যদি প্রব্রজ্জিত হও; তাহলে আমরাও প্রব্রজ্জিত হবো।" অতঃপর সেই বালকেরা প্রত্যেকে যার যার মাতা-পিতার নিকট উপস্থিত হয়ে বলল, "আপনারা আমাকে প্রব্রজ্যা গ্রহণে অনুমতি প্রদান করুন।" তখন সেই বালকদের মাতপিতারা "এই বন্ধুপ্রতীম বালকেরা সকলেই অভিন্ন কল্যাণাভিপ্রায়ী" জেনে সাদরে অনুমতি প্রদান করলেন।

অনন্তর সেই বন্ধুপ্রতীম বালকেরা ভিক্ষুগণের নিকট উপস্থিত হয়ে প্রব্রজ্যা প্রার্থনা করল। ভিক্ষুগণও তাদের প্রব্রজ্যা দিলেন এবং সেই সাথে উপসম্পদাও দিলেন। অতঃপর তারা রাত্রির প্রত্যুষ সময়ে শয্যা হতে উঠে এই বলে রোদন করতে লাগল, "যাগু দাও, ভাত দাও, খাদ্য দাও।" তখন ভিক্ষুগণ এরূপ বললেন, "আবুসো, ভোর হওয়া অবধি অপেক্ষা কর। যদি যাগু থাকে, যাগু পান করিও। যদি ভাত থাকে, ভাত ভোজন করিও। যদি খাদ্য থাকে, খাদ্য খেয়ে নিও। আর যদি যাগু, ভাত, অথবা খাদ্য কিছুই না থাকে; তাহলে

Visit: http://www.buddhistdownload.com

পিণ্ডচারণ করে ভোজন করিও।" ভিক্ষুগণকর্তৃক এভাবে বলা সত্ত্বেও এই বলে পুনঃ পুনঃ রোদন করতে লাগল, "যাগু দাও, ভাত দাও, খাদ্য দাও।" এবং সেই সাথে শয্যায় পায়খানা-প্রস্রাবও করতে লাগল।

অতঃপর ভগবান রাত্রির প্রত্যুষ সময়ে শয্যা হতে উঠে বালকশব্দ শুনতে পেলেন। শুনে আয়ুষ্মান আনন্দকে আহ্বান করে বললেন, "আনন্দ, বালকশব্দ শুনা যাচ্ছে কেন?" তখন আয়ুষ্মান আনন্দ ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন। অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, ভিক্ষুগণ নাকি বিংশতি বৎসরের কম বয়স্ক পুদ্গলকে (ব্যক্তিকে) উপসম্পদা দিচ্ছে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, হে ভিক্ষুগণ, কী হেতু সেই মোঘপুরুষেরা জেনেশুনে বিংশতি বৎসরের কম বয়স্ক পুদ্গলকে উপসম্পদা দিবে? অতঃপর বললেন :

হে ভিক্ষুগণ, বিংশতি বৎসরের কম বয়স্ক পুদ্গল শীত, উষ্ণ, ক্ষুধা-পিপাসা, ডংশ-মশক, বায়ু-তাপ, সর্পাদির দর্শন জ্বালা সহনে অক্ষম; দূরাদূর গমনে, উৎপন্ন শারীরিক দুঃখবেদনা, প্রাণহরী তীব্রখরা ও অনাহুত অপ্রিয় কটুবাক্যাদি সহনে অক্ষম হয়। হে ভিক্ষুগণ, বিংশতি বৎসর বয়স্ক পুদ্গল শীত, উষ্ণ, ক্ষুধা-পিপাসা, ডংশ-মশক, বায়ু-তাপ, সর্পাদির দর্শন জ্বালা সহনে সক্ষম হয়; দূরাদূর গমনে, উৎপন্ন শারীরিক দুঃখবেদনা, প্রাণহরণকারী তীব্রখড়া ও অনাহুত অপ্রিয় কটুবাক্যাদি সহনে সক্ষম হয়। হে ভিক্ষুগণ, এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪০৩. "যো পন ভিক্খু জানং ঊনবীসতি বস্সং পুগ্গলং উপসম্পাদেয্য সো চ পুগ্গলো অনুপসম্পন্নো তে চ ভিক্খূ গারয্হা ইদং তস্মিং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু (উপাধ্যায়) জেনেশুনে বিংশতি বৎসরের কম বয়স্ক পুদ্গলকে উপসম্পদা দান করলে, সেই পুদ্গল অনুপসম্পন্নই থেকে যায় এবং উপসম্পদা দানকারী ভিক্ষুরাও নিন্দিত হয়, এক্ষেত্রে উপাধ্যায়ের পাচিত্তিয় অপরাধ হয়।

৪০৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" বলতে নিজে জানা বা অন্য কেউ তাকে প্রকাশ করা অথবা

Visit: http://www.buddhistdownload.com

অপরাধী নিজেই প্রকাশ করা বুঝায়।

"ঊনবীসতিবস্সো" অর্থে বিংশতি বৎসরের কম বয়স্ক হওয়া। এমন কম বয়স্ক পুদ্গালকে 'উপসম্পদা প্রদান করব' ভেবে গণ (সংঘ), আচার্য, পাত্র-চীবর সন্ধান করলে, দুক্কট অপরাধ হয়। সীমায় সমবেত হলেও দুক্কট অপরাধ হয়। জ্ঞাপ্তি স্থাপনে দুক্কট অপরাধ হয়। দুবার কর্মবাক্য পাঠে দুটি দুক্কট অপরাধ হয়। কর্মবাক্য পাঠ সমাপন ক্ষণেই উপাধ্যায়ের পাচিত্তিয় অপরাধ হয়। আর গণ (উপস্থিত সংঘ) এবং আচার্যের দুক্কট অপরাধ হয়।

৪০৫. ঊনবিংশতি বৎসরে ঊবিংশতি বৎসর ধারণায় উপসম্পদা দানে, পাচিত্তিয় অপরাধ হয়। ঊনবিংশতি বৎসরে 'ঊনবিংশতি বৎসর কি না' সন্দেহবশত উপসম্পদা দানে, দুক্কট অপরাধ হয়। ঊনবিংশতি বৎসরে বিংশতি বৎসর ধারণায় দুক্কট অপরাধ হয়। বিংশতি বৎসরে ঊনবিংশতি বৎসর ধারণায় দুক্কট অপরাধ হয়। বিংশতি বৎসরে 'ঊনবিংশতি বৎসর কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। বিংশতি বৎসরে বিংশতি বৎসর ধারণায় কোনো অপরাধ হয় না।

৪০৬. **অনাপত্তি :** ঊনবিংশতি বৎসর বয়স্ককে বিংশতি বৎসর ধারণায় উপসম্পদা দানে, বিংশতি বৎসর বয়স্ককে বিংশতি বৎসর ধারণায় উপসম্পদা দানে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ঊনবীসতিবস্স পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬. থেয্যসত্থ সিক্খাপদং

(চোর সম্পর্কীয় শিক্ষাপদ)

৪০৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন অন্যতর মরুযাত্রীদল রাজগৃহ হতে পশ্চিমে গমনেচ্ছু হয়েছিলেন। অন্যতর ভিক্ষু সেই লোকদের বললেন, "আমিও আয়ুষ্মানদের সাথে গমন করব।" "ভন্তে, আমরা তো রাজশুল্ক এড়িয়ে চলে যাব।" "আবুসো, তা আপনারা জানেন।"

অতঃপর শুল্ক আদায়কারী কর্মীবৃন্দ শুনতে পেল যে, "মরুযাত্রী দলটি নাকি শুল্ক এড়িয়ে চলে যাবে।" তাই তারা পথিমধ্যে মরুযাত্রী দলকে ধরার জন্য চতুর্দিকে ছড়িয়ে পড়ল। অনন্তর সেই শুল্ক আদায়কারী কর্মীবৃন্দ সেই মরুযাত্রীদলকে আটক করে তাদের সমস্ত কিছু জব্দ করল এবং সেই ভিক্ষুকে

Visit: http://www.buddhistdownload.com

এরূপ বলল, "ভন্তে, আপনি জেনেশুনে চোরের সাথে গমন করছেন কেন?" এভাবে তারা নানাভাবে তাকে জেরা করার পর ছেড়ে দিল।

অনন্তর সেই ভিক্ষু শ্রাবস্তীতে গমনপূর্বক ভিক্ষুদের নিকট এ কথা প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু জেনেশুনে চোরের সাথে পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি জেনেশুনে চোরের সাথে পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি জেনেশুনে চোরের সাথে পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪০৮. "যো পন ভিক্খু জানং থেয্যসত্থেন সদ্ধিং সংবিধায একদ্ধানমগ্গং পটিপজ্জেয্য অন্তমাসো গামন্তরম্পি পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু জেনেশুনে চোরের সাথে পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও পাচিত্তিয় অপরাধ হয়।

৪০৯. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" বলতে নিজে জানা বা অন্য কেউ তাকে প্রকাশ করা অথবা সে নিজেই প্রকাশ করা।

"থেয্যসত্থো" অর্থে চুরি করেছে এমন চোর; এখনো চুরি করেনি কিন্তু করবে এমন চোর; রাজার সম্পত্তি হরণকারী চোর অথবা রাজশুল্ক এড়িয়ে গমনকারী চোর বুঝানো হয়েছে।

"সংবিধায" বলতে তিন প্রকারে পরামর্শ করা বুঝায়; যথা : (১) "আবুসো, আসুন আমরা গমন করি হ্যাঁ, আর্য, চলুন আমরা গমন করি; (২) আর্য, আসুন আমরা গমন করি; হ্যাঁ আবুসো, চলুন আমরা গমন করি; (৩) আমরা অদ্য বা আগামীকাল অথবা পরবর্তী সময়ে গমন করব—এই তিন

Visit: http://www.buddhistdownload.com

প্রকারের মধ্যে যেকোনো এক প্রকারে পরামর্শ বা সংকেত করলে, দুক্কট অপরাধ হয়।

"অন্তমসো গামন্তরম্পি" বলতে মোরগ ডাকার শব্দ শোনা যায় এমন গ্রামে গ্রামান্তরে গ্রামান্তরে পাচিত্তিয় অপরাধ হয়। গ্রাম নয় এমন অরণ্যে প্রতি অর্ধযোজনে অর্ধযোজনে পাচিত্তিয় অপরাধ হয়।

৪১০. চোরকে চোর ধারণায় পরামর্শ করে সুদীর্ঘপথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও পাচিত্তিয় অপরাধ হয়। চোরকে 'চোর কি না' সন্দেহবশত পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও দুক্কট অপরাধ হয়। চোরকে চোর নয় ধারণায় পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও কোনো অপরাধ হয় না। ভিক্ষু সংকেত দিলেও লোকেরা সংকেত না দিলে দুক্কট অপরাধ হয়। চোর নয় এমন লোককে চোর ধারণায় দুক্কট অপরাধ হয়। চোর নয় এমন লোককে 'চোর কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। চোর নয় এমন লোককে চোর নয় ধারণায় কোনো অপরাধ হয় না।

৪১১. **অনাপত্তি :** পরামর্শ বা সংকেত না করে গমন করলে, লোকেরা সংকেত করলেও ভিক্ষু সংকেত না করলে, বিপদে পড়ে গমন করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[থেয্যসত্থ ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৭. সংবিধান সিক্খাপদং

(পরামর্শকরণ সম্পর্কীয় শিক্ষাপদ)

৪১২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন জনৈক ভিক্ষু কোশল জনপদে শ্রাবস্তীর উদ্দেশে গমনকালে অন্যতর গ্রাম দ্বারের নিকট দিয়ে যেতে লাগলেন। সে সময় অন্যতরা স্ত্রী স্বামীর সাথে ঝগড়া করে গ্রাম হতে বেরিয়ে এসে সেই ভিক্ষুকে দেখে বলল, "ভন্তে আর্য, আপনি কোথায় যাবেন?" "ভগিনি, আমি শ্রাবস্তীতে যাব।" "তাহলে আমিও আর্যের সাথে যাব।" "আসতে পার ভগিনি" বলে সেই ভিক্ষু প্রত্যুত্তর দিলেন।

অতঃপর সেই স্ত্রীর স্বামী গ্রাম হতে বেরিয়ে এসে (তথাস্থ) লোকদের জিজ্ঞাসা করল, "বন্ধু, এতাদৃশা এক স্ত্রীলোক দেখেছেন কি?" "বন্ধু, এমন

Visit: http://www.buddhistdownload.com

স্ত্রীলোক তো এক প্রব্রজ্জিতের সাথে যাচ্ছিলেন।" তারপর সেই লোকটি পিছে পিছে গিয়ে সেই ভিক্ষুকে ধরে তীব্র প্রহার করার পর ছেড়ে দিল। তখন সেই ভিক্ষু অন্যতর বৃক্ষমূলে অত্যন্ত দুঃখিত ও অসন্তুষ্ট হয়ে বসে পড়লেন। অতঃপর সেই স্ত্রী তার স্বামীকে বলল, "সেই ভিক্ষু আমাকে মোটেই নষ্ট করেননি; বরঞ্চ আমিই স্বেচ্ছায় সেই ভিক্ষুর সাথে গমন করছি। সেই ভিক্ষু একদম নির্দোষী; তাই তাঁর নিকট ক্ষমা চেয়ে নাও।" তখন সেই লোকটি সেই ভিক্ষুর নিকট ক্ষমা প্রার্থনা করল। অনন্তর সেই ভিক্ষু শ্রাবস্তীতে গমনপূর্বক ভিক্ষুদের নিকট এ কথা প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু মনুষ্যস্ত্রীর সাথে পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করবেন? অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি মনুষ্যস্ত্রীর সাথে পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি মনুষ্যস্ত্রীর সাথে পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪১৩. "যো পন ভিক্খু মাতুগামেন সদ্ধিং সংবিধায একদ্ধানমগ্গং পটিপজ্জেয্য অন্তমাসো গামন্তরম্পি পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু মনুষ্যস্ত্রীর সাথে পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও পাচিত্তিয় অপরাধ হয়।

৪১৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"মাতুগামো" অর্থে সুভাষিত-দুর্ভাষিত ও দুট্ঠুল্লাদুট্ঠুল্ল সম্পর্কে জানতে বুঝতে সক্ষম এমন সুদক্ষা ও জ্ঞানবতী মনুষ্যস্ত্রীই অভিপ্রেত। যক্ষিনী, প্রেত্নী, অথবা তির্যকজাতীয়া স্ত্রী নয়।

"সদ্ধিং" বলতে একত্রে বা একই সাথে।

"সংবিধায" বলতে তিন প্রকারে পরামর্শ করা বুঝায়; যথা :

Visit: http://www.buddhistdownload.com

(১) "আবুসো, আসুন আমরা গমন করি, হ্যাঁ আর্য, চলুন আমরা গমন করি; (২) আর্য, আসুন আমরা গমন করি, হ্যাঁ আবুসো, চলুন আমরা গমন করি; (৩) আমরা অদ্য বা আগামীকাল অথবা পরবর্তী সময়ে গমন করব—এই তিন প্রকারের মধ্যে যেকোনো এক প্রকারে পরামর্শ বা সংকেত করলে, দুক্কট অপরাধ হয়।

"অন্তমসো গামন্তরম্পি" বলতে মোরগ ডাকার শব্দ শোনা যায় এমন গ্রামে প্রতি গ্রামান্তরে গ্রামান্তরে পাচিত্তিয় অপরাধ হয়। গ্রাম নয় এমন অরণ্যে প্রতি অর্ধযোজনে অর্ধযোজনে পাচিত্তিয় অপরাধ হয়।

৪১৫. মনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণায় পরামর্শ করে সুদীর্ঘপথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে 'মনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও পাচিত্তিয় অপরাধ হয়। মনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় পরামর্শ করে সুদীর্ঘ পথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও পাচিত্তিয় অপরাধ হয়।

ভিক্ষু পরামর্শ করলেও মনুষ্যস্ত্রী পরামর্শ না করলে, দুক্কট অপরাধ হয়। যক্ষিনী, প্রেত্নী, পণ্ডকী বা তির্যকজাতীয়া স্ত্রীর সাথে পরামর্শ করে সুদীর্ঘপথ গমন করলে, এমনকি গ্রামান্তরে গেলেও দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে মনুষ্যস্ত্রী ধারণায় দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে 'অমনুষ্যস্ত্রী কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অমনুষ্যস্ত্রীকে অমনুষ্যস্ত্রী ধারণায় কোনো অপরাধ হয় না।

৪১৬. **অনাপত্তি :** পরামর্শ বা সংকেত না করে গমন করলে, মনুষ্যস্ত্রী সংকেত করলেও ভিক্ষু সংকেত না করলে, বিপদে পড়ে গমন করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সংবিধান সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৮. অরিট্‌ঠ সিক্‌খাপদং

(অরিষ্ট সম্পর্কীয় শিক্ষাপদ)

৪১৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন গদ্ধবাধিপূব্ব অরিষ্ট ভিক্ষুর এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হলো : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক

Visit: http://www.buddhistdownload.com

ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।" অতঃপর বহুসংখ্যক ভিক্ষু শুনতে পেলেন যে, গদ্ধবাধিপূব্ব অরিষ্ট ভিক্ষুর নাকি এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।"

অতঃপর ভিক্ষুগণ যথায় গদ্ধবাধিপূব্ব অরিষ্ট ভিক্ষু তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে গদ্ধবাধিপূব্ব অরিষ্ট ভিক্ষুকে এরূপ বললেন, "আবুসো, ইহা কি সত্য যে, তোমার নাকি এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোন অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না?" "হ্যাঁ আবুসো, আমি ভগবানকর্তৃক দেশিত ধর্ম এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।"

"না, আবুসো অরিষ্ট, এরূপ বলবেন না। ভগবানকে অবজ্ঞা করবেন না। ভগবানকে অবজ্ঞা করা মোটেই সাধু (উত্তম) কাজ নয়। ভগবান কখনো এরূপ বলেন না। আবুসো অরিষ্ট, ভগবানকর্তৃক অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক ব্যাখ্যাত হয়েছে। সত্যই সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর অন্তরায় উৎপাদনে সমর্থ। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অল্পস্বাদযুক্ত কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অস্থি কংকালতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক বাখ্যাত হয়েছে যে, মাংসপেশীতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অগ্নিশিখাতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, কয়লাখনিতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, স্বপ্নতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, ঋণদ্রব্যতুল্য কাম ইহ জীবনেই দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, বৃক্ষফলতুল্য কাম ইহ জীবনেই

Visit: http://www.buddhistdownload.com

বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, কসাইখানাতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, বল্লমের শূল বা দণ্ডতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, সর্পশিরতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল।"

সেই ভিক্ষুগণকর্তৃক এভাবে বলা হলে, তথাপি গদ্ধবাধিপূব্ব অরিষ্ট ভিক্ষু পূর্বের ন্যায় সেই পাপদৃষ্টি বেশ দৃঢ়তার সাথে এবং অনমনীয়ভাবে প্রকাশ করল, "না, আবুসো, আমি ভগবানকর্তৃক দেশিত ধর্ম এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো'' অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।" সেই ভিক্ষুগণ গদ্ধবাধিপূব্ব অরিষ্ট ভিক্ষুর এই পাপদৃষ্টি দূর করতে সমর্থ হলেন না। সুতরাং সেই ভিক্ষুগণ যথায় ভগবান তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে এ কথা সবিস্তারে জানালেন।

অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে গদ্ধবাধিপূব্ব অরিষ্ট ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, "হে অরিষ্ট, ইহা কি সত্য যে, তোমার নাকি এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না?" "হ্যাঁ, প্রভু, ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।"

হে মোঘপুরুষ, কী হেতু তুমি আমার দ্বারা দেশিত ধর্ম এরূপ জেনেছ? মোঘপুরুষ, আমার দ্বারা অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক বলে ব্যাখ্যাত হয়েছে। সত্যই সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর অন্তরায় উৎপাদনে সমর্থ। আমার দ্বারা ব্যাখ্যাত হয়েছে যে, ... বহুদুঃখ প্রদায়ী, বহুউপায়াস প্রদায়ী এবং দোষবহুল। হে মোঘপুরুষ, অথচ তুমি নিজের ভ্রান্ত ধারণাবশত আমাদের অবজ্ঞা করছ। নিজেকে ধ্বংসের দিকে ধাবিত করছ। এবং সেই সাথে বহু অপুণ্য প্রসব করছ। তদ্ধেতু হে মোঘপুরুষ, তা-ই তোমার দীর্ঘকাল অহিত ও দুঃখের কারণ হবে। এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়;

Visit: http://www.buddhistdownload.com

উপরন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪১৮. "যো পন ভিক্খু এবং বদেয্য—তথাহং ভগবতা ধম্মং দেসিতং আজানামি, যথা যেমে অন্তরাযিকা ধম্মা বুত্তা ভগবতা তে পটিসেবতো নালং অন্তরাযাতি সো ভিক্খু ভিক্খূহি এবমস্স বচনীযো—মাযস্মা এবং অবচ মা ভগবন্তং অব্ভাচিক্খি ন হি সাধু ভগবতো অব্ভক্খানং ন হি ভগবা এবং বদেয্য অনেকপরিযাযেনাবুসো অন্তরাযিকা ধম্মা অন্তরাযিকা বুত্তা ভগবতা অলঞ্চ পন তে পটিসেবতো অন্তরাযাযাতি। এবঞ্চ সো ভিক্খু ভিক্খূহি বুচ্চমানো তথেব পগ্গণ্হেয্য সো ভিক্খু ভিক্খূহি যাবততিযং সমনুভাসিতব্বো তস্স পটিনিস্সগ্গায। যাবততিযঞ্চে সমনুভাসিযমানো তং পটিনিস্সজ্জেয্য ইচ্চেতং কুসলং নো চে পটিনিস্সজ্জেয্য পাচিত্তিযন্তি।"

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যদি এরূপ বলে : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।" তখন ভিক্ষুগণকর্তৃক সেই ভিক্ষুকে এরূপ বলা উচিত : "না, আবুসো, এরূপ বলবেন না। ভগবানকে অবজ্ঞা করবেন না। ভগবানকে অবজ্ঞা করা মোটেই সাধু কাজ নয়। ভগবান কখনও এরূপ বলেন না। আবুসো, ভগবানকর্তৃক অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক বলে ব্যাখ্যাত হয়েছে। সত্যই সেই অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায় উৎপাদনে সমর্থ।" সেই ভিক্ষু অন্যান্য ভিক্ষুগণকর্তৃক এরূপ বলা সত্ত্বেও পূর্ববৎ সেই পাপদৃষ্টি ধরে থাকলে পুনরায় ভিক্ষুগণকর্তৃক সেই ভিক্ষুকে তিনবার পর্যন্ত তা পরিত্যাগের জন্যে 'সমনুভাষণ' দান কর্তব্য। তিনবার সমনুভাষণ দান করার পর যদি পরিত্যাগ করে কুশল (ভালো); আর ত্যাগ না করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪১৯. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"এবং বদেয্য" বলতে "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।"

"সো ভিক্খু" বলতে যেই ভিক্ষু উপরোক্তভাবে বলেন, সেই ভিক্ষুই

Visit: http://www.buddhistdownload.com

অভিপ্রেত।

"ভিক্খূহি" বলতে অন্যান্য ভিক্ষুগণকর্তৃক অর্থাৎ যেই ভিক্ষুগণ দেখেছেন ও শুনেছেন সেই ভিক্ষুগণকর্তৃক এরূপ বলা কর্তব্য : "না, আয়ুষ্মান, এরূপ বলবেন না। ভগবানকে অবজ্ঞা করবেন না। ভগবানকে অবজ্ঞা করা মোটেই সাধু (উত্তম) কাজ নয়। ভগবান কখনো এরূপ বলেন না। আবুসো, ভগবানকর্তৃক অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক বলে ব্যাখ্যাত হয়েছে। সত্যই সেই অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায় উৎপাদনে সমর্থ।" দ্বিতীয়বার এবং তৃতীয়বার এভাবে বলতে হবে। যদি পরিত্যাগ করে ভালো; আর পরিত্যাগ না করলে দুক্কট অপরাধ হয়। কোনো ভিক্ষু তা শোনার পর উপরোক্তভাবে না বললে, তারও দুক্কট অপরাধ হয়। সেই ভিক্ষুকে সংঘমধ্যে ডেকে বলা উচিত : "না, আয়ুষ্মান, এরূপ বলবেন না। ভগবানকে অবজ্ঞা করবেন না। ভগবানকে অবজ্ঞা করা মোটেই সাধু কাজ নয়। ভগবান কখনো এরূপ বলেন না। আবুসো, ভগবানকর্তৃক অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক বলে ব্যাখ্যাত হয়েছে। সত্যই সেই অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায় উৎপাদন করতে সমর্থ।" দ্বিতীয়বার এবং তৃতীয়বার এভাবে বলতে হবে। যদি পরিত্যাগ করে ভালো; আর পরিত্যাগ না করলে, দুক্কট অপরাধ হয়। সেই ভিক্ষুকে 'সমনুভাষণ' দেওয়া কর্তব্য। হে ভিক্ষুগণ, এভাবে 'সমনুভাষণ' দিতে হবে। দক্ষ ও সমর্থ ভিক্ষুকর্তৃক এভাবে সংঘকে জ্ঞাত করাতে হবে :

৪২০. ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। অমুক ভিক্ষুর এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদন করতে সমর্থ হয় না।" সেই ভিক্ষু তার সেই পাপদৃষ্টি পরিত্যাগ করছে না। যদি সংঘের উপযুক্ত সময় বোধ হয়, তাহলে সংঘ অমুক ভিক্ষুকে তার সেই পাপদৃষ্টি পরিত্যাগে সমনুভাষণ দিতে পারেন। ইহাই জ্ঞাপ্তি।

ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। অমুক ভিক্ষুর এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।" সেই ভিক্ষু তার সেই পাপদৃষ্টি পরিত্যাগ করছে না। তাই সংঘ অমুক ভিক্ষুকে তার সেই পাপদৃষ্টি পরিত্যাগের জন্যে সমনুভাষণ দিচ্ছেন। যেই আয়ুষ্মান অমুক

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষুকে তার পাপদৃষ্টি পরিত্যাগের জন্যে সমনুভাষণ দান করা সমর্থন করেন, তিনি নীরব থাকবেন। আর যিনি সমর্থন করেন না, তিনি তার বক্তব্য ভাষায় প্রকাশ করতে পারেন।

দ্বিতীয়বার এবং তৃতীয়বারেও এরূপ বলছি, ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। অমুক ভিক্ষুর এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।" সেই ভিক্ষু তার সেই পাপদৃষ্টি পরিত্যাগ করছে না। তাই সংঘ অমুক ভিক্ষুকে তার সেই পাপদৃষ্টি পরিত্যাগের জন্যে সমনুভাষণ দিচ্ছেন। যেই আয়ুষ্মান অমুক ভিক্ষুকে তার পাপদৃষ্টি পরিত্যাগের জন্যে সমনুভাষণ দান করা সমর্থন করেন, তিনি নীরব থাকবেন। আর যিনি সমর্থন করেন না, তিনি তার বক্তব্য ভাষায় প্রকাশ করতে পারেন।

"সংঘকর্তৃক অমুক ভিক্ষু তার সেই পাপদৃষ্টি পরিত্যাগের জন্যে সমনুভাষিত হয়েছেন। এতে সমগ্র সংঘ সমর্থন করেন বিধায় নীরব রয়েছেন, আমি এরূপ ধারণা করছি।"

এখানে জ্ঞাপ্তি স্থাপন করা হলে, সেই ভিক্ষুর দুক্কট অপরাধ হয়। দুবার কর্মবাক্য পাঠ শেষ হলে, দুক্কট অপরাধ হয়। তৃতীয়বার কর্মবাক্য পাঠ শেষ হলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪২১. ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় পরিত্যাগ না করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত পরিত্যাগ না করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় পরিত্যাগ না করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪২২. **অনাপত্তি :** সমনুভাষণ দেওয়া না হলে এবং পরিত্যাগকারীর, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অরিট্‌ঠ অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৯. উক্খিত্তসম্ভোগ সিক্খাপদং

(উৎক্ষিপ্ত সম্ভোগ সম্পর্কীয় শিক্ষাপদ)

৪২৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ জেনেশুনে সংঘকর্তৃক উৎক্ষিপ্ত দণ্ডকর্ম[১] প্রাপ্ত হয়ে সংঘমধ্যে পুনঃ অগৃহীত বা অপ্রবিষ্ট, পাপদৃষ্টি অপরিত্যাগী, তথাবাদী অরিষ্ট ভিক্ষুর সাথে সম্ভোগ করতে লাগলেন, সংবাস (সংঘকর্ম) করতে লাগলেন এবং একই চালের নিচে শয়ন করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ জেনেশুনে সংঘকর্তৃক উৎক্ষিপ্ত দণ্ডকর্ম প্রাপ্ত হয়ে সংঘমধ্যে পুনঃ অগ্রহীত বা অপ্রবিষ্ট, পাপদৃষ্টি অপরিত্যাগী, তথাবাদী অরিষ্ট ভিক্ষুর সাথে সম্ভোগ করবেন, সংবাস করবেন এবং একই চালের নিচে শয়ন করবেন?" অতঃপর তাঁরা সেই ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি জেনেশুনে সংঘকর্তৃক উৎক্ষিপ্ত দণ্ডকর্ম প্রাপ্ত হয়ে সংঘমধ্যে পুনঃ অগৃহীত বা অপ্রবিষ্ট, পাপদৃষ্টি অপরিত্যাগকারী, তথাবাদী অরিষ্ট ভিক্ষুর সাথে সম্ভোগ করছ, সংবাস করছ এবং একই চালের নিচে শয়ন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা জেনেশুনে সংঘকর্তৃক উৎক্ষিপ্ত দণ্ডকর্ম প্রাপ্ত হয়ে সংঘমধ্যে পুনঃ অগৃহীত বা অপ্রবিষ্ট, পাপদৃষ্টি অপরিত্যাগকারী, তথাবাদী অরিষ্ট ভিক্ষুর সাথে সম্ভোগ করবে, সংবাস করবে এবং একই চালের নিচে শয়ন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪২৪. "যো পন ভিক্খু জানং তথাবাদিনা ভিক্খুনা অকটানুধম্মেন তং দিট্ঠিং অপ্পটিনিস্সট্ঠেন সদ্ধিং সম্ভুঞ্জেয্য বা সংবাসেয্য বা সহ বা সেয্যং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু জেনেশুনে সংঘকর্তৃক বিনয়বিধি মোতাবেক

---

[১]. চুল্লবর্গ দ্রষ্টব্য।

Visit: http://www.buddhistdownload.com

উৎক্ষিপ্ত দণ্ডকর্ম প্রাপ্ত হয়ে সংঘমধ্যে অগৃহীত বা অপ্রবিষ্ট, পাপদৃষ্টি অপরিত্যাগকারী, তথাবাদী ভিক্ষুর সাথে সম্ভোগ করলে, সংবাস করলে বা একই চালের নিচে শয়ন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪২৫. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" অর্থে নিজে জানা বা অন্য কেউ তাকে প্রকাশ করা অথবা সে নিজেই তাকে প্রকাশ করা।

"তথাবাদিনা" বলতে "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।' এরূপ মতবাদীকেই তথাবাদী বুঝানো হয়েছে।

"অকটানুধম্মো" অর্থে সংঘকর্তৃক উৎক্ষিপ্ত দণ্ডকর্ম প্রাপ্ত হয়ে সংঘমধ্যে পুনঃ অগৃহীত বা অপ্রবিষ্ট বুঝায়।

"তং দিট্ঠিং অপ্পটিনিস্সট্ঠেন সদ্ধিং" বলতে এতাদৃশ পাপদৃষ্টি বা কুমতলব অপরিত্যাগী ভিক্ষুর সাথে বুঝায়।

"সম্ভুঞ্জেয্য বা" বলতে দ্বিবিধ সম্ভোগ বুঝায়; যথা : আমিষসম্ভোগ এবং ধর্মসম্ভোগ। এস্থলে আমিষসম্ভোগ বলতে আমিষ বা ভোগবস্তু দিলে বা প্রতিগ্রহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মসম্ভোগ বলতে নিজে ধর্মশিক্ষা দিলে বা অপরের দ্বারা ধর্মশিক্ষা দেয়ালে অথবা পদ দ্বারা নিজে ধর্ম শিক্ষা দিলে বা অপরের দ্বারা দেয়ালে, প্রতি পদে পদে পাচিত্তিয় অপরাধ হয়। অক্ষর দ্বারা নিজে ধর্ম শিক্ষা দিলে বা অপরের দ্বারা দেয়ালে, প্রতি অক্ষরে অক্ষরে পাচিত্তিয় অপরাধ হয়।

"সংবাসেয্য বা" বলতে উৎক্ষিপ্ত দণ্ডকর্মপ্রাপ্ত ভিক্ষুর সাথে উপোসথ, প্রবারণা অথবা বিবিধ সংঘকর্মাদি করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"সহ বা সেয্যং কপ্পেয্য" বলতে একই চালের নিচে উৎক্ষিপ্ত দণ্ডকর্মপ্রাপ্ত ভিক্ষু শায়িত অবস্থায় অনুৎক্ষিপ্ত ভিক্ষু শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অনুৎক্ষিপ্ত ভিক্ষু শায়িত অবস্থায় উৎক্ষিপ্ত ভিক্ষু শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উভয়েই একত্রে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। শয্যা হতে উঠে পুনঃ পুনঃ শয়ন করলেও পাচিত্তিয় অপরাধ হয়।

৪২৬. উৎক্ষিপ্তকে উৎক্ষিপ্ত ধারণায় সম্ভোগ করলে, সংবাস করলে অথবা একই চালের নিচে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উৎক্ষিপ্তকে 'উৎক্ষিপ্ত

Visit: http://www.buddhistdownload.com

কি না' সন্দেহবশত সম্ভোগ করলে, সংবাস করলে অথবা একই চালের নিচে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উৎক্ষিপ্তকে অনুৎক্ষিপ্ত ধারণায় সম্ভোগ করলে, সংবাস করলে অথবা একই চালের নিচে শয়ন করলে, কোনো অপরাধ হয় না। অনুৎক্ষিপ্তকে উৎক্ষিপ্ত ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুৎক্ষিপ্তকে 'উৎক্ষিপ্ত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুৎক্ষিপ্তকে অনুৎক্ষিপ্ত ধারণায় কোনো অপরাধ হয় না।

৪২৭. **অনাপত্তি :** অনুৎক্ষিপ্ত বলে জানলে, উৎক্ষিপ্ত হলেও সংঘমধ্যে পুনঃ গৃহীত বা প্রবিষ্ট হয়েছেন বলে জানলে, উৎক্ষিপ্ত পাপদৃষ্টিত্যাগী বলে জানলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[উক্খিত্তসম্ভোগ নবম শিক্ষাপদ সমাপ্ত]

১০. কণ্টক সিক্খাপদং

(কণ্টক সম্পর্কীয় শিক্ষাপদ)

৪২৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন কণ্টক নামক শ্রামণের এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হলো : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।" অতঃপর বহুসংখ্যক ভিক্ষু শুনতে পেলেন যে, কণ্টক নামক শ্রামণের নাকি এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।"

অতঃপর ভিক্ষুগণ যথায় কণ্টক শ্রামণের তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে কণ্টক শ্রামণেরকে এরূপ বললেন, আবুসো কণ্টক, ইহা কি সত্য যে, তোমার নাকি এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।"

"না, আবুসো কণ্টক, এরূপ বলিও না। ভগবানকে অবজ্ঞা করিও না।

Visit: http://www.buddhistdownload.com

ভগবানকে অবজ্ঞা করা মোটেই সাধু কাজ নয়। ভগবান কখনো এরূপ বলেন না। আবুসো কণ্টক, ভগবানকর্তৃক অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক বলে ব্যাখ্যাত হয়েছে। সত্যই সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর অন্তরায় উৎপাদনে সমর্থ। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অল্পস্বাদযুক্ত কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অস্থিকংকালতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক বাখ্যাত হয়েছে যে, মাংসাপেশীতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অগ্নিশিখাতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, কয়লাখনিতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, স্বপ্নতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, ঋণদ্রব্যতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, বৃক্ষফলতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, কসাইখানাতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, বল্লমের শূল বা দণ্ডতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। ভগবানকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, সর্পশিরতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল।"

সেই ভিক্ষুগণকর্তৃক এভাবে বলা হলেও কণ্টক শ্রামণের পূর্ববৎ সেই পাপদৃষ্টি বেশ দৃঢ়তার সাথে এবং অনমনীয়ভাবে এই বলে প্রকাশ করল : "হ্যাঁ ভন্তে, ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।" সেই ভিক্ষুগণ যেহেতু কণ্টক শ্রামণের এতাদৃশ পাপদৃষ্টি দূর করতে সমর্থ হলেন না। তদ্ধেতু সেই ভিক্ষুগণ যথায় ভগবান তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে কণ্টক শ্রামণেরকে জিজ্ঞাসা করলেন, "হে কণ্টক, ইহা কি সত্য যে, তোমার

Visit: http://www.buddhistdownload.com

নাকি এরূপ পাপদৃষ্টি উৎপন্ন হয়েছে : "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না?" "হ্যাঁ, প্রভু, ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।"

হে মোঘপুরুষ, কী হেতু তুমি মৎকর্তৃক দেশিত ধর্ম এরূপ জেনেছ? মোঘপুরুষ, মৎকর্তৃক অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক বলে ব্যাখ্যাত হয়েছে। সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর অন্তরায় উৎপাদনে সমর্থ নয় কি? মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অল্পস্বাদযুক্ত কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অস্থিকংকাল তুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, মাংসপেশীতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, অগ্নিশিখাতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, কয়লাখনিতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, স্বপ্নতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, ঋণদ্রব্য তুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, বৃক্ষফলতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, কসাইখানাতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, বল্লমের শূল বা দণ্ডতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল। মৎকর্তৃক ব্যাখ্যাত হয়েছে যে, সর্পশিরতুল্য কাম ইহ জীবনেই বহু দুঃখপ্রদায়ী, বহু উপায়াসপ্রদায়ী এবং দোষবহুল।

হে মোঘপুরুষ, অথচ তুমি নিজের ভ্রান্ত ধারণার বশবর্তী হয়ে আমাদের অবজ্ঞা করছ। নিজেকে ধ্বংসের দিকে ধাবিত করছ এবং সেই সাথে বহু অপুণ্য প্রসব করছ। মোঘপুরুষ, তা-ই তোমার দীর্ঘকাল অহিত ও দুঃখের কারণ হবে। মোঘপুরুষ, এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন

Visit: http://www.buddhistdownload.com

এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু অপ্রসন্নদের অপ্রসন্নতা উৎপাদন এবং কোনো কোনো প্রসন্নদের অন্যথাভাব আনয়ন করবে। ভগবান এভাবে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ধর্মকথা উত্থাপনপূর্বক ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, তাহলে সংঘ কণ্টক শ্রামণেরকে নাশিত করুক। ভিক্ষুগণ, এভাবে নাশিত করতে হবে : আবুসো কণ্টক, অদ্য হতে ইনিই তোমার সেই ভগবান শাস্তা এরূপ বলবে না। অন্যান্য শ্রামণেরগণ যেমন ভিক্ষুগণের সাথে দু-তিন রাত্রি একই চালের নিচে শয়ন করতে পারে, তেমন সুযোগ আর তুমি পাবে না। তুমি এখান হতে চলে যাও। আমাদের হতে পৃথক হয়েছ। তুমি বিনষ্ট হয়েছ। অতঃপর সংঘ উপরোক্তভাবে কণ্টক শ্রামণেরকে নাশিত করলেন।

সে সময়ে ষড়বর্গীয় ভিক্ষুগণ জেনেশুনে উপর্যুক্তভাবে নাশিত কণ্টক শ্রামণেরকে পাত্র-চীবরাদি ও শিক্ষণীয় বিষয়ে শিক্ষা দিব বলে কথা বলতে লাগলেন, তার চূর্ণ-দন্তকাষ্ঠাদি গ্রহণ করতে লাগলেন, সম্ভোগ করতে লাগলেন এবং একই চালের নিচে শয়ন করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ জেনেশুনে উপর্যুক্তভাবে নাশিত কণ্টক শ্রামণেরকে পাত্র-চীবরাদি ও শিক্ষণীয় বিষয়ে শিক্ষা দিব বলে কথা বলবে, তার চূর্ণ-দন্তকাষ্ঠাদি গ্রহণ করবে, সম্ভোগ করবে এবং একই চালের নিচে শয়ন করবে?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি জেনেশুনে উপর্যুভাবে নাশিত কণ্টক শ্রামণেরকে পাত্র-চীবরাদি ও শিক্ষণীয় বিষয়ে শিক্ষা দিব বলে কথা বলছ, তার চূর্ণ-দন্তকাষ্ঠাদি গ্রহণ করছ, সম্ভোগ করছ এবং একই চালের নিচে শয়ন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা জেনেশুনে উপর্যুক্তভাবে নাশিত কণ্টক শ্রামণেরকে পাত্র-চীবরাদি ও শিক্ষণীয় বিষয়ে শিক্ষা দিব বলে কথা বলবে, তার চূর্ণ-দন্তকাষ্ঠাদি গ্রহণ করবে, সম্ভোগ করবে এবং একই চালের নিচে শয়ন করবে? মোঘপুরুষেরা, এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

৪২৯. "সমণুদ্দেসোপি চে এবং বদেয্য—তথাহং ভগবতা ধম্মং দেসিতং আজানামি, যথা যেমে অন্তরাযিকা ধম্মা বুত্তা ভগবতা তে পটিসেবতো নালং অন্তরাযাতি সো সমণুদ্দেসো ভিক্খূহি এবমস্স বচনীযো—"মাবুসো সমণুদ্দেস এবং অবচ মা ভগবন্তং অব্ভাচিক্খি ন হি সাধু ভগবতো অব্ভক্খানং ন হি ভগবা এবং বদেয্য। অনেকপরিযাযেনাবুসো সমণুদ্দেস অন্তরাযিকা ধম্মা অন্তরাযিকা বুত্তা ভগবতা অলঞ্চ পন তে পটিসেবতো অন্তরাযাযাতি। এবঞ্চ সো সমণুদ্দেসো ভিক্খূহি বুচ্চমানো তথেব পগ্গণ্হেয্য সো সমণুদ্দেসো ভিক্খূহি এবমস্স বচনীযো—"অজ্জতগ্গে তে আবুসো সমণুদ্দেস ন চেব সো ভগবা সত্থ অপদিসিতব্বো। যম্পি চঞ্ঞেঞ সমণুদ্দেসা লভন্তি ভিক্খূহি সদ্ধিং দিরত্তিতিরত্তং সহসেয্যং সাপি তে নত্থি। চর পিরে বিনস্সাতি। যো উপট্ঠাপেয্য বা সম্ভুঞ্জেয্য বা সহ বা সেয্যং কপ্পেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : যদি কোন শ্রামণের (সমণুদ্দেসো) এরূপ বলে : 'ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।" তখন অন্যান্য ভিক্ষুগণকর্তৃক সেই শ্রামণেরকে এরূপ বলা উচিত : 'না, আবুসো শ্রামণের, এরূপ বলিও না। ভগবানকে অবজ্ঞা করিও না। ভগবানকে অবজ্ঞা করা মোটেই সাধু কাজ নয়। ভগবান কখনো এরূপ বলেন না। আবুসো শ্রামণের, ভগবানকর্তৃক অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক বলে ব্যাখ্যাত হয়েছে। সত্যই সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর অন্তরায় উৎপাদনে সমর্থ।' অন্যান্য ভিক্ষুগণকর্তৃক সেই শ্রামণেরকে এরূপ বলা হলেও পূর্ববৎ সেই পাপদৃষ্টি ধরে থাকলে, সেই শ্রামণেরকে অন্যান্য ভিক্ষুগণকর্তৃক এরূপ বলা উচিত : "আবুসো শ্রামণের, অদ্য হতে ইনিই তোমার সেই ভগবান শাস্তা এরূপ বলবেন না। অন্যান্য শ্রামণেরগণ যেমন ভিক্ষুগণের সাথে দু-তিন রাত্রি একই চালের নিচে শয়ন করতে পারে, তেমন সুযোগ আর তুমি পাবে না। তুমি এখান হতে চলে যাও। আমাদের হতে পৃথক হয়েছ। তুমি বিনষ্ট হয়েছ।" যেকোনো ভিক্ষু জেনেশুনে তাদৃশ নাশিত শ্রামণেরকে পাত্র-চীবরাদি ও তার চূর্ণ-দন্তকাষ্ঠাদি গ্রহণ করলে, সম্ভোগ করলে, এবং একই চালের নিচে শয়ন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৩০. "সমণুদ্দেসো" অর্থে শ্রামণের বলা হয়েছে।

"এবং বদেয্য" বলতে "ভগবানকর্তৃক দেশিত ধর্ম আমি এভাবেই জানি; যেমন : ভগবানকর্তৃক যেই অন্তরায়জনক ধর্মসমূহ ব্যাখ্যাত হয়েছে, সেই

Visit: http://www.buddhistdownload.com

অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর কোনো অন্তরায় উৎপাদনে সমর্থ হয় না।"

"সো সমনুদ্দেসো" বলতে যিনি এরূপবাদী শ্রামণের।

"ভিক্খূহি" বলতে অন্যান্য ভিক্ষুগণকর্তৃক অর্থাৎ যারা দেখেছেন বা শুনেছেন, সেই ভিক্ষুগণকর্তৃক এরূপ বলা কর্তব্য : "না, আবুসো শ্রামণের, এরূপ বলিও না। ভগবানকে অবজ্ঞা করিও না। ভগবানকে অবজ্ঞা করা মোটেই সাধু কাজ নয়। ভগবান কখনো এরূপ বলেন না। আবুসো শ্রামণের, ভগবানকর্তৃক অনেক প্রকারে অন্তরায়জনক ধর্মসমূহ অন্তরায়জনক বলে ব্যাখ্যাত হয়েছে। সত্যই সেই অন্তরায়জনক ধর্মসমূহ প্রতিসেবনকারীর অন্তরায় উৎপাদনে সমর্থ।" দ্বিতীয়বার এবং তৃতীয়বারও এভাবে বলতে হবে। যদি পরিত্যাগ করে ভালো, আর পরিত্যাগ না করলে, তখন সেই শ্রামণেরকে ভিক্ষুগণকর্তৃক এরূপ বলা উচিত : "আবুসো শ্রামণের, অদ্য হতে ইনিই তোমার সেই ভগবান শাস্তা এরূপ বলবে না। অন্যান্য শ্রামণেরগণ যেমন ভিক্ষুগণের সাথে দু-তিন রাত্রি একচালের নিচে শয়ন করতে পারে, তেমন সুযোগ আর তুমি পাবে না। তুমি এখান হতে চলে যাও। আমাদের হতে পৃথক হয়েছ। তুমি বিনষ্ট হয়েছ।"

"যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" বলতে নিজে জানা বা অন্য কেউ তাকে প্রকাশ করা অথবা সে নিজেই প্রকাশ করা।

"তথানাসিতং" বলতে উপর্যুক্তভাবে নাশিতকে বুঝায়।

"উপলাপেয্য বা" বলতে তাকে পাত্র-চীবরাদি ও শিক্ষণীয় বিষয়ে শিক্ষা অথবা প্রশ্নোত্তর দিব বলে কথা বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"উপট্ঠাপেয্য বা" বলতে তার চূর্ণ, মৃত্তিকা, দন্তকাষ্ঠ বা মুখ ধোয়ার জল ইত্যাদি গ্রহণ করলে অর্থাৎ তার সেবা-পরিচর্যাদি গ্রহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"সম্ভুঞ্জেয্য বা" বলতে দ্বিবিধ সম্ভোগ বুঝায়; যথা : আমিষসম্ভোগ এবং ধর্মসম্ভোগ। এস্থলে আমিষসম্ভোগ বলতে আমিষ বা ভোগ্যবস্তু ইত্যাদি দিলে বা প্রতিগ্রহণ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মসম্ভোগ বলতে নিজে বা অপরের দ্বারা ধর্ম শিক্ষা দেয়ালে অথবা পদ দ্বারা নিজে বা অপরের দ্বারা ধর্ম শিক্ষা দেয়ালে, প্রতি পদে পদে পাচিত্তিয় অপরাধ হয়। অক্ষর দ্বারা নিজে বা অপরের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা ধর্ম শিক্ষা দেয়ালে, প্রতি অক্ষরে অক্ষরে পাচিত্তিয় অপরাধ হয়।

"সহ বা সেয্যং কপ্পেয্য" বলতে একই চালের নিচে তাদৃশ নাশিত শ্রামণের শায়িত অবস্থায় ভিক্ষু শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষু শায়িত অবস্থায় তাদৃশ নাশিত শ্রামণের শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উভয়েই একত্রে শয়ন করলে, পাচিত্তয় অপরাধ হয়। শয্যা হতে উঠে পুনঃ পুনঃ শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪৩১. নাশিতকে নাশিত ধারণায় পাত্র-চীবরাদি ও শিক্ষণীয় বিষয়ে শিক্ষা দিব বলে কথা বললে, তার চূর্ণ-দন্তকাষ্ঠাদি গ্রহণ করলে, সম্ভোগ করলে অথবা একই চালের নিচে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নাশিতকে 'নাশিত কি না' সন্দেহবশত পাত্র-চীবরাদি ও শিক্ষণীয় বিষয়ে শিক্ষা দিব বলে কথা বললে, তার চূর্ণ-দন্তকাষ্ঠাদি গ্রহণ করলে, সম্ভোগ করলে অথবা একই চালের নিচে শয়ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নাশিতকে অনাশিত ধারণায় পাত্র-চীবরাদি ও শিক্ষণীয় বিষয়ে শিক্ষা দিব বলে কথা বললে, তার চূর্ণ-দন্তকাষ্ঠাদি গ্রহণ, সম্ভোগ করলে অথবা একই চালের নিচে শয়ন করলে, কোনো অপরাধ হয় না। অনাশিতকে নাশিত ধারণায় দুক্কট অপরাধ হয়। অনাশিতকে 'নাশিত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনাশিতকে অনাশিত ধারণায় কোনো অপরাধ হয় না।

৪৩২. **অনাপত্তি :** 'অনাশিত' বলে জানলে, 'সে পাপদৃষ্টিপরিত্যাগী' বলে জানলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[কণ্টক দশম শিক্ষাপদ সমাপ্ত]

[সপ্পাণক বর্গ সমাপ্ত]

তস্সুদ্দানং/ স্মারক গাথা

সজ্ঞানেবধ, প্রাণীযুক্ত, অবৈধবিচার আর দুট্ঠূল্লাচ্ছাদনে;
ঊনবিংশবর্ষ, মরুযাত্রীদল, সংবিধানে ও অরিষ্টকে;
উৎক্ষিপ্ত আর কণ্টকেতে দশেতে ইহা শিক্ষাপদে।

Visit: http://www.buddhistdownload.com

৮. সহধার্মিক বর্গ

১. সহধম্মিক সিক্খাপদং

(প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৩৩. সে সময়ে বুদ্ধ ভগবান কোশাম্বীস্থ ঘোষিতারামে অবস্থান করছিলেন। তখন আয়ুষ্মান ছন্ন অনাচার আচরণ করতে লাগলেন। ইহা দেখে ভিক্ষুগণ এরূপ বললেন, "আবুসো ছন্ন, এরূপ করবেন না। ইহা মোটেই সঠিক হচ্ছে না।" তখন সে এরূপ বলল, "আবুসো, যতক্ষণ পর্যন্ত আমি অন্য সুদক্ষ বিনয়ধর ভিক্ষুকে জিজ্ঞাসা না করছি, ততক্ষণ আপনাদের কথিত শিক্ষাপদ আমি মানতে পারব না।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান ছন্ন ভিক্ষুগণকর্তৃক ভগবান প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ দ্বারা বলা হলেও এরূপ বলেন : আবুসো, যতক্ষণ পর্যন্ত আমি অন্য সুদক্ষ বিনয়ধর ভিক্ষুকে জিজ্ঞাসা না করছি, ততক্ষণ আপনাদের কথিত শিক্ষাপদ আমি মানতে পারব না?" অতঃপর ভিক্ষুগণ সেই ছন্ন ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা সবিস্তারে নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান ছন্নকে জিজ্ঞাসা করলেন, হে ছন্ন, ইহা কি সত্য যে, তুমি নাকি ভিক্ষুগণকর্তৃক ভগবান প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ দ্বারা বলা হলে এরূপ বলো : আবুসো, যতক্ষণ পর্যন্ত আমি অন্য সুদক্ষ বিনয়ধর ভিক্ষুকে জিজ্ঞাসা না করছি, ততক্ষণ আপনাদের কথিত শিক্ষাপদ আমি মানতে পারব না? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" বুদ্ধ ভগবান এতে খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি ভিক্ষুগণকর্তৃক ভগবান প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ দ্বারা বলা হলে এরূপ বলবে : আবুসো, যতক্ষণ পর্যন্ত আমি অন্য সুদক্ষ বিনয়ধর ভিক্ষুকে জিজ্ঞাসা না করছি, ততক্ষণ আপনাদের কথিত শিক্ষাপদ আমি মানতে পারব না? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৩৪. "যো পন ভিক্খু ভিক্খূহি সহধম্মিকং বুচ্চমানো এবং বদেয্য—'ন তাবাহং আবুসো এতস্মিং সিক্খাপদে সিক্খিস্সামি যাব ন অঞ্ঞং ভিক্খুং ব্যত্তং বিনযধরং পরিপুচ্ছামী'তি পাচিত্তিযং। সিক্খমানেন ভিক্খবে ভিক্খুনা অঞ্ঞাতব্বং পরিপুচ্ছিতব্বং পরিপঞ্হিতব্বং–অযং তত্থ সামীচী"তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যদি অন্যান্য ভিক্ষুগণকর্তৃক ভগবান প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ দ্বারা বলা হলে এরূপ বলেন—"আবুসো, যতক্ষণ পর্যন্ত আমি অন্য সুদক্ষ বিনয়ধর ভিক্ষুকে জিজ্ঞাসা না করছি, ততক্ষণ আপনাদের কথিত শিক্ষাপদ আমি মানতে পারব না" এভাবে বললে, তার পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে হে ভিক্ষুগণ, শিক্ষাকামী ভিক্ষুকর্তৃক জেনে নেওয়া কর্তব্য। ভন্তে, ইহা কী প্রকার? ইহার অর্থ কী? এভাবে প্রতিজিজ্ঞাসা করা কর্তব্য। এখানে ইহাই সমীচীন।

৪৩৫. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খূহি" বলতে অন্যান্য ভিক্ষুগণকর্তৃক বলা হয়েছে।

"সহধম্মিকং" বলতে ভগবানকর্তৃক প্রজ্ঞাপ্ত শিক্ষাপদই অভিপ্রেত। সেই প্রজ্ঞাপ্ত শিক্ষাপদ দ্বারা বলা হলে সে এরূপ বলে : "আবুসো, যতক্ষণ পর্যন্ত আমি অন্য সুদক্ষ বিনয়ধর ভিক্ষুকে জিজ্ঞাসা না করছি, ততক্ষণ আপনাদের কথিত শিক্ষাপদ আমি মানতে পারব না।" এভাবে পণ্ডিত, সুদক্ষ, মেধাবী, বহুশ্রুত ও ধর্মকথিক ভিক্ষুকে জিজ্ঞাসা করছি বলামাত্রই পাচিত্তিয় অপরাধ হয়।

৪৩৬. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় এরূপ বললে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত এরূপ বললে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় এরূপ বললে, পাচিত্তিয় অপরাধ হয়।

"ইহা আত্মসংযমে, ক্লেশবিনাশার্থে, প্রসাদ উৎপাদনের জন্যে, পুনর্জন্ম নিরোধে এবং বীর্যারম্ভতায় সংবর্তিত (উপনীত) করে না" এভাবে অপ্রজ্ঞাপ্ত শিক্ষাপদ দ্বারা বলা হলে, সেও যদি এরূপ বলে : "আবুসো, যতক্ষণ পর্যন্ত আমি অন্য সুদক্ষ, বিনয়ধর, পণ্ডিত, মেধাবী, বহুশ্রুত, ও ধর্মকথিক ভিক্ষুকে জিজ্ঞাসা না করছি, ততক্ষণ আপনাদের কথিত শিক্ষাপদ আমি মানতে পারব না" এভাবে বলামাত্রই দুক্কট অপরাধ হয়।

"ইহা আত্মসংযমে, ক্লেশবিনাশার্থে, প্রসাদ উৎপাদনের জন্যে, পুনর্জন্ম নিরোধে এবং বীর্যারম্ভতায় সংবর্তিত করে না" এভাবে অনুপসম্পন্নকর্তৃক প্রজ্ঞাপ্ত বা অপ্রজ্ঞাপ্ত শিক্ষাপদ দ্বারা বলা হলে, সেও যদি এরূপ বলে : "আবুসো, যতক্ষণ পর্যন্ত আমি অন্য সুদক্ষ, বিনয়ধর, পণ্ডিত, মেধাবী, বহুশ্রুত, ও ধর্মকথিক ভিক্ষুকে জিজ্ঞাসা না করছি, ততক্ষণ আপনাদের কথিত শিক্ষাপদ আমি মানতে পারব না" এভাবে বলামাত্রই দুক্কট অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

"সিক্খামানেন" বলতে শিক্ষাকামীকর্তৃক বলা হয়েছে।

"অঞ্ঞাতব্বং" বলতে জেনে নেওয়া কর্তব্য বা জ্ঞাত হওয়া কর্তব্য।

"পরিপুচ্ছিতব্বং" বলতে "ভন্তে, ইহা কী প্রকার? ইহার অর্থ কী? এভাবে জিজ্ঞাসা করা কর্তব্য।

"পরিপঞ্হিতব্বং" বলতে এ সম্পর্কে চিন্তা করা কর্তব্য বা নিরীক্ষণ করা কর্তব্য।

"অযং তত্থ সামীচী" বলতে এক্ষেত্রে ইহাই সমীচীন বা অনুধর্মতা।

৪৩৭. **অনাপত্তি :** 'আমি জানব, শিক্ষা করব' এই ভেবে বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সহধম্মিক প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

২. বিলেখন সিক্খাপদং

(উদ্বেগ-উৎকণ্ঠা সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৩৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ভগবান ভিক্ষুগণকে অনেক প্রকারে বিনয়কথা[১] দেশনা করছিলেন, বিনয়ের বর্ণ[২] দেশনা করছিলেন, বিনয় পরিয়ুত্তির বর্ণ[৩] দেশনা করছিলেন এবং একই সাথে আয়ুষ্মান উপালির বর্ণ (গুণ) দেশনা করছিলেন। এতে ভিক্ষুগণের মনে এই চিন্তা উদিত হলো : "ভগবান অনেক প্রকারে বিনয় কথা দেশনা করলেন, বিনয়ের বর্ণ দেশনা করলেন, বিনয় পরিয়ুত্তির বর্ণ দেশনা করলেন এবং একই সাথে আয়ুষ্মান উপালির গুণ বর্ণনা করলেন। সুতরাং আবুসো, আসুন আমরা আয়ুষ্মান উপালির নিকট বিনয় শিক্ষা

---

[১]. কপ্পিয়-অকপ্পিয় ও আপত্তি-অনাপত্তি ইত্যাদি প্রতিসংযুক্ত কথা।

[২]. পঞ্চ ও সপ্তবিধ আপত্তিস্কন্ধাদিবশে মাতিকা ব্যতীত প্রতিটি শব্দের অর্থ বিভাজন করে বর্ণনা করা।

[৩]. বিনয় শিক্ষাকালে শিক্ষার্থীদেরকে বিনয়শাস্ত্র অধ্যয়নের বর্ণ, গুণ ও আনিশংসাদির কথা।

Visit: http://www.buddhistdownload.com

করি।" এই বলে তাঁরা উপালির নিকট বিনয় শিক্ষা করতে লাগলেন।

অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণের মনে এই চিন্তা উদিত হলো : "আবুসো, এখন তো স্থবির, নবীন এবং মধ্যম বহুসংখ্যক ভিক্ষু আয়ুষ্মান উপালির নিকট বিনয় শিক্ষা করছেন। তারা যদি বিনয়ে প্রাজ্ঞ ও পারদর্শী হন, তাহলে আমাদের যেমন খুশি তেমনভাবে এদিক-ওদিক টানা-হেঁচড়া করবেন অর্থাৎ নানা ভুল-ভ্রান্তি আদি নিয়ে প্রশ্ন তুলবেন। তাই আবুসো, আসুন আমরা বিনয়ের নিন্দা করি।" অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্যান্য ভিক্ষুগণের নিকট উপস্থিত হয়ে এরূপ বলতে লাগলেন, "এসব ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদ সম্পর্কে শিক্ষার কী প্রয়োজন? এতে কেবল উদ্বেগ, উৎকণ্ঠা আর সন্দেহই উৎপন্ন হয়ে থাকে নয় কি?" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ বিনয়ের নিন্দা করবেন? অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুগণকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি বিনয়ের নিন্দা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা বিনয়ের নিন্দা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৩৯. "যো পন ভিক্খু পাতিমোক্খে উদ্দিস্সমানে এবং বদেয্য—'কিং পনিমেহি খুদ্দানুখুদ্দেহি সিক্খাপদেহি উদ্দিট্ঠেহি যাবদেব কুক্কুচ্চায বিহেসায বিলেখায সংবত্তন্তীতি সিক্খাপদ বিবণ্ণকে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যদি প্রাতিমোক্ষ শিক্ষা করার সময় এরূপ বলে : "এসব ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদ শিক্ষার কী প্রয়োজন? এতে কেবল উদ্বেগ, উৎকণ্ঠা আর সন্দেহই উৎপন্ন হয়ে থাকে!" এভাবে শিক্ষাপদের নিন্দা করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৪০. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"পাতিমোক্খে উদ্দিস্সমানে" বলতে আচার্য নিজে শিক্ষা প্রদানকালে বা

Visit: http://www.buddhistdownload.com

অপরের দ্বারা শিক্ষা প্রদানকালে অথবা নিজে অধ্যয়নকালীন।

"এবং বদেয্য" বলতে 'এসব ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদ শিক্ষার কী প্রয়োজন? এতে কেবল উদ্বেগ, উৎকণ্ঠা আর সন্দেহই উৎপন্ন হয়ে থাকে! যিনি ইহা শিক্ষা করেন, তার সন্দেহ, উদ্বেগ, উৎকণ্ঠা উৎপন্ন হয়ে থাকে; আর যিনি ইহা শিক্ষা করেন না, তার কোনো প্রকার সন্দেহ, উদ্বেগ, উৎকণ্ঠা উৎপন্ন হয় না। সুতরাং ইহা আবৃত্তি না করাই ভাল, ইহা শিক্ষা না করাই ভালে, ইহা আয়ত্ত না করাই ভালো, ইহা ধারণ না করাই ভালো অথবা এই পৃথিবী হতে বিনয় অন্তর্হিত হোক এবং এই ভিক্ষুগণ অপ্রাজ্ঞ ও অপারদর্শী হোন।" এই চিন্তায় উপসম্পন্নের (ভিক্ষুর) নিকট বিনয়ের নিন্দা তথা অবজ্ঞা করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪৪১. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় বিনয়ের নিন্দা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত বিনয়ের নিন্দা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় বিনয়ের নিন্দা করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্য ধর্ম বিষয়ের (উপদেশের) নিন্দা করলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নের নিকট বিনয় কিংবা অন্য ধর্মোপদেশের নিন্দা করলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪৪২. **অনাপত্তি :** 'প্রথমে তুমি সুত্তন্ত, গাথা কিংবা অভিধর্ম শিক্ষা কর, পরবর্তী সময়ে বিনয় শিক্ষা করবে' এভাবে নিন্দাকারী না হয়ে উপদেশ প্রদানে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[বিলেখন দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. মোহন সিক্খাপদং

(অমনোযোগ সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৪৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ অনাচার আচরণ করে "এই ভিক্ষু অজ্ঞানের বশবর্তী হয়েছে বলে জানুক" এই ভেবে প্রাতিমোক্ষ আবৃত্তিকালে এরূপ বলতে লাগলেন, "আমরা তো এখনই জানতে পারলাম যে, এই ধর্মটি

Visit: http://www.buddhistdownload.com

নাকি সূত্রাগত ও সূত্রান্তর্গত এবং প্রতি অর্ধমাসে উপোসথ দিবসে আবৃত্তি করা হয়ে থাকে।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ প্রাতিমোক্ষ আবৃত্তিকালে এরূপ বলেন : আমরা তো এখনই জানতে পারালাম যে, এই ধর্মটি নাকি সূত্রাগত ও সূত্রান্তর্গত এবং প্রতি অর্ধমাসে উপোসথ দিবসে আবৃত্তি হয়ে থাকে?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি প্রাতিমোক্ষ আবৃত্তিকালে এরূপ বলো : "আমরা তো এখনই জানতে পারলাম যে, এই ধর্মটি নাকি সূত্রাগত ও সূত্রান্তর্গত এবং প্রতি অর্ধমাসে উপোসথ দিবসে আবৃত্তি হয়ে থাকে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা প্রাতিমোক্ষ আবৃত্তিকালে এরূপ বলবে : "আমরা তো এখনই জানতে পারলাম যে, এই ধর্মটি নাকি সূত্রাগত ও সূত্রান্তর্গত এবং প্রতি অর্ধমাসে উপোসথ দিবসে আবৃত্তি হয়ে থাকে?" মোঘপুরুষেরা, এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৪৪. "যো পন ভিক্খু অন্বদ্ধমাসং পাতিমোক্খে উদ্দিস্সমানে এবং বদেয্য—'ইদানেব খো অহং জানামি অযম্পি কির ধম্মো সুত্তাগতো সুত্তপরিযাপন্নো অন্বদ্ধমাসং উদ্দেসং আগচ্ছতী'তি। তঞ্চে ভিক্খুং অঞ্ঞে ভিক্খূ জানেয্যুং নিসিন্নপুব্বং ইমিনা ভিক্খুনা দ্বত্তিক্খত্তুং পাতিমোক্খে উদ্দিস্সমানে কো পন বাদো ভিয্যো ন চ তস্স ভিক্খুনো অঞ্ঞাণকেন মুত্তি অত্থি, যঞ্চ তত্থ আপত্তিং আপন্নো তঞ্চ যথাধম্মো কারেতব্বো উত্তরি চস্স মোহো আরোপেতব্বো—'তস্স তে আবুসো অলাভা তস্স তে দুল্লদ্ধং, যং ত্বং পাতিমোক্খে উদ্দিস্সমানে না সাধুকং অট্ঠিং কত্বা মনসি করোসী'তি। ইদং তস্মিং মোহনকে পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যদি প্রতি অর্ধমাসে প্রাতিমোক্ষ আবৃত্তিকালে এরূপ বলে : 'আমি এখনই জানতে পারলাম যে, এই ধর্মটি নাকি সূত্রাগত ও সূত্রান্তর্গত এবং প্রতিঅর্ধমাসে উপোসথ দিবসে আবৃত্তি হয়ে থাকে।'

Visit: http://www.buddhistdownload.com

অথচ সেই ভিক্ষু সম্পর্কে অন্য ভিক্ষুগণ জানেন যে, ইতিপূর্বেও সেই ভিক্ষু দু-তিনবার প্রাতিমোক্ষ আবৃত্তিকালে উপবিষ্ট ছিলেন; ততোধিক বারের কথাই বা কি, তথাপি অজ্ঞানের বশবর্তী হবার দরুণ সেই ভিক্ষু আপত্তি হতে মুক্তি নাই। তদ্ধেতু সে যেই যেই শিক্ষাপদ লঙ্ঘনজনিত আপত্তিগ্রস্ত হয়েছে, সেই সেই শিক্ষাপদ অনুযায়ী তার দণ্ড বিধান করতে হবে। তার উপর এভাবেই মোহ আরোপ করতে হবে :

'আবুসো, তদ্বিষয়ে তোমার বড়ই অলাভ হয়েছে, তদ্বিষয়ে তোমার বড়ই দুর্লব্ধ হয়েছে। তুমি যে প্রাতিমোক্ষ আবৃত্তিকালে উত্তমভাবে অর্থের প্রতি মনোনিবেশ কর নাই।' এভাবে বলার পরও তদ্বিষয়ের প্রতি মোহগ্রস্ত বা অমনোযোগী হলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৪৫. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অন্বদ্ধমাসং" বলতে প্রতি অর্ধমাসে উপোসথ দিবসে বলা হয়েছে।

"পাতিমোক্খে উদ্দিস্সমানে" বলতে প্রাতিমোক্ষ আবৃত্তিকালে বলা হয়েছে।

"এবং বদেয্য" বলতে অনাচার আচরণ করার পর 'অজ্ঞানের বশবর্তী হয়েছি বলে জানুক' এই ভেবে প্রাতিমোক্ষ আবৃত্তিকালে এভাবে বলা : "আমি তো এখনই জানতে পারলাম যে, এই ধর্মটি নাকি সূত্রাগত ও সূত্রান্তর্গত এবং প্রতি অর্ধমাসে উপোসথ দিবসে আবৃত্তি হয়ে থাকে!" এভাবে বললে, দুক্কট অপরাধ হয়।

অন্যান্য ভিক্ষুগণ সেই অমনোযোগী ভিক্ষু সম্পর্কে জানেন যে, ইতিপূর্বেও এই ভিক্ষু দু-তিনবার প্রাতিমোক্ষ আবৃত্তিকালে উপবিষ্ট ছিলেন; ততোধিক বারের কথাই বা কি! তথাপি অজ্ঞানের বশবর্তী হবার দরুন সেই ভিক্ষুর আপত্তি হতে মুক্তি নাই। তদ্ধেতু সে যেই যেই শিক্ষাপদ লঙ্ঘনজনিত আপত্তিগ্রস্ত হয়েছে, সেই সেই শিক্ষাপদ অনুযায়ী তার দণ্ড বিধান করতে হবে এবং তার উপর মোহ আরোপ করতে হবে। হে ভিক্ষুগণ, এভাবে মোহ আরোপ করতে হবে। দক্ষ ও সমর্থ ভিক্ষুকর্তৃক সংঘকে এভাবে জ্ঞাপন করাতে হবে :

৪৪৬. "ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। এই অমুক ভিক্ষু প্রাতিমোক্ষ আবৃত্তিকালে উত্তমভাবে অর্থের প্রতি মনোনিবেশ করেন নাই। যদি সংঘের উপযুক্ত সময় বোধ হয়; তাহলে অমুক ভিক্ষুকে মোহ আরোপ করতে

Visit: http://www.buddhistdownload.com

পারেন।" ইহাই জ্ঞাপ্তি

"ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। এই অমুক ভিক্ষু প্রাতিমোক্ষ আবৃত্তিকালে উত্তমভাবে অর্থের প্রতি মনোনিবেশ করেন নাই। সুতরাং সংঘ অমুক ভিক্ষুকে মোহ আরোপ করছেন। যেই ভিক্ষু অমুক ভিক্ষুকে মোহ আরোপ করা সমর্থন করেন, তিনি নীরব থাকবেন; আর যিনি সমর্থন করেন না, তিনি তার বক্তব্য ভাষায় প্রকাশ করতে পারেন।"

"সংঘকর্তৃক অমুক ভিক্ষুকে মোহ আরোপ করা হয়েছে। এতে উপস্থিত সমগ্র সংঘ সমর্থন করেন বিধায় নীরব রয়েছেন—আমি এরূপ ধারণা পোষণ করছি।"

মোহ আরোপিত হবার পূর্বে মোহগ্রস্ত বা অমনোযোগী হলে, দুক্কট অপরাধ হয়। মোহ আরোপিত হবার পর মোহগ্রস্ত বা অমনোযোগী হলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪৪৭. ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় মোহগ্রস্ততা বা অমনোযোগীতা প্রদর্শনে, পাচিত্তিয় অপরাধ হয়।

অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪৪৮. **অনাপত্তি :** বিস্তৃত দেশনা শ্রুত না হলে, দু-তিনবারের কম বিস্তৃত দেশনা শ্রুত হলে, মোহগ্রস্ত বা অমনোযোগী হবার ইচ্ছা না থাকলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[মোহন তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৪. পহার সিক্খাপদং

(প্রহার সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৪৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে প্রহার করতে লাগলেন। তাই তারা রোদন করতে লাগলেন। অন্যান্য ভিক্ষুগণ তাদের রোদন করতে দেখে এরূপ বললেন,

Visit: http://www.buddhistdownload.com

"আবুসো, আপনারা রোদন করছেন কেন?" "আবুসো, এই ষড়বর্গীয় ভিক্ষুগণ ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে আমাদের প্রহার করছেন।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে অন্য ভিক্ষুদের প্রহার করবেন?" অতঃপর তারা সেই ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে অন্য ভিক্ষুদের প্রহার করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে অন্য ভিক্ষুদের প্রহার করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৫০. "যো পন ভিক্খু ভিক্খুস্স কুপিতো অনত্তমনো পহারং দদেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষুর প্রতি ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে প্রহার করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৫১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুস্স" বলতে অন্য ভিক্ষুর প্রতি বুঝায়।

"কুপিতো অনত্তমনো" বলতে ক্রুদ্ধ, রাগান্বিত, আহতচিত্ত ও অসন্তুষ্ট হয়ে।

"পহারং দদেয্য" বলতে শরীর দ্বারা, শরীরসংশ্লিষ্ট কোনো বস্তু দ্বারা অথবা নিক্ষেপন দ্বারা; এমনকি উৎপলপত্র দ্বারা প্রহার করলেও পাচিত্তিয় অপরাধ হয়।

৪৫২. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে প্রহার করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে প্রহার করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে প্রহার করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অনুপসম্পন্নকে ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে প্রহার করলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে

Visit: http://www.buddhistdownload.com

অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪৫৩. **অনাপত্তি :** কারো দ্বারা উৎপীড়িত হলে তা থেকে মুক্তির অভিপ্রায়ে প্রহার করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পহার চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫. তালসত্তিক সিক্খাপদং

(হস্ত উত্তোলন সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৫৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে মারবার জন্যে হস্ত উত্তোলন করতে লাগলেন। এতে তারা খুবই দুঃখিত ও অসন্তুষ্ট হয়ে রোদন করতে লাগলেন। অন্যান্য ভিক্ষুগণ তাদের এভাবে রোদন করতে দেখে এরূপ বললেন, "আবুসো, আপনারা রোদন করছেন কেন?" "আবুসো, এই ষড়বর্গীয় ভিক্ষুগণ ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে আমাদের মারবার জন্যে হস্ত উত্তোলন করছেন।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে মারবার জন্যে হস্ত উত্তোলন করবেন? অতঃপর তারা সেই ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে তিরস্কার-ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে মারবার জন্যে হস্ত উত্তোলন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে সপ্তদশবর্গীয় ভিক্ষুগণকে মারবার জন্যে হস্ত উত্তোলন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৫৫. "যো পন ভিক্খু ভিক্খুস্স কুপিতো অনত্তমনো তালসত্তিকং উগ্গিরেয্য পাচিত্তিয"ন্তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষুর প্রতি ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে মারবার জন্যে হস্ত উত্তোলন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৫১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুস্স" বলতে অন্য ভিক্ষুর প্রতি বুঝায়।

"কুপিতো অনত্তমনো" বলতে ক্রুদ্ধ, রাগান্বিত, আহতচিত্ত ও অসন্তুষ্ট হয়ে।

"তালসত্তিকং উগ্গিরেয্য" বলতে শরীর দ্বারা, শরীরসংশ্লিষ্ট কোনো বস্তু দ্বারা অথবা নিক্ষেপন দ্বারা, এমনকি উৎপলপত্র দ্বারা মারবার অভিপ্রায়ে হস্ত উত্তোলন করলেও পাচিত্তিয় অপরাধ হয়।

৪৫৭. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে মারবার জন্যে হস্ত উত্তোলন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে মারবার জন্যে হস্ত উত্তোলন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে মারবার জন্যে হস্ত উত্তোলন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অনুপসম্পন্নকে ক্রুদ্ধ ও অসন্তুষ্ট হয়ে মারবার জন্যে হস্ত উত্তোলন করলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪৫৮. **অনাপত্তি :** কারো দ্বারা উৎপীড়িত হলে তা থেকে মুক্তির অভিপ্রায়ে মারবার জন্যে হস্ত উত্তোলন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তালসত্তিক পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬. অমূলক সিক্খাপদং

(অমূলক সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৫৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্য ভিক্ষুকে অমূলক সাংঘাদিশেষ অপরাধে অপদস্ত করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্য

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষুকে অমূলক সাংঘাদিশেষ অপরাধে অপদস্ত করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অন্য ভিক্ষুকে অমূলক সাংঘাদিশেষ অপরাধে অপদস্ত করছ?" "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অন্য ভিক্ষুকে অমূলক সাংঘাদিশেষ অপরাধে অপদস্ত করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৬০. "যো পন ভিক্খু ভিক্খুং অমূলকেন সঙ্ঘাদিসেসেন অনুদ্ধংসেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অন্য ভিক্ষুকে অমূলক সাংঘাদিশেষ অপরাধে অপদস্ত করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৬১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুং" বলতে অন্য ভিক্ষুকে বুঝায়।

"অমূলকং" অর্থে দৃষ্ট, শ্রুত এবং সন্দিগ্ধ—এই তিনটির মধ্যে কোনোটি বিদ্যমান না থাকা।

"সঙ্ঘাদিসেসেন" বলতে তের প্রকার সাংঘাদিশেষ অপরাধের মধ্যে যেকোনো একটি দ্বারা।

"অনুদ্ধংসেয্য" বলতে নিজে বা অপরের দ্বারা অপদস্ত বা নিগ্রহাদি করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪৬২. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় অমূলক সাংঘাদিশেষ অপরাধে অপদস্ত করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত অমূলক সাংঘাদিশেষ অপরাধে অপদস্ত করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় অমূলক সাংঘাদিশেষ অপরাধে অপদস্ত করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

আচার বিপত্তি বা দৃষ্টি বিপত্তি দ্বারা অপদস্ত করলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অপদস্ত

Visit: http://www.buddhistdownload.com

করলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪৬৩. **অনাপত্তি :** তথাসংজ্ঞায় অর্থাৎ সঠিক ধারণাবশত অপদস্ত করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অমূলক ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৭. সঞ্চিচ্চ সিক্খাপদং

(সজ্ঞান সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৬৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ সজ্ঞানে সপ্তদশবর্গীয় ভিক্ষুদের মনে এই বলে মনস্তাপ উৎপাদন করতে লাগলেন, "আবুসো, ভগবানকর্তৃক প্রজ্ঞাপ্ত হয়েছে যে, উনিশ বর্ষীয় পুদ্গলকে উপসম্পদা প্রদান করবে না। অথচ তোমরা উনিশ বৎসর বয়সে উপসম্পন্ন হয়েছ। সুতরাং তোমরা অনুপসম্পন্নই রয়ে গেছ নয় কি?" এভাবে বলায় তারা রোদন করতে লাগলেন। অন্যান্য ভিক্ষুগণ তাদের এভাবে রোদন করতে দেখে এরূপ বললেন, "আবুসো, আপনারা রোদন করছেন কেন?" "আবুসো, এই ষড়বর্গীয় ভিক্ষুগণ সজ্ঞানে আমাদের মনে মনস্তাপ উৎপাদন করছেন তাই।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ সজ্ঞানে ভিক্ষুদের মনে মনস্তাপ উৎপাদন করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি সজ্ঞানে ভিক্ষুদের মনে মনস্তাপ উৎপাদন করছ?" "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা সজ্ঞানে ভিক্ষুদের মনে মনস্তাপ উৎপাদন করবে? ইহা কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৬৫. "যো পন ভিক্খু ভিক্খুস্স সঞ্চিচ্চ কুক্কুচ্চং উপদহেয্য—'ইতিস্স

Visit: http://www.buddhistdownload.com

মুহুত্তম্পি অফাসু ভবিস্সতী'তি এতদেব পচ্চযং করিত্বা অনঞ্ঞং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু যদি সজ্ঞানে অন্য ভিক্ষুর মনস্তাপ উৎপাদন করে, এই ভেবে যে, "এতে তার মুহূর্তকালের জন্য হলেও অশান্তি বোধ হবে"— এই কারণ ব্যতীত অন্য কোনো কারণ না থাকলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৬৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খুস্স" বলতে অন্য ভিক্ষুর বুঝায়।

"সঞ্চিচ্চ" বলতে ইহা পাপকর্ম জেনে, অবগত হয়ে অথবা বিশেষভাবে জ্ঞাত হয়ে বুঝানো হয়েছে।

"কুক্কুচ্চং উপদহেয্য" বলতে তুমি তো বিংশতি বৎসর না হতেই উপসম্পন্ন হয়েছে বলে মনে হয়; তুমি তো বিকালে ভোজন করেছ বলে মনে হয়; তুমি তো মদ্যপান করেছ বলে মনে হয়; তুমি তো মুনষ্যস্ত্রীর সাথে নির্জনে উপবিষ্ট হয়েছ বলে মনে হয়" ইত্যাদি নানা প্রকারে ভিক্ষুর মনস্তাপ উৎপাদন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"এতদেব পচ্চযং করিত্বা অনঞ্ঞং" বলতে মনস্তাপ উৎপাদন করার অন্য কোনো কারণ না থাকা।

৪৬৭. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় সজ্ঞানে মনস্তাপ উৎপাদন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত সজ্ঞানে মনস্তাপ উৎপাদন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় সজ্ঞানে মনস্তাপ উৎপাদন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অনুপসম্পন্নের মনে সজ্ঞানে মনস্তাপ উৎপাদন করলে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪৬৮. **অনাপত্তি :** মনস্তাপ উৎপাদন অনিচ্ছায় 'তুমি তো বিংশতি বৎসর না হতেই উপসম্পন্ন হয়েছ বলে মনে হয়; তুমি তো বিকালে ভোজন করেছ বলে মনে হয়; তুমি তো মদ্যপান করেছ বলে মনে হয়; তুমি তো মনুষ্যস্ত্রীর সাথে নির্জনে উপবিষ্ট হয়েছ বলে মনে হয়; আবুসো তা ভালো করে জেনে নিও যাতে পরবর্তী সময়ে তোমার কোনোরূপ মনস্তাপ উৎপন্ন না হয়' এভাবে বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো

Visit: http://www.buddhistdownload.com

অপরাধ হয় না।

[সঞ্চিচ্চ সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৮. উপস্সুতি সিক্খাপদং

(উপশ্রুতি সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৬৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ শীলবান ভিক্ষুদের সাথে বিবাদে লিপ্ত হলে শীলবান ভিক্ষুগণ এরূপ বলাবলি করতে লাগলেন, "আবুসো, এই ষড়বর্গীয় ভিক্ষুগণ অত্যন্ত নির্লজ্জ। তাদের সাথে বিবাদে রত হতে পারব না।" ইহা শুনে ষড়বর্গীয় ভিক্ষুগণ এরূপ বললেন, "আবুসো, তোমরা আমাদের নির্লজ্জ বলে অবমাননা করছ কেন?" "কিন্তু আবুসো, তোমরা তা কোথায় শুনতে পেয়েছ?" "আমরা আয়ুষ্মানদের কথা শোনার জন্যে সমীপস্থ শ্রবণযোগ্য স্থানে দাঁড়িয়েছিলাম; তাই শুনতে পেয়েছি।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ কলহ উৎপাদনকারী ও বিবাদপ্রাপ্ত ভিক্ষুদের কথা গোপনে শোনার জন্যে সমীপস্থ শ্রবণযোগ্য স্থানে দাঁড়াবে?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি কলহ উৎপাদনকারী ও বিবাদপ্রাপ্ত ভিক্ষুদের কথা গোপনে শোনার জন্যে সমীপস্থ শ্রবণযোগ্য স্থানে দাঁড়িয়েছিলে?" "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা কলহ উৎপাদনকারী ও বিবাদপ্রাপ্ত ভিক্ষুদের কথা গোপনে, শোনার জন্যে সমীপস্থ শ্রবণযোগ্য স্থানে দাঁড়াবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৭০. "যো পন ভিক্খু ভিক্খুনং ভণ্ডনজাতানং কলহজাতানং বিবাদপন্নানং উপস্সুতিং তিট্ঠেয্য—'যং ইমে ভণিস্সন্তি তং সোস্সামী'তি এতদেব পচ্চযং করিত্বা অনঞ্ঞং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ভণ্ডন-কলহ উৎপাদনকারী ও বিবাদপ্রাপ্ত ভিক্ষুদের কথা গোপনে শোনার জন্যে "তারা যা বলবে তা শুনব"—এই ভেবে সমীপস্থ শ্রবণযোগ্য স্থানে দাঁড়ালে, এই কারণ ব্যতীত অন্য কোনো কারণ না থাকলে,

Visit: http://www.buddhistdownload.com

তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৭১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ভিক্খূনং" বলতে অন্যান্য ভিক্ষুদের।

"ভণ্ডনজাতানং কলহজাতানং বিবাদপন্নানং" বলতে ভণ্ডন-কলহ উৎপাদনকারী ও বিবাদপ্রাপ্ত অবস্থায় বুঝায়।

"উপস্সুতিং তিট্ঠেয্য" বলতে এদের কথাবার্তা শুনে নিগ্রহ-ভর্ৎসনাদি করব এবং দুঃখিত করব ভেবে গমন করলে, দুক্কট অপরাধ হয়। শ্রবণযোগ্য স্থানে দাঁড়িয়ে শুনলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'পিছে পিছে গমনের সময় শুনব' ভেবে দ্রুত গমন করলে দুক্কট অপরাধ হয়। শ্রবণযোগ্য স্থানে দাঁড়িয়ে শুনলে, পাচিত্তিয় অপরাধ হয়। 'অগ্রে গমনের সময় শুনব' ভেবে পেছনে দিকে আসলে, দুক্কট অপরাধ হয়। শ্রবণযোগ্য স্থানে দাঁড়িয়ে শুনলে, পাচিত্তিয় অপরাধ হয়। ভিক্ষুর স্থিতস্থানে, উপবেশনস্থানে, শয়নস্থানে আগমনপূর্বক মন্ত্রণাকালে উৎকাশি দিতে হবে অথবা অন্য কোনো উপায়ে জানাতে হবে। যদি উৎকাশি না দেয় অথবা কোনো প্রকারে না জানায়, তাহলে তার পাচিত্তিয় অপরাধ হয়।

"এতদেব পচ্চযং করিত্বা অনঞ্ঞং" বলতে গোপনীয় আলাপ শোনার জন্যে সমীপস্থ শ্রবণযোগ্য স্থানে দাঁড়ানোর অন্য কোন কারণ না থাকা।

৪৭২. উপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় গোপনীয় আলাপ শোনার জন্য শ্রবণযোগ্য স্থানে দাঁড়ালে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত গোপনীয় আলাপ শোনার জন্য শ্রবণযোগ্য স্থানে দাঁড়ালে, পাচিত্তিয় অপরাধ হয়। উপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় গোপনীয় আলাপ শোনার জন্য শ্রবণযোগ্য স্থানে দাঁড়ালে, পাচিত্তিয় অপরাধ হয়। অনুপসম্পন্নের গোপনীয় আলাপ শোনার জন্য শ্রবণযোগ্য স্থানে দাঁড়ালে, দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে উপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে 'উপসম্পন্ন কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নকে অনুপসম্পন্ন ধারণায় দুক্কট অপরাধ হয়।

৪৭৩. **অনাপত্তি :** 'এদের কথা শুনে বিরত হব, সংযত হব, মীমাংসা করব অথবা নিজেকে মুক্ত করব' এই ভেবে গমন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[উপস্সুতি অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৯. কম্মপতিবাহন সিক্খাপদং

(কর্মপ্রতিবহন সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৭৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ অনাচার আচরণ করার পর একেক জনের (বিনয়) কর্ম করানোর সময় নিন্দা করছিলেন। সে সময়ে সংঘ সমবেত হয়েছিলেন কোনো এক কার্যোপলক্ষে। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ চীবরকর্ম করছেন তাই তারা একজনকে তাদের ছন্দ (অভিমত) প্রদান করলেন। অতঃপর সংঘ "এই আবুসো ষড়বর্গীয় ভিক্ষু একাকী এসেছেন, তাই চলুন আমরা তার বিনয়কর্ম করি" এই বলে তার বিনয়কর্ম করলেন।

অতঃপর সেই ভিক্ষু যথায় ষড়বর্গীয় ভিক্ষুগণ তথায় উপস্থিত হলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বললেন, "আবুসো, সংঘ তোমার বিনয়কর্ম করেছেন কি?" "হ্যাঁ আবুসো, সংঘ আমার বিনয়কর্ম করেছেন।" "আবুসো, আমরা তো সংঘ তোমার বিনয়কর্ম করবে" এজন্য ছন্দ (অভিমত) প্রদান করিনি। আমরা যদি জানতে পারতাম "সংঘ তোমার বিনয়কর্ম করবেন" তাহলে আমরা ছন্দ দিতাম না। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ধর্মত বিনয়কর্মে ছন্দ দিয়ে, পরে তার নিন্দা করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ধর্মত বিনয়কর্মে ছন্দ দিয়ে, পরে তার নিন্দা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ধর্মত বিনয়কর্মে ছন্দ দিয়ে, পরে তার নিন্দা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৭৫. "যো পন ভিক্খু ধম্মিকানং কম্মানং ছন্দং দত্বা পচ্ছা খীযন ধম্মং আপজ্জেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু ধার্মিক (ধর্মত) কর্মসমূহে ছন্দ (অভিমত) দিয়ে, পরে তার নিন্দা করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৭৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"ধম্মিকং কম্মং" অর্থে শাস্তাশাসনে ধর্ম-বিনয়সম্মতভাবে কৃত অপলোকন কর্ম, জ্ঞাপ্তিকর্ম, জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম এবং জ্ঞাপ্তি চতুর্থ কর্ম প্রভৃতি কর্মসমূহকেই ধার্মিক কর্ম বুঝায়। এতে ছন্দ দিয়ে, পরে তার নিন্দা করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪৭৭. ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় ছন্দ দিয়ে, পরে তার নিন্দা করলে পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত ছন্দ দিয়ে, পরে তার নিন্দা করলে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় ছন্দ দিয়ে, পরে তার নিন্দা কোনো অপরাধ হয় না। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় কোনো অপরাধ হয় না।

৪৭৮. **অনাপত্তি :** 'অধর্মত বা বর্গ দ্বারা অথবা অনুপযুক্ত ভিক্ষুর কর্ম করা হয়েছে' জেনে নিন্দা করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[কম্মপতিবাহন নবম শিক্ষাপদ সমাপ্ত]

১০. ছন্দং অদত্বা গমন সিক্খাপদং

(ছন্দ না দিয়ে গমন সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৭৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন সংঘ কোনো এক কার্যোপলক্ষে সমবেত হয়েছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ চীবরকর্ম করছেন বিধায় তারা একজনকে তাদের ছন্দ প্রদান করলেন। অতঃপর সংঘ 'যেই উদ্দেশে সমবেত হয়েছি সেই কর্ম সম্পাদন করব' এই ভেবে জ্ঞাপ্তি স্থাপন করলেন। তখন সেই ভিক্ষু "তারা যেভাবে একেক জনের কর্ম করছেন, আপনারা কার কর্ম করছেন?" এই বলে ছন্দ না দিয়ে আসন হতে উঠে চলে গেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু সংঘমধ্যে বিচার মীমাংসার আলোচনা চলাকালে নিজ ছন্দ (মত) না দিয়ে আসন হতে উঠে চলে যাবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ

Visit: http://www.buddhistdownload.com

কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তুমি নাকি সংঘমধ্যে বিচার মীমাংসার আলোচনা চলাকালে নিজ ছন্দ না দিয়ে আসন হতে উঠে চলে গিয়েছ?" "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি সংঘমধ্যে বিচার মীমাংসার আলোচনা চলাকালে নিজ ছন্দ না দিয়ে আসন হতে উঠে চলে যাবে?" এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৮০. "যো পন ভিক্খু সঙ্ঘে বিনিচ্চযকথায বত্তমানায ছন্দং অদত্বা উট্ঠাযাসনা পক্কমেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু সংঘমধ্যে বিচার মীমাংসার আলোচনা চলাকালে নিজ ছন্দ না দিয়ে আসন হতে উঠে চলে গেলে, তাঁর পাচিত্তিয় অপরাধ হয়।

৪৮১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সঙ্ঘে বিনিচ্চযকথায" অর্থে বিচারকার্য চলাকালে বত্থু (বিষয়) উত্থাপিত হয়েছে, এখনো মীমাংসিত হয়নি এবং 'জ্ঞাপ্তি' স্থাপিত হয়েছে কিন্তু 'কর্মবাচা' অসম্পূর্ণ থাকা অবস্থায় বুঝায়।

"ছন্দং অদত্বা উট্ঠাযাসনা পক্কমেয্য" বলতে "কুপিত ও ভিন্নমতাবলম্বী হয়ে এই কর্ম কীভাবে না করাতে পারি"—এই ভেবে গমন করলে, দুক্কট অপরাধ হয়। পরিষদের হস্তপাশ অতিক্রমকালে দুক্কট এবং অতিক্রান্ত হলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪৮২. ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় ছন্দ না দিয়ে আসন হতে উঠে চলে গেলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত ছন্দ না দিয়ে আসন হতে উঠে চলে গেলে, দুক্কট অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় ছন্দ না দিয়ে আসন হতে উঠে চলে গেলে, কোনো অপরাধ হয় না। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় কোনো অপরাধ হয় না।

৪৮৩. **অনাপত্তি :** 'সংঘমধ্যে ভণ্ডন-কলহ-বিবাদ উৎপন্ন হবে' এই ভয়ে

Visit: http://www.buddhistdownload.com

গমন করলে, 'সংঘভেদ হবে' এই ভেবে গমন করলে, 'অধর্মত বা বর্গ দ্বারা অথবা অনুপযুক্ত ভিক্ষুর কর্ম করবেন' এই ভেবে গমন করলে, অসুস্থ হয়ে গমন করলে, রোগীর কোনো কার্যোপলক্ষে গেলে, পায়খানা-প্রস্রাবের কারণে গেলে, 'কর্মভঙ্গ করার অনিচ্ছায় পুনরায় আগমন করব' এই ভেবে গমন করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ছন্দং অদত্বা গমন দশম শিক্ষাপদ সমাপ্ত]

১১. দুব্বল সিক্খাপদং

(দুর্বল সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৮৪. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দকনিবাপে অবস্থান করছিলেন। তখন মল্লপুত্র আয়ুষ্মান দব্ব সংঘের শয়নাসন প্রস্তুত করতেন এবং খাদ্য-ভোজ্যাদি বণ্টন করতেন। একদা সেই আয়ুষ্মানের চীবর জীর্ণ-শীর্ণ হওয়ায় ব্যবহারের অনুপযোগী হলো। সে সময় সংঘের নতুন এক চীবর উৎপন্ন হলো। অতঃপর সংঘ সেই চীবর মল্লপুত্র আয়ুষ্মান দব্বকে প্রদান করলেন। ইহা শুনে ষড়বর্গীয় ভিক্ষুগণ এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "ভিক্ষুগণ সাংঘিক লাভকে স্ব স্ব মিত্র, আচার্য, উপাধ্যায়গণের সম্পদে পরিণত করছেন!"

ষড়বর্গীয় ভিক্ষুগণের এমন নিন্দা বাক্য শুনার পর যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ সমগ্র সংঘের সাথে চীবর দান দিয়ে, পরে তার নিন্দা করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি সমগ্র সংঘের সাথে চীবর দান দিয়ে, পরে তার নিন্দা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা সমগ্র সংঘের সাথে চীবর দান দিয়ে, পরে তার নিন্দা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

৪৮৫. "যো পন ভিক্খু সমগ্গেন সঙ্ঘেন চীবরং দত্বা পচ্ছা খীযনধম্মং আপজ্জেয্য 'যথাসন্থুতং ভিক্খু সঙ্ঘিকং লাভং পরিণামেন্তী'তি পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : সমগ্র সংঘের সাথে চীবর দান দিয়ে, কোনো ভিক্ষু যদি পরবর্তী সময়ে এই বলে নিন্দা করে যে, "ভিক্ষুগণ সাংঘিক লাভকে স্ব স্ব মিত্র, আচার্য, উপাধ্যায়ের সম্পদে পরিণত করছেন" এভাবে বললে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৮৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সমগ্গো সঙ্ঘো" অর্থে এক সীমায় স্থিত হয়ে একত্রে উপোসথ, প্রবারণা, সংঘকর্মাদি সম্পন্ন করেন এমন সমানসংবাসক সংঘই অভিপ্রেত।

"দত্বা" বলতে নিজে দান দিয়ে।

"যথাসন্থুতং" অর্থে যথা মিত্রতা, যথা বন্ধুত্বতা বা যথা কল্যাণমিত্রতাবশত এবং উভয়ের একি আচার্য ও একি উপাধ্যায় হওয়ার প্রেক্ষিতে বলা হয়েছে।

"সঙ্ঘিকং" অর্থে সংঘের উদ্দেশে প্রদত্ত হয়েছে এমন সাংঘিক সম্পত্তিই অভিপ্রেত।

"লাভো" অর্থে চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলানপ্রত্যয়-ভৈষজ্য অথবা বিবিধ প্রয়োজনীয় দ্রব্যাদি; এমনকি চূর্ণপিণ্ড, দন্তকাষ্ঠ এবং দৃশ্যমান সূত্রনাল পর্যন্ত অভিপ্রেত।

"পচ্ছা খীযনধম্মং আপজ্জেয্য" বলতে সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত শয়নাসন প্রজ্ঞাপক, খাদ্য-ভোজ্যাদি বণ্টনকারক, যাগু বণ্টনকারক, ফল বণ্টনকারক অথবা অল্পমাত্র বণ্টনকারক ভিক্ষুকে চীবর দেওয়া হলে, পরে তার নিন্দা করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪৮৭. ধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় চীবরদানে নিন্দা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত চীবরদানে নিন্দা করলে, পাচিত্তিয় অপরাধ হয়। ধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় চীবরদানে নিন্দা করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যান্য ব্যবহার্যদ্রব্য দানে নিন্দা করলে, দুক্কট অপরাধ হয়। সংঘকর্তৃক সম্মতি অপ্রাপ্ত শয়নাসন প্রজ্ঞাপক, খাদ্য-ভোজ্যাদি বণ্টনকারক, যাগু বণ্টনকারক, ফল বণ্টনকারক অথবা অল্পমাত্র বণ্টনকারক ভিক্ষুকে চীবর অথবা অন্য কোনো ব্যবহার্যদ্রব্য দানে নিন্দা করলে, দুক্কট অপরাধ হয়। সংঘকর্তৃক সম্মতিপ্রাপ্ত বা অপ্রাপ্ত শয়নাসন প্রজ্ঞাপক, খাদ্য-ভোজ্যাদি বণ্টনকারক, যাগু

Visit: http://www.buddhistdownload.com

বণ্টনকারক, ফল বণ্টনকারক অনুপসম্পন্নকে চীবর অথবা অন্য কোনো ব্যবহার্যদ্রব্য দানে নিন্দা করলে, দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে ধর্মত কর্ম ধারণায় দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে 'ধর্মত কর্ম কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অধর্মত কর্মকে অধর্মত কর্ম ধারণায় কোনো অপরাধ হয় না।

৪৮৮. **অনাপত্তি :** হিংসা, ঈর্ষা বা মোহবশত না করে স্বভাবতই নিন্দা করলে, 'কেন তাকে দেওয়া হয়েছে সে তা লাভ করার পরই নষ্ট করবে; তাকে সম্যক বিবেচনা না করেই দেওয়া হয়েছে' এই বলে নিন্দা করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দুব্বল একাদশতম শিক্ষাপদ সমাপ্ত]

১২. পরিণামন সিক্খাপদং

(পরিবর্তন সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৮৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন অন্যতর বণিকদল সংঘের উদ্দেশে চীবরসহ ভোজনের আয়োজন করল এই ভেবে যে, "ভোজন করিয়ে চীবরে আচ্ছাদন করাব।" অতঃপর ষড়বর্গীয় ভিক্ষুগণ যথায় সেই বণিকদল তথায় উপস্থিত হলেন; উপস্থিত হয়ে সেই বণিক দলকে বললেন, "আবুসো, এই ভিক্ষুগণের উদ্দেশে এই চীবরগুলো দান করুন।" "না ভন্তে, আমরা দান করব না। কারণ সংঘের উদ্দেশে আমাদের প্রতিবৎসর চীবরসহ ভোজনের আয়োজন করতে হয়।" "আবুসো, সংঘের বহুদায়ক এবং বহুভোজন বিদ্যমান। কিন্তু এই ভিক্ষুগণ আপনাদের উপর নির্ভরশীল হয়ে এবং আপনাদের দিকে তাকিয়েই এখানে অবস্থান করছেন। আপনারাই যদি এঁদের দান না করেন, তাহলে কে-ই বা এদের দান করবে? সুতরাং আবুসো, এই ভিক্ষুগণের উদ্দেশে এই চীবরগুলো দান করুন।"

অতঃপর সেই বণিকদল ষড়বর্গীয় ভিক্ষুগণের সনির্বন্ধ অনুরোধের প্রেক্ষিতে যথাপ্রস্তুত চীবর ষড়বর্গীয় ভিক্ষুগণকে দান করার পর সংঘকে ভোজন পরিবেশন করলেন। যে সকল ভিক্ষুরা সংঘের উদ্দেশে চীবরসহ ভোজনের সুব্যবস্থা করা হয়েছে বলে জানেন, কিন্তু ষড়বর্গীয় ভিক্ষুগণের উদ্দেশে দান করা হয়েছে বলে না জানেন তারা এরূপ বললেন, "আবুসো, সংঘের উদ্দেশে

Visit: http://www.buddhistdownload.com

চীবর দান করুন।" "ভন্তে, চীবর তো নেই। কারণ, যথাপ্রস্তুত সমস্ত চীবর আর্য ষড়বর্গীয় ভিক্ষুগণ অপর আর্য ষড়বর্গীয় ভিক্ষুগণের দানে পরিবর্তন করেছেন।" এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ জেনেশুনে সংঘের প্রাপ্ত (পরিণত) লাভকে পুদ্গালের দানে পরিবর্তন করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি সাংঘিক লাভকে পুদ্গালের দানে পরিবর্তন করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কিহেতু তোমরা সংঘের প্রাপ্ত লাভকে পুদ্গালের দানে পরিবর্তন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৪৯০. "যো পন ভিক্খু জানং সাঙ্ঘিকং লাভং পরিণতং পুগ্গলস্স পরিণামেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু জেনেশুনে সংঘের প্রাপ্ত (পরিণত) লাভকে পুদ্গালের দানে পরিবর্তন করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৯১. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"জানাতি" বলতে নিজে জানা বা অন্য কেউ তাকে প্রকাশ করা অথবা সে নিজেই প্রকাশ করা।

"সঙ্ঘিকং" অর্থে সংঘের উদ্দেশে প্রদত্ত হয়েছে এমন সাংঘিক সম্পত্তিই অভিপ্রেত।

"লাভো" অর্থে চীবর, পিণ্ডপাত, শয়নাসন, গিলানপ্রত্যয়-ভৈষজ্য অথবা বিবিধ ব্যবহার্যদ্রব্যাদি, এমনকি চূর্ণপিণ্ড, দন্তকাষ্ঠ এবং দৃশমান সূত্রনাল পর্যন্ত।

"পরিণতং" অর্থে 'আমরা দান করব' এই বাক্য কথিত হওয়া। এতাদৃশ পরিণতকে (প্রাপ্ত লাভকে) পুদ্গালের দানে পরিবর্তন করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

৪৯২. পরিণতকে পরিণত ধারণায় পুদ্গালের দানে পরিবর্তন করলে,

Visit: http://www.buddhistdownload.com

পাচিত্তিয় অপরাধ হয়। পরিণতকে 'পরিণত কি না' সন্দেহবশত পুদ্গালের দানে পরিবর্তন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। পরিণতকে অপরিণত ধারণায় পুদ্গালের দানে পরিবর্তন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। সংঘের প্রাপ্ত লাভকে অন্য সংঘের অথবা চৈত্যের দানে পরিবর্তন করলে, দুক্কট অপরাধ হয়। এক চৈত্যের প্রাপ্ত লাভকে অন্য চৈত্যের বা সংঘের দানে পরিবর্তন করলে, দুক্কট অপরাধ হয়। পুদ্গালের প্রাপ্ত লাভকে অন্য পুদ্গালের বা সংঘের অথবা চৈত্যের দানে পরিবর্তন করলে, দুক্কট অপরাধ হয়। অপরিণতকে পরিণত ধারণায় দুক্কট অপরাধ হয়। অপরিণতকে 'পরিণত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অপরিণতকে অপরিণত ধারণায় কোনো অপরাধ হয় না।

৪৯৩. **অনাপত্তি :** 'কোথায় দান করব' এভাবে জিজ্ঞাসিত হলে 'যথায় দিয়ে তোমাদের দানফল বৃদ্ধি-অভিবৃদ্ধি বা চিরস্থিতি অথবা রক্ষিত হয় এবং যথায় তোমাদের শ্রদ্ধা উৎপন্ন হয়, তথায় দান কর' এভাবে বললে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পরিণামন দ্বাদশতম শিক্ষাপদ সমাপ্ত]

[সহধার্মিক বর্গ অষ্টম]

তস্সুদ্দানং / স্মারক গাথা

সহধার্মিক, বিবর্ণে, মোহগ্রস্ততা আর প্রহারকে,
তালসত্তি, অমূলক, সজ্ঞানে ও উপশ্রুতিতে;
প্রতিবাহনে, ছন্দে, দব্ব আর পরিণামেতে।

Visit: http://www.buddhistdownload.com

৯. রতন বর্গ

১. অন্তেপুর সিক্খাপদং

(অন্তঃপুরে প্রবেশ সম্পর্কীয় শিক্ষাপদ)

৪৯৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন কোশলরাজ প্রসেনজিৎ উদ্যানপালকে নির্দেশ দিলেন যে, "হে উদ্যানপাল, যাও উদ্যান পরিষ্কার কর। আমরা উদ্যানে গমন করব।" "হ্যাঁ প্রভু" বলে সেই উদ্যানপাল কোশলরাজ প্রসেনজিৎকে সম্মতি জানিয়ে উদ্যান পরিষ্কার করতে লাগলেন। অতঃপর অন্যতর এক বৃক্ষমূলে উপবিষ্ট ভগবানকে দেখতে পেলেন। দেখার পর যথায় কোশলরাজ প্রসেনজিৎ তথায় উপস্থিত হলো; উপস্থিত হয়ে কোশলরাজ প্রসেনজিৎকে এরূপ বলল, "প্রভু, উদ্যান পরিষ্কার করা হয়েছে। কিন্তু তথায় ভগবান উপবিষ্ট হয়েছেন।" "ঠিক আছে উদ্যানপাল, তাহলে আমরা ভগবানকে পূজা-বন্দনাদি করব।"

তৎপর কোশলরাজ প্রসেনজিৎ উদ্যানে গমনপূর্বক যথায় ভগবান তথায় উপস্থিত হলেন। কিন্তু এরি মধ্যে জনৈক উপাসক ভগবানকে পূজা-বন্দনাদি করার পর উপবেশন করলেন। কোশলরাজ প্রসেনজিৎ ভগবানকে পূজা-বন্দনাদিকৃত সেই উপবিষ্ট উপাসককে দেখতে পেলেন। দেখার পর ভীত-সন্ত্রস্ত হয়ে স্থিরভাবে দাঁড়িয়ে রইলেন। তখন কোশলরাজ প্রসেনজিতের মনে এই চিন্তা উদিত হলো : "যেভাবে এই লোকটি ভগবানকে পূজা-বন্দনাদি করেছে; তাতে কখনো সে দুর্বৃত্ত হতে পারে না।" এই চিন্তা করার পর তথায় ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। তখন সেই উপাসক ভগবানকে গৌরববশত কোশলরাজ প্রসেনজিৎকে অভিবাদনও করলেন না; প্রত্যুত্থানও করলেন না। এতে কোশলরাজ প্রসেনজিৎ বেশ অসন্তুষ্ট হলেন এই ভেবে যে, "কেন এই লোকটি আমার আগমন দেখার পরও আমাকে অভিবাদনও করবে না, প্রত্যুত্থানও করবে না?"

অতঃপর ভগবান কোশরাজ প্রসেনজিতের অসন্তোষ জ্ঞাত হয়ে কোশলরাজ প্রসেনজিৎকে এরূপ বললেন, "মহারাজ, এই উপাসক বহুশ্রুত ও কামতৃষ্ণাদিতে বীতরাগ।" তখন কোশলরাজ প্রসেনজিতের মনে এই চিন্তা উদিত হলো : "না, এই উপাসক অধম ও নীচজাতের হতে পারেন না। কারণ, স্বয়ং ভগবানই তাঁর গুণ বর্ণনা করছেন!" এই চিন্তা করার পর সেই উপাসককে এরূপ বললেন, "উপাসক, তোমার কিছু প্রয়োজন হলে তা তুমি নিঃসংকোচে বলতে পার।" "প্রভু, তা অতি উত্তম" বলে সেই উপাসক প্রত্যুত্তর দিলেন।

Visit: http://www.buddhistdownload.com

অতঃপর ভগবান কোশলরাজ প্রসেনজিৎকে ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত, সম্প্রহংসিত করলেন। তৎপর কোশলরাজ প্রসেনজিৎ ভগবানকর্তৃক ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত, সম্প্রহংসিত হয়ে আসন হতে উঠে ভগবানকে অভিবাদনপূর্বক প্রদক্ষিণ করে চলে গেলেন।

৪৯৫. সে সময়ে কোশলরাজ প্রসেনজিৎ প্রসাদের উপরিতলায় আরোহণ করলে দেখতে পেলেন যে, সেই উপাসক রথে করে ছত্রহস্তে গমন করছেন। দেখার পর তাকে নিকটে ডাকায়ে বললেন, "উপাসক, তুমি নাকি বহুশ্রুত ও শাস্ত্রকোবিদ (বিশারদ)। সুতরাং উপাসক, ইহা খুবই উত্তম হবে, যদি আমাদের অন্তঃপুরবাসিনী স্ত্রীলোকদের ধর্মদেশনা কর।" "প্রভু, আমি যেটুকু জানি তা আর্যগণের তুলনায় কিছুই নয়; সুতরাং আর্যগণই প্রভুর অন্তঃপুরবাসিনী স্ত্রীলোকদের ধর্মদেশনা করবেন।" তখন কোশলরাজ প্রসেনজিৎ "উপাসক, তুমি সত্যই বলেছ" এই বলে যথায় ভগবান তথায় উপস্থিত হলেন। উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্ট কোশলরাজ প্রসেনজিৎ ভগবানকে বললেন, "ভন্তে ভগবান, ইহা অতি উত্তম হবে, যদি আপনি একজন ভিক্ষুকে আদেশ করেন, যিনি আমাদের অন্তঃপুরবাসিনী স্ত্রীলোকদের ধর্মদেশনা করবেন।" অতঃপর ভগবান কোশলরাজ প্রসেনজিৎকে ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত, সম্প্রহংসিত করলেন। তৎপর কোশলরাজ প্রসেনজিৎ ভগবানকর্তৃক আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত, সম্প্রহংসিত হয়ে আসন হতে উঠে ভগবানকে অভিবাদনপূর্বক প্রদক্ষিণ করে চলে গেলেন। অতঃপর বুদ্ধ ভগবান আয়ুষ্মান আনন্দকে আহ্বান করে বললেন, আনন্দ, যাও রাজার অন্তঃপুরবাসিনী স্ত্রীলোকদের ধর্মদেশনা কর। "হ্যাঁ প্রভু" বলে আয়ুষ্মান আনন্দ ভগবানকে প্রত্যুত্তর প্রদানপূর্বক যথা সময়ে সেখানে গিয়ে রাজার অন্তঃপুরবাসিনী স্ত্রীলোকদের ধর্মদেশনা করলেন। অতঃপর আয়ুষ্মান আনন্দ পূর্বাহ্ন সময়ে পরিধেয় চীবর পরিধান করে পাত্র হাতে নিয়ে যেখানে কোশলরাজ প্রসেনজিতের নিবাস সেখানে উপস্থিত হলেন।

৪৯৬. সে সময়ে কোশলরাজ প্রসেনজিৎ মল্লিকা দেবীর সাথে শয়নকক্ষে শায়িত হলেন। তখন মল্লিকাদেবী দূর হতে আগমনরত আয়ুষ্মান আনন্দকে দেখতে পেলেন। দেখার পর সত্বর শয্যা হতে উঠলেন এবং কমলা রঙের শোভনবস্ত্র পরিধান করলেন। তৎপর আয়ুষ্মান আনন্দ তথা হতে প্রত্যাবর্তন করে আরামে গমনপূর্বক ভিক্ষুগণকে এ কথা প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা

Visit: http://www.buddhistdownload.com

আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান আনন্দ আগে থেকেই না জানিয়ে রাজার অন্তঃপুরে প্রবেশ করবেন?" অতঃপর ভিক্ষুগণ আয়ুষ্মান আনন্দকে বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান আনন্দকে জিজ্ঞাসা করলেন, হে আনন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি আগে থেকেই না জানিয়ে রাজার অন্তঃপুরে প্রবেশ করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, আনন্দ, কী হেতু তুমি আগে থেকেই না জানিয়ে রাজার অন্তঃপুরে প্রবেশ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। এভাবে বিবিধ প্রকারে নিন্দা-ভর্ৎসনাদি করে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন :

৪৯৭. হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের দশবিধ দোষ। সেগুলো কী কী? ভিক্ষুগণ, এখানে রাজা রাণীর সাথে উপবেশন করেন। তথায় যদি ভিক্ষু প্রবেশ করেন, হয় রাণী ভিক্ষুকে দেখামাত্রই মৃদু হাসি দেয় অথবা ভিক্ষু রাণীকে দেখামাত্রই মৃদু হাসি দেয়। তখন রাজার এই ভাব উদিত হয় : "নিশ্চয় ইহা প্রব্রজ্জিতদের দ্বারাই করা হয়েছে অথবা তারাই করে থাকবেন[১]।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই প্রথম দোষ।

হে ভিক্ষুগণ, রাজার বহুকৃত্য, বহুকরণীয়। সুতরাং অন্যতরা স্ত্রী গমন করেও অর্থাৎ অন্যতরা স্ত্রীর সাথে যৌনসহবাস করেও তা বিস্মৃত হন। তদ্ধেতু সেই স্ত্রী গর্ভবতী হয়ে থাকে। তখন রাজার এই ভাব উদিত হয় : "এখানে প্রব্রজ্জিত ব্যতীত অন্য কেউই তো প্রবেশ করেন না। তদ্ধেতু নিশ্চয় ইহা প্রব্রজ্জিতেরই কাজ হবে।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই দ্বিতীয় দোষ।

হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরস্থ অন্যতর কোনো রত্ন যদি হারিয়ে যায়। তখন রাজার এই ভাব উদিত হয় : "এখানে প্রব্রজ্জিত ব্যতীত অন্য কেউই তো প্রবেশ করেন না। তদ্ধেতু নিশ্চয় ইহা প্রব্রজ্জিতেরই কাজ হবে।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই তৃতীয় দোষ।

হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরস্থ কোনো গোপনীয় বিষয় যদি বাইরে প্রকাশ পায়। তখন রাজার এই ভাব উদিত হয় : "এখানে প্রব্রজ্জিত ব্যতীত অন্য

---

[১]. রাজার মনে হয় যে নিশ্চিতভাবে দুজনের হাসিই পাপমূলক হবে।

Visit: http://www.buddhistdownload.com

কেউই তো প্রবেশ করেন না। তদ্ধেতু নিশ্চয় ইহা প্রব্রজ্জিতেরই কাজ হবে।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই চতুর্থ দোষ।

হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরের মধ্যে পুত্র যদি পিতাকে হত্যা করতে ইচ্ছা করে অথবা পিতা যদি পুত্রকে হত্যা করতে ইচ্ছা করে, তখন তার এই ভাব উদিত হয় : "এখানে প্রব্রজ্জিত ব্যতীত অন্য কেউই তো প্রবেশ করেন না। তদ্ধেতু নিশ্চয় ইহা প্রব্রজ্জিতেরই কাজ হবে।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই পঞ্চম দোষ।

হে ভিক্ষুগণ, রাজা যা নিচে রাখার মতো বস্তু তা যদি উপরে রাখেন, তখন ইহা যার মনোপুত না হয়, তার চিত্তে এই ভাব উদিত হয় : "রাজা তো প্রব্রজ্জিতদের সাথে সংস্রবযুক্ত হন। তদ্ধেতু নিশ্চয় ইহা প্রব্রজ্জিতেরই কাজ হবে।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই ষষ্ঠ দোষ।

হে ভিক্ষুগণ, রাজা যা উপরে রাখার মতো বস্তু তা যদি নিচে রাখেন। তখন ইহা যার মনোপুত না হয়, তার চিত্তে এই ভাব উদিত হয় : "রাজা তো প্রব্রজ্জিতদের সাথে সংস্রবযুক্ত হন। তদ্ধেতু নিশ্চয় ইহা প্রব্রজ্জিতেরই কাজ হবে।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই সপ্তম দোষ।

হে ভিক্ষুগণ, রাজা যদি অসময়ে সেনাদলকে বিদায় দিয়ে থাকেন, তখন ইহা যার মনোপুত না হয়, তার চিত্তে এই ভাব উদিত হয় : "রাজা তো প্রব্রজ্জিতের সাথে সংস্রবযুক্ত হন। তদ্ধেতু ইহা নিশ্চয় প্রব্রজ্জিতেরই কাজ হবে।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই অষ্টম দোষ।

হে ভিক্ষুগণ, রাজা যদি যথাসময়ে সেনাদলকে বিদায় দিয়ে পথিমধ্য হতে প্রত্যাবর্তন করান, তখন ইহা যার মনোপুত না হয়, তার চিত্তে এই ভাব উদিত হয় : "রাজা তো প্রব্রজ্জিতের সাথে সংস্রবযুক্ত হন। তদ্ধেতু নিশ্চয় ইহা প্রব্রজ্জিতেরই কাজ হবে।" হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে প্রবেশের ইহাই নবম দোষ।

হে ভিক্ষুগণ, রাজার অন্তঃপুরে হস্তীসজ্জা, অশ্বসজ্জা, রথসজ্জা এবং যে সমস্ত কামলালসা চরিতার্থ সাধনীয় রূপ-শব্দ-গন্ধ-রস-স্পর্শাদি পঞ্চকামগুণ আছে; সে সমস্ত দৃশ্যাদি প্রব্রজ্জিতের পক্ষে মোটেই যথোপযোগী নয়। হে ভিক্ষুগণ, রাজন্তঃপুরে প্রবেশের ইহাই দশম দোষ।

হে ভিক্ষুগণ, এগুলোই হচ্ছে রাজার অন্তঃপুরে প্রবেশের দশবিধ দোষ। অতঃপর ভগবান আয়ুষ্মান আনন্দকে বহু প্রকারে ভর্ৎসনাদি করে চপলতা, ... বিনয়কে অনুগ্রহের জন্য একান্ত হিতকর। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

৪৯৮. "যো পন ভিক্খু রঞ্ঞো খত্তিযস্স মুদ্ধাবসিত্তস্স অনিক্খন্ত রাজকে অনিগ্গতরতনকে পুব্বে অপ্পটিসংবিদিতো ইন্দখীলং অতিক্কমেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু পূর্বে না জানিয়ে ক্ষত্রিয় অভিষেকপ্রাপ্ত রাজা অথবা রাণী তাদের স্বীয় শয়নকক্ষ হতে অনিষ্ক্রান্ত অবস্থায় শয়নকক্ষের ইন্দ্রখীল (দরজার চৌকাট সীমা) অতিক্রম করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৪৯৯. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"খত্তিযো" অর্থে পিতৃকুল ও মাতৃকুল উভয়কুল হতে পিতা-পিতামহ-প্রপিতামহাদি সপ্তম পুরুষ পর্যন্ত নির্দোষ, নিষ্কলঙ্ক, সংশুদ্ধ বংশধরই অভিপ্রেত।

"মুদ্ধাবসিত্তো" অর্থে ক্ষত্রিয় অভিষেকের মাধ্যমে অভিষেক প্রাপ্ত হওয়া।

"অনিক্খন্তরাজকে" বলতে রাজ শয়নকক্ষ হতে অনিষ্ক্রান্ত হওয়া।

"অনিগ্গতরতনকে" বলতে মহিষী বা রাণী শয়নকক্ষ হতে অনিষ্ক্রান্ত হওয়া অথবা উভয়েই অনিষ্ক্রান্ত হওয়া।

"পুব্বে অপ্পটিসংবিদিতো" অর্থে পূর্বে না জানিয়ে অথবা অবগত না করিয়ে বুঝানো হয়েছে।

"ইন্দখীলো" অর্থে শয়নকক্ষের দরজার চৌকাট বুঝায়। এখানে "শয়নকক্ষ" বলতে যথায় রাজার শয্যা বা বিছানা প্রস্তুত করা হয় এমনকি পর্দার বেষ্টনী দ্বারা পরিবেষ্টিত স্থানও বুঝায়।

"ইন্দখীলং অতিক্কমেয্য" বলতে প্রথম পাদ বিক্ষেপে দরজার চৌকাট অতিক্রম করলে, দুক্কট অপরাধ হয়। দ্বিতীয় পাদ অতিক্রম ক্ষণেই পাচিত্তিয় অপরাধ হয়।

৫০০. না জানালে 'জানাইনি' ধারণায় ইন্দ্রখীল অতিক্রম করলে, পাচিত্তিয় অপরাধ হয়। না জানালে 'জানিয়েছি কি না' সন্দেহবশত ইন্দ্রখীল অতিক্রম করলে, পাচিত্তিয় অপরাধ হয়। না জানালে 'জানিয়েছি' ধারণায় ইন্দ্রখীল অতিক্রম করলে, পাচিত্তিয় অপরাধ হয়। জানালে 'জানাইনি' ধারণায় দুক্কট অপরাধ হয়। জানালে 'জানিয়েছি কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। জানালে 'জানিয়েছি' ধারণায় কোনো অপরাধ হয় না।

৫০১. **অনাপত্তি :** জানালে, ক্ষত্রিয় না হলে, ক্ষত্রিয় অভিষেকপ্রাপ্ত না হলে,

Visit: http://www.buddhistdownload.com

রাজা শয়নকক্ষ হতে নিষ্ক্রান্ত হলে বা রাণী শয়নকক্ষ হতে নিষ্ক্রান্ত হলে অথবা উভয়েই নিষ্ক্রান্ত হলে, শয়নকক্ষ না হলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অন্তেপুর প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

২. রতন সিক্খাপদং

(রত্ন সম্পর্কীয় শিক্ষাপদ)

৫০২. সে সময়ে বুদ্ধ ভগবা শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন অন্যতর ভিক্ষু অচিরবতী নদীতে স্নান করছিলেন। অন্যতর এক ব্রাহ্মণও পাঁচশত মুদ্রার একটি থলি নদীর পারে উঁচু স্থানে রেখে অচিরবতী নদীতে স্নান করার পর বিস্মৃত হয়ে চলে গেলেন। তৎপর সেই ভিক্ষু "সেই ব্রাহ্মণের এই থলিটি যাতে নষ্ট না হয়" এই ভেবে সেই থলিটি অন্যত্র সরিয়ে রাখলেন। অতঃপর সেই ব্রাহ্মণের থলিটির কথা স্মরণ হওয়ার পর শীঘ্র দৌঁড়ে এসে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, "ভদন্ত, আপনি আমার থলিটি দেখেছেন কি?" "হ্যাঁ ব্রাহ্মণ, দেখেছি" এই বলে তাঁর হস্তে সেই থলিটি দিয়ে দিলেন। তখন সেই ব্রাহ্মণের মনে এই চিন্তা উদিত হলো : "কীভাবে আমি এই ভিক্ষুকে পুরস্কার (উপহার) না দিতে পারি?" এরূপ চিন্তা করে বললেন, "ভদন্ত, এখানে আমার পাঁচশত নয়, সহস্র মুদ্রাই ছিল।" এই বলে নানাভাবে তাঁকে অপদস্ত করার পর ছেড়ে দিলেন। অনন্তর সেই ভিক্ষু আরামে (বিহারে) গমনপূর্বক ভিক্ষুদের নিকট এ কথা সবিস্তারে প্রকাশ করলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু রত্ন গ্রহণ করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা সবিস্তরে জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি রত্ন গ্রহণ করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি রত্ন গ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই

Visit: http://www.buddhistdownload.com

শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু রতনং বা রতনসম্মতং বা উগ্গণ্হেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু রত্ন বা রত্নসম্মত কোনো বস্তু নিজে বা অপরের দ্বারা গ্রহণ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৫০৩. সে সময়ে শ্রাবস্তীতে এক বর্ণাঢ্য মহোৎসব উদ্‌যাপিত হচ্ছিল। তখন লোকেরা বিবিধ প্রকার স্বর্ণালঙ্কারে ভূষিত হয়ে সেই বর্ণাঢ্য মহোৎসবে যোগদান করতে লাগল। এদিকে মিগারমাতা বিশাখাও নানা প্রকার স্বর্ণালঙ্কারে ভূষিতা হয়ে বর্ণাঢ্য মহোৎসবে গমন করার উদ্দেশে গ্রাম হতে নিষ্ক্রমণ করার পর "সেই বর্ণাঢ্য মহোৎসবে গিয়ে আমি কী করব? বরঞ্চ তা না করে আমি ভগবানকে পূজা-বন্দনাদি করব" এই ভেবে অলঙ্কারাভরণ খুলে উত্তরীয় বস্ত্রের সাথে বেঁধে সেই পুলিন্দটি (থলিটি) এই বলে দাসিকে দিলেন "ওহে, তুমি এই পুলিন্দটি যত্ন করে রেখো।"

অনন্তর মিগারমাতা বিশাখা যথায় ভগবান তথায় উপস্থিত হলেন। উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদনপূর্বক একান্তে উপবেশন করলেন। একান্তে উপবিষ্টা মিগারমাতা বিশাখাকে ভগবান ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত করলেন। তৎপর মিগারমাতা বিশাখা ভগবানকর্তৃক ধর্মকথায় আনন্দিত, পুলকিত, সমুত্তেজিত ও সম্প্রহংসিত হয়ে আসন হতে উঠে ভগবানকে অভিবাদনপূর্বক প্রদক্ষিণ করে চলে গেলেন। এদিকে সেই দাসিও সেই পুলিন্দটির কথা ভুলে গিয়ে চলে গেল। ভিক্ষুগণ সেই পুলিন্দটি তথায় পড়ে থাকতে দেখে ভগবানকে এ কথা জানালে ভগবান বললেন, "তাহলে হে ভিক্ষুগণ, তা গ্রহণপূর্বক একটি নির্দিষ্ট স্থানে রেখে দাও।"

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা করছি যে, আরাম মধ্যে রত্ন বা রত্নসম্মত কোনো বস্তু পড়ে থাকলে, তা নিজে বা অপরের দ্বারা গ্রহণ করিয়ে এই ভেবে রেখে দেবে : "যার জিনিস সে নিয়ে যাবে।" অতঃপর হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু রতনং বা রতনসম্মতং বা অঞ্ঞত্র অজ্ঝারামা উগ্গণ্হেয্য বা উগ্গণ্হাপেয্য বা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু রত্ন বা রত্নসম্মত কোনো বস্তু আরাম মধ্যভাগ ব্যতীত অন্যত্র হতে নিজে বা অপরের দ্বারা গ্রহণ করালে, তার পাচিত্তিয়

Visit: http://www.buddhistdownload.com

অপরাধ হয়।

৫০৪. সে সময়ে জনপদে অনাথপিণ্ডিক গৃহপতির বাণিজ্যকর্ম[১] থাকায় গৃহপতিকর্তৃক পরিচারক আদিষ্ট হলো যে, "ভদন্তগণ আগমন করলে তাদের ভৈষজ্যের সুব্যবস্থা করিও।" সে সময়ে বহুসংখ্যক ভিক্ষু কাশী জনপদে পর্যটন করতে করতে যথায় অনাথপিণ্ডিক গৃহপতির পরিচারক তথায় উপস্থিত হলেন। তখন সেই লোকটি দূর হতে আগমনরত সেই ভিক্ষুগণকে দেখতে পেলেন। দেখার পর যথায় সেই ভিক্ষুগণ তথায় উপস্থিত হলেন। উপস্থিত হয়ে সেই ভিক্ষুগণকে অভিবাদনপূর্বক এরূপ বললেন, "ভন্তে আর্য, আপনারা আগামীকালের জন্যে গৃহপতির ভোজন গ্রহণ করুন।" তখন সেই ভিক্ষুগণ মৌনভাবে তা অনুমোদন করলেন।

তৎপর সেই লোকটি সেই রাত্রির অবসানে উৎকৃষ্ট খাদ্য-ভোজ্যাদি প্রস্তুত করিয়ে ভোজনের সময় জ্ঞাপন করলেন এবং স্বনাম খোদিত আংটি খুলে সেই ভিক্ষুগণকে ভোজন পরিবেশন করার পর বললেন, "আর্যগণ ভোজনান্তে গমন করুন, আমিও আমার কাজে গমন করব" এই বলে স্বনাম খোদিত আংটিটির কথা ভুলে গিয়ে স্বীয় কর্মক্ষেত্রে চলে গেল। তখন ভিক্ষুগণ সেই আংটিটি পড়ে থাকতে দেখে ভাবলেন, "যদি আমরা গমন করি, তাহলে এই স্বনাম খোদিত আংটিটি চুরি হতে পারে" এই ভেবে সেই লোকটি না আসা অবধি তথায় বসে থাকলেন। অতঃপর সেই লোকটি কর্মক্ষেত্র হতে এসে সেই ভিক্ষুগণকে দেখে এরূপ বলল, "ভন্তে আর্য, এখনো আপনারা বসে আছেন কেন?" তখন সেই ভিক্ষুগণ সেই লোকটিকে সমস্ত বিষয় জ্ঞাত করলেন। অনন্তর শ্রাবস্তীতে গমনপূর্বক ভিক্ষুগণকে এ কথা জানালে, ভিক্ষুগণও ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, আরাম মধ্যে বা অবসথ মধ্যে (গৃহে) রত্ন বা রত্নসম্মত কোনো বস্তু পড়ে থাকতে দেখলে, তা নিজে বা অপরের দ্বারা গ্রহণ করায়ে এই ভেবে রেখে দেবে : "যার জিনিস সে নিয়ে যাবে।" অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

১০৫. "যো পন ভিক্খু রতনং বা রতনসম্মতং বা অঞ্ঞত্র অজ্ঝারামা বা অজ্ঝাবসথা বা উগ্গণ্হেয্য বা উগ্গণ্হাপেয্য বা পাচিত্তিযং। রতনং বা পন

---

[১]. কম্মন্তগামে।

Visit: http://www.buddhistdownload.com

ভিক্খুনা রতনসম্মতং বা অজ্ঝারামে বা অজ্ঝাবসতে বা উগ্গাহেত্বা বা উগ্গণ্হাপেত্বা বা নিক্খিপিতব্বং 'যস্স ভবিস্সতি সো হরিস্সতী'তি। অযং তত্থ সামীচী"তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু মণি-মুক্তাদি দশবিধ রত্ন বা রত্নসম্মত কোনো বস্তু আরামমধ্য বা অবসথমধ্য ব্যতীত অন্যত্র হতে নিজে বা অপরের দ্বারা গ্রহণ করালে, তার পাচিত্তিয় অপরাধ হয়। কিন্তু কোনো ভিক্ষু কর্তৃক মণি-মুক্তাদি দশবিধ রত্ন বা রত্নসম্মত কোনো বস্তু আরাম মধ্যে বা অবসথ মধ্যে পাওয়া গেলে, তা নিজে বা অপরের দ্বারা গ্রহণ করিয়ে এই ভেবে রেখে দিবে : "যার জিনিস হবে, সে নিয়ে যাবে।" এক্ষেত্রে ইহাই সমীচীন।

৫০৬. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"রতনং" অর্থে মণি, মুক্তা, বেলুরিয়া, শঙ্খ, শিলা, প্রবাল, রজত, জাতরূপ, লোহিতঙ্ক ও মসারগল্ল এই দশবিধ রত্নই অভিপ্রেত।

"রতনসম্মতং" অর্থে মনুষ্যদের অলঙ্কারাদি উপভোগ্য বস্তুবিশেষ বুঝানো হয়েছে।

"অঞ্ঞত্র অজ্ঝারামা বা অজ্ঝাবসথা বা" বলতে আরামের মধ্যভাগ (অন্তঃআরাম) বা অবসথের মধ্যভাগ (অন্তঃগৃহ) ব্যতীত।

"অজ্ঝারামো" অর্থে ঘেরাযুক্ত আরামের অন্তঃআরাম (বিহারের অভ্যন্তরভাগ) এবং ঘেরাবিহীন আরামের উপচার বুঝায়।

"অজ্ঝাবসাথো" অর্থে ঘেরাযুক্ত গৃহের অন্তঃগৃহ বা গৃহাভ্যন্তর এবং ঘেরাবিহীন গৃহের উপচার বুঝায়।

"উগ্গণ্হেয্য" বলতে নিজে গ্রহণ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

"উগ্গণ্হাপেয্য" বলতে অপরের দ্বারা গ্রহণ করালে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

"রতনং বা পন ভিক্খুনা রতনসম্মতং বা অজ্ঝারামে বা অজ্ঝাবসথে বা উগ্গহেত্বা বা উগ্গণ্হাপেত্বা বা নিক্খিপিতব্বং" বলতে রূপ বা নিমিত্ত (চিহ্ন) ভালোভাবে দেখার পর রেখে দিয়ে এরূপ বলতে হবে : "যার বস্তু হারিয়ে গিয়েছে, সে আগমন করুক।" এভাবে বলার পর তথায় যদি কেউ আসেন, তখন তাকে বলতে হবে : "আবুসো, তোমার বস্তুটি ঠিক কীরূপ?" এভাবে জিজ্ঞাসা করা হলে, সে যদি রূপ বা নিমিত্ত দ্বারা উপযুক্ত প্রমাণ দিতে পারে, তখন তাকে বস্তুটি দেওয়া কর্তব্য আর দিতে না পারলে, "আবুসো, পুনরায়

Visit: http://www.buddhistdownload.com

বিবেচনা কর" বলে বলতে হবে। সেই আরাম হতে চলে যাবার সময় তথায় উপযুক্ত ভিক্ষু থাকলে; তাদের হাতে রেখে দিয়ে চলে যেতে হবে। আর উপযুক্ত ভিক্ষু না থাকলে, তথায় যদি উপযুক্ত গৃহপতি থাকে, তাদের হাতে রেখে দিয়ে চলে যেতে হবে।

"অযং তত্থ সামীচি" বলতে এক্ষেত্রে ইহাই সমীচীন বা অনুধর্মতা।

৫০৭. **অনাপত্তি :** আরামমধ্যে বা গৃহমধ্যে রত্ন বা রত্নসম্মত কোনো বস্তু পেলে, তা নিজে বা অপরের দ্বারা গ্রহণ করিয়ে "যার বস্তু, সে নিয়ে যাবে" এই ভেবে রেখে দিলে, বিশ্বাস করে রত্নসম্মত কোনো বস্তু গ্রহণ করলে, মুহূর্তকালের জন্যে গ্রহণ করলে, পাংশুকূল ধারণায় গ্রহণ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[রতন দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৩. বিকালগামপ্পবিসন সিক্খাপদং

(বিকালে গ্রামে প্রবেশ সম্পর্কীয় শিক্ষাপদ)

৫০৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ বিকালে গ্রামে প্রবেশপূর্বক সভামধ্যে উপবিষ্ট হয়ে নানা প্রকার তিরচ্ছান তথা হীনকথা বলতে লাগলেন। যেমন : রাজকথা, চোরকথা, মহামাত্যকথা, সেনাকথা, ভয়কথা, যুদ্ধকথা, অন্নকথা, পানকথা, বস্তুকথা, শয়নকথা, মালাকথা, গন্ধকথা, জ্ঞাতিকথা, যানকথা, গ্রামকথা, নিগমকথা, নগরকথা, জনপদকথা, স্ত্রীকথা, সুরাকথা, মার্গকথা, কূপ বা পুকুর ঘাটকথা, পূর্বপ্রেতকথা, মিথ্যা গল্পগুজব, লোকক্ষয়িক, সমুদ্রক্ষয়িক ও ভবাভব-কথা ইত্যাদি। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ বিকালে গ্রামে প্রবেশপূর্বক সভামধ্যে উপবিষ্ট হয়ে নানা প্রকার তিরচ্ছানকথা বলবেন; যেমন : রাজকথা, চোরকথা, মহামাত্যকথা, সেনাকথা, ভয়কথা, যুদ্ধকথা, অন্নকথা, পানকথা, বস্ত্রকথা, শয়নকথা, মালাকথা, গন্ধকথা, জ্ঞাতিকথা, যানকথা, গ্রামকথা, নিগমকথা, নগরকথা, জনপদকথা, স্ত্রীকথা, সুরাকথা, মার্গকথা, কূপ বা পুকুর ঘাটকথা, পূর্বপ্রেতকথা, মিথ্যা গল্পগুজব, লোকক্ষয়িক, সমুদ্রক্ষয়িক ও ভবাভব-কথা? যেন কামভোগী গৃহী!"

অনন্তর ভিক্ষুগণ সেই লোকদের শ্রমণ নিন্দা ও ক্ষোভমূলক বাক্য শুনতে

Visit: http://www.buddhistdownload.com

পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ বিকালে গ্রামে প্রবেশপূর্বক সভামধ্যে উপবিষ্ট হয়ে নানা প্রকার তিরচ্ছানকথা বলবেন; যেমন : রাজকথা, চোরকথা, মহামাত্যকথা, সেনাকথা, ভয়কথা, যুদ্ধকথা, অন্নকথা, পানকথা, বস্ত্রকথা, শয়নকথা, মালাকথা, গন্ধকথা, জ্ঞাতিকথা, যানকথা, গ্রামকথা, নিগমকথা, নগরকথা, জনপদকথা, স্ত্রীকথা, সুরাকথা, মার্গকথা, কূপ বা পুকুর ঘাটকথা, পূর্বপ্রেতকথা, মিথ্যা গল্পগুজব, লোকক্ষয়িক, সমুদ্রক্ষয়িক ও ভবাভব-কথা?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনাদি করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি বিকালে গ্রামে প্রবেশপূর্বক সভা মধ্যে উপবিষ্ট হয়ে নানাপ্রকার তিরচ্ছানকথা বলছ; যেমন : রাজকথা, চোরকথা, মহামাত্যকথা, সেনাকথা, ভয়কথা, যুদ্ধকথা, অন্নকথা, পানকথা, বস্ত্রকথা, শয়নকথা, মালাকথা, গন্ধকথা, জ্ঞাতিকথা, যানকথা, গ্রামকথা, নিগমকথা, নগরকথা, জনপদকথা, স্ত্রীকথা, সুরাকথা, মার্গকথা, কূপ বা পুকুর ঘাটকথা, পূর্বপ্রেতকথা, মিথ্যা গল্পগুজব, লোকক্ষয়িক, সমুদ্রক্ষয়িক ও ভবাভব-কথা? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু বিকালে গামং পবিসেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু বিকালে গ্রামে প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৫০৯. সে সময়ে বহুসংখ্যক ভিক্ষু কোশল জনপদে শ্রাবস্তীর উদ্দেশে গমনকালে সন্ধ্যায় অন্যতর গ্রামে গমন করলেন। তখন লোকেরা ভিক্ষুদের দেখে বলল, "ভন্তে, প্রবেশ করুন।" তখন সেই ভিক্ষুগণ "ভগবান কর্তৃক বিকালে গ্রামে প্রবেশ করা নিষিদ্ধ হয়েছে" এই ভেবে সন্দেহপ্রবণ হয়ে প্রবেশ না করলেন। তাই চোরেরা সেই ভিক্ষুদের সমস্ত কিছু ছিনিয়ে নিল। অতঃপর সেই ভিক্ষুগণ শ্রাবস্তীতে গমনপূর্বক ভিক্ষুগণের নিকট সমস্ত ঘটনা প্রকাশ করলে, ভিক্ষুগণও ভগবানকে এ কথা জানালেন। অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "হে

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, কোনো একজন ভিক্ষুকে জানিয়ে বিকালে গ্রামে প্রবেশ করবে।" তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু অনাপুচ্ছা বিকালে গামং পবিসেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু কাউকে কিছু না জানিয়ে বিকালে গ্রামে প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৫১০. সে সময়ে অন্যতর ভিক্ষু কোশল জনপদে শ্রাবস্তীর উদ্দেশে গমনকালে সন্ধ্যায় অন্যতর গ্রামে গমন করলেন। তখন লোকেরা ভিক্ষুদের দেখে বলল, "ভন্তে, প্রবেশ করুন।" তখন সেই ভিক্ষু "ভগবানকর্তৃক কাউকে কিছু না জানিয়ে বিকালে গ্রামে প্রবেশ করা নিষিদ্ধ হয়েছে" এই ভেবে সন্দিগ্ধ হয়ে প্রবেশ না করলেন। তাই চোরেরা সেই ভিক্ষুর সমস্ত কিছু ছিনেয়ে নিল। অতঃপর সেই ভিক্ষু শ্রাবস্তীতে গমনপূর্বক ভিক্ষুগণের নিকট সমস্ত ঘটনা প্রকাশ করলে, ভিক্ষুগণও ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, নিকটবর্তী কোনো ভিক্ষুকে জানিয়ে বিকালে গ্রামে প্রবেশ করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যো পন ভিক্খু সন্তং ভিক্খুং অনাপুচ্ছা বিকালে গামং পবিসেয্য পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু নিকটবর্তী কোনো ভিক্ষুকে না জানিয়ে বিকালে গ্রামে প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুগণের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৫১১. সে সময়ে অন্যতর ভিক্ষু সর্প দ্বারা দংশিত হলে, অপর ভিক্ষু 'অগ্নি আহরণ করব' ভেবে গ্রামে গমন করলেন। তখন সেই ভিক্ষু "ভগবানকর্তৃক নিকটবর্তী কোনো ভিক্ষুকে না জানিয়ে বিকালে গ্রামে প্রবেশ করা নিষিদ্ধ হয়েছে" এই ভেবে সন্দিগ্ধ হয়ে প্রবেশ না করলেন। অতঃপর সেই ভিক্ষু এ কথা সবিস্তারে ভিক্ষুগণকে জানালে, ভিক্ষুগণও ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন। অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, তাদৃশ বিশেষ কোনো জরুরি প্রয়োজনে নিকটবর্তী ভিক্ষুকে না জানিয়ে বিকালে গ্রামে প্রবেশ করবে।" তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস

Visit: http://www.buddhistdownload.com

করছি—

৫১২. "যো পন ভিক্খু সন্তং ভিকখুং অনাপুচ্ছা বিকালে গামং পবিসেয্য অঞ্ঞত্র তথারূপা অচ্চাযিকা করণীযা পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু তাদৃশ বিশেষ কোনো জরুরি প্রয়োজন ব্যতীত নিকটবর্তী কোনো ভিক্ষুকে না জানিয়ে বিকালে গ্রামে প্রবেশ করলে, তার পাচিত্তিয় অপরাধ হয়।

৫১৩. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সন্তো" অর্থে নিকটবর্তী কোনো ভিক্ষুকে জানিয়ে প্রবেশ করতে সমর্থ হওয়া।

"অসন্তো" অর্থে নিকটবর্তী কোনো ভিক্ষু না থাকায় কাউকে জানিয়ে প্রবেশ করতে অসমর্থ হওয়া।

"বিকালো" অর্থে দিবসের মধ্যাহ্নের পর হতে অরুণোদয় পর্যন্ত সময়কে বুঝায়।

"গামং পবিসেয্য" বলতে পরিবেষ্টিত গ্রামের বেষ্টনী অতিক্রমে পাচিত্তিয় অপরাধ হয়। অপরিবেষ্টিত গ্রামের উপচারে প্রবেশ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

"অঞ্ঞত্র তথারূপা অচ্চাযিকা করণীযা" বলতে তাদৃশ বিশেষ কোনো জরুরি প্রয়োজন বা করণীয় ব্যতীত।

৫১৪. বিকালে বিকাল ধারণায় তাদৃশ বিশেষ কোনো জরুরি প্রয়োজন বা করণীয় ব্যতীত নিকটবর্তী ভিক্ষুকে না জানিয়ে গ্রামে প্রবেশ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। বিকালে 'বিকাল কি না' সন্দেহবশত তাদৃশ বিশেষ কোনো জরুরি প্রয়োজন বা করণীয় ব্যতীত নিকটবর্তী ভিক্ষুকে না জানিয়ে গ্রামে প্রবেশ করলে, পাচিত্তিয় অপরাধ হয়। বিকালে কাল ধারণায় তাদৃশ বিশেষ কোনো জরুরি প্রয়োজন বা করণীয় ব্যতীত নিকটবর্তী ভিক্ষুকে না জানিয়ে গ্রামে প্রবেশ করলে, পাচিত্তিয় অপরাধ হয়।

কালে বিকাল ধারণায় দুক্কট অপরাধ হয়। কালে 'বিকাল কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। কালে কাল ধারণায় কোনো অপরাধ হয় না।

৫১৫. **অনাপত্তি :** তাদৃশ বিশেষ কোনো জরুরি প্রয়োজন থাকলে, নিকটবর্তী ভিক্ষুকে জানিয়ে প্রবেশ করলে, ভিক্ষুর অভাবে কাউকে কিছু না জানিয়ে প্রবেশ করলে, আরামমধ্যে গেলে, ভিক্ষুণী আরামে গেলে, তীর্থিয়

Visit: http://www.buddhistdownload.com

আশ্রমে গেলে, প্রত্যাবর্তন করলে, গ্রামের মধ্য দিয়ে রাস্তা হলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[বিকালগামপ্পবিসন তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৪. সূচিঘর সিক্খাপদং

(সূঁচ রাখার পাত্র সম্পর্কীয় শিক্ষাপদ)

১১৬. সে সময়ে বুদ্ধ ভগবান শাক্যরাজ্যের কপিলাবস্তুতে নিগ্রোধারামে অবস্থান করছিলেন। তখন অন্যতর এক দন্তকার (গজদন্তে কারুকার্যকারী শিল্পী)কর্তৃক ভিক্ষুগণ নিমন্ত্রিত হলেন এভাবে : "যেই আর্যগণের সূঁচ রাখার পাত্র প্রয়োজন হবে, আমি তাঁদের সূঁচ রাখার পাত্র দান করব।" তখন থেকেই ভিক্ষুগণ বহুবিধ সূঁচ রাখার পাত্র যাচঞা করতে লাগলেন। যাঁদের ক্ষুদ্র সূঁচ রাখার পাত্র প্রয়োজন, তাঁরা বৃহৎ সূঁচ রাখার পাত্র যাচঞা করতে লাগলেন এবং যাঁদের বৃহৎ সূঁচ রাখার পাত্র প্রয়োজন, তাঁরা ক্ষুদ্র সূঁচ রাখার পাত্র যাচ্ঞা করতে লাগলেন।

অতঃপর সেই দন্তকার ভিক্ষুদের বহুবিধ সূঁচ রাখার পাত্র প্রস্তুত করতে করতে অন্যান্য বিক্রয়যোগ্য দ্রব্যসামগ্রী তৈরি করতে সমর্থ না হওয়াতে স্বীয় জীবনকেও প্রতিপালন করতে পারছে না এবং তাতে করে তার স্ত্রী-পুত্ররাও দুর্ভোগ পোহাতে লাগল। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মাত্রা না জেনে বহুবিধ সূঁচ রাখার পাত্র যাচ্ঞা করবেন? তাই সে তাঁদের বহুবিধ সূঁচ রাখার পাত্র প্রস্তুত করতে করতে অন্যান্য বিক্রয়যোগ্য দ্রব্যসামগ্রী তৈরি করতে সমর্থ না হওয়াতে স্বীয় জীবনকেও প্রতিপালন করতে পারছে না এবং তাতে করে তার স্ত্রী-পুত্রদেরও দুর্ভোগ পোহাতে হচ্ছে!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা ও ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষুগণ মাত্রা না জেনে বহুবিধ সূঁচ রাখার পাত্র যাচ্ঞা করবেন?" তৎপর ভিক্ষুগণ সেই ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনাদি করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, ভিক্ষুগণ নাকি মাত্রা না জেনে বহুবিধ সূঁচ রাখার পাত্র যাচ্ঞা করছে? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু সেই ভিক্ষুগণ মাত্রা না জেনে বহুবিধ সূঁচ রাখার পাত্র যাচ্ঞা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫১৭. "যো পন ভিক্খু অট্ঠিমযং বা দন্তমযং বা বিসাণমযং বা সূচিঘরং কারাপেয্য ভেদনকং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু অস্থিনির্মিত, হস্তিদন্ত-নির্মিত বা শিং-নির্মিত সূঁচ রাখার পাত্র তৈরি করালে, তার ভেদনক পাচিত্তিয় অপরাধ হয়।

৫১৮. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অট্ঠি" অর্থে যা কিছু অস্থি বা হাঁড়।

"দন্তো" অর্থে হস্তীদন্ত বলা হয়েছে।

"বিসাণং" অর্থে যা কিছু শিং।

"কারাপেয্য" বলতে নিজে বা অপরের দ্বারা তৈরি করালে, প্রয়োগে দুক্কট। এমন দ্রব্য লাভ করলে, তা ভেঙে ফেলার পর পাচিত্তিয় অপরাধ দেশনা করা উচিত। সুতরাং ইহাকে 'ভেদনক' পাচিত্তিয় অপরাধ বলা হয়।

৫১৯. নিজের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিজের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যের উদ্দেশে তৈরি করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। অন্যের নির্মিত দ্রব্য লাভ করে পরিভোগ করলেও দুক্কট অপরাধ হয়।

৫২০. **অনাপত্তি :** চীবরগ্রন্থিতে, জ্বালানি কাষ্ঠে, পেটী প্রভৃতির আঁটা বা বন্ধনীতে, অঞ্জনীতে[১], অঞ্জনী শলাকায়, ধারাল ছুড়িতে, জল মুছিবার গামছাতে, উন্মত্ত অবস্থায় এবং আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সূচিঘর চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

---

[১]. মলমের কৌটা।

Visit: http://www.buddhistdownload.com

৫. মঞ্চপীঠ সিক্খাপদং

(মঞ্চপীঠ নির্মাণ সম্পর্কীয় শিক্ষাপদ)

৫২১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ উঁচু মঞ্চে (খাটে) শয়ন করতে লাগলেন। অতঃপর ভগবান বহুসংখ্যক ভিক্ষু সাথে করে শয্যাসন দর্শনেচ্ছায় বিচরণ করতে করতে যেখানে শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দের আরাম তথায় উপস্থিত হলেন। তখন শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দ দূর হতে আগমনরত ভগবানকে দেখতে পেলেন। দেখার পর ভগবানকে এরূপ বললেন, "আসুন, ভন্তে ভগবান, আমার শয্যাসন দেখুন।" অতঃপর শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দের শয্যাসন দেখার পর ভগবান তথা হতে প্রত্যাবর্তনপূর্বক ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "হে ভিক্ষুগণ, এই অবস্থায় তাকে মোঘপুরুষ জ্ঞাতব্য।" অতঃপর ভগবান শাক্যপুত্র আয়ুষ্মান উপনন্দকে অনেক পর্যায়ে ভর্ৎসনা করে চপলতা, ... বিনয়কে অনুগ্রহের জন্য একান্ত হিতকর। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫২২. নবং পন ভিকখুনা মঞ্চং বা পীঠং বা কারযমানেন অট্ঠঙ্গুলপাদকং কারেতব্বং সুগতঙ্গুলেন অঞ্ঞত্র হেট্ঠিমায অটনিযা; তং অতিক্কামযতো ছেদনকং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : নতুন মঞ্চ (খাট) বা পীঠ (চেয়ার) নির্মাণকারী ভিক্ষুকর্তৃক ঝলমের নিম্নভাগ হতে পায়ার পরিমাণ সুগত আঙুলে আট আঙুলের মধ্যে (মধ্যম পুরুষের একহাত) হতে হবে। এই মাত্রা অতিক্রান্ত হলেই ছেদনক পাচিত্তিয় অপরাধ হয়।

৫২৩. "নবং" অর্থে নতুন নির্মাণ করণার্থে বলা হয়েছে।

"মঞ্চো" অর্থে চারি প্রকার মঞ্চ বা খাট; যথা : মসারক (একপ্রকার দীর্ঘ শয্যা), বুন্দিকাবদ (একপ্রকার ছোট শয্যা), কুলীরপাদক (বক্রপাদযুক্ত খাট বা পালঙ্ক) এবং আহচ্ছপাদক (যেই পালঙ্ক পেরেক খুলে ভাজ করা যায়) এই চতুর্বিধ মঞ্চ বা খাট বুঝায়।

"পীঠং" অর্থে চারি প্রকার পীঠ বা চেয়ার; যথা : মসারকং (একপ্রকার দীর্ঘ চেয়ার), বুন্দিকাবদ্ধং (একপ্রকার ছোট চেয়ার), কুলীরপাদকং (বক্র পাদযুক্ত চেয়ার) এবং আহচ্চপাদকং (যেই চেয়ার বা কেদারা পেরেক খুলে ভাজ করা যায়) এই চতুর্বিধ পীঠ বা চেয়ার বুঝায়।

"কারযমানেন" বলতে নিজে বা অপরের দ্বারা নির্মাণ করানোর সময়।

Visit: http://www.buddhistdownload.com

"অট্‌ঠঙ্গুলপাদকং কারেতব্বং সুগতঙ্গুলেন অঞ্ঞত্র হেট্‌ঠিমায অটনিযা" বলতে নিম্নস্থ পায়া ব্যতীত এই মাত্র অতিক্রম করে নিজে বা অপরের দ্বারা নির্মাণ করালে, প্রয়োগে প্রয়োগে দুক্কট অপরাধ হয়। এমন মঞ্চ বা পীঠ লাভ করলে, লম্বা অংশটি ছেদনপূর্বক পাচিত্তিয় অপরাধ দেশনা করা কর্তব্য। তাই ইহাকে 'ছেদনক' পাচিত্তিয় অপরাধ বলা হয়।

৫২৪. নিজের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিজের অসম্পন্ন কাজ অপরের দ্বারা সম্পন্ন করালে পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যের জন্য নির্মাণ করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। অন্যের নির্মিত মঞ্চ বা খাট নিজে গ্রহণপূর্বক পরিভোগ করলেও দুক্কট অপরাধ হয়।

৫২৫. **অনাপত্তি :** প্রমাণমত করলে বা তার চেয়ে কম করলে, অন্যের কৃত প্রমাণাতিক্রান্ত মঞ্চ বা পীঠ নিজে গ্রহণপূর্বক ছেদন করে পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[মঞ্চপীঠ পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬. তূলানদ্ধ সিক্‌খাপদং

(তুলাবৃতকরণ সম্পর্কীয় শিক্ষাপদ)

৫২৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ খাট ও চেয়ারাদি তুলাবৃত করাতে লাগলেন। একদিন লোকেরা বিহারে বিচরণ করতে করতে সেই তুলাবৃত চেয়ার দেখতে পেয়ে এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ খাট ও চেয়ার তুলাবৃত করাবেন? যেন কামভোগী গৃহী!" অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ খাট ও চেয়ার তুলাবৃত করাবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের ভর্ৎসনাদি করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে

Visit: http://www.buddhistdownload.com

ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি খাট ও চেয়ার তুলাবৃত করাচ্ছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা খাট ও চেয়ার তুলাবৃত করাবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫২৭. "যো পন ভিক্খু মঞ্চং বা পীঠং বা তূলোনদ্ধং কারাপেয্য উদ্দালনকং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোনো ভিক্ষু খাট বা চেয়ার তুলাবৃত করালে, তার উদ্দালনক পাচিত্তিয় অপরাধ হয়।

৫২৮. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"মঞ্চো" অর্থে চারি প্রকার মঞ্চ বা খাট; যথা : মসারক (একপ্রকার দীর্ঘ শয্যা), বুন্দিকাবদ্ধ (একপ্রকার ছোট শয্যা), কুলীরপাদক (বক্র পাদযুক্ত খাট বা পালঙ্ক) এবং আহচ্চপাদক (যেই পালঙ্ক পেরেক খুলে ভাজ করা যায়) এই চারি প্রকার মঞ্চ বা খাট বুঝায়।

"পীঠং" অর্থে চারি প্রকার পীঠ বা চেয়ার; যথা : মসারকং (একপ্রকার দীর্ঘ চেয়ার), বুন্দিকাবদ্ধং (একপ্রকার ছোট চেয়ার), কুলীরপাদকং (বক্রপাদযুক্ত চেয়ার) এবং আহচ্চপাদকং (যেই চেয়ার পেরেক খুলে ভাজ করা যায়) এই চারি প্রকার পীঠ বা চেয়ার।

"তুলং" অর্থে তিন প্রকার তুলা; যথা : বৃক্ষতুলা, লতাতুলা এবং পোটকি বা ঘাস তুলা।

"কারাপেয্য" বলতে নিজে বা অপরের দ্বারা করালে, প্রয়োগে প্রয়োগে দুক্কট অপরাধ হয়। এমন তুলাবৃত খাট বা চেয়ার লাভ করলে, তা থেকে সমস্ত তুলা তুলে ফেলার পর পাচিত্তিয় অপরাধ দেশনা করা উচিত। তাই ইহাকে 'উদ্দালনক' পাচিত্তিয় অপরাধ বলা হয়।

৫২৯. নিজের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিজের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ অপরের দ্বারা সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যের জন্যে করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। অন্যের কৃত তুলাবৃত

Visit: http://www.buddhistdownload.com

খাট বা চেয়ার নিজে গ্রহণপূর্বক পরিভোগ করলে, দুক্কট অপরাধ হয়।

৫৩০. **অনাপত্তি :** অংশবিশেষ তুলাবৃত করলে, কায়বন্ধনে, অংশবন্ধনীতে, পাত্রথলিতে, জলছাকনিতে তুলাবৃত করলে, অন্যের কৃত তুলাবৃত খাট বা চেয়ার নিজে গ্রহণপূর্বক তা থেকে সমস্ত তুলা তুলে ফেলে পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তূলানদ্ধ ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৭. নিসীদন সিক্খাপদং

(বসার আস্তরণ নির্মাণ সম্পর্কীয় শিক্ষাপদ)

৫৩১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ভগবানকর্তৃক ভিক্ষুদের বসার আস্তরণ অনুমোদন করা হলে ষড়বর্গীয় ভিক্ষুগণ "ভগবানকর্তৃক বসার আস্তরণ অনুমোদিত হয়েছে" এই ভেবে প্রমাণবিহীন বসার আস্তরণ গ্রহণ করতে লাগলেন। এতে আস্তরণের বর্ধিতাংশ খাটের ও চেয়ারের পেছনে ও সামনে ঝুলিয়ে পড়তে লাগল। ইহা দেখে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ প্রমাণবিহীন বসার আস্তরণ গ্রহণ করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি প্রমাণবিহীন বসার আস্তরণ গ্রহণ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা প্রমাণবিহীন বসার আস্তরণ গ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"নিসীদনং পন ভিক্খুনা কারযমানেন পমাণিকং কারেতব্বং। তত্রিদং পমাণং—দীঘসো দ্বেবিদত্থিযো সুগত বিদত্থিযা; তিরিযং দিযড্ঢং। তং অতিক্কামযতো ছেদনকং পাচিত্তিয"ন্তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : বসার আস্তরণ নির্মাণকারী ভিক্ষুকর্তৃক প্রমাণমত বসার আস্তরণ নির্মাণ করতে হবে। এক্ষেত্রে ইহাই প্রমাণ : দৈর্ঘে সুগত বিগতে দুই বিগত (মধ্যম পুরুষের ৩ হাত) এবং প্রস্থে সুগত বিগতে দেড় বিগত (মধ্যম পুরুষের দেড় হাত ১৮ আঙুল)। এই প্রমাণ অতিক্রান্ত হলেই, তার ছেদনক পাচিত্তিয় অপরাধ হয়।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৫৩২. সে সময়ে আয়ুষ্মান উদায়ী অত্যন্ত স্থূলকায় ছিলেন। তিনি ভগবানের সম্মুখে প্রমাণ-মোতাবেক নির্দিষ্ট করে সমস্ত বসার আস্তরণ অর্ধবৃত্তাকারে কাজ করে তথায় উপবেশন করলেন। তখন ভগবান আয়ুষ্মান উদায়ীকে এরূপ বললেন, উদায়ী, তুমি সমস্ত বসার আস্তরণ অর্ধবৃত্তাকারে ভাজ করেছ কেন যেমনটি করে থাকে পুরাতন অসিকোষ? প্রত্যুত্তরে আয়ুষ্মান উদায়ী বললেন, "ভন্তে, ভগবানকর্তৃক ভিক্ষুদের অতিক্ষুদ্র বসার আস্তরণ অনুমোদিত হয়েছে তাই।"

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, বসার আস্তরণের দু-প্রান্তের শেষ সুতা হতে এক বিগত পর্যন্ত লম্বা করবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৩৩. নিসীদনং পন ভিক্খুনা কারযমানেন পমাণিকং কারেতব্বং। তত্রিদং পমাণং—দীঘসো দ্বে বিদত্থিযো সুগতবিদত্থিযা, তিরিযং দিযড্ঢং। দসা বিদত্থি। তং অতিক্কামযতো ছেদনকং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : বসার আস্তরণ নির্মাণকারী ভিক্ষুকর্তৃক প্রমাণমত বসার আস্তরণ নির্মাণ করতে হবে। এক্ষেত্রে ইহাই প্রমাণ : দৈর্ঘ্যে সুগত বিগতে দুই বিগত (মধ্যম পুরুষের তিন হাত); প্রস্থে সুগত বিগতে দেড় বিগত (মধ্যম পুরুষের দেড় হাত ১৮ আঙুল) এবং বসার আস্তরণের দু-প্রান্তের শেষ সুতা হতে এক বিগত পর্যন্ত দশা তথা ঝালোয়ার। এই প্রমাণ অতিক্রান্ত হলেই তার ছেদনক পাচিত্তিয় অপরাধ হয়।

৫৩৪. "নিসীদনং" অর্থে এক বিগত-প্রমাণ দশা তথা ঝালোয়ারসহ বসার আস্তরণ বুঝায়।

"কারযমানেন" বলতে নিজে বা অপরের দ্বারা তৈরি করালে, প্রমাণমত তৈরি করাতে হবে। এক্ষেত্রে ইহাই প্রমাণ : দৈর্ঘ্যে সুগত বিগতে দুই বিগত (মধ্যম পুরুষের তিন হাত), প্রস্থে সুগত বিগতে দেড় বিগত (মধ্যম পুরুষের দেড় হাত ১৮ আঙুল) এবং বসার আস্তরণের দু-প্রান্তের শেষ সুতা হতে এক

Visit: http://www.buddhistdownload.com

বিগত প্রমাণ ঝালোয়ার (দশা)। এই প্রমাণ অতিক্রম করে নিজে বা অপরের দ্বারা তৈরি করালে, প্রতি প্রয়োগে প্রয়োগে দুক্কট। এমন প্রমাণাতিরিক্ত বসার আস্তরণ লাভ করলে, অতিরিক্ত অংশ ছেদনপূর্বক পাচিত্তিয় অপরাধ দেশনা করা উচিত। তাই ইহাকে 'ছেদনক' পাচিত্তিয় অপরাধ বলা হয়।

৫৩৫. নিজের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিজের অসম্পন্ন কাজ অপরের দ্বারা সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ অপরের দ্বারা সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যের উদ্দেশে করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। অন্যের কৃত প্রমাণাতিক্রান্ত বসার আস্তরণ নিজে গ্রহণপূর্বক পরিভোগ করলেও দুক্কট অপরাধ হয়।

৫৩৬. **অনাপত্তি :** প্রমাণমতো করলে বা তার চেয়ে কম করলে, অন্যের কৃত প্রমাণাতিক্রান্ত বসার আস্তরণ লাভ করার পর ছেদন করে পরিভোগ করলে, চাঁদোয়া, ভূমি আস্তরণ, পর্দার দেয়াল, তোষক, বালিশ তৈরি করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[নিসীদন সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৮. কণ্ডুপ্পটিচ্ছাদন সিক্খাপদং

(কণ্ডুপ্রতিচ্ছাদন নির্মাণ সম্পর্কীয় শিক্ষাপদ)

৫৩৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ভগবানকর্তৃক ভিক্ষুদের কণ্ডুপ্রতিচ্ছাদন (কণ্ডুরোগ আচ্ছাদন করার চীবর) অনুমোদন করা হলে, ষড়বর্গীয় ভিক্ষুগণ "ভগবানকর্তৃক কণ্ডুপ্রতিচ্ছাদন অনুমোদন করা হয়েছে" এই ভেবে প্রমাণবিহীন কণ্ডুপ্রতিচ্ছাদন গ্রহণ করায় সামনে ও পেছনে টানা-হেঁচড়া করে করে বিচরণ করতে লাগলেন। ইহা দেখে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ প্রমাণবিহীন কণ্ডুপ্রতিচ্ছাদন গ্রহণ করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে

Visit: http://www.buddhistdownload.com

ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি প্রমাণবিহীন কণ্ডুপ্রতিচ্ছাদন গ্রহণ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা প্রমাণবিহীন কণ্ডুপ্রতিচ্ছাদন গ্রহণ করবে? ইহা কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৩৮. "কণ্ডুপ্পটিচ্ছাদিং পন ভিক্খুনা কারযমানেন পমাণিকা কারেতব্বা। তত্রিদং পমাণং—দীঘসো চতস্সো বিদত্থিযো সুগত বিদত্থিযা; তিরিযং দ্বে বিদত্থিযো। তং অতিক্কামযতো ছেদনকং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কণ্ডুপ্রতিচ্ছাদন (কণ্ডুরোগ আচ্ছাদন করার চীবর) নির্মাণকারী ভিক্ষুকর্তৃক প্রমাণমত কণ্ডুপ্রতিচ্ছাদন নির্মাণ করতে হবে। এক্ষেত্রে ইহাই প্রমাণ : দৈর্ঘ্যে সুগত বিগতে চার বিগত (মধ্যম পুরুষের ৬ হাত) এবং প্রস্থে সুগত বিগতে দুই বিগত (মধ্যম পুরুষের ৩ হাত)। এই প্রমাণ অতিক্রান্ত হলেই তার ছেদনক পাচিত্তিয় অপরাধ হয়।

৫৩৯. "কণ্ডুপ্পটিচ্ছাদি" অর্থে কোনো ভিক্ষুর নাভির নিচে এবং জানুর উপরে চুলকানি, খোঁচ-পাঁচড়া, অর্শ, খস্ হলে তার আচ্ছাদন করার চীবরকে বুঝায়।

"কারযমানেন" বলতে নিজে বা অপরের দ্বারা তৈরি করানোর সময় তা প্রমাণমত করতে হবে। এক্ষেত্রে প্রমাণ এই : দৈর্ঘ্যে সুগত বিগতে চার বিগত (মধ্যম পুরুষের ৬ হাত) এবং প্রস্থে সুগত বিগতে দুই বিগত (মধ্যম পুরুষের ৩ হাত)। এই প্রমাণ অতিক্রম করে তৈরি করলে বা করালে, প্রয়োগে প্রয়োগে দুক্কট। এমন প্রমাণাতিরিক্ত কণ্ডুপ্রতিচ্ছাদন লাভ করলে, অতিরিক্ত অংশ ছেদনপূর্বক পাচিত্তিয় অপরাধ দেশনা করা উচিত। তাই ইহাকে 'ছেদনক' পাচিত্তিয় অপরাধ বলা হয়।

৫৪০. নিজের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিজের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যের উদ্দেশে করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। অন্যের কৃত প্রমাণাতিরিক্ত কণ্ডুপ্রতিচ্ছাদন নিজে গ্রহণপূর্বক পরিভোগ করলেও দুক্কট অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

৫৪১. **অনাপত্তি :** প্রমাণমতো করলে বা তা থেকে কম করলে, অন্যের কৃত প্রমাণাতিরিক্ত কণ্ডুপ্রতিচ্ছাদন লাভ করার পর ছেদন করে পরিভোগ করলে, চাঁদোয়া, ভূমি আস্তরণ, পর্দার দেয়াল, তোষক, বালিশ তৈরি করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[কণ্ডুপ্পটিচ্ছাদন অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৯. বস্‌সিকসাটিকা সিক্‌খাপদং

(বর্ষাসাটিক সম্পর্কীয় শিক্ষাপদ)

৫৪২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ভগবানকর্তৃক ভিক্ষুদের বর্ষাসাটিক (বর্ষাঋতুর চারি মাসের জন্য ব্যবহার্য চীবর) অনুমোদন করা হলে, ষড়বর্গীয় ভিক্ষুগণ "ভগবানকর্তৃক বর্ষাসাটিক অনুমোদিত হয়েছে" এই ভেবে প্রমাণবিহীন বর্ষাসাটিক গ্রহণ করতে লাগলেন। এভাবে প্রমাণবিহীন বর্ষাসাটিক গ্রহণ করায় সামনে ও পেছনে টানা-হেঁচড়া করে করে বিচরণ করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ প্রমাণবিহীন বর্ষাসাটিক গ্রহণ করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি প্রমাণবিহীন বর্ষাসাটিক গ্রহণ করছ?" "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা প্রমাণবিহীন বর্ষাসাটিক গ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৪৩. "বস্‌সিকাসাটিকং পন ভিক্‌খুনা কারযমানেন পমাণিকা কারেতব্বা। তত্রিদং পমাণং—দীঘসো ছ বিদত্থিযো সুগত বিদত্থিযা; তিরিযং অড্‌ঢতেয্য। তং অতিক্কামযতো ছেদনকং পাচিত্তিয"ন্তি।

বঙ্গানুবাদ : কোন ভিক্ষু বর্ষাসাটিক চীবর তৈরি করার সময় প্রমাণমত

Visit: http://www.buddhistdownload.com

করতে হবে। এক্ষেত্রে প্রমাণ এই : দৈর্ঘ্যে সুগত বিগতে ছয় বিগত (মধ্যম পুরুষের ৯ হাত) এবং প্রস্থে সুগত বিগতে আড়াই বিগত (মধ্যম পুরুষের সাড়ে চার হাত)। এই প্রমাণ অতিক্রম করে তৈরি করলে, তার ছেদনক পাচিত্তিয় অপরাধ হয়।

৫৪৪. "বস্‌সিকসাটিকং" অর্থে বর্ষাঋতুর চারি মাসের জন্যে ব্যবহার্য চীবরই অভিপ্রেত।

"কারযমানেন" বলতে নিজে বা অপরের দ্বারা তৈরি করানোর সময় তা প্রমাণমত করতে হবে। এক্ষেত্রে প্রমাণ এই : দৈর্ঘ্যে সুগত বিগতে ছয় বিগত (মধ্যম পুরুষের ৯ হাত) এবং প্রস্থে সুগত বিগতে আড়াই বিগত (মধ্যম পুরুষের সাড়ে চার হাত)। এই প্রমাণ অতিক্রম করে তৈরি করলে বা করালে, প্রয়োগে দুক্কট। এমন প্রমাণাতিক্রান্ত বর্ষাসাটিক লাভ করলে, অতিরিক্ত অংশ ছেদনপূর্বক পাচিত্তিয় অপরাধ দেশনা করা উচিত। তাই ইহাকে 'ছেদনক' পাচিত্তিয় অপরাধ বলা হয়।

৫৪৫. নিজের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিজের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে. পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যের উদ্দেশে করলে বা করালে, দুক্কট অপরাধ হয়। অন্যের কৃত প্রমাণাতিরিক্ত বর্ষাসাটিক নিজে গ্রহণপূর্বক পরিভোগ করলেও দুক্কট অপরাধ হয়।

৫৪৬. **অনাপত্তি :** প্রমাণমতো করলে বা তা থেকে কম করলে, অন্যের কৃত প্রমাণাতিক্রান্ত বর্ষাসাটিক লাভ করার পর ছেদন করে পরিভোগ করলে, চাঁদোয়া, ভূমি আস্তরণ, পর্দার দেয়াল, তোষক, বালিশ তৈরি করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[বস্‌সিকসাটিকা নবম শিক্ষাপদ সমাপ্ত]

১০. নন্দ সিক্‌খাপদং

(নন্দ সম্পর্কীয় শিক্ষাপদ)

৫৪৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ভগবানের মাসিতুত ভাই আয়ুষ্মান নন্দ অত্যন্ত

Visit: http://www.buddhistdownload.com

অভিরূপ সৌন্দর্যসম্পন্ন, দর্শনে প্রসাদ উৎপন্নকারী এবং চতুরঙ্গলোম বিশিষ্ট ছিলেন। তিনি সুগতচীবর-প্রমাণ চীবর ধারণ করতে লাগলেন। অনন্তর একদিন দূর হতে আগমনরত আয়ুষ্মান নন্দকে স্থবির ভিক্ষুগণ দেখতে পেলেন। দেখে 'ভগবান আসছেন' ভেবে আসন হতে উঠে দাঁড়ালেন। অতঃপর তারা তার নিকট উপস্থিত হতেই ভগবান নয় জানতে পেরে এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন আয়ুষ্মান নন্দ সুগতচীবর-প্রমাণ চীবর ধারণ করবেন?" অতঃপর ভিক্ষুগণ আয়ুষ্মান নন্দকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে আয়ুষ্মান নন্দকে জিজ্ঞাসা করলেন, হে নন্দ, ইহা কি সত্য যে, তুমি নাকি সুগতচীবর-প্রমাণ চীবর ধারণ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, নন্দ, কী হেতু তুমি সুগতচীবর-প্রমাণ চীবর ধারণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৪৮. "যো পন ভিক্খু সুগতচীবরপ্পমাণং চীবরং কারাপেয্য অতিরেকং বা ছেদনকং পাচিত্তিযং। তত্রিদং সুগতস্স সুগতচীবরপ্পমাণং—দীঘসো নব বিদত্থিযো সুগতবিদত্থিযা; তিরিযং ছ বিদত্থিযো। ইদং সুগতস্স সুগত চীবরপ্পমাণ"ন্তি।

বঙ্গানুবাদ : যেকোনো ভিক্ষু সুগতচীবর-প্রমাণ চীবর তৈরি করালে, অতিরিক্ত অংশ ছেদন না করা পর্যন্ত পাচিত্তিয় অপরাধ হয়। এক্ষেত্রে সুগতের সুগতচীবর-প্রমাণ এই : দৈর্ঘ্যে সুগত বিগতে নয় বিগত (মধ্যম পুরুষের ১৩ হাত) এবং প্রস্থে ছয় বিগত (মধ্যম পুরুষের ৯ হাত)—ইহাই সুগতের সুগতচীবর-প্রমাণ।

৫৪৯. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"সুগতচীবরপ্পমাণং" অর্থে দৈর্ঘ্যে সুগত বিগতে নয় বিগত (মধ্যম পুরুষের ১৩ হাত) এবং প্রস্থে ছয় বিগত (মধ্যম পুরুষের ৯ হাত) বলা হয়েছে।

"কারাপেয্য" বলতে নিজে বা অপরের দ্বারা তৈরি করালে, প্রয়োগে দুক্কট অপরাধ হয়। এমন সুগতচীবর-প্রমাণ চীবর লাভ করলে, অতিরিক্ত অংশ ছেদনপূর্বক পাচিত্তিয় অপরাধ দেশনা করা উচিত। তাই ইহাকে 'ছেদনক'

Visit: http://www.buddhistdownload.com

পাচিত্তিয় অপরাধ বলা হয়।

৫৫০. নিজের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। নিজের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ নিজেই সম্পন্ন করলে, পাচিত্তিয় অপরাধ হয়। অপরের অসম্পন্ন কাজ অপরকে দিয়ে সম্পন্ন করালে, পাচিত্তিয় অপরাধ হয়।

অন্যের উদ্দেশে করলে বা করালেও দুক্কট অপরাধ হয়। অন্যের কৃত সুগতচীবর-প্রমাণ চীবর লাভ করার পর পরিভোগ করলে, দুক্কট অপরাধ হয়।

৫৫১. **অনাপত্তি :** সুগতচীবর-প্রমাণ হতে কম করলে, অন্যের কৃত চীবর লাভ করার পর অতিরিক্ত অংশ ছেদনপূর্বক পরিভোগ করলে, চাঁদোয়া, ভূমি আস্তরণ, পর্দার দেয়াল, তোষক, বালিশ ইত্যাদি তৈরি করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না। ।

[নন্দ দশম শিক্ষাপদ সমাপ্ত]

[রতন বর্গ নবম]

তস্সুদ্দানং/স্মারক গাথা

রাজা, রত্ন, সন্ত, সূঁচ, মঞ্চ আর তুলাবৃতে;
নিসীদনে, কণ্ডুতে ও বর্ষাসাটিক, সুগতে।

হে ভিক্ষুগণ, বিরানব্বইটি পাচিত্তিয় ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো। তদ্ধেতু আয়ুষ্মানগণকে জিজ্ঞাসা করছি, আপনারা পরিশুদ্ধ আছেন তো? দ্বিতীয়বার জিজ্ঞাসা করছি, আপনারা পরিশুদ্ধ আছেন তো? তৃতীয়বার জিজ্ঞাসা করছি, আপনারা পরিশুদ্ধ আছেন তো? আয়ুষ্মানগণ পরিশুদ্ধ আছেন বিধায় সকলে নীরব রয়েছেন, আমি এরূপ ধারণা করছি।

[পাচিত্তিয় অধ্যায় সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৬. প্রতিদেশনীয় অধ্যায়

১. পঠম পটিদেসনীয[১] সিক্খাপদং

(প্রথম প্রতিদেশনীয় শিক্ষাপদ)

৫৫২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন অন্যতরা ভিক্ষুণী শ্রাবস্তীতে পিণ্ডার্থে বিচরণপূর্বক প্রত্যাবর্তন কালে অন্যতর ভিক্ষুকে দেখে এরূপ বললেন, 'আর্য, আসুন ভিক্ষা প্রতিগ্রহণ করুন।' অতঃপর ভিক্ষু 'উত্তম ভগিনী' বলে ভিক্ষুণী প্রদত্ত সমস্ত ভোজন গ্রহণ করলেন। এদিকে ভোজনের সময় সমুপস্থিত হলে, সেই ভিক্ষুণী পিণ্ডচারণ করতে সমর্থ না হওয়ায় অনাহারক্লিষ্ট হলেন।

অনন্তর সেই ভিক্ষুণী দ্বিতীয় এবং তৃতীয় দিবসেও শ্রাবস্তীতে পিণ্ডার্থে বিচরণপূর্বক প্রত্যাবর্তন কালে সেই ভিক্ষুকে দেখে বললেন, 'আর্য, আসুন ভিক্ষা প্রতিগ্রহণ করুন।' অতঃপর ভিক্ষু 'উত্তম ভগিনি' বলে তাঁর লব্ধ সমস্ত ভোজন গ্রহণ করলেন। ইতিমধ্যেই ভোজনের সময় সমুপস্থিত হলে, সেই ভিক্ষুণী পিণ্ডচারণ করতে সমর্থ না হওয়ায় অনাহারক্লিষ্ট হলেন।

অনন্তর সেই ভিক্ষুণী চতুর্থ দিবসে রাজ পথে (অনাহারজনিত দুর্বলতায়) কাঁপতে কাঁপতে গমন করতে লাগলেন। শ্রেষ্ঠী গৃহপতি রথে করে সম্মুখপথ দিয়ে আগমনের সময় সেই ভিক্ষুণীকে এরূপ বললেন, 'আর্য, কী হয়েছে আপনার?' সেই ভিক্ষুণী একটু বেঁকিয়ে পাশ কাটার সময় তথাস্থ ভূমিতেই পড়ে গেলেন। তখন শ্রেষ্ঠী গৃহপতি সেই ভিক্ষুণীর নিকট এই বলে ক্ষমা চাইলেন : "আর্যে, আমার কারণে আপনি ভূমিতে পড়ে গেলেন। তাই আমাকে ক্ষমা করুন।" "না, গৃহপতি, আপনার কারণে আমি ভূমিতে পড়ে যাইনি। বরঞ্চ আমি নিজেই দুর্বল।" "আর্যে, আপনি দুর্বল কেন?" তৎপর সেই ভিক্ষুণী শ্রেষ্ঠী গৃহপতির নিকট আদ্যোপান্ত সমস্ত ঘটনা প্রকাশ করলেন।

অতঃপর শ্রেষ্ঠী গৃহপতি সেই ভিক্ষুণীকে নিজের গৃহে নিয়ে গিয়ে ভোজন করিয়ে এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে দুর্নাম প্রকাশ করতে লাগলেন, "কেন ভদন্তগণ ভিক্ষুণীর হাত থেকে আমিষ (খাদ্য-ভোজ্যাদি)

---

[১]. পালি 'পাটিদেসনীয' শব্দে 'পটি' অর্থে পৃথক, অন্য, ভিন্ন এবং 'দেসনীয' অর্থে প্রকাশনীয় বা প্রকাশ করা কর্তব্য। সামগ্রিকভাবে এর অর্থ দাঁড়ায় : অন্য কোনো শীলবান ভিক্ষুর নিকট 'অহিতকর নিন্দনীয় আপত্তি প্রাপ্ত হয়েছি' এই বলে স্বীয় অপরাধ দেশনা বা প্রকাশ করা।

Visit: http://www.buddhistdownload.com

প্রতিগ্রহণ করবেন? মাতৃজাতির পক্ষে যে আহার লাভ করা ভীষণ কষ্টকর!"

অনন্তর ভিক্ষুগণ সেই শ্রেষ্ঠী গৃহপতির নিন্দা, আন্দোলন এবং দুর্নাম বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু ভিক্ষুণীর হাত থেকে আমিষ প্রতিগ্রহণ করবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি ভিক্ষুণীর হাত থেকে আমিষ প্রতিগ্রহণ করেছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" 'হে ভিক্ষু, সেই ভিক্ষুণী কি তোমার জ্ঞাতি নাকি অজ্ঞাতি?" "অজ্ঞাতি ভন্তে।" মোঘপুরুষ, অজ্ঞাতি অজ্ঞাতির প্রতিরূপ (যোগ্য) কী, অপ্রতিরূপ (অযোগ্য) কী অথবা সত্য কী, মিথ্যা কী এ সম্পর্কে কিছুই জানে না।" মোঘপুরুষ, কী হেতু তুমি অজ্ঞাতী ভিক্ষুণীর হাত থেকে আমিষ প্রতিগ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৫৩. "যো পন ভিক্খু অঞ্ঞাতিকায ভিক্খুনীযা অন্তরঘরং পবিট্ঠায হত্থতো খাদনীযং বা ভোজনীযং বা সহত্থা পটিগ্গহেত্বা খাদেয্য বা ভুঞ্জেয্য বা পটিদেসেতব্বং তেন ভিক্খুনা "গারয্হং আবুসো ধম্মং আপজ্জিং অসপ্পাযং পাটিদেসনীযং তং পটিদেসেমী"তি।

বঙ্গানুবাদ : যেকোনো ভিক্ষু অন্তরঘরে প্রবিষ্ট অজ্ঞাতি ভিক্ষুণীর হাত থেকে খাদ্য বা ভোজ্য সহস্তে গ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, সেই ভিক্ষুকর্তৃক এভাবে অন্য ভিক্ষুর নিকট প্রতিদেশনা (প্রকাশ) করতে হবে : "আবুসো, আমি অহিতকর নিন্দনীয় প্রতিদেশনীয় ধর্ম (আপত্তি) প্রাপ্ত হয়েছি, তা আপনাদের নিকট প্রতিদেশনা করছি।"

৫৫৪. "যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"অঞ্ঞাতিকা" অর্থে মাতৃকুল অথবা পিতৃকুল উভয় কুল হতে সপ্তম পুরুষ পর্যন্ত অসম্বন্ধ বা কোনো রক্ত সম্পর্ক না থাকা বুঝায়।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্নাই অভিপ্রেত।

Visit: http://www.buddhistdownload.com

"অন্তরঘরং" অর্থে যেকোনো রাজপথ, সিঙ্ঘাটক (চৌরাস্তা অথবা ত্রিরাস্তার সন্ধিস্থল) এবং কুলঘরকে বুঝায়।

"খাদনীযং" অর্থে পঞ্চভোজন, যামকালিক, সপ্তাহকালিক এবং যাবজ্জীবিক ব্যতীত অবশিষ্ট সবই খাদ্য বুঝায়।

"ভোজনীযং" অর্থে পঞ্চভোজন; যথা : ভাত, মিষ্টান্ন (কুম্মাস), আটা বা ময়দার তৈরি রুটি (সত্তু), মৎস্য এবং মাংস। এমন ভোজন 'খাব, ভোজন করব' ভেবে প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে প্রতিদেশনীয় অপরাধ হয়।

৫৫৫. অজ্ঞাতিকে অজ্ঞাতি ধারণায় অন্তরঘরে প্রবিষ্ট ভিক্ষুণীর হস্ত হতে খাদ্য বা ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়। অজ্ঞাতিকে 'অজ্ঞাতি কি না' সন্দেহবশত অন্তরঘরে প্রবিষ্ট ভিক্ষুণীর হস্ত হতে খাদ্য বা ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়। অজ্ঞাতিকে জ্ঞাতি ধারণায় অন্তরঘরে প্রবিষ্ট ভিক্ষুণীর হস্ত হতে খাদ্য বা ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়।

যামকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক আহার্য দ্রব্য আহারের নিমিত্ত প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। উপসম্পন্নের সাথে একত্রে ভিক্ষুণীর হস্ত হতে খাদ্য বা ভোজ্য 'খাব, ভোজন করব' ভেবে প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। জ্ঞাতিকে অজ্ঞাতি ধারণায় দুক্কট অপরাধ হয়। জ্ঞাতিকে 'অজ্ঞাতি কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। জ্ঞাতিকে জ্ঞাতি ধারণায় কোনো অপরাধ হয় না।

৫৫৬. **অনাপত্তি :** জ্ঞাতি হলে, নিজে না দিয়ে অপরের দ্বারা দেয়ালে, মাটির উপর রেখে দিলে, আরাম মধ্যে, ভিক্ষুণীর বিহারে, তীর্থিয় আশ্রমে, প্রত্যাবর্তনের পর গ্রাম হতে সংগ্রহ করে দিলে, যামকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক আহার্যদ্রব্য 'বিশেষ প্রয়োজনবশত পরিভোগ কর' এই বলে দিলে; কোনো অপরাধ হয় না এবং শিক্ষামনার, শ্রামণেরীর, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঠম পটিদেসনীয় শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. দুতিয পটিদেসনীয সিক্খাপদং

(দ্বিতীয় প্রতিদেশনীয় শিক্ষাপদ)

৫৫৭. সে সময়ে বুদ্ধ ভগবান রাজগৃহের বেলুবনে কলন্দকনিবাপে অবস্থান করছিলেন। তখন ভিক্ষুগণ চতুর্বিধ কুলসমূহে নিমন্ত্রিত হয়ে ভোজন করতে লাগলেন। একদিন ষড়বর্গীয়া ভিক্ষুণীরা ষড়বর্গীয় ভিক্ষুদের নির্দেশিকারূপে দাঁড়িয়ে এরূপ বললেন, "এখানে স্যুপ দাও, এখানে ভাত দাও।" (সুতরাং) ষড়বর্গীয় ভিক্ষুগণ যথাভিরুচি তৃপ্তিসহকারে ভোজন করলেন। কিন্তু অপর ভিক্ষুগণ যথাভিরুচি তৃপ্তিসহকারে ভোজন না করতে পারলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ নির্দেশিকা ভিক্ষুণীদের নিবারণ (নিষেধ) করবেন না?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি নির্দেশিকা ভিক্ষুণীদের নিবারণ কর না? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা নির্দেশিকা ভিক্ষুণীদের নিবারণ করবে না? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৫৮. "ভিক্খু পনেব কুলেসু নিমন্তিতা ভুঞ্জন্তি তত্র চে সা ভিক্খুনী বোসাসমানরূপা ঠিতা হোতি—'ইধ সুপং দেথ, ওদনং দেথা'তি তেহি ভিক্খূহি সা ভিক্খুনী অপসাদেতব্বা—'অপসক্ক তাব ভগিনি, যাব ভিক্খূ ভুঞ্জন্তী'তি একস্স চেপি ভিক্খুনো ন পটিভাসেয্য তং ভিক্খুনিং অপসাদেতুং—'অপসক্ক তাব ভগিনি,যাব ভিক্খূ ভুঞ্জন্তী'তি পটিদেসেতব্বং তেহি ভিক্খূহি—'গারয্হং আবুসো ধম্মং আপজ্জিম্হা অসপ্পাযং পাটিদেসনীযং তং পটিদেসেমী"তি।

বঙ্গানুবাদ : ভিক্ষুগণ চতুর্বিধ কুলসমূহে নিমন্ত্রিত হয়ে ভোজন করছেন এমন সময় যদি উভয়সংঘে উপসম্পন্না সেই ভিক্ষুণী নির্দেশিকারূপে দাঁড়িয়ে এরূপ বলে যে, "এখানে স্যুপ দাও, এখানে ভাত দাও।" তখন সেই ভিক্ষুগণকর্তৃক নির্দেশিকা ভিক্ষুণীকে এভাবে নিবারণ করতে হবে : 'ভগিনি, যতক্ষণ ভিক্ষুগণ ভোজন করেন, ততক্ষণ এখান হতে অপসৃত হও (সরে

Visit: http://www.buddhistdownload.com

থাক)।' যদি একজন ভিক্ষুকর্তৃকও সেই ভিক্ষুণীকে অপসৃত হতে এভাবে বলা না হয় যে, "ভগিনি, যতক্ষণ ভিক্ষুগণ ভোজন করেন, ততক্ষণ এখান হতে অপসৃত হও।" তাহলে সেই ভিক্ষুগণকর্তৃক এভাবে অন্য ভিক্ষুদের নিকট প্রতিদেশনা করতে হবে : "আবুসো, আমরা অহিতকর নিন্দনীয় প্রতিদেশনীয় ধর্ম প্রাপ্ত হয়েছি, তা আপনাদের নিকট প্রতিদেশনা করছি।"

৫৫৯. "ভিক্খু পনেব কুলেসু নিমন্তিতা ভুঞ্জন্তি" এই বাক্যে 'কুলং' অর্থে চতুর্বিধ কুল; যথা : ক্ষত্রিয়কুল, ব্রাহ্মণকুল, বৈশ্যকুল এবং শূদ্রকুল। এবং 'নিমন্তিতা ভুঞ্জন্তি' অর্থে পঞ্চবিধ ভোজনের মধ্যে যেকোনো একটি দ্বারা নিমন্তিত হয়ে ভোজন করা।

"ভিক্খুনী" অর্থে ভিক্ষু-ভিক্ষুণী উভয় সংঘে উপসম্পন্নাই অভিপ্রেত।

"বোসাসন্তী" অর্থে নিজের অতিঘনিষ্ট বন্ধু-বান্ধবাদি ও হিতাকাঙ্ক্ষী খাতিরে এবং উভয়ের একি আচার্য, একি উপাধ্যায় হওয়ার প্রেক্ষিতে এরূপ বলা : "এখানে স্যুপ দাও, এখানে ভাত দাও।" যিনি এভাবে বলেন তাকেই নির্দেশিকা (বোসাসন্তী) বলা হয়।

"তেহি ভিক্খূহি" বলতে ভোজনরত সেই ভিক্ষুগণকর্তৃক বলা হয়েছে।

"সা ভিক্খুনী" বলতে সেই নির্দেশিকা (বোসাসন্তী) ভিক্ষুণী।

ভোজনরত সেই ভিক্ষুগণকর্তৃক সেই নির্দেশিকা ভিক্ষুণীকে এভাবে অপসারণ করতে হবে : "ভগিনি, যতক্ষণ ভিক্ষুগণ ভোজন করেন, ততক্ষণ এখান হতে অপসৃত হও।" যদি একজন ভিক্ষুও তাকে এভাবে অপসারণ না করে "খাব, ভোজন করব" ভেবে প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে প্রতিদেশনীয় অপরাধ হয়।

৫৬০. উপসম্পন্না নির্দেশিকাকে (ভিক্ষুণীকে) উপসম্পন্না ধারণায় নিবারণ না করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়। উপসম্পন্না নির্দেশিকাকে 'উপসম্পন্না কি না' সন্দেহবশত নিবারণ না করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়। উপসম্পন্ন নির্দেশিকাকে অনুপসম্পন্না ধারণায় নিবারণ না করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়।

অনুপসম্পন্নাকে উপসম্পন্না ধারণায় দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নাকে 'উপসম্পন্না কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অনুপসম্পন্নাকে অনুপসম্পন্না ধারণায় কোনো অপরাধ হয় না।

৫৬১. **অনাপত্তি :** নিজের ভাত নিজে না দিয়ে অপরের দ্বারা দেওয়ালে, অন্যের ভাত অপরের দ্বারা না দেওয়ায়ে নিজেই দিলে, যা দেওয়া হয় নাই তা দেওয়ালে, যেখানে দেওয়া হয় নাই সেখানে দেওয়ালে, সকলকে সমানভাবে

Visit: http://www.buddhistdownload.com

দেওয়ালে, শিক্ষামনা নির্দেশ করলে, শ্রামণেরী নির্দেশ করলে, পঞ্চভোজন ব্যতীত সর্বত্রই কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দুতিয পটিদেসনীয শিক্ষাপদ সমাপ্ত]

৩. ততিয পটিদেসনীয সিক্খাপদং

(তৃতীয় প্রতিদেশনীয় শিক্ষাপদ)

৫৬২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন শ্রাবস্তীতে স্বামী-স্ত্রী উভয়েই প্রসন্নচিত্তসম্পন্ন অন্যতর এক কুল (পরিবার) ছিলেন। তাঁরা দৃঢ়ভাবে বিশ্বাস করতেন যে, শ্রদ্ধাদ্বারা বর্ধিত হয় এবং ভোগের দ্বারা হ্রাস প্রাপ্ত হয়। সেই কুলে পূর্বাহ্নে যা কিছু খাদ্য-ভোজ্যাদি উৎপন্ন হতো, তৎসমস্তই ভিক্ষুগণকে দান দেওয়ার পর কখনো কখনো অল্পমাত্র অবশিষ্ট থাকত। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মাত্রা না জেনে প্রতিগ্রহণ করবেন? কেনই বা তাঁদের দান দেওয়ার পর কখনো কখনো অল্পমাত্র অবশিষ্ট থাকছে?"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। সেই ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্ম কথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, যখন একটি কুল 'শ্রদ্ধা দ্বারা বর্ধিত হয় এবং ভোগের দ্বারা হ্রাসপ্রাপ্ত হয়' তখন উক্ত কুলকে 'ঞাত্তি দুতিযা কম্মবাচা' দ্বারা সেখসম্মুতি দান করবে। হে ভিক্ষুগণ, এভাবে দিতে হবে। দক্ষ ও সমর্থ ভিক্ষুকর্তৃক সংঘকে এভাবে জ্ঞাত করাতে হবে :

৫৬৩. ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। অমুক কুল শ্রদ্ধা দ্বারা বর্ধিত হয় এবং ভোগের দ্বারা হ্রাসপ্রাপ্ত হয়। এখন যদি সংঘের উপযুক্ত সময় বোধ হয়, তাহলে সংঘ অমুক কুলকে সেখসম্মুতি দিতে পারেন। ইহাই জ্ঞাপ্তি।

ভন্তে সংঘ, আমার বাক্য শ্রবণ করুন। অমুক কুল শ্রদ্ধা দ্বারা বর্ধিত হয় এবং ভোগের দ্বারা হ্রাস প্রাপ্ত হয়। সুতরাং সংঘ অমুক কুলকে সেখসম্মুতি দিচ্ছেন। যেই আয়ুষ্মান অমুক কুলকে সেখসম্মুতি দান সমর্থন করেন, তিনি নীরব থাকবেন; আর যিনি সমর্থন করেন না, তিনি তার বক্তব্য ভাষায় প্রকাশ করতে পারেন।

Visit: http://www.buddhistdownload.com

"সংঘকর্তৃক অমুক কুলকে সেখসম্মুতি দেওয়া হয়েছে। এতে উপস্থিত সমগ্র সংঘ একমত বিধায় নীরব রয়েছেন—আমি এরূপ ধারণা করছি।"

অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যানি খো পন তানি সেখসম্মতানি কুলানি যো পন ভিক্খু তথারূপেসু সেক্খসম্মতেসু কুলেসু খাদনীযং বা ভোজনীযং বা সহত্থা পটিগ্গহেত্বা খাদেয্য বা ভুঞ্জেয্য বা পটিদেসেতব্বং তেন ভিক্খুনা—'গারয্হং আবুসো ধম্মং আপজ্জিং অসপ্পাযং পাটিদেসনীযং তং পটিদেসেমী"তি।

বঙ্গানুবাদ : যেই সমস্ত সেখসম্মত কুল আছে; তাদৃশ সেখসম্মত কুলসমূহে যেকোনো ভিক্ষু খাদ্য-ভোজ্য নিজ হাতে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, সেই ভিক্ষুকর্তৃক অন্য ভিক্ষুদের নিকট এভাবে প্রতিদেশনা করতে হবে : "আবুসো, আমি অহিতকর নিন্দনীয় প্রতিদেশনীয় ধর্ম প্রাপ্ত হয়েছি, তা আপনাদের নিকট প্রতিদেশনা করছি।"

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৫৬৪. সে সময়ে শ্রাবস্তীতে বর্ণাঢ্য মহোৎসব উদ্‌যাপিত হচ্ছিল। লোকেরা ভিক্ষুদের নিমন্ত্রণ করে ভোজন করাতে লাগলেন। একদিন সেই সেখসম্মত কুলও ভিক্ষুগণকে নিমন্ত্রণ করলেন। কিন্তু ভিক্ষুগণ সন্দিগ্ধ হয়ে তার নিমন্ত্রণ এই ভেবে গ্রহণ করলেন না—"যেহেতু সেখসম্মত কুলসমূহে খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খাওয়া বা ভোজন করা, ভগবানকর্তৃক নিষিদ্ধ হয়েছে।" এতে তারা (দাতারা) এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "ইহা কি আমাদের সৎ জীবনোপায়ে অর্জিত নয়? কেনই বা আর্যগণ আমাদের নিমন্ত্রণ গ্রহণ করবেন না?"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। সেই ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, নিমন্ত্রিত হলে সেখসম্মত কুলসমূহে খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খাবে, ভোজন করবে।" তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যানি খো পন তানি সেখসম্মতানি কুলানি যো পন ভিক্খু তথারূপেসু সেখসম্মতেসু কুলেসু পুব্বে অনিমন্তিতো খাদনীযং বা ভোজনীযং বা সহত্থা পটিগ্গহেত্বা খাদেয্য বা ভুঞ্জেয্য বা পটিদেসেতব্বং তেন ভিক্খুনা—'গারয্হং আবুসো ধম্মং আপজ্জিং অসপ্পাযং পাটিদেসনীযং তং পটিদেসেমী'তি।"

বঙ্গানুবাদ : যেই সমস্ত সেখসম্মত কুল আছে, তাদৃশ সেখসম্মত কুলসমূহে

Visit: http://www.buddhistdownload.com

যেকোনো ভিক্ষু পূর্বে অনিমন্ত্রিত হয়ে খাদ্য-ভোজ্য নিজ হাতে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, সেই ভিক্ষুকর্তৃক অন্য ভিক্ষুদের নিকট এভাবে প্রতিদেশনা করতে হবে : "আবুসো, আমি অহিতকর নিন্দনীয় প্রতিদেশনীয় ধর্ম প্রাপ্ত হয়েছি, তা আপনাদের নিকট প্রতিদেশনা করছি।"

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৫৬৫. সে সময়ে অন্যতর ভিক্ষু সেই কুলের কুলুপক (গৃহস্থ পরিবারে নিয়মিত যাতায়াতকারী) ভিক্ষু ছিলেন। একদা সেই ভিক্ষু পূর্বাহ্ণ সময়ে পরিধেয় চীবর পরিধানপূর্বক পাত্র হাতে নিয়ে যথায় সেই কুল তথায় উপস্থিত হলেন। উপস্থিত হয়ে প্রজ্ঞাপ্ত আসনে উপবেশন করলেন। তখন সেই ভিক্ষু হঠাৎ অসুস্থ হয়ে পড়লে, সেই লোকেরা তাকে এরূপ বলল, "ভন্তে, ভোজন করুন।"

অতঃপর সেই ভিক্ষু "ভগবানকর্তৃক অনিমন্ত্রিত হয়ে সেখসম্মত কুলসমূহে খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খাওয়া বা ভোজন করা নিষিদ্ধ হয়েছে" এই ভেবে সন্দিগ্ধ হয়ে তা প্রতিগ্রহণ করলেন না। অসুস্থতাহেতু পিণ্ডচারণ করতে অসমর্থ হওয়ায় অনাহারক্লিষ্ট হলেন।

অনন্তর সেই ভিক্ষু বিহারে গমনপূর্বক ভিক্ষুদের নিকট এ কথা সবিস্তারে প্রকাশ করলেন। ভিক্ষুগণও ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু সেখসম্মত কুলসমূহে খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খাবে, ভোজন করবে।" অতএব হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৬৬. "যানি খো পন তানি সেখসম্মতানি কুলানি যো পন ভিক্খু তথারূপেসু সেখসম্মতেসু কুলেসু পুব্বে অনিমন্তিতো অগিলানো খাদনীযং বা ভোজনীযং বা সহত্থা পটিগ্গহেত্বা খাদেয্য বা ভুঞ্জেয্য বা পটিদেসেতব্বং তেন ভিক্খুনা—'গারয্হং আবুসো ধম্মং আপজ্জিং অসপ্পাযং পাটিদেসনীযং তং পটিদেসেমী"তি।

বঙ্গানুবাদ : যেই সমস্ত সেখসম্মত কুল আছে; তাদৃশ সেখসম্মত কুলসমূহে যেকোনো ভিক্ষু পূর্বে অনিমন্ত্রিত হয়ে অপীড়িত অবস্থায় খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, সেই ভিক্ষুকর্তৃক অন্য ভিক্ষুদের নিকট এভাবে প্রতিদেশনা করতে হবে : "আবুসো, আমি অহিতকর নিন্দনীয় প্রতিদেশনীয় ধর্ম প্রাপ্ত হয়েছি, তা আপনাদের নিকট প্রতিদেশনা করছি।"

৫৬৭. "যানি খো পন তানি সেখসম্মতানি কুলানি" এই বাক্যে

Visit: http://www.buddhistdownload.com

'সেখসম্মতং' অর্থে কুল বা পরিবার; যেই কুল দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, শ্রদ্ধা দ্বারা বর্ধিত হয় এবং ভোগের দ্বারা হ্রাস প্রাপ্ত হয়। এমন কুলকে 'ঞাত্তি দুতিয কম্ম' দ্বারা সেখসম্মুতি প্রদত্ত হওয়া।

"যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"তথারূপেসু সেখসম্মতেসু কুলেসু" বলতে তাদৃশ সেখসম্মত কুলসমূহে বুঝানো হয়েছে।

"অনিমন্তিতো" অর্থে অদ্য দিবসের জন্যে বা আগামীকল্যের জন্যে নিমন্ত্রিত না হওয়া অথবা গৃহসীমায় প্রবেশ করার পর নিমন্ত্রিত হওয়া। একেই অনিমন্ত্রিত বুঝায়।

"নিমন্তিতো" অর্থে অদ্য দিবসের জন্যে বা আগামীকল্যের জন্যে নিমন্ত্রিত হওয়া অথবা গৃহসীমায় প্রবেশ করার পূর্বে নিমন্ত্রিত হওয়া। একেই নিমন্ত্রিত বুঝায়।

"অগিলানো" অর্থে পিণ্ডচারণ করতে সমর্থ হওয়া।

"গিলানো" অর্থে পিণ্ডচারণ করতে অসমর্থ হওয়া।

"খাদনীযং" অর্থে পঞ্চভোজন, যামকালিক, সপ্তাহকালিক ও যাবজ্জীবিক আহার্যদ্রব্য ব্যতীত অবশিষ্ট সবই খাদ্য বুঝায়।

"ভোজনীযং" অর্থে পঞ্চভোজন; যথা : ভাত, মিষ্টান্ন (কুম্মাসো), আঁটা বা ময়দার তৈরি রুটি (সত্তু), মৎস্য এবং মাংস।

অপীড়িত অবস্থায় অনিমন্ত্রিত হয়ে 'খাব, ভোজন করব' ভেবে প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে প্রতিদেশনীয় অপরাধ হয়।

৫৬৮. সেখসম্মতকে সেখসম্মত ধারণায় নিমন্ত্রিত না হয়ে অপীড়িত অবস্থায় খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়। সেখসম্মতকে 'সেখসম্মত কি না' সন্দেহবশত নিমন্ত্রিত না হয়ে অপীড়িত অবস্থায় খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়। সেখসম্মতকে অসেখসম্মত ধারণায় নিমন্ত্রিত না হয়ে অপীড়িত অবস্থায় খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়।

যামকালিক, সপ্তাহকালিক এবং যাবজ্জীবিক আহার্যদ্রব্য আহারের নিমিত্ত প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে

Visit: http://www.buddhistdownload.com

গ্রাসে দুক্কট অপরাধ হয়। অসেখসম্মতকে সেখসম্মত ধারণায় দুক্কট অপরাধ হয়। অসেখসম্মতকে 'সেখসম্মত কি না' সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। অসেখসম্মতকে অসেখসম্মত ধারণায় কোনো অপরাধ হয় না।

৫৬৯. **অনাপত্তি :** নিমন্ত্রিতের, পীড়িতের, রোগীর অবশিষ্টাংশ ভোজনে, অপরের জন্য তথায় ভিক্ষা প্রস্তুত হলে, গৃহ হতে বের হয়ে দিলে, নিত্যভাতে, সলাকভাতে (শলাকার বা টিকেটের মাধ্যমে যে ভাত বিতরণ করা হয়), পাক্ষিকে, উপোসথিকে, প্রতিপাদিকে, যামকালিক আহার্যদ্রব্য 'বিশেষ কোনো প্রয়োজনে পরিভোগ করবেন' এই বলে দিলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ততিয পটিদেসনীয শিক্ষাপদ সমাপ্ত]

৪. চতুত্থ পটিদেসনীয সিক্খাপদং

(চতুর্থ প্রতিদেশনীয় শিক্ষাপদ)

৫৭০. সে সময়ে বুদ্ধ ভগবান শাক্যরাজ্যের কপিলাবস্তুতে নিগ্রোধারামে অবস্থান করছিলেন। তখন শাক্যবংশীয় ভৃত্যরা নির্বাসিত হয়েছিল। (একদা) শাক্যবংশীয় রমণীরা অরণ্যবিহারে ভিক্ষান্ন দান করার সংকল্প পোষণ করলে, শাক্যবংশীয় ভৃত্যরা শুনতে পেল যে, "শাক্যবংশীয় রমণীরা নাকি অরণ্য বিহারে ভিক্ষান্ন দান করতে ইচ্ছুক।" ইহা শুনে তারা পথিমধ্যে আত্মগোপন করে লুকিয়ে থাকল।

অতঃপর শাক্যবংশীয় রমণীরা উত্তম খাদ্য-ভোজ্য গ্রহণপূর্বক অরণ্য বিহারে গমন করার সময় শাক্যবংশীয় ভৃত্যরা জঙ্গল হতে বের হয়ে শাক্যবংশীয় রমণীদের সবকিছু ছিনিয়ে নিল এবং তাদের উপর বলৎকার করল। অতঃপর শাক্যবংশীয় লোকেরা গ্রাম হতে বেরিয়ে এসে সেই চোরদের লুণ্ঠিত সকল দ্রব্য-সামগ্রীসহ আটক করে এই বলে নিন্দা, আন্দোলন এবং প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন ভদন্তগণ বিহারস্থ সীমায় চোরেরা অবস্থান করলেও তা প্রকাশ না করবেন?"

অনন্তর ভিক্ষুগণ শাক্যবংশীয় লোকদের নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্ম কথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, তাহলে হে ভিক্ষুগণ, আমি ভিক্ষুদের জন্যে শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করব—যা দশবিধ অর্থবশে সংঘের সুষ্ঠুতা, ... বিনয়কে অনুগ্রহের জন্য একান্ত হিতকর। তাই হে

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"যানি খো পন তানি আরঞ্ঞাকানি সেনাসনানি সাসঙ্কসম্মতানি সপ্পটিভযানি যো পন ভিক্খু তথারূপেসু সেনাসনেসু পুব্বে অপ্পটিসংবিদিতং খাদনীযং বা ভোজনীযং বা অজ্ঝারামে সহত্থা পটিগ্গহেত্বা খাদেয্য বা ভুঞ্জেয্য বা পটিদেসেতব্বং তেন ভিক্খুনা—'গারয্হং আবুসো ধম্মং আপজ্জিং অসপ্পাযং পাটিদেসনীযং তং পটিদেসেমী"তি।

বঙ্গানুবাদ : চোর-ডাকাতাদি প্রভৃতির আশঙ্কা ও ভয়যুক্ত যেই সমস্ত অরণ্য বিহার আছে, তাদৃশ বিহারে যেকোনো ভিক্ষু পূর্বে অপ্রতিসংবিদিত বা অঘোষিত (না জানানো) খাদ্য-ভোজ্য আরাম মধ্যে স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, সেই ভিক্ষুকর্তৃক অন্য ভিক্ষুদের নিকট প্রতিদেশনা করতে হবে : "আবুসো, আমি অহিতকর নিন্দনীয় প্রতিদেশনীয় ধর্ম প্রাপ্ত হয়েছি, তা আপনাদের নিকট প্রতিদেশনা করছি।"

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৫৭১. সে সময়ে অন্যতর ভিক্ষু অরণ্যবিহারে অসুস্থ হয়ে পড়লে, লোকেরা খাদ্য-ভোজ্য নিয়ে অরণ্য বিহারে গমন করল। অতঃপর সেই লোকেরা সেই ভিক্ষুকে এভাবে বলল, "ভন্তে, ভোজন করুন।" অতঃপর সেই ভিক্ষু "অরণ্য বিহারে খাদ্য-ভোজ্য নিজ হাতে প্রতিগ্রহণপূর্বক খাওয়া বা ভোজন করা ভগবানকর্তৃক নিষিদ্ধ হয়েছে" এই ভেবে সন্দিগ্ধ হয়ে প্রতিগ্রহণ না করলেন। এদিকে অসুস্থতাহেতু পিণ্ডচারণ করতেও সমর্থ না হওয়ায় অনাহারক্লিষ্ট হলেন।

অনন্তর সেই ভিক্ষু ভিক্ষুদের নিকট এ কথা প্রকাশ করলেন। ভিক্ষুগণও ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, "হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু অরণ্য বিহারে পূর্বে অপ্রতিসংবিদিত বা অঘোষিত (না জানানো) খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খাবে, ভোজন করবে।" তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

৫৭২. "যানি খো পন তানি আরঞ্ঞকানি সেনাসনানি সাসঙ্কসম্মতানি সপ্পটিভযানি যো পন ভিক্খু তথারূপেসু সেনাসনেসু পুব্বে অপ্পটিসংবিদিতং খাদনীযং বা ভোজনীযং বা অজ্ঝারামে সহত্থা পটিগ্গহেত্বা অগিলানো খাদেয্য বা ভুঞ্জেয্য বা পটিদেসেতব্বং তেন ভিক্খুনা—'গারয্হং আবুসো ধম্মং আপজ্জিং অসপ্পযং পাটিদেসনীযং তং পটিদেসেমী"তি।

বঙ্গানুবাদ : চোর-ডাকাতাদি প্রভৃতির আশঙ্কা ও ভয়যুক্ত যেই সমস্ত অরণ্য বিহার আছে, তাদৃশ অরণ্য বিহারে যেকোনো ভিক্ষু পূর্বে অপ্রতিসংবিদিত বা

Visit: http://www.buddhistdownload.com

অঘোষিত (না জানানো) খাদ্য-ভোজ্য আরাম মধ্যে স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক অপীড়িত অবস্থায় খেলে বা ভোজন করলে, সেই ভিক্ষুকর্তৃক অন্য ভিক্ষুদের নিকট এভাবে প্রতিদেশনা করতে হবে : "আবুসো, আমি অহিতকর নিন্দনীয় প্রতিদেশনীয় ধর্ম প্রাপ্ত হয়েছি, তা আপনাদের নিকট প্রতিদেশনা করছি।"

৫৭৩. "যানি খো পন তানি আরঞ্ঞকানি সেনাসনানি" এই বাক্যে আরঞ্ঞকং সেনাসনং অর্থে গ্রামের শেষ সীমা হতে পঞ্চশত ধনু (এক কিলোমিটার?) অবধি দূরত্ব বিশিষ্ট স্থানকেই অরণ্য বিহার বুঝায়।

"সাসঙ্কং" অর্থে বিহারে বা বিহারের উপাচারে চোরদের বাসস্থান, ভোজনস্থান, অবস্থান, উপবেশনস্থান, শয়নস্থান ইত্যাদি পরিদৃষ্ট হওয়া।

"সপ্পটিভযং" অর্থে বিহারে বা বিহারের উপচারে চোরদের দ্বারা নিহত, অপহৃত, প্রহৃত মানুষ ইত্যাদি পরিদৃষ্ট হওয়া।

"যো পন" বলতে যা যেরূপ, ... বলা হয়েছে।

"ভিক্খু" বলতে ভিক্ষান্নজীবী অর্থে ভিক্ষু, ... জ্ঞাপ্তি চতুর্থ কর্মবাক্য দ্বারা উপসম্পদাপ্রাপ্ত ভিক্ষুই অভিপ্রেত।

"তথারূপেসু সেনাসনেসু" বলতে এতাদৃশ অরণ্য বিহারাদিতে বলা হয়েছে।

"অপ্পটিসংবিদিতং" অর্থে পাঁচ প্রকারে প্রতিসংবিদিত বা ঘোষিত হলেও (তথাপি) ইহা অপ্রতিসংবিদিত বা অঘোষিত বলেই গণ্য হয়। আরাম (অরণ্য বিহার) এবং আরামের উপচার (পার্শ্ববর্তী অঞ্চল) ব্যতীত প্রতিসংবিদিত বা ঘোষিত[১] হলেও ইহা অপ্রতিসংবিদিত বা অঘোষিত বলেই গণ্য হয়।

"পটিসংবিদিতং" অর্থে যেকোনো স্ত্রী বা পুরুষ আরামে বা আরামের উপচারে আগমনপূর্বক ঘোষণা করে যে, "ভন্তে, তারা খাদ্য-ভোজ্য আহরণ করবে অমুক অমুকের জন্য।" যদি চোর-ডাকাতাদির বাসস্থানাদি পরিদৃষ্ট হয়, তাহলে তা জানাতে হবে। যদি চোর-ডাকাটাদির দ্বারা নিহিত প্রহৃত মানুষ পরিদৃষ্ট হয়, তাহলে তাও জানাতে হবে। তখন সে যদি বলে—"ঠিক আছে, ভন্তে, যে কাউকে দিয়ে আহরণ করাব।" তখন চোরদের বলতে হবে : "লোকেরা এখানে উপনীত হবে সুতরাং তোমরা চলে যাও।"

---

[১]. আরাম তথা অরণ্যবিহার এবং ইহার উপচার বা পার্শ্ববর্তী অঞ্চল ব্যতীত কোনো একজন ভিক্ষু অরণ্যবিহারের উপচার হতে নির্গত হচ্ছেন অথবা গ্রামে আসছেন দেখে প্রতিসংবিদিত বা ঘোষিত হলেও তথাপি ইহা অপ্রতিসংবিদিত বা অঘোষিত বলেই পরিগণিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

এভাবে যাগু দ্বারা প্রতিসংবিদিত (ঘোষিত) হলে এবং সে সমস্ত (যাগু) আহরণ করলে, তৎসমস্তই প্রতিসংবিদিত (ঘোষিত) বুঝায়। পিণ্ড দ্বারা প্রতিসংবিদিত হলে এবং সে সমস্ত (পিণ্ড) আহরণ করলে, তৎসমস্তই প্রতিসংবিদিত বুঝায়। কুল দ্বারা প্রতিসংবিদিত হলে এবং সেই কুলের কোনো একজন খাদ্য-ভোজ্য আহরণ করলে, তৎসমস্ত প্রতিসংবিদিত বুঝায়। গ্রাম দ্বারা প্রতিসংবিদিত হলে এবং সেই গ্রামের কোনো মানুষ খাদ্য-ভোজ্য আহরণ করলে, তৎসমস্তই প্রতিসংবিদিত বুঝায়। বণিকদলকর্তৃক প্রতিসংবিদিত হলে এবং সেই বণিকদলের কোনো মানুষ খাদ্য-ভোজ্য আহরণ করলে, তৎসমস্তই প্রতিসংবিদিত বুঝায়।

"খাদনীযং" অর্থে পঞ্চবিধ ভোজন, যামকালিক, সপ্তাহকালিক এবং যাবজ্জীবিক আহার্যদ্রব্য ব্যতীত অবশিষ্ট সবই খাদ্য বুঝায়।

"ভোজনীযং" অর্থে পঞ্চবিধ ভোজন; যথা : ভাত, মিষ্টান্ন (কুম্মাসো), আঁটা বা ময়দার তৈরি রুটি (সত্তু), মৎস্য এবং মাংস।

"অজ্ঝারামো" অর্থে বেষ্টনীযুক্ত আরামের অন্তঃআরাম তথা আরামের মধ্যভাগ এবং অপরিবেষ্টিত আরামের উপচার বা পার্শ্ববর্তী অঞ্চল।

"অগিলানো" অর্থে পিণ্ডচারণ করতে সমর্থ হওয়া।

"গিলানো" অর্থে পিণ্ডচারণ করতে অসমর্থ হওয়া।

নিরোগ অবস্থায় অপ্রতিসংবিদিত খাদ্য-ভোজ্য 'খাব, ভোজন করব' ভেবে প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে প্রতিদেশনীয় অপরাধ হয়।

৫৭৪. প্রতিসংবিদিত না হলে 'প্রতিসংবিদিত হয়নি' ধারণায় খাদ্য-ভোজ্য অপীড়িত অবস্থায় আরাম মধ্যে স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়। প্রতিসংবিদিত না হলে 'প্রতিসংবিদিত হয়েছে কি না' সন্দেহবশত অপীড়িত অবস্থায় আরাম মধ্যে খাদ্য-ভোজ্য স্বহস্তে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়। প্রতিসংবিদিত না হলে 'প্রতিসংবিদিত হয়েছে' ধারণায় অপীড়িত অবস্থায় আরাম মধ্যে খাদ্য-ভোজ্য নিজ হাতে প্রতিগ্রহণপূর্বক খেলে বা ভোজন করলে, প্রতিদেশনীয় অপরাধ হয়।

যামকালিক, সপ্তাহকালিক, যাবজ্জীবিক আহার্যবস্তু আহারের নিমিত্ত প্রতিগ্রহণ করলে, দুক্কট অপরাধ হয়। খেলে বা ভোজন করলে, প্রতি গ্রাসে গ্রাসে দুক্কট অপরাধ হয়। প্রতিসংবিদিত হলে 'প্রতিসংবিদিত হয়নি' ধারণায় দুক্কট অপরাধ হয়। প্রতিসংবিদিত হলে 'প্রতিসংবিদিত হয়েছে কি না'

Visit: http://www.buddhistdownload.com

সন্দেহবশত দুক্কট অপরাধ হয়। প্রতিসংবিদিত হলে 'প্রতিসংবিদিত হয়েছে' ধারণায় কোনো অপরাধ হয় না।

৫৭৫. **অনাপত্তি :** প্রতিসংবিদিত হলে, রোগীর অবশিষ্টাংশ ভোজন করলে, আরামের বাইরে গ্রহণপূর্বক আরাম মধ্যে ভোজন করলে, বিহারে জাত ফল-মূলাদি ভোজন করলে, যামকালিক, সপ্তাহকালিক ও যাবজ্জীবিক আহার্যবস্তু বিশেষ প্রয়োজনে পরিভোগ করলে, কোনো অপরাধ হয় না এবং উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চতুর্থ পটিদেসনীয় শিক্ষাপদ সমাপ্ত]

হে আয়ুষ্মানগণ, চতুর্বিধ প্রতিদেশনীয় ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো। সুতরাং আয়ুষ্মানগণকে জিজ্ঞাসা করছি, আপনারা পরিশুদ্ধ আছেন তো? দ্বিতীয়বার জিজ্ঞাসা করছি, আপনারা পরিশুদ্ধ আছেন তো? তৃতীয়বার জিজ্ঞাসা করছি, আপনারা পরিশুদ্ধ আছেন তো? আয়ুষ্মানগণ পরিশুদ্ধ আছেন বিধায় সকলে নীরব রয়েছেন, আমি এরূপ ধারণা করছি।

[প্রতিদেশনীয় অধ্যায় সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৭. সেখিয় অধ্যায়

১. পরিমণ্ডল বর্গ

হে আয়ুষ্মানগণ, এই সেখিয়[১] ধর্মসমূহ উদ্দেস (আবৃত্তি) আগত হচ্ছে :

৫৭৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে পরিধেয় চীবর (অন্তর্বাস) পরিধান করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে পরিধেয় চীবর পরিধান করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা, আন্দোলন এবং ক্ষোভমূলক বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে পরিধেয় চীবর পরিধান করবেন? অতঃপর ভিক্ষুগণ তাঁদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে পরিধেয় চীবর পরিধান করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে পরিধেয় চীবর পরিধান করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"পরিমণ্ডলং নিবাসেস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পরিমণ্ডলাকারে বা গোলাকার করে পরিধেয় চীবর (অন্তর্বাস) পরিধান করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

নাভিদেশ ও জানুদেশ (হাঁটু) আচ্ছাদনপূর্বক পরিমণ্ডলাকারে বা গোলাকার

---

[১]. শৈখ্য তথা যার শিক্ষা এখনো সমাপ্ত হয়নি এমন ব্যক্তির আদি বা শুরু থেকেই আচরণযোগ্য, অনুশীলনযোগ্য ও শিক্ষণীয়—এই অর্থে 'সেখিয'। এক কথায় সেখ তথা শৈখ্য ব্যক্তির শিক্ষণীয় বিষয়গুলোই হচ্ছে 'সেখিয'।

Visit: http://www.buddhistdownload.com

করে পরিধেয় চীবর পরিধান করবে। যে কেউ অনাদর (অবজ্ঞা)বশত পরিধেয় চীবর সম্মুখে বা পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে পরিধান করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, বিশেষ কোনো কারণে সম্মুখে বা পশ্চাতে ঝুলিয়ে পড়েছে অথবা উঁচু-নিচু হয়েছে বলে না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

৫৭৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে চীবর (উত্তরাসঙ্গ) পারুপন (রুম) করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে চীবর পারুপন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে ২লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে চীবর পারুপন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে চীবর পারুপন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা সম্মুখে ও পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে চীবর পারুপন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"পরিমণ্ডলং পারুপিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পরিমণ্ডলাকারে চীবর পারুপন বা রুম করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

Visit: http://www.buddhistdownload.com

চীবরের উভয় কোণ সমান করে পরিমণ্ডলাকারে পারুপন বা রুম করা উচিত। যে কেউ অনাদরবশত সম্মুখে বা পশ্চাতে ঝুলিয়ে উঁচু-নিচু করে চীবর পারুপন বা রুম করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, ... কোনো অপরাধ হয় না।

[দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৫৭৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ দেহ অনাবৃত করে অন্তরঘরে (গ্রামমধ্যে) গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ দেহ অনাবৃত করে অন্তরঘরে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ দেহ অনাবৃত করে অন্তরঘরে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ ষড়বর্গীয় ভিক্ষুদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি দেহ অনাবৃত করে অন্তরঘরে গমন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা দেহ অনাবৃত করে অন্তরঘরে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সুপটিচ্ছন্নো অন্তরঘরে গমিস্‌সামীতি সিক্‌খা করণীযো"তি।

বঙ্গানুবাদ : সুন্দররূপে চীবর আচ্ছাদন করে অন্তরঘরে (গ্রামমধ্যে) গমন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

সুন্দররূপে চীবর আচ্ছাদন করে অন্তরঘরে গমন করা উচিত। যে কেউ অনাদরবশত দেহ অনাবৃত করে অন্তরঘরে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, বিশেষ কোনো কারণে দেহের কোনো অংশ অনাবৃত হয়েছে বলে না জানালে, কোনো অপরাধ হয় না

Visit: http://www.buddhistdownload.com

এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৫৭৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্তরঘরে দেহ অনাবৃত করে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ দেহ অনাবৃত করে অন্তরঘরে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ দেহ অনাবৃত করে অন্তরঘরে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি দেহ অনাবৃত করে অন্তরঘরে উপবেশন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা দেহ অনাবৃত করে অন্তরঘরে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সুপটিচ্ছন্নো অন্তরঘরে নিসীদিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : সুন্দররূপে চীবর আচ্ছাদন করে অন্তরঘরে উপবেশন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

সুন্দররূপে চীবর আচ্ছাদন করে অন্তরঘরে উপবেশন করা উচিত। যে কেউ অনাদরবশত দেহ অনাবৃত করে অন্তরঘরে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, ... কোনো অপরাধ হয় না।

[চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫৮০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে

Visit: http://www.buddhistdownload.com

অন্তরঘরে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দা বাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সুসংবুতো অন্তরঘরে গমিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : হস্তপদাদি ক্রীড়া না করিয়ে সুসংযতভাবে অন্তরঘরে গমন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

হস্তপদাদি ক্রীড়া না করিয়ে সুসংযতভাবে অন্তরঘরে গমন করা উচিত। যে কেউ অনাদরবশত হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, বিশেষ কোনো কারণে হস্তপদাদি ক্রীড়া করানো হয়েছে বলে না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৫৮১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

Visit: http://www.buddhistdownload.com

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা হস্তপদাদি ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সুসংবুতো অন্তরঘরে নিসীদিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : হস্তপদাদি ক্রীড়া না করিয়ে সুসংযতভাবে অন্তরঘরে উপবেশন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

হস্তপদাদি ক্রীড়া না করিয়ে সুসংযতভাবে অন্তরঘরে উপবেশন করা উচিত। যে কেউ অনাদরবশত হস্ত বা পদ ক্রীড়া করাতে করাতে অন্তরঘরে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, ... কোনো অপরাধ হয় না।

[ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৫৮২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রাম মধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ওক্খিত্তচক্খু অন্তরঘরে গমিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : চক্ষু অধঃদিকে করে (চারি হাতের মধ্যে দৃষ্টি নিবদ্ধ রেখে) গ্রামমধ্যে গমন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

চক্ষু অধঃদিকে করে এক জোঁয়াল প্রমাণ স্থানে অর্থাৎ চারি হাতের মধ্যে দৃষ্টি নিবদ্ধ রেখে গ্রামমধ্যে গমন করা উচিত। যে কেউ অনাদরবশত এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, ... কোনো অপরাধ হয় না।

[সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৫৮৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান,

Visit: http://www.buddhistdownload.com

তা সত্য বটে।" বুদ্ধ ভগবান এতে খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ওক্খিত্তচক্খু অন্তরঘরে নিসীদিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : চক্ষু অধঃদিকে করে গ্রামমধ্যে উপবেশন করব, এরূপ শিক্ষাপদ করা কর্তব্য।

চক্ষু অধঃদিকে করে এক জোঁয়াল প্রমাণ স্থানে অর্থাৎ চারি হাতের মধ্যে দৃষ্টি নিবদ্ধ রেখে গ্রামমধ্যে উপবেশন করা উচিত। যে কেউ অনাদরবশত এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, ... কোনো অপরাধ হয় না।

[অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৫৮৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ চীবর উঠিয়ে গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ চীবর উঠিয়ে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ চীবর উঠিয়ে গ্রামমধ্যে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করবেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি চীবর উঠিয়ে গ্রামমধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা চীবর উঠিয়ে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

"ন উক্খিত্তকায অন্তরঘরে গমিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : চীবর উঠিয়ে গ্রামমধ্যে গমন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

চীবর উঠিয়ে গ্রামমধ্যে গমন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত একদিক বা উভয়দিক উঠিয়ে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, ... কোনো অপরাধ হয় না।

[নবম শিক্ষাপদ সমাপ্ত]

৫৮৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ চীবর উঠিয়ে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ চীবর উঠিয়ে করে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ চীবর উঠিয়ে গ্রামমধ্যে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি চীবর উঠিয়ে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা চীবর উঠিয়ে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উক্খিত্তকায অন্তরঘরে নিসীদিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : চীবর উঠিয়ে গ্রামমধ্যে উপবেশন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

চীবর উঠিয়ে গ্রামমধ্যে উপবেশন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত একদিক বা উভয়দিক উৎক্ষেপন করে তথা উঠায়ে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

অনাপত্তি : চেতনা না থাকলে, ... কোনো অপরাধ হয় না।

[দশম শিক্ষাপদ সমাপ্ত]

[পরিমণ্ডল বর্গ প্রথম]

২. উজ্জগ্‌ঘিক (উচ্চহাস্য) বর্গ

৫৮৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মহাশব্দে হেঁসে হেঁসে গ্রাম মধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উজ্জগ্‌ঘিকায অন্তরঘরে গমিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে গমন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে গমন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, ... কোনো অপরাধ হয় না।

[প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৫৮৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রামণগণ মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উজ্জগ্‌ঘিকায অন্তরঘরে নিসীদিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে উপবেশন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে উপবেশন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত মহাশব্দে হেঁসে হেঁসে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, অসুস্থ হলে, হাস্যকর বিষয়ে স্মিত হাস্যেও কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৫৮৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ উচ্চশব্দ মহাশব্দ করে করে

Visit: http://www.buddhistdownload.com

গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"অপ্পসদ্দো অন্তরঘরে গমিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : অল্পশব্দে গ্রামমধ্যে গমন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

অল্পশব্দে গ্রামমধ্যে গমন করা উচিত। যে কেউ অনাদরবশত উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৫৮৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রামণগণ উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

Visit: http://www.buddhistdownload.com

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ ইহা কি সত্য যে, তোমরা নাকি উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।"এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"অপ্পসদ্দো অন্তরঘরে নিসীদিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : অল্পশব্দে গ্রামমধ্যে উপবেশন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

অল্পশব্দে গ্রামমধ্যে উপবেশন করা উচিত। যে কেউ অনাদরবশত উচ্চশব্দ মহাশব্দ করে করে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৫৯০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবেন?"

Visit: http://www.buddhistdownload.com

অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন কাযপ্পচালকং অন্তরঘরে গমিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৫৯১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ দেহ চালন করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে

Visit: http://www.buddhistdownload.com

এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন কাযপ্পচালকং অন্তরঘরে নিসীদিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত দেহচালনা করে তথা দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, স্বীয় আবাসে উপবিষ্টের, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৫৯২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুগণকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন বাহুপ্পচালকং অন্তরঘরে গমিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা ও স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৫৯৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে

Visit: http://www.buddhistdownload.com

ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন বাহুপ্পচালকং অন্তরঘরে নিসীদিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত বাহু চালনা করে তথা বাহু দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, স্বীয় আবাসে উপবিষ্টের, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৫৯৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা

Visit: http://www.buddhistdownload.com

নাকি শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সীসপ্পচালকং অন্তরঘরে গমিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[নবম শিক্ষাপদ সমাপ্ত]

৫৯৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা

Visit: http://www.buddhistdownload.com

সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সীসপ্পচালকং অন্তরঘরে নিসীদিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত শির চালনা করে তথা শির দোলায়ে দোলায়ে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, স্বীয় আবাসে উপবিষ্টের, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দশম শিক্ষাপদ সমাপ্ত]

[উজ্জগ্ঘিক বর্গ দ্বিতীয়]

৩. খন্তকত (কোমর) বর্গ

৫৯৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ কোমরে হাত রেখে গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ কোমরে হাত রেখে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ কোমরে হাত রেখে গ্রামমধ্যে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি কোমরে হাত রেখে গ্রামমধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।"

Visit: http://www.buddhistdownload.com

এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা কোমরে হাত রেখে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন খম্ভকতো অন্তরঘরে গমিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : কোমরে হাত রেখে গ্রামমধ্যে গমন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

কোমরে হাত রেখে গ্রামমধ্যে গমন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত একদিক বা উভয়দিকের কোমরে হাত রেখে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, স্মৃতি না থাকলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

৫৯৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ কোমরে হাত রেখে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ কোমরে হাত রেখে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ কোমরে হাত রেখে গ্রামমধ্যে উপবেশন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি কোমরে হাত রেখে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা কোমরে হাত রেখে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক

Visit: http://www.buddhistdownload.com

নয়; উপরন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন খম্ভকতো অন্তরঘরে নিসীদিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : কোমরে হাত রেখে গ্রামমধ্যে উপবেশন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

কোমরে হাত রেখে গ্রামমধ্যে উপবেশন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত একদিকে বা উভয়দিকে কোমরে হাত রেখে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, স্বীয় আবাসে উপবিষ্টের, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৫৯৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মস্তক অবগুণ্ঠন বা আচ্ছাদন করে গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে গমন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; উপরন্তু তার বিপরীতই হবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ওগুণ্ঠিতো অন্তরঘরে গমিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : মস্তক অবগুণ্ঠন বা আচ্ছাদন করে গ্রামমধ্যে গমন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

মস্তক অবগুণ্ঠন বা আচ্ছাদন করে গ্রামমধ্যে গমন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত মস্তক অবগুণ্ঠন বা আচ্ছাদন করে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৫৯৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মস্তক অবগুণ্ঠন বা আচ্ছাদন করে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে উপবেশন করবেন। যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে উপবেশন করবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ওগুণ্ঠিতো অন্তরঘরে নিসীদিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : মস্তক অবগুণ্ঠন বা আচ্ছাদন করে গ্রামমধ্যে উপবেশন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

মস্তক অবগুণ্ঠন বা আচ্ছাদন করে গ্রামমধ্যে উপবেশন করা উচিত নয়। যে

Visit: http://www.buddhistdownload.com

কেউ অনাদরবশত মস্তক আচ্ছাদন করে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, স্বীয় আবাসে উপবিষ্টের, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৬০০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ পায়ের মুড়ি তুলে পদাগ্রে ভর করে এবং পদাগ্র তুলে পায়ের মুড়িতে ভর করে গ্রামমধ্যে গমন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ পায়ের মুড়ি তুলে পদাগ্রে ভর করে এবং পদাগ্র তুলে পায়ের মুড়িতে ভর করে গ্রামমধ্যে গমন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ পায়ের মুড়ি তুলে পদাগ্রে ভর করে এবং পদাগ্র তুলে পায়ের মুড়িতে ভর করে গ্রামমধ্যে গমন করবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি পায়ের মুড়ি তুলে পদাগ্রে ভর করে এবং পদাগ্র তুলে পায়ের মুড়িতে ভর করে গ্রামমধ্যে গমন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা পায়ের মুড়ি তুলে পদাগ্রে ভর করে এবং পদাগ্র তুলে পায়ের মুড়িতে ভর করে গ্রামমধ্যে গমন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উক্কুটিকায অন্তরঘরে গমিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পায়ের মুড়ি তুলে পদাগ্রে ভর করে অথবা পদাগ্র তুলে পায়ের মুড়িতে ভর করে গ্রামমধ্যে গমন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

Visit: http://www.buddhistdownload.com

পায়ের মুড়ি তুলে পদাগ্রে ভর করে অথবা পদাগ্র তুলে পায়ের মুড়িতে ভর করে গ্রামমধ্যে গমন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত পায়ের মুড়ি তুলে পদাগ্রে ভর করে অথবা পদাগ্র তুলে পায়ের মুড়িতে ভর করে গ্রামমধ্যে গমন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬০১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্তপদাদি জড়িয়ে ধরে গ্রামমধ্যে উপবেশন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ হস্তপদাদি জড়িয়ে ধরে গ্রামমধ্যে উপবেশন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্তপদাদি জড়িয়ে ধরে গ্রামমধ্যে উপবেশন করবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি হস্তপদাদি জড়িয়ে ধরে গ্রামমধ্যে উপবেশন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা হস্তপদাদি জড়িয়ে ধরে গ্রামমধ্যে উপবেশন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; অধিকন্তু তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন পল্লত্থিকায অন্তরঘরে নিসীদিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : হস্তপদাদি জড়িয়ে ধরে গ্রামমধ্যে উপবেশন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

হস্তপদাদি জড়িয়ে ধরে গ্রামমধ্যে উপবেশন করা উচিত নয়। যে কেউ

Visit: http://www.buddhistdownload.com

অনাদরবশত হস্তপদাদি জড়িয়ে ধরে গ্রামমধ্যে উপবেশন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, স্বীয় আবাসে উপবিষ্টের, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৬০২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জ্ঞাপন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সক্কচ্চং পিণ্ডপাতং পটিগ্গহেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : স্মৃতি স্থাপনপূর্বক মনোযোগের সাথে পিণ্ডপাত প্রতিগ্রহণ করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

স্মৃতি স্থাপনপূর্বক মনোযোগের সাথে পিণ্ডপাত প্রতিগ্রহণ করা উচিত । যে কেউ অনাদরবশত প্রত্যাখ্যানেচ্ছুক সদৃশ স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে

Visit: http://www.buddhistdownload.com

পিণ্ডপাত প্রতিগ্রহণ করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৬০৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করতে লাগলেন। তাই পিণ্ডপাত চতুর্দিকে ছড়িয়ে ছিটিয়ে পড়লে এবং সময় অতীত হলেও তা জানতেন না। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করবেন? কেনই বা পিণ্ডপাত চতুর্দিকে ছড়িয়ে ছিটিয়ে পড়লে এবং সময় অতীত হলেও তা জানবেন না? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা নিবেদন করলেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"পত্তসঞ্ঞী পিণ্ডপাতং পটিগ্গহেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পাত্রের প্রতি দৃষ্টি নিবদ্ধ রেখে পিণ্ডপাত প্রতিগ্রহণ করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

পাত্রের প্রতি দৃষ্টি নিবদ্ধ রেখে পিণ্ডপাত প্রতিগ্রহণ করা উচিত। যে কেউ

Visit: http://www.buddhistdownload.com

অনাদরবশত এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত প্রতিগ্রহণ করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৬০৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ পিণ্ডপাত প্রতিগ্রহণকালে স্যুপই অধিক পরিমাণ প্রতিগ্রহণ করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ পিণ্ডপাত প্রতিগ্রহণকালে স্যুপই অধিক পরিমাণ প্রতিগ্রহণ করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ পিণ্ডপাত প্রতিগ্রহণকালে স্যুপই অধিক পরিমাণ প্রতিগ্রহণ করবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি পিণ্ডপাত প্রতিগ্রহণকালে স্যুপই অধিক পরিমাণ প্রতিগ্রহণ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা পিণ্ডপাত প্রতিগ্রহণকালে স্যুপই অধিক পরিমাণ প্রতিগ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সমসূপকং পিণ্ডপাতং পটিগ্গহেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ভাতের এক চতুর্থাংশ স্যুপসহ পিণ্ডপাত প্রতিগ্রহণ করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

এখানে স্যুপ বলতে দুই প্রকার স্যুপ; যথা : মুগ (ডাল) স্যুপ এবং মাস (শিম) স্যুপ। ভাতের এক চতুর্থাংশ স্যুপসহ পিণ্ডপাত প্রতিগ্রহণ করা উচিত।

Visit: http://www.buddhistdownload.com

যে কেউ অনাদরবশত শুধুমাত্র স্যুপই অধিক পরিমাণ প্রতিগ্রহণ করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, দ্বিবিধ স্যুপ ব্যতীত অবশিষ্ট স্যুপ গ্রহণে, জ্ঞাতিদের, নিমন্ত্রিতের, অন্যের উদ্দেশে গ্রহণে, স্বীয় ধনে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[নবম শিক্ষাপদ সমাপ্ত]

৫০৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ পাত্রের মুখরেখা অতিক্রম করে স্তুপীকৃত পিণ্ডপাত প্রতিগ্রহণ করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ পাত্রের মুখরেখা অতিক্রম করে স্তুপীকৃত পিণ্ডপাত প্রতিগ্রহণ করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ পাত্রের মুখরেখা অতিক্রম করে স্তুপীকৃত পিণ্ডপাত প্রতিগ্রহণ করবেন? অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি পাত্রের মুখরেখা অতিক্রম করে স্তুপীকৃত পিণ্ডপাত প্রতিগ্রহণ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা পাত্রের মুখরেখা অতিক্রম করে স্তুপীকৃত পিণ্ডপাত প্রতিগ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সমতিত্তিকং পিণ্ডপাতং পটিগ্গহেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পাত্রপূর্ণ বা পাত্রের মুখরেখার কম পরিমাণ পিণ্ডপাত প্রতিগ্রহণ করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

পাত্রপূর্ণ বা পাত্রের মুখরেখার কম পরিমাণ পিণ্ডপাত প্রতিগ্রহণ করা

Visit: http://www.buddhistdownload.com

উচিত। যে কেউ অনাদরবশত পাত্রের মুখরেখা অতিক্রম করে স্তূপীকৃত পিণ্ডপাত প্রতিগ্রহণ করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দশম শিক্ষাপদ সমাপ্ত]

[খন্ডকত (কোমর) বর্গ তৃতীয়]

৪. সক্কচ্চ (মনোযোগ) বর্গ

৬০৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভোজনে অনিচ্ছুক সদৃশ স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ স্মৃতিধিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সক্কচ্চং পিণ্ডপাতং ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : স্মৃতি স্থাপনপূর্বক মনোযোগের সাথে পিণ্ডপাত ভোজন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

Visit: http://www.buddhistdownload.com

স্মৃতি স্থাপনপূর্বক মনোযোগের সাথে পিণ্ডপাত ভোজন করা উচিত। যে কেউ অনাদরবশত স্মৃতিবিহীন অমনোযোগী হয়ে পিণ্ডপাত ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

৬০৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত ভোজন করতে লাগলেন। তাই পিণ্ডপাত চতুর্দিকে ছিটিয়ে পড়লে এবং সময় অতীত হলেও তা জানতেন না। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত ভোজন করবেন? কেনই বা পিণ্ডপাত চতুর্দিকে ছড়িয়ে ছিটিয়ে পড়লে এবং সময় অতীত হলেও তা জানবেন না? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত ভোজন করবে?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"পত্তসঞ্ঞী পিণ্ডপাতং ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পাত্রের প্রতি দৃষ্টি নিবদ্ধ রেখে পিণ্ডপাত ভোজন করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

Visit: http://www.buddhistdownload.com

পাত্রের প্রতি দৃষ্টি নিবদ্ধ রেখে পিণ্ডপাত ভোজন করা উচিত। যে কেউ অনাদরবশত এদিক-ওদিক তাকিয়ে তাকিয়ে পিণ্ডপাত ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৬০৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ এখান থেকে কিছু ওখান থেকে কিছু বিশৃঙ্খলভাবে খাদ্য গ্রহণ করে পিণ্ডপাত ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ এখান থেকে কিছু ওখান থেকে কিছু বিশৃঙ্খলভাবে খাদ্য গ্রহণ করে পিণ্ডপাত ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ এখান থেকে কিছু ওখান থেকে কিছু বিশৃঙ্খলভাবে খাদ্য গ্রহণ করে পিণ্ডপাত ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি এখান থেকে কিছু ওখান থেকে কিছু বিশৃঙ্খলভাবে খাদ্য গ্রহণ করে পিণ্ডপাত ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা এখান থেকে কিছু ওখান থেকে কিছু বিশৃঙ্খলভাবে খাদ্য গ্রহণ করে পিণ্ডপাত ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সপদানং পিণ্ডপাতং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : একপার্শ্ব হতে ক্রমান্বয়ে পিণ্ডপাত ভোজন করব, এরূপ শিক্ষা করা উচিত।

Visit: http://www.buddhistdownload.com

একপার্শ্ব হতে ক্রমান্বয়ে পিণ্ডপাত ভোজন করা উচিত। যে কেউ অনাদরবশত এখান থেকে কিছু ওখান থেকে কিছু বিশৃঙ্খলভাবে খাদ্য গ্রহণ করে পিণ্ডপাত ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, অপরকে দেওয়ার সময় এখান থেকে কিছু ওখান থেকে কিছু খাদ্য গ্রহণ করলে, অন্যের পাত্রে পুঞ্জীভূত করার সময় এখান থেকে কিছু ওখান থেকে কিছু খাদ্য গ্রহণ করলে, অবশিষ্টাংশ গ্রহণে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৬০৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ পিণ্ডপাত ভোজনকালে স্যুপই অধিক পরিমাণ ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ পিণ্ডপাত ভোজনকালে স্যুপই অধিক পরিমাণ ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ পিণ্ডপাত ভোজনকালে স্যুপই অধিক পরিমাণ ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি পিণ্ডপাত ভোজনকালে স্যুপই অধিক পরিমাণ ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা পিণ্ডপাত ভোজনকালে স্যুপই অধিক পরিমাণ ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"সমসূপকং পিণ্ডপাতং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ভাতের এক চতুর্থাংশ স্যুপসহ পিণ্ডপাত ভোজন করব, এরূপ

Visit: http://www.buddhistdownload.com

শিক্ষা করা কর্তব্য।

এখানে স্যুপ বলতে দুই প্রকার স্যুপ; যথা : মুগ (ডাল) স্যুপ এবং মাস (শিম) স্যুপ। ভাতের এক চতুর্থাংশ স্যুপসহ পিণ্ডপাত ভোজন করা উচিত। যে কেউ অনাদরবশত স্যুপই অধিক পরিমাণ ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, দ্বিবিধ স্যুপ ব্যতীত অবশিষ্ট স্যুপাদি ভোজনে, জ্ঞাতিদের, নিমন্ত্রিতের, স্বীয় ধনে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৬১০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্নস্তুপের অগ্র ও মধ্যভাগ হতে মর্দন করে করে পিণ্ডপাত ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ অন্নস্তুপের অগ্র ও মধ্যভাগ হতে মর্দন করে করে পিণ্ডপাত ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অন্নস্তুপের অগ্র ও মধ্যভাগ হতে মর্দন করে করে পিণ্ডপাত ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অন্নস্তুপের অগ্র ও মধ্যভাগ হতে মর্দন করে করে পিণ্ডপাত ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অন্নস্তুপের অগ্র ও মধ্যভাগ হতে মর্দন করে করে পিণ্ডপাত ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন থূপতো ওমদিত্বা পিণ্ডপাতং ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : অন্নস্তুপের অগ্র বা মধ্যভাগ হতে মর্দন করে করে পিণ্ডপাত ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

অন্নস্তুপের অগ্র বা মধ্যভাগ হতে মর্দন করে করে পিণ্ডপাত ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত অন্নস্তুপের অগ্র বা মধ্যভাগ হতে মর্দন করে করে পিণ্ডপাত ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, অল্প পরিমাণ অবশিষ্ট থাকলে তা একত্রে মিশিয়ে মর্দন করে করে ভোজন করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬১১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ অধিক গ্রহণের ইচ্ছায় স্যুপ ও ব্যঞ্জনাদি ভাত দ্বারা আচ্ছাদন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ অধিক গ্রহণের ইচ্ছায় স্যুপ ও ব্যঞ্জনাদি ভাত দ্বারা আচ্ছাদন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অধিক গ্রহণের ইচ্ছায় স্যুপ ও ব্যঞ্জনাদি ভাত দ্বারা আচ্ছাদন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অধিক গ্রহণের ইচ্ছায় স্যুপ ও ব্যঞ্জনাদি ভাত দ্বারা আচ্ছাদন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অধিক গ্রহণের ইচ্ছায় স্যুপ ও ব্যঞ্জনাদি ভাত দ্বারা আচ্ছাদন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সূপং বা ব্যঞ্জনং বা ওদনেন পটিচ্ছাদেস্সামি ভিয্যোকম্যতং

Visit: http://www.buddhistdownload.com

উপাদাযাতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : অধিক গ্রহণের ইচ্ছায় স্যুপ বা ব্যঞ্জন ভাত দ্বারা আচ্ছাদন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

অধিক গ্রহণের ইচ্ছায় স্যুপ বা ব্যঞ্জন ভাত দ্বারা আচ্ছাদন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত অধিক গ্রহণের ইচ্ছায় স্যুপ বা ব্যঞ্জন ভাত দ্বারা আচ্ছাদন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, স্বামীগণ আচ্ছাদন করে দিলে, অধিক গ্রহণের ইচ্ছা না থাকলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৬১২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ নিজের জন্য স্যুপ ও ভাত যাচঞা করে করে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ নিজের জন্যে স্যুপ ও ভাত যাচঞা করে করে ভোজন করবেন? কেনই বা এঁদের মধ্যে কেউ কেউ উত্তমরূপে রন্ধিত ভোজনে সন্তুষ্ট হন না অথবা কেউ কেউ সুমিষ্ট ভোজন পছন্দ করেন না?"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ নিজের জন্যে স্যুপ ও ভাত যাচঞা করে করে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি নিজের জন্যে স্যুপ ও ভাত যাচঞা করে করে ভোজন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা নিজের জন্যে স্যুপ ও ভাত যাচঞা করে করে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

Visit: http://www.buddhistdownload.com

"ন সূপং বা ওদনং বা অত্তনো অত্থায় বিঞ্ঞাপেত্বা ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : নিজের জন্যে স্যুপ বা ভাত যাচঞা করে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

এভাবে ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৬১৩. সে সময়ে ভিক্ষুগণ অসুস্থ হয়ে পড়লে, রোগী তত্ত্বাবধানকারী ভিক্ষুগণ অসুস্থ ভিক্ষুদের বললেন, "আবুসো, স্বস্তি বোধ হচ্ছে তো? দিন ভাল কাটছে তো? "আবুসো পূর্বে আমরা নিজের জন্যে স্যুপ ও ভাত যাচঞা করে ভোজন করতাম। ফলে আমাদের স্বস্তিবোধ হতো। কিন্তু এখন 'ভগবানকর্তৃক নিষিদ্ধ হয়েছে' ভেবে সন্দেহবশত যাচঞা করছি না। ফলে আমাদের স্বস্তিবোধও হচ্ছে না।" ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ ভিক্ষু নিজের জন্যে স্যুপ ও ভাত যাচঞা করে ভোজন করবে। সুতরাং হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সুপং বা ওদনং বা অগিলানো অত্তনো অত্থায় বিঞ্ঞাপেত্বা ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : নিরোগ অবস্থায় নিজের জন্যে স্যুপ ও ভাত যাচঞা করে ভোজন করব না, এরূপ শিক্ষা করা উচিত।

নিরোগ অবস্থায় নিজের জন্যে স্যুপ বা ভাত যাচঞা করে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত নিরোগ অবস্থায় নিজের জন্যে স্যুপ বা ভাত যাচঞা করে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, জ্ঞাতিদের, নিমন্ত্রিতদের, অন্যের উদ্দেশে যাচঞা করলে, স্বীয় ধনে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৬১৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ নিন্দাকামী হয়ে অপর ভিক্ষু-শ্রামণের পাত্র অবলোকন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ অপর

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষু-শ্রামণের পাত্র অবলোকন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অপর ভিক্ষু-শ্রামণের পাত্র অবলোকন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অপর ভিক্ষু-শ্রামণের পাত্র অবলোকন করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অপর ভিক্ষু-শ্রামণের পাত্র অবলোকন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উজ্ঝানসঞ্ঞী পরেসং পত্তং ওলোকেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : নিন্দাকামী হয়ে অপর ভিক্ষু-শ্রামণের পাত্র অবলোকন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

নিন্দাকামী হয়ে অপর ভিক্ষু-শ্রামণের পাত্র অবলোকন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত নিন্দাকামী হয়ে অপর ভিক্ষু-শ্রামণের পাত্র অবলোকন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, 'দিব বা দেওয়াব' এমন ইচ্ছায় তাকালে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৬১৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ অতি বড় গ্রাস তৈরি করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ অতি বড় গ্রাস তৈরি করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই

Visit: http://www.buddhistdownload.com

বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ অতি বড় গ্রাস তৈরি করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি অতি বড় গ্রাস তৈরি করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা অতি বড় গ্রাস তৈরি করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"নাতিমহন্তং কবলং করিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ময়ূরের ডিম্ব হতে বড় এবং কুক্কুটের ডিম্ব হতে ছোট এমন মাঝারি প্রমাণ গ্রাস অপেক্ষা বড় গ্রাস তৈরি করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

ময়ূরের ডিম্ব হতে বড় এবং কুক্কুটের ডিম্ব হতে ছোট এমন মাঝারি প্রমাণ গ্রাস তৈরি করা উচিত। যে কেউ অনাদরবশত অতি বড় গ্রাস তৈরি করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, খাদ্যবস্তুতে, ফলাফলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[নবম শিক্ষাপদ সমাপ্ত]

৬১৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ লম্বা আকৃতির খণ্ডিত গ্রাস তৈরি করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ লম্বা আকৃতির খণ্ডিত গ্রাস তৈরি করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ লম্বা আকৃতির খণ্ডিত গ্রাস তৈরি করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি লম্বা আকৃতির খণ্ডিত গ্রাস তৈরি করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা লম্বা আকৃতির খণ্ডিত গ্রাস তৈরি করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"পরিমণ্ডলং আলোপং করিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : গোলাকার গ্রাস তৈরি করব, এরূপ শিক্ষা করা কর্তব্য।

গোলাকার গ্রাস তৈরি করা উচিত। যে কেউ অনাদরবশত লম্বা আকৃতির গ্রাস তৈরি করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, খাদ্যবস্তুতে, ফলাফলে, অবশিষ্টাংশে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দশম শিক্ষাপদ সমাপ্ত]

[সক্কচ্চ বর্গ চতুর্থ]

৫. কবল (গ্রাস) বর্গ

৬১৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ গ্রাস মুখের কাছে না আনতেই মুখদ্বার খুলতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ গ্রাস মুখের কাছে না আনতেই মুখদ্বার খুলবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ গ্রাস মুখের কাছে না আনতেই মুখদ্বার খুলবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা

Visit: http://www.buddhistdownload.com

নাকি গ্রাস মুখের কাছে না আনতেই মুখদ্বার খুলছো? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা গ্রাস মুখের কাছে না আনতেই মুখদ্বার খুলবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন অনাহটে কবলে মুখদ্বারং বিবরিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : গ্রাস মুখের কাছে না আনতেই মুখদ্বার খুলব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

গ্রাস মুখের কাছে না আনতেই মুখদ্বার খোলা উচিত নয়। যে কেউ অনাদরবশত গ্রাস মুখের কাছে না আনতেই মুখদ্বার খুললে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

৬১৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভোজনকালে সমস্ত হস্ত (অঙ্গুলি) মুখে প্রক্ষেপ করতে (ঢুকাতে) লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ ভোজনকালে সমস্ত হস্ত মুখে প্রক্ষেপ করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভোজনকালে সমস্ত হস্ত মুখে প্রক্ষেপ করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভোজনকালে সমস্ত হস্ত মুখে প্রক্ষেপ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভোজনকালে সমস্ত হস্ত মুখে প্রক্ষেপ করবে? এমন আচরণ

Visit: http://www.buddhistdownload.com

কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ভুঞ্জমানো সব্বং হত্থং মুখে পক্খিপিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ভোজনকালে সমস্ত হস্ত (অঙ্গুলি) মুখে প্রক্ষেপ করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

ভোজনকালে সমস্ত হস্ত মুখে প্রক্ষেপ করা উচিত নয়। যে কেউ অনাদরবশত ভোজনকালে সমস্ত হস্ত মুখে প্রক্ষেপ করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৬১৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুখে গ্রাস নিয়ে কথা বলতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মুখে গ্রাস নিয়ে কথা বলবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুখে গ্রাস নিয়ে কথা বলবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মুখে গ্রাস নিয়ে কথা বল? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মুখে গ্রাস নিয়ে কথা বলবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সকবলেন মুখেন ব্যাহরিস্সামীতি সিক্খা করণীযা"তি।

Visit: http://www.buddhistdownload.com

বঙ্গানুবাদ : মুখে গ্রাস নিয়ে কথা বলব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

মুখে গ্রাস নিয়ে কথা বলা উচিত নয়। যে কেউ অনাদরবশত মুখে গ্রাস নিয়ে কথা বললে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৬২০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুখে গ্রাস ছুঁড়ে দিয়ে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মুখে পিণ্ড ছুঁড়ে দিয়ে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুখে পিণ্ড ছুঁড়ে দিয়ে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মুখে পিণ্ড ছুঁড়ে দিয়ে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মুখে পিণ্ড ছুঁড়ে দিয়ে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন পিণ্ডুক্খেপকং ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : মুখে পিণ্ড ছুঁড়ে দিয়ে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

মুখে পিণ্ড ছুঁড়ে দিয়ে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত মুখে পিণ্ড ছুঁড়ে দিয়ে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে,

Visit: http://www.buddhistdownload.com

খাদ্যবস্তুতে, ফলাফলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৬২১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুখে ভাতের গ্রাস ভর্তি করে দাঁতে কেটে কেটে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মুখে ভাতের গ্রাস ভর্তি করে দাঁতে কেটে কেটে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুখে ভাতের গ্রাস ভর্তি করে দাঁতে কেটে কেটে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মুখে ভাতের গ্রাস ভর্তি করে দাঁতে কেটে কেটে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মুখে ভাতের গ্রাস ভর্তি করে দাঁতে কেটে কেটে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন কবলাবচ্ছেদকং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : মুখে ভাতের গ্রাস ভর্তি করে দাঁতে কেটে কেটে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

মুখে ভাতের গ্রাস ভর্তি করে দাঁতে কেটে কেটে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত মুখে ভাতের গ্রাস ভর্তি করে দাঁতে কেটে কেটে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, খাদ্যবস্তুতে, ফলাফলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও

Visit: http://www.buddhistdownload.com

আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬২২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুখে খাদ্য ভর্তি করে গাল ফুলিয়ে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ মুখে খাদ্য ভর্তি করে গাল ফুলিয়ে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মুখে খাদ্য ভর্তি করে গাল ফুলিয়ে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মুখে খাদ্য ভর্তি করে গাল ফুলিয়ে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মুখে খাদ্য ভর্তি করে গাল ফুলিয়ে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন অবগণ্ডকারকং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : মুখে ভাত ভর্তি করে গাল ফুলিয়ে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

মুখে ভাত ভর্তি করে গাল ফুলিয়ে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত একদিকের বা উভয়দিকের গাল ফুলিয়ে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, ফলাফলে কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৬২৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ হাত ঝেড়ে ঝেড়ে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ হাত ঝেড়ে ঝেড়ে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ হাত ঝেড়ে ঝেড়ে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি হাত ঝেড়ে ঝেড়ে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা হাত ঝেড়ে ঝেড়ে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন হত্থনিদ্ধূনকং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : হাত ঝেড়ে ঝেড়ে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

হাত ঝেড়ে ঝেড়ে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত হাত ঝেড়ে ঝেড়ে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, ময়লা-আবর্জনাদি ফেলে দেয়ার সময় হাত ঝাড়লে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৬২৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ পাত্রের মধ্যে ভাতের কণা প্রভৃতি ছড়িয়ে ছিটিয়ে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ পাত্রের মধ্যে ভাতের কণা প্রভৃতি ছড়িয়ে ছিটিয়ে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

Visit: http://www.buddhistdownload.com

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ পাত্রের মধ্যে ভাতের কণা প্রভৃতি ছড়িয়ে ছিটিয়ে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি পাত্রের মধ্যে ভাতের কণা প্রভৃতি ছড়িয়ে ছিটিয়ে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা পাত্রের মধ্যে ভাতের কণা ছড়িয়ে ছিটিয়ে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সিত্থাবকারং ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পাত্রের মধ্যে ভাতের কণা প্রভৃতি ছড়িয়ে ছিটিয়ে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

পাত্রের মধ্যে ভাতের কণা প্রভৃতি ছড়িয়ে ছিটিয়ে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত পাত্রের মধ্যে ভাতের কণা প্রভৃতি ছড়িয়ে ছিটিয়ে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, ময়লা-আবর্জনাদি ফেলে দেয়ার সময় ছড়িয়ে ছিটিয়ে পড়লে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৬২৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ জিহ্বা বের করে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ জিহ্বা বের করে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে

Visit: http://www.buddhistdownload.com

যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ জিহ্বা বের করে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি জিহ্বা বের করে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা জিহ্বা বের করে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন জিহ্বানিচ্ছরকং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : জিহ্বা বের করে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

জিহ্বা বের করে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত জিহ্বা বের করে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[নবম শিক্ষাপদ সমাপ্ত]

৬২৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ চপ চপ শব্দ করে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ চপ চপ শব্দ করে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ চপ চপ শব্দ করে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা

Visit: http://www.buddhistdownload.com

নাকি চপ চপ শব্দ করে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা চপ চপ শব্দ করে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন চপুচপু কারকং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : চপ চপ শব্দ করে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

চপ চপ শব্দ করে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত চপ চপ শব্দ করে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দশম শিক্ষাপদ সমাপ্ত]

[কবল বর্গ পঞ্চম]

৬. সুরু সুরু বর্গ

৬২৭. সে সময়ে বুদ্ধ ভগবান কোসাম্বীর ঘোষিতারামে অবস্থান করছিলেন। তখন অন্যতর ব্রাহ্মণকর্তৃক সংঘের উদ্দেশে দুগ্ধ পানীয় পরিবেশন করা হলে, ভিক্ষুগণ সুরু সুরু শব্দ করে দুগ্ধ পান করতে লাগলেন। তাদের মধ্যে জনৈক ভিক্ষু একটু উপহাস করে বললেন, "আমার মনে হয় উপস্থিত সমগ্র সংঘ দুগ্ধ শীতল করছেন," এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ভিক্ষু সংঘ সম্পর্কে উপহাসমূলক (ঠাট্টামূলক) বাক্য বলবেন?" অতঃপর ভিক্ষুগণ সেই ভিক্ষুকে বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে সেই ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষু, ইহা কি সত্য যে, তুমি নাকি সংঘ সম্পর্কে উপহাসমূলক বাক্য বলছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষ, কী হেতু তুমি সংঘ সম্পর্কে উপহাসমূলক বাক্য বলবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার

Visit: http://www.buddhistdownload.com

বিপরীত ফলই প্রসব করবে। ভগবান এভাবে বহু প্রকারে ভর্ৎসনা করে ধর্মকথা উত্থাপনপূর্বক ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, বুদ্ধ, ধর্ম অথবা সংঘ সম্পর্কে উপহাসমূলক বাক্য বলবে না। যে বলবে, তার দুক্কট অপরাধ হবে।

অতঃপর ভগবান এভাবে বহু প্রকারে ভর্ৎসনা করার পর চপলতা, ... বিনয়কে অনুগ্রহের জন্য একান্ত হিতকর। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সরু সরু কারকং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : সুরু সুরু শব্দ করে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

সুরু সুরু শব্দ করে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত সুরু সুরু শব্দ করে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

৬২৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্ত লেহন করে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ হস্ত লেহন করে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্ত লেহন করে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি হস্ত লেহন করে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা হস্ত লেহন করে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা

Visit: http://www.buddhistdownload.com

উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন হত্থনিল্লেহকং ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : হস্ত লেহন করে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

হস্ত লেহন করে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত হস্ত লেহন করে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৬২৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ পাত্র লেহন করে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ পাত্র লেহন করে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ পাত্র লেহন করে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি পাত্র লেহন করে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা পাত্র লেহন করে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন পত্তনিল্লেহকং ভুঞ্জিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পাত্র লেহন করে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

পাত্র লেহন করে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত পাত্র লেহন করে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, ভোজনান্তে অল্পপরিমাণ অবশিষ্ট থাকলে তা একস্থানে একত্রিত করে লেহন করে ভোজন করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৬৩০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ওষ্ঠ লেহন করে ভোজন করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ ওষ্ঠ লেহন করে ভোজন করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ওষ্ঠ লেহন করে ভোজন করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ওষ্ঠ লেহন করে ভোজন কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ওষ্ঠ লেহন করে ভোজন করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ওট্‌ঠনিল্লেহকং ভুঞ্জিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ওষ্ঠ লেহন করে ভোজন করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

ওষ্ঠ লেহন করে ভোজন করা উচিত নয়। যে কেউ অনাদরবশত ওষ্ঠ লেহন করে ভোজন করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৬৩১. সে সময়ে বুদ্ধ ভগবান ভগ্ন নগরে সুংসুমারগিরে ভেসকলাবন মৃগদায়ে অবস্থান করছিলেন। তখন ভিক্ষুগণ কোকোনদ প্রাসাদে আমিষযুক্ত অর্থাৎ এঁটো হাতে জলপাত্র ও গ্লাস প্রভৃতি প্রতিগ্রহণ করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ এঁটো হাতে জলপাত্র ও গ্লাস প্রভৃতি প্রতিগ্রহণ করবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ এঁটো হাতে জলপাত্র ও গ্লাস প্রভৃতি প্রতিগ্রহণ করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করার পর ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি এঁটো হাতে জলপাত্র ও গ্লাস প্রতিগ্রহণ কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা এঁটো হাতে জলপাত্র ও গ্লাস প্রভৃতি প্রতিগ্রহণ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সামিসেন হত্থেন পানীয থালকং পটিগ্গহেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : আমিষযুক্ত অর্থাৎ এঁটো হাতে জলপাত্র বা গ্লাস প্রভৃতি প্রতিগ্রহণ করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

আমিষযুক্ত অর্থাৎ এঁটো হাতে জলপাত্র বা গ্লাস প্রভৃতি প্রতিগ্রহণ করা উচিত নয়। যে কেউ অনাদরবশত আমিষযুক্ত অর্থাৎ এঁটো হাতে জলপাত্র বা গ্লাস প্রভৃতি প্রতিগ্রহণ করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, 'ধৌত করব বা করাব' ভেবে প্রতিগ্রহণ করলে,কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬৩২. সে সময়ে বুদ্ধ ভগবান ভগ্ননগরে সুসুমারগিরে ভেসকলাবন মৃগদায়ে

Visit: http://www.buddhistdownload.com

অবস্থান করছিলেন। তখন ভিক্ষুগণ কোকোনাদ প্রাসাদে ভাতের কণা মিশ্রিত পাত্র ধৌত উচ্ছিষ্ট জল গৃহমধ্যে ফেলতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ ভাতের কণামিশ্রিত পাত্র ধৌত উচ্ছিষ্ট জল গৃহমধ্যে ফেলবেন? যেন কামভোগী গৃহী!"

অতঃপর ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভাতের কণামিশ্রিত পাত্র ধৌত উচ্ছিষ্ট জল গৃহমধ্যে ফেলবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভাতের কণামিশ্রিত পাত্র ধৌত উচ্ছিষ্ট জল গৃহমধ্যে ফেলছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভাতের কণা মিশ্রিত পাত্র ধৌত উচ্ছিষ্ট জল গৃহমধ্যে ফেলবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সসিত্থকং পত্তধোবনং অন্তরঘরে ছড্ডেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ভাতের কণামিশ্রিত পাত্র ধৌত উচ্ছিষ্ট জল গৃহমধ্যে ফেলব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

ভাতের কণামিশ্রিত পাত্র ধৌত উচ্ছিষ্ট জল গৃহমধ্যে ফেলা উচিত নয়। যে কেউ অনাদরবশত ভাতের কণামিশ্রিত পাত্র ধৌত উচ্ছিষ্ট জল গৃহমধ্যে ফেললে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, তসলায় (ডাবুরে) বা বাইরে নিয়ে গিয়ে ফেললে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৬৩৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ছত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা

Visit: http://www.buddhistdownload.com

করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ছত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ছত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা কর? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ছত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ছত্তপাণিস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ছত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

এভাবেই ভগবান ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত হলো।

৬৩৪. সে সময়ে ভিক্ষুগণ ছত্রধারী রোগগ্রস্ত ব্যক্তিকে ধর্মদেশনা করতে সন্দেহ পোষণ করতে লাগলেন। এতে লোকেরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগল, "কেন শাক্যপুত্রীয় শ্রমণগণ ছত্রধারী রোগগ্রস্ত ব্যক্তিকে ধর্মদেশনা না করবেন?" ভিক্ষুগণ সেই লোকদের এমন নিন্দাবাক্য শুনতে পেলেন। অতঃপর ভিক্ষুগণ ভগবানকে এ কথা জানালে, ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ আমি অনুজ্ঞা প্রদান করছি যে, ছত্রধারী রোগগ্রস্ত ব্যক্তিকে ধর্মদেশনা করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ছত্তপাণিস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ছত্রধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

এখানে "ছত্তং" অর্থে ত্রিবিধ ছত্র বা ছাতা; যথা : শ্বেতছত্র, কিলঞ্জছত্র বা বংশনির্মিত ছত্র ও তালপত্রাদির দ্বারা নির্মিত ছত্র।

"ধম্মো" অর্থে বুদ্ধভাষিত, শ্রাবকভাষিত, ঋষিভাষিত, দেবতাভাষিত, অর্থকথায় বর্ণিত ও পালিতে বর্ণিত উপদেশই অভিপ্রেত।

Visit: http://www.buddhistdownload.com

"দেসেয্য" বলতে পদ দ্বারা দেশনা করলে, পদে পদে দুক্কট অপরাধ হয়। অক্ষর দ্বারা দেশনা করলে, অক্ষরে অক্ষরে দুক্কট অপরাধ হয়। তাই ছত্রধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত ছত্রধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৬৩৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ দণ্ডধারী ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ দণ্ডধারী ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি দণ্ডধারী ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা দণ্ডধারী ব্যক্তিকে ধর্ম দেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীত ফলই প্রসব করবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন দণ্ডপাণিস্স অগিলানস্স ধম্মং দেসিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : দণ্ডধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

"দণ্ডো" অর্থে মধ্যম পুরুষের হাতে চারি হাত প্রমাণ দণ্ডই অভিপ্রেত। এখানে চারিহাতের কম বা বেশি হলে তা দণ্ড বলে গণ্য হয় না।

দণ্ডধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত দণ্ডধারী নিরোগী ব্যক্তিকে ধর্ম দেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৬৩৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ হাতে ছুরিকাধারী ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ হাতে ছুরিকাধারী ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি হাতে ছুরিকাধারী ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা হাতে ছুরিকাধারী ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সত্থপাণিস্স অগিলানস্স ধম্মং দেসিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : হাতে ছুরিকাধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

"সত্থং" অর্থে একদিক বা উভয়দিক তীক্ষ্ণ ধারালো ছুরিকাই (তলোয়ার) অভিপ্রেত।

হাতে ছুরিকাধারী নীরোগী ব্যীক্তকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত হাতে ছুরিকাধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[নবম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৬৩৭. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ হাতে অস্ত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরাও এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ হাতে অস্ত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি হাতে অস্ত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা হাতে অস্ত্রধারী ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন আবুধপাণিস্‌স অগিলানস্‌স ধম্মং দেসিস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : হাতে অস্ত্রধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

"আবুধং" অর্থে ধনুক বা সে জাতীয় অস্ত্রবিশেষ বুঝায়।

হাতে অস্ত্রধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত হাতে অস্ত্রধারী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দশম শিক্ষাপদ সমাপ্ত]

[সুরু সুরু বর্গ ষষ্ঠ]

৭. পাদুকা (স্যান্ডেল) বর্গ

৬৩৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ পাদুকা (স্যান্ডেল) পরিহিত

Visit: http://www.buddhistdownload.com

ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ পাদুকা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি পাদুকা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা পাদুকা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন পাদুকারুল্হস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পাদুকা (স্যান্ডেল) পরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

পাদুকা পরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত পাদুকা বা স্যান্ডেল পরিহিত অথবা স্যান্ডেল পায়ে প্রবেশ না করিয়ে শুধুমাত্র স্যান্ডেলের উপর উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[প্রথম শিক্ষাপদ সমাপ্ত]

৬৩৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ জুতা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ জুতা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ

Visit: http://www.buddhistdownload.com

কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি জুতাপরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করছ? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উপাহনারুল্হস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : জুতাপরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

জুতাপরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত জুতাপরিহিত অথবা জুতায় পাদ প্রবেশ না করিয়ে শুধুমাত্র জুতার উপর উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দ্বিতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৬৪০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ যান তথা গাড়িতে আরোহিত ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ যানে তথা গাড়িতে আরোহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি যানে তথা গাড়িতে আরোহিত ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা যানে আরোহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা

Visit: http://www.buddhistdownload.com

বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন যানগতস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : যানে তথা গাড়িতে আরোহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

"যানং" অর্থে বয্হ তথা পাল্কী, অশ্ব চালিত রথ, গরু-মহিষাদি চালিত শকট ইত্যাদি বুঝায়।

যানে তথা গাড়িতে আরোহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত যানে তথা গাড়িতে আরোহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[তৃতীয় শিক্ষাপদ সমাপ্ত]

৬৪১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ শয্যায় শায়িত ব্যক্তিকে ধর্ম দেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ শয্যায় শায়িত ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি শয্যায় শায়িত ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা শয্যায় শায়িত ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন সযনগতস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : শয্যায় শায়িত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ

Visit: http://www.buddhistdownload.com

শিক্ষা করা কর্তব্য।

শয্যায় শায়িত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত এমনকি ভূমির উপর শয্যাশায়ী নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলেও তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চতুর্থ শিক্ষাপদ সমাপ্ত]

৬৪২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্তপদ জড়িয়ে ধরা উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ হস্তপদ জড়িয়ে ধরা উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি হস্তপদ জড়িয়ে ধরা উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা হস্তপদ জড়িয়ে ধরা উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন পল্লত্থিকায নিসিন্নস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : হস্তপদ জড়িয়ে ধরা উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

হস্তপদ জড়িয়ে ধরা উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত হস্তপদ অথবা বস্ত্রসহ জড়িয়ে ধরা উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ

Visit: http://www.buddhistdownload.com

হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঞ্চম শিক্ষাপদ সমাপ্ত]

৬৪৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মাথায় কাপড় বেষ্টিত তথা পাগড়ি পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মাথায় কাপড় বেষ্টিত তথা পাগড়ি পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মাথায় কাপড় বেষ্টিত তথা পাগড়ি পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মাথায় কাপড় বেষ্টিত তথা পাগড়ি পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন বেঠিত সীসস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : মাথায় কাপড় বেষ্টিত তথা পাগড়ি পরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

"বেঠিতসীসো" অর্থে কেশ তথা চুল দেখা যায় না—এমন কাপড় বেষ্টিত শির।

মাথায় কাপড় বেষ্টিত বা পাগড়ি পরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত মাথায় কাপড় বেষ্টিত তথা পাগড়ি পরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, রোগাক্রান্ত হলে,

Visit: http://www.buddhistdownload.com

কেশ বা চুল দেখা যায় মতো অনাবৃত করিয়ে দেশনা করলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ষষ্ঠ শিক্ষাপদ সমাপ্ত]

৬৪৪. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ মস্তক অবগুণ্ঠিত তথা ঘোমটা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ মস্তক অবগুণ্ঠিত তথা ঘোমটা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি মস্তক অবগুণ্ঠিত তথা ঘোমটা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা মস্তক অবগুণ্ঠিত তথা ঘোমটা পরিহিত ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ওগুণ্ঠিতসীসস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : মস্তক অবগুণ্ঠিত তথা ঘোমটা পরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

"অবগুণ্ঠিতসীসো" অর্থে বস্ত্রাবৃত বা বস্ত্র পরিহিত শির তথা মস্তক বলা হয়েছে।

মস্তক অবগুণ্ঠিত তথা ঘোমটা পরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত মস্তক অবগুণ্ঠিত তথা ঘোমটা পরিহিত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, শির অনাবৃত করিয়ে দেশনা করলে, কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

Visit: http://www.buddhistdownload.com

[সপ্তম শিক্ষাপদ সমাপ্ত]

৬৪৫. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভূমিতে বসে আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ ভূমিতে বসে আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি ভূমিতে বসে আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা ভূমিতে বসে আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ছমাযং নিসীদিত্বা আসনে নিসিন্নস্‌স অগিলানস্‌স ধম্মং দেসেস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : ভূমিতে বসে আসনে উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

ভূমিতে বসে আসনে উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত ভূমিতে বসে আসনে উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[অষ্টম শিক্ষাপদ সমাপ্ত]

৬৪৬. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং

Visit: http://www.buddhistdownload.com

ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীত ফলই প্রসব করবে। ভগবান এভাবে বহু প্রকারে ভর্ৎসনা করে ধর্মকথা উত্থাপনপূর্বক ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন,

৬৪৭. হে ভিক্ষুগণ, বহুকাল পূর্বে বারাণসিতে অন্যতর চণ্ডালের পত্নী গর্ভবতী হয়েছিল। অতঃপর হে ভিক্ষুগণ, সেই চণ্ডালের পত্নী সেই চণ্ডালকে বলল, "আর্যপুত্র, আমি গর্ভবতী হয়েছি, তাই আমার আম খেতে ইচ্ছা হচ্ছে।" "এখন আমের সময় নয়, তাই আম নেই।" "যদি আম না পাই, তাহলে কিন্তু আমি মরে যাব।" সে সময়ে রাজার আম্রবনে সারা বৎসর আম ধরত—এমন একটি বৃক্ষ ছিল। অতঃপর হে ভিক্ষুগণ, সেই চণ্ডাল যেখানে সেই আমগাছ সেখানে উপস্থিত হলো; উপস্থিত হয়ে সেই আমগাছে আরোহণ করে এক ঝোপের মধ্যে লুকিয়ে বসে রইল।

অতঃপর হে ভিক্ষুগণ, রাজা পুরোহিত ব্রাহ্মণের সাথে যেখানে সেই আমগাছ সেখানে উপস্থিত হলেন; উপস্থিত হয়ে উঁচু আসনে বসে মন্ত্র শিক্ষা করতে লাগলেন। অতঃপর হে ভিক্ষুগণ, সেই চণ্ডালের মনে এই চিন্তা উদিত হলো : "এই রাজা তো দেখছি অধার্মিক, উঁচু আসনে বসেই মন্ত্র শিক্ষা করছেন, আর এই ব্রাহ্মণও তো দেখছি অধার্মিক, নিচু আসনে বসেই মন্ত্র শিক্ষা দিচ্ছেন, উপরন্তু আমিও তো অধার্মিক, স্ত্রীর কারণে রাজার আম গাছ হতে আম চুরি করছি।" এই ভেবে উপর থেকে ঝাপ্ দিয়ে ঠিক সেখানেই নেমে পড়ল এবং বলল :

"উভয়ে না জানেন অর্থ, ধর্মও না জানেন উভয়ে;
যিনি করেন মন্ত্র ভাষণ, যিনি করেন তা ধারণ।
সুস্বাদু মাংসেতে যদি উত্তম ভোজন;
ধর্মের বিনিময়ে লাভ হয়রে ব্রাহ্মণ।

Visit: http://www.buddhistdownload.com

উত্তম ধর্ম তারে কভূ নাহি বলি;
আর্যগণের প্রশংসিত যা, তারে ধর্ম বলি।
তবে দাও হে ব্রাহ্মণ, ধিক্কার তাহারে;
ধন-যশ লভিবে যে জন অধর্ম আচারে।
যে ধর্ম শিক্ষাতে হয়, বিনিপাত অপায়ে গমন;
শীঘ্র ত্যাজ ব্রাহ্মণ, কলসি যথা পাথরে ভেদন।

অতএব হে ভিক্ষুগণ, নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট ব্যক্তিকে মন্ত্র পাঠ করানো তখনও যখন একান্ত অশোভন। তাহলে বর্তমানেও কেন নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করা অশোভন হবে না? হে ভিক্ষুগণ, এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীত ফলই প্রসব করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন নীচ আসনে নিসীদিত্বা উচ্চে আসনে নিসিন্নস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত নিচু আসনে বসে উঁচু আসনে উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[নবম শিক্ষাপদ সমাপ্ত]

৬৪৮. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ দাঁড়ানো অবস্থায় উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ দাঁড়ানো অবস্থায় উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে

Visit: http://www.buddhistdownload.com

ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি দাঁড়ানো অবস্থায় উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা দাঁড়ানো অবস্থায় উপবিষ্ট ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ঠিতো নিসিন্নস্‌স অগিলানস্‌স ধম্মং দেসেস্‌সামীতি সিক্‌খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : দাঁড়ানো অবস্থায় উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

দাঁড়ানো অবস্থায় উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত দাঁড়ানো অবস্থায় উপবিষ্ট নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দশম শিক্ষাপদ সমাপ্ত]

৬৪৯. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ পশ্চাতে গমনকালে সম্মুখে গমনরত ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ পশ্চাতে গমনকালে সম্মুখে গমনরত ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি পশ্চাতে গমনকালে সম্মুখে গমনরত ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা পশ্চাতে গমনকালে সম্মুখে গমনরত ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা

Visit: http://www.buddhistdownload.com

উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন পচ্ছতো গচ্ছন্তো পুরতো গচ্ছন্তস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : পশ্চাতে গমনকালে সম্মুখে গমনরত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

পশ্চাতে গমনকালে সম্মুখে গমনরত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত পশ্চাতে গমনকালে সম্মুখে গমনরত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[একাদশ শিক্ষাপদ সমাপ্ত]

৬৫০. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ উপপথে গমনকালে পথে গমনরত ব্যক্তিকে ধর্মদেশনা করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ উপপথে গমনকালে পথে গমনরত ব্যক্তিকে ধর্মদেশনা করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি উপপথে গমনকালে পথে গমনরত ব্যক্তিকে ধর্মদেশনা করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা উপপথে গমনকালে পথে গমনরত ব্যক্তিকে ধর্মদেশনা করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উপ্পথেন গচ্ছন্তো পথেন গচ্ছন্তস্স অগিলানস্স ধম্মং দেসেস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : উপপথে গমনকালে পথে গমনরত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা

Visit: http://www.buddhistdownload.com

করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

উপপথে গমনকালে পথে গমনরত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করা উচিত নয়। যে কেউ অনাদরবশত উপপথে গমনকালে পথে গমনরত নিরোগী ব্যক্তিকে ধর্মদেশনা করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[দ্বাদশতম শিক্ষাপদ সমাপ্ত]

৬৫১. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ দাঁড়িয়ে দাঁড়িয়ে মল-মূত্র ত্যাগ করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ দাঁড়িয়ে দাঁড়িয়ে মল-মূত্র ত্যাগ করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি দাঁড়িয়ে দাঁড়িয়ে মল-মূত্র ত্যাগ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা দাঁড়িয়ে দাঁড়িয়ে মল-মূত্র ত্যাগ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন ঠিতো অগিলানো উচ্চারং বা পস্সাবং বা করিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : নিরোগ অবস্থায় দাঁড়িয়ে দাঁড়িয়ে মল-মূত্র ত্যাগ করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

নিরোগ অবস্থায় দাঁড়িয়ে দাঁড়িয়ে মল-মূত্র ত্যাগ করা উচিত নয়। যে কেউ অনাদরবশত নিরোগ অবস্থায় দাঁড়িয়ে দাঁড়িয়ে মল-মূত্র ত্যাগ করলে, তার দুক্কট অপরাধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, কোনো অপরাধ হয় না এবং রোগীর, পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[ত্রয়োদশ শিক্ষাপদ সমাপ্ত]

৬৫২. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ সজীব উদ্ভিদে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ সজীব উদ্ভিদে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি সজীব উদ্ভিদে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা সজীব উদ্ভিদে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন হরিতে অগিলানো উচ্চারং বা পস্সাবং বা খেলং বা করিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : নিরোগ অবস্থায় সজীব উদ্ভিদে মল-মূত্র বা থুথু-কফ ত্যাগ করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

নিরোগ অবস্থায় সজীব উদ্ভিদে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করা উচিত নয়। যে কেউ অনাদরবশত নিরোগ অবস্থায় সজীব উদ্ভিদে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করলে, তার দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, তৃণবিহীন স্থানে মল-মূত্রাদি ত্যাগ করলে, যদি তৃণাদিতে গড়িয়ে পড়ে এতেও কোনো অপরাধ হয় না এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[চৌদ্দতম শিক্ষাপদ সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৬৫৩. সে সময়ে বুদ্ধ ভগবান শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের জেতবন আরামে অবস্থান করছিলেন। তখন ষড়বর্গীয় ভিক্ষুগণ জলে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করতে লাগলেন। এতে যে সকল ভিক্ষু অল্পেচ্ছু, সন্তুষ্ট, সলজ্জ, সসঙ্কোচ ও শিক্ষাকামী, তাঁরা এই বলে নিন্দা, আন্দোলন এবং ক্ষোভ প্রকাশ করতে লাগলেন, "কেন ষড়বর্গীয় ভিক্ষুগণ জলে মল-মূত্র ও থুথু, কফ ত্যাগ করবেন?" অতঃপর ভিক্ষুগণ তাদের বহু প্রকারে ভর্ৎসনা করে ভগবানকে এ কথা জানালেন।

অনন্তর ভগবান এই নিদানে এই প্রকরণে ভিক্ষুসংঘকে সমবেত করিয়ে ষড়বর্গীয় ভিক্ষুদের জিজ্ঞাসা করলেন, হে ভিক্ষুগণ, ইহা কি সত্য যে, তোমরা নাকি জলে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করছ? "হ্যাঁ ভগবান, তা সত্য বটে।" এতে বুদ্ধ ভগবান খুবই অসন্তোষ প্রকাশ করে বললেন, মোঘপুরুষেরা, কী হেতু তোমরা জলে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করবে? এমন আচরণ কিছুতেই অপ্রসন্নদের প্রসন্নতা উৎপাদন এবং প্রসন্নদের প্রসন্নতা বর্ধনে সহায়ক নয়; বরঞ্চ তার বিপরীতই হবে। তদ্ধেতু হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উদকে উচ্চারং বা পস্সবং বা খেলং বা করিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : জলে মল-মূত্র বা থুথু-কফ ত্যাগ করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

এভাবেই ভগবানকর্তৃক ভিক্ষুদের জন্যে এই শিক্ষাপদ প্রজ্ঞাপিত হলো।

৬৫৪. সে সময়ে অসুস্থ ভিক্ষুগণ জলে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করতে সন্দেহপ্রবণ হয়ে পড়লে, ভগবানকে এ কথা জানালেন। অতঃপর ভগবান এই নিদানে এই প্রকরণে ধর্মকথা বলার পর ভিক্ষুগণকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ, আমি অনুজ্ঞা প্রদান করছি যে, অসুস্থ অবস্থায় ভিক্ষু জলে মল-মূত্র ও থুথু-কপ্ ত্যাগ করবে। তাই হে ভিক্ষুগণ, আমি এই শিক্ষাপদ উদ্দেস করছি :

"ন উদকে অগিলানো উচ্চারং বা পস্সবং বা খেলং বা করিস্সামীতি সিক্খা করণীযা"তি।

বঙ্গানুবাদ : নিরোগ অবস্থায় জলে মল-মূত্র বা থুথু-কফ ত্যাগ করব না, এরূপ শিক্ষা করা কর্তব্য।

নিরোগ অবস্থায় জলে মল-মূত্র ও থুথু-কফ ত্যাগ করা উচিত নয়। যে কেউ অনাদরবশত নিরোগ অবস্থায় জলে মল-মূত্র বা থুথু-কফ ত্যাগ করলে, তার

Visit: http://www.buddhistdownload.com

দুক্কট অপরাধ হয়।

অনাপত্তি : চেতনা না থাকলে, বিস্মৃত হলে, না জানলে, অসুস্থ হলে, মল-মূত্রাদি স্থলে ত্যাগ করলে এবং পদহীনের, উন্মত্তের ও আদিকর্মিকের ক্ষেত্রেও কোনো অপরাধ হয় না।

[পঞ্চদশতম শিক্ষাপদ সমাপ্ত]

[পাদুকা বর্গ সপ্তম]

হে ভিক্ষুগণ, সেখিয় ধর্মসমূহ আবৃত্তি (উদ্দেস) সমাপ্ত হলো। তাই আয়ুষ্মানগণকে জিজ্ঞাসা করছি, কেমন আপনারা পরিশুদ্ধ আছেন তো? দ্বিতীয়বার জিজ্ঞাসা করছি, কেমন আপনারা পরিশুদ্ধ আছেন তো? তৃতীয়বার জিজ্ঞাসা করছি, কেমন আপনারা পরিশুদ্ধ আছেন তো? আয়ুষ্মানগণ পরিশুদ্ধ আছেন বিধায় নীরব রয়েছেন, আমি এরূপ ধারণা করছি।

[সেখিয় সমাপ্ত]

[সেখিয় অধ্যায় সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৮. অধিকরণ সমথ

হে আয়ুষ্মানগণ, এখন সপ্ত অধিকরণ সমথ ধর্ম উদ্দেস (আবৃত্তি) আগত হচ্ছে :

৬৫৫. উৎপন্ন উৎপন্ন চতুর্বিধ অধিকরণ[১] (বিবাদ) সাম্য করার জন্যে এবং উপশম করার জন্যে (১) সম্মুখ বিনয় দেওয়া কর্তব্য, (২) স্মৃতি বিনয় দেওয়া কর্তব্য, (৩) অমূঢ় বিনয় দেওয়া কর্তব্য, (৪) প্রতিজ্ঞা করানো কর্তব্য, (৫) যেভূয্যেসিকা তথা সংখ্যাগরিষ্ঠের মতামত গ্রহণ করা কর্তব্য, (৬) তস্সপাপিযসিকা তথা দণ্ডদান কর্তব্য এবং (৭) তিণবিত্থারকো তথা তৃণাচ্ছাদন বিধি দেওয়া কর্তব্য।[২]

হে আয়ুষ্মানগণ, সপ্ত অধিকরণ সমথ ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো। তাই আয়ুষ্মানগণকে জিজ্ঞাসা করছি, কেমন আপনারা পরিশুদ্ধ আছেন তো? দ্বিতীয়বার জিজ্ঞাসা করছি, কেমন আপনারা পরিশুদ্ধ আছেন তো? তৃতীয়বার জিজ্ঞাসা করছি, কেমন আপনারা পরিশুদ্ধ আছেন তো? আয়ুষ্মানগণ পরিশুদ্ধ আছেন বিধায় নীরব রয়েছেন, আমি এরূপ ধারণা করছি।

[অধিকরণ সমথ সমাপ্ত]

হে আয়ুষ্মানগণ, নিদান আবৃত্তি সমাপ্ত হলো; চতুর্বিধ পারাজিকা ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো, ত্রয়োদশ সাংঘাদিশেষ ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো, দ্বিবিধ অনিয়ত ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো, ত্রিশটি নিস্সগ্গিয় পাচিত্তিয় ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো, বিরানব্বইটি পাচিত্তিয় ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো, চতুর্বিধ প্রতিদেশনীয় ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো, সেখিয় ধর্মসমূহ আবৃত্তি সমাপ্ত হলো, সপ্ত অধিকরণ সমথ ধর্ম আবৃত্তি সমাপ্ত হলো।

এই সমস্ত সেই ভগবানের সূত্র হতে আগত এবং সূত্রান্তর্গত; যা প্রতি অর্ধমাসে আবৃত্তি করা হয়ে থাকে। তাই এতে সকলেই বাদ-বিসম্বাদবিহীন হয়ে একতাবদ্ধ হয়ে সন্তুষ্ট চিত্তে শিক্ষা করা কর্তব্য।

[মহাবিভঙ্গ সমাপ্ত]

---

[১]. বিবাদ অধিকরণ, অনুবাদ অধিকরণ, আপত্তি অধিকরণ এবং কৃত্য অধিকরণ এই চতুর্বিধ অধিকরণ। (বিস্তৃতার্থ পরিশিষ্ট দ্রষ্টব্য)

[২]. বিস্তৃতার্থ পরিশিষ্ট দ্রষ্টব্য।

Visit: http://www.buddhistdownload.com

পরিশিষ্ট

চতুর্বিধ অধিকরণ বা অভিযোগ

১। বিবাদ অধিকরণ : ভিক্ষুগণ পরস্পর এই বলে বিবাদ করা; যথা : ইহা ধর্ম, ইহা অধর্ম; ইহা বিনয়, ইহা অবিনয়; ইহা তথাগত দ্বারা ভাষিত ও আলাপিত, ইহা তথাগতকর্তৃক ভাষিত ও আলাপিত নয়; ইহা তথাগতকর্তৃক আচরিত, ইহা তথাগতকর্তৃক আচরিত নয়; ইহা তথাগতকর্তৃক প্রজ্ঞাপিত, ইহা তথাগতকর্তৃক প্রজ্ঞাপিত নয়; ইহা আপত্তি, ইহা আপত্তি নয়; ইহা লঘু আপত্তি, ইহা গুরু আপত্তি; ইহা সাবশেষ আপত্তি, ইহা অনবশেষ আপত্তি; ইহা গুরুতর পারাজিকা, ইহা গুরুতর পারাজিকা নয়। উপরোক্ত আঠার প্রকার বিষয় (বত্থু) নিয়ে বিবাদকারী ভিক্ষুদের মধ্যে যেই ভণ্ডন, কলহ, বিগ্রহ, বাদ-বিবাদ উৎপন্ন হয় এবং যেই বিরুদ্ধবাদ, অন্যথাবাদ, কটু-কর্কশ বাক্যাদি প্রয়োগ করা হয়, তাকে 'বিবাদ অধিকরণ' বলা হয়।

২। অনুবাদ অধিকরণ : শীলবিপত্তি, আচারবিপত্তি, দৃষ্টিবিপত্তি বা আজীব তথা জীবিকাবিপত্তির মাধ্যমে দোষারোপকারীদের যেই অনুবাদ, উপবাদ ও অনুল্লাপন—তাকেই 'অনুবাদ অধিকরণ' বলা হয়।

৩। আপত্তি অধিকরণ : পারাজিকা আপত্তিস্কন্ধ, সাংঘাদিশেষ আপত্তিস্কন্ধ, থুল্লচ্চয় আপত্তিস্কন্ধ, পাচিত্তিয় আপত্তিস্কন্ধ, প্রতিদেশনীয় আপত্তিস্কন্ধ, দুক্কট আপত্তিস্কন্ধ ও দুর্ভাষিত আপত্তিস্কন্ধ এই সপ্তবিধ আপত্তিস্কন্ধ তথা আপত্তিরাশিকে 'আপত্তি অধিকরণ' বলা হয়।

৪। কৃত্য অধিকরণ : সংঘের যেই কৃত্য করণীয় অপলোকন কর্ম তথা সংঘের সম্মতি নেওয়ার নিমিত্ত যথাসঙ্কল্পিত প্রস্তাবের যেই সূচনা কর্ম, জ্ঞাপ্তি কর্ম তথা সংঘের সম্মতি যাচাই করার নিমিত্ত প্রস্তাবনা জ্ঞাপন কর্ম, জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম তথা সংঘের সম্মতি যাচাই করার নিমিত্ত তিনবার পর্যন্ত প্রস্তাবনা জ্ঞাপন কর্ম এবং জ্ঞাপ্তি চতুর্থ কর্ম তথা উপস্থিত সমগ্র সংঘের রায় প্রদান কর্ম—এই চতুর্বিধ বিনয় কর্মকেই কৃত্য অধিকরণ বলা হয়।

Visit: http://www.buddhistdownload.com

সপ্ত অধিকরণ সমথ বা বিচার মীমাংসা

১। সম্মুখ বিনয় দেওয়া কর্তব্য : ভিক্ষুদের মধ্যে যেকোনো বিবাদ উৎপন্ন হলে, বাদী-বিবাদীকে সংঘের সম্মুখে উপস্থিত করায়ে, অভিযোগে বর্ণিত বিষয়ের উপর বিচারককর্তৃক জেরা তথা প্রশ্নাদি জিজ্ঞাসা করার পর আনুষ্ঠানিকভাবে রায় (বিচার সিদ্ধান্ত) ঘোষণা করতে হয়। তখন সংঘের সকল সভ্যগণের উপস্থিতি, তাঁদের মতামত যাচাই, বাদী-বিবাদীর উপস্থিতি, তাদের সাক্ষী-জেরাদি গ্রহণ এবং ধর্ম-বিনয়ানুসারে বিচার সিদ্ধান্ত প্রদান ইত্যাদি অঙ্গসমূহ পরিপূর্ণ থাকতে হয়।

২। স্মৃতি বিনয় দেওয়া কর্তব্য : অনুবাদ অধিকরণের মধ্যে কেউ অমূলকভাবে শীলবিপত্তি প্রভৃতির দ্বারা কোনো ভিক্ষুর বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করলে, সেই ভিক্ষু যদি পরিষ্কার স্মরণ করতে পারেন যে, তিনি এই জাতীয় অপরাধ কোন সময়ে করেননি। তার অপকট স্বীকারোক্তি এবং প্রশ্নোত্তরের মাধ্যমে যদি প্রতীয়মান হয় যে, অভিযুক্ত ভিক্ষু সম্পূর্ণ নির্দোষ। এমতাবস্থায় বিচারকমণ্ডলীকর্তৃক তাকে নির্দোষ ঘোষণা করতে যেই কর্মবাক্য আবৃত্তি করতে হয়, তাকে 'স্মৃতি বিনয়' বলা হয়। অথবা কোনো বিষয়ে কোনো ভিক্ষু অমনোযোগী হলে সংঘকর্তৃক তা স্মরণ করিয়ে দিয়ে মনেযোগী হতে সাবধান করে দেওয়াকে 'স্মৃতি বিনয়' বলা হয়।

৩। অমূঢ় বিনয় দেওয়া কর্তব্য : কোনো ভিক্ষু উন্মাদ অবস্থায় শিক্ষাপদ লঙ্ঘনজনিত যে সকল অপরাধ করে থাকেন, সে সকল অপরাধে যদি কেউ তাকে অভিযুক্ত করে থাকে, সুস্থ স্বাভাবিক অবস্থায় সংঘকর্তৃক তাকে প্রশ্নোত্তরের মাধ্যমে জেনে নিতে হবে যে, তার সে সকল অপরাধ স্মরণ আছে কি না। যদি স্মরণ না থাকে, তখন তাকে সেই অভিযোগের দায় থেকে রেহাই দিতে কর্মবাক্য আবৃত্তির মাধ্যমে আনুষ্ঠানিক নির্দোষ ঘোষণাকে 'অমূঢ় বিনয়' বলা হয়। যদি উন্মাদ অবস্থায় কৃত অপরাধ স্বাভাবিক অবস্থায় স্মরণ করতে পারেন, তাহলে অপরাধ অনুযায়ী দণ্ডবিধান কর্তব্য।

৪। প্রতিজ্ঞা করানো কর্তব্য : এই বিচার পদ্ধতি হচ্ছে এমন কতগুলো অপরাধ, যেগুলো অভিযুক্তকে স্বাক্ষী প্রমাণ বা প্রশ্নোত্তর দ্বারা চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হওয়া বিচারকমণ্ডলীর পক্ষে বেশ কঠিন। তখন অভিযুক্তকে শপথ বাক্যের মাধ্যমে তার দোষ অথবা নির্দোষ স্বীকার করাতে হয়। অভিযুক্তের স্বীকারোক্তির উপরই বিচারকমণ্ডলীকে তখন অপরাধ নির্ধারণ করে সিদ্ধান্ত নিতে হয়। যেমন, অভিযুক্তের স্বীকারোক্তির কার্যকারিতা থাকে, যদি তা ঘটনার সাথে সম্পর্কিত থাকে। আবার কোনো অভিযুক্ত পাচিত্তিয় পর্যায়ের

Visit: http://www.buddhistdownload.com

অপরাধ করে, যদি ঠিক সেই মতেই স্বীকারোক্তি প্রদান করে তা যথার্থ। কিন্তু, পাচিত্তিয় অপরাধে অপরাধী হয়ে, যদি দুক্কট পর্যায়ে স্বীকারোক্তি প্রদান করে, তখন সেই স্বীকারোক্তির কার্যকারীতা থাকে না। একইভাবে পাচিত্তিয় অপরাধগ্রস্ত হয়ে, সাংঘাদিশেষ স্বীকারোক্তিও অকার্যকর হয়।

৫। যেভূয্যেসিকা তথা সংখ্যাগরিষ্ঠের মতামত গ্রহণ করা কর্তব্য : এই বিচার পদ্ধতি হচ্ছে কোনো ভিক্ষুর বিরুদ্ধে আনীত অভিযোগ ধর্ম-বিনয়সম্মত সব ধরনের ন্যায় সঙ্গত উপায়ে সাবধান করার চেষ্টা যখন ব্যর্থ হয়ে যায় এবং যখন বাদী-বিবাদী, এমনকি বিচারকমণ্ডলী পর্যন্ত প্রবল বাকযুদ্ধে অবতীর্ণ হয়ে পড়েন; এমন এক সংকটময় অবস্থার প্রশমনে তখন উপস্থিত সকল সভ্যগণের মতামত যাচাইমূলক ভোট গ্রহণ করতে হয়। এভাবে সংখ্যাগরিষ্ঠের অভিমতকে চূড়ান্ত রায় বা বিচার সিদ্ধান্ত বলে মেনে নিয়ে অভিযোগ ও বাদ-বিবাদের সমাধান করাকে 'যেভূয্যেসিকা তথা সংখ্যাগরিষ্ঠের মতামত গ্রহণ' বলা হয়।

৬। তস্সপাপীযসিকা তথা দণ্ডদান কর্তব্য : এই বিচার পদ্ধতি হলো, অভিযুক্ত ভিক্ষুকে পূর্বে তৎকৃত অপরাধের বিচার আনুষ্ঠানিকভাবে প্রশ্নোত্তরের মাধ্যমে যদি করা থাকে এবং অভিযুক্ত ভিক্ষুও যদি সেই অপরাধের বিষয়ে স্বীকারোক্তি প্রদান করার পর তা পুনঃ প্রমাণের জন্যে আবেদন করেন, তখন তৎকৃত অপরাধকে পুনঃ স্মরণ করিয়ে দিতে হয়। তার থেকে পুনঃ স্বীকারোক্তি আদায় করতে হয়। অতঃপর সংঘকর্তৃক তৎকৃত পূর্ব অপরাধের উপর আরোপিত দণ্ডের অনুকূলে আচরণ না করাহেতু পুনঃ আনুষ্ঠানিকভাবে পূর্বারোপিত দণ্ডের সাথে অতিরিক্ত দণ্ডযোগ করে চূড়ান্ত রায়ের 'কর্মবাক্য' আবৃত্তি করতে হয়। এভাবে দণ্ডবিধানকে 'তস্সপাপীযসিকা তথা দণ্ডদান' বলা হয়।

৭। তিণবিত্থারকো তথা তৃণাচ্ছাদন বিধি দেওয়া কর্তব্য : এই বিচার পদ্ধতি তখনই প্রয়োগ করতে হয়, যখন বিবাদমান উভয়পক্ষ উপলব্ধি করে যে, তাদের বাকবিতণ্ডার ফলে উভয়ের মধ্যে শান্তি-সমঝোতা স্থাপনের পথে যথেষ্ট অপ্রয়োজনীয়, অযৌক্তিক, মূল্যহীন বিতণ্ডা হয়ে যাচ্ছে। যদি তারা একে অন্যের দোষ নিয়ে এভাবে চর্চা করতে থাকে, তার ফল হবে বিরোধিতার মাত্রাকে আরও বাড়িয়ে দেওয়া। এই সত্য উপলব্ধি করে, যদি উভয় পক্ষ শান্তি-সমঝোতা স্থাপনে সম্মত হয়, তখন সকল ভিক্ষুকে একটি নির্দিষ্ট স্থানে সমবেত হতে হয়। অর্থকথামতে, সকল ভিক্ষুকে অবশ্যই সীমায় সমবেত হতে হবে। এমনকি চলনশক্তিরহিত, রোগগ্রস্ত দুর্বলকেও উপস্থিত করানোর ব্যবস্থা

Visit: http://www.buddhistdownload.com

করতে হবে। তখন সমগ্র সংঘ একমত হয়ে এমন একটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে যে, অতীতের সমস্ত ভুল-ত্রুটি আপত্তি বিপত্তিকে বিসর্জন দিয়ে বর্তমানে উভয়পক্ষ যেই বিচার সিদ্ধান্ত গ্রহণ করবেন, তাহাই সকলে মেনে নিতে বাধ্য থাকবেন। অতঃপর উভয়পক্ষের দুজন মনোনীত ভিক্ষু, স্বপক্ষের সমর্থকদের নিকট থেকে উক্ত সিদ্ধান্তের উপর সম্মতি আদায় করে নেবেন। এভাবে উভয়পক্ষ যখন প্রস্তুত হবেন, তখন উভয়পক্ষের প্রতিনিধি ভিক্ষুদ্বয় স্ব স্ব পক্ষের শান্তি সমঝোতামূলক অভিমতকে সমগ্র সংঘকর্তৃক পূর্বে গৃহীত সিদ্ধান্তের অনুকূলে সমন্বয় সাধন করে, আনুষ্ঠানিক ঘোষণা (ঞত্তি দুতিযা কর্মবাক্য) দেবেন। এই বিচার পদ্ধতিকে 'তিণবিত্থারক তথা তৃণাচ্ছাদন বিধি' বলা হয়।

- - - - - - - - - - - - - - - - - -

Visit: http://www.buddhistdownload.com